21

- ১৯তম জি-২০ সম্মেলন ১৮-১৯ নভেম্বর, ২০২৪ তারিখে রিও ডি জেনিরো, ব্রাজিলে অনুষ্ঠিত হয়।
- ২০২৪ সালে বুকার পুরস্কার পেয়েছেন ব্রিটিশ লেখিকা সামান্থা হার্ভে।
- ৫ই নভেম্বর, ২০২৪ ৬০তম মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ৪৭তম মার্কিন প্রেসিডেন্ট নির্বাচিত হন ডোনাল্ড ট্রাম্প।
- মিরসরাইয়ে (চট্টগ্রাম) অবস্থিত দেশের বৃহত্তম অর্থনৈতিক অঞ্চল 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর' এর নতুন নাম 'জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল' **(NSEZ)**।
- ৩১তম এপেক সম্মেলন ১৫ - ১৬ নভেম্বর, ২০২৪ তারিখে লিমা, পেরুতে অনুষ্ঠিত হয়।
- ইন্টাপোলের ৯২তম সাধারণ অধিবেশন ২০২৪ অনুষ্ঠিত হয় ৪ - ৭ই নভেম্বর, ২০২৪ তারিখে গ্লাসগো, যুক্তরাজ্যে। অংশগ্রহণকারী দেশ ১৯৬টি।
- বর্তমানে বিশ্বের বৃহত্তম রাজতন্ত্র মালয়েশিয়ার রাজতন্ত্র।
- ১৩ নভেম্বর, ২০২৪ কার্বন নিঃসরণ কমাতে নতুন ফোরাম 'জি জিরো' **(G-ZERO)** চারটি দেশ নিয়ে গঠিত হয়।
- ২০২৪ সালে আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার লাভ করেন ১৭ বছর বয়সী নিলা ইব্রাহিমি (আফগানিস্তান)। নারী কণ্ঠস্বরকে শক্তিশালী করার লক্ষ্যে আফগান মেয়ে শিশুদের অধিকার নিয়ে সাহসী কর্মকাণ্ডের জন্য তাকে এই পুরস্কার দেওয়া হয়।
- এশীয় উন্নয়ন ব্যাংকের বর্তমান সদস্য ৬৯টি (সর্বশেষ ইসরাইল)।
- আন্তর্জাতিক মুদ্রা তহবিলের **(IMF)** বর্তমান সদস্য ১৯১টি (সর্বশেষ লিচটেনস্টেইন)।
- বিশ্ব বাণিজ্য সংস্থা **(WTO)** বর্তমান সদস্য ১৬৬টি (সর্বশেষ পূর্ব তিমুর)।
- আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা **(IDA)** বর্তমান সদস্য ১৭৫টি (সর্বশেষ সুরিনাম)।
- বিশ্বব্যাংকে প্রথম বাংলাদেশি নারী বিকল্প নির্বাহী পরিচালক শরিফা খান।
- প্রথম বাংলাদেশি হিসেবে **IPCC** সম্মাননা পেয়েছেন আবুল বাশার।
- দেশের ই-বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট স্থাপন করা হয় কালিয়াকৈর, গাজীপুর।
- বিশ্বের প্রথম **AI** হাসপাতাল চালু হয় চীনে।
- মিশরের নতুন রাজধানীর নাম রাখা হয়েছে নিউ অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যাপিটাল (ন্যাক)।
- সামরিক জোট ন্যাটোর নতুন প্রধান মার্ক রুটে।
- বিশ্ব বইয়ের রাজধানী ২০২৪ স্ট্রাসবর্গ, ফ্রান্স। বিশ্ব বইয়ের রাজধানী ২০২৫ রিও ডি জেনেরিও, ব্রাজিল।
- ০৩ অক্টোবর ২০২৪ তারিখে বাংলাদেশ ৪০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানির জন্য ভারত ও নেপালের সঙ্গে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর করে ।
- জাতিসংঘ ২০২৪ সালকে **'International Year of Camelids'** ঘোষণা করেছে।
- ১লা জানুয়ারি ২০২৪, ওপেক ত্যাগ করেছে - অ্যাঙ্গোলা। বর্তমান ওপেক এর সংখ্যা ১২টি।
- ফ্রান্সের ইতিহাসে সবচেয়ে কম বয়সী প্রধানমন্ত্রী হচ্ছেন গ্যাব্রিয়েল আতাল (৩৪ বছর)।
- সম্প্রতি ইউনেস্কোর বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে ঢাকা শহরের 'রিকশা ও রিকশাচিত্র'।
- ব্রিকসের নতুন সদস্য হচ্ছে মিশর, ইথিওপিয়া, ইরান ও সংযুক্ত আরব আমিরাত। সদস্যপদ কার্যকর হয় ০১ - ০১ - ২০২৪ তারিখ হতে।
- দেশের প্রথম নারী রেসার কাশফিয়া আরফা।
- ড. মুহাম্মদ ইউসুসকে সম্প্রতি **The Revolutionary Economist** উপাধি দেয়া হয়েছে।
- ন্যাটোর বর্তমান সদস্য সংখ্যা ৩২ টি। সর্বশেষ সদস্য দেশ সুইডেন। সুইডেন ন্যাটোতে যোগদান করে ৭ই মার্চ, ২০২৪
- **(NDB)** নিউ ডেভেলপমেন্ট ব্যাংক এর বর্তমান সদস্য সংখ্যা ৮টি। সর্বশেষ সদস্য দেশ মিশর।
- ৭ জানুয়ারি ২০২৪ যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার ব্রেভারলি হিলসে ৮১তম গোল্ডেন গ্লোব পুরস্কার ঘোষণা করা হয়। এ আসরে ক্রিস্টোফার নোলানের 'ওপেনহেইমার' ছবি সর্বোচ্চ পাঁচটি পুরস্কার লাভ করে।
- গ্রামীণ ব্যাংকের বর্তমান চেয়ারম্যান হলেন আব্দুল হান্নান চৌধুরী। তিনি আগামী ৩ বছরের জন্য গ্রামীণ ব্যাংকের পরিচালনা বোর্ডে পরিচালক ও চেয়ারম্যান হিসেবে নিয়োগ লাভ করেন।

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)

পদের নামঃ সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) ৯ম গ্রেড
তারিখঃ ২২.০১.২০২৫; সময়ঃ ৪.০০ ঘন্টা; পূর্ণমানঃ ২০০

বাংলা:

01. **সাইবার অপরাধ বিষয়ে একটি প্রবন্ধ লিখুন।**

Solution: সাইবার ক্রাইম এর আরেকটি নাম হলো কম্পিউটার অপরাধ অর্থাৎ কম্পিউটার এবং ইন্টারনেট ব্যবহার করে অপরাধমূলক কর্মকান্ড করা হয়।

সাইবার ক্রাইম একটি অপরাধমূলক পন্থা যেটি ব্যবহার করে মানুষের ব্যক্তিগত তথ্য, গোপনীয় ব্যবসায়িক তথ্য, সরকারি তথ্য চুরি করতে এবং কোনো ডিভাইসকে অক্ষম করতে সক্ষম। বর্তমান সময়ে সাইবার ক্রাইম করে অনলাইন ব্যাংক অ্যাকাউন্ট থেকে কয়েক মিলিয়ন ডলার চুরি করা হচ্ছে প্রতিনিয়ত।

তাছাড়াও সাইবার ক্রাইম এর মাধ্যমে কম্পিউটারে ভাইরাস তৈরি ও বিতরণ করা বা ইন্টারনেটে গোপনীয় ব্যবসায়ের তথ্য পোস্ট করার মতো কর্মকান্ড করার ক্ষমতা রাখে।

যারা সাইবার-অপরাধ করেন তারা সাইবার অপরাধী বা সাইবার ক্রিমিনাল নামে পরিচিত।

বর্তমান সময়ে প্রযুক্তি আরও সহজলভ্য হওয়ার কারণে সাইবার ক্রাইম কর্মকান্ডটি আরও বৃদ্ধি পাচ্ছে। অনলাইনে এবং পেপার-পত্রিকায় প্রতিদিনই দেখতে পাওয়া যায় এই ভয়াবহ হয়রানির স্বীকার। তাছাড়াও সাইবার অপরাধীরা দিন দিন আরও বড় ধরনের কর্মকান্ড করছে যেগুলো ধারণার বাইরে, যেমন বিশ্বের বড় বড় ব্যাংকগুলোকে হ্যাক করে মিলিয়ন মিলিয়ন ডলার হাতিয়ে নিচ্ছে।

সাইবার ক্রাইম এর কয়েকটি উদাহরণঃ

- গোপনীয় তথ্য চুরি করা একটি সাধারণ কাজ সাইবার ক্রিমিনালদের জন্য।
- ডেটা বা অ্যাপ্লিকেশনটিতে আদেশ ছাড়া অ্যাক্সেস বা পরিবর্তন করার ক্ষমতা রাখে।
- কারও ক্রেডিট কার্ড বা ব্যাংক অ্যাকাউন্ট থেকে অর্থ ব্যয় করার মতো ক্ষমতা রাখে।
- কম্পিউটারে ভাইরাস বা ম্যালওয়্যার ছড়িয়ে বা পাঠিয়ে কার্যক্রম ব্যহত করতে পারে।

ব্যক্তিগত লাভ অর্জনের জন্য বা কারো ক্ষতিসাধন করার জন্য কারও নামে নকল অ্যাকাউন্ট ব্যবহার করে অপ্রত্যাশিত কর্মকান্ড ছড়িয়ে থাকে।

জনসাধারণের নিকট এমন কন্টেন্ট পোস্ট করে যা অসন্তুষ্টকর বা অশান্তি সৃষ্টি করে এবং মানুষের অনুভূতিকে আঘাত করতে পারে।

সাইবার ক্রাইম এর প্রকারভেদ:

১. **DDoS আক্রমণ:** এটি এমন একটি পদ্ধতি যেখানে কোনো অনলাইন সার্ভিস বা ওয়েবসাইটে অতিরিক্ত ট্রাফিক পাঠিয়ে নেটওয়ার্কটির কার্যক্রম নামিয়ে ফেলে এবং কম্পিউটারে প্রচুর পরিমাণে ম্যালওয়্যার জমা করে। নেটওয়ার্কটি ডাউন হয়ে যাওয়ার পরে হ্যাকার সিস্টেম হ্যাক করে।

২. **ফিশিং:** ফিশিং পদ্ধতিটি ব্যবহার করে ব্যবহারকারীর ব্যক্তিগত বা গোপনীয় তথ্য পাওয়া যায়। যেমন: ব্যাংক অথবা ক্রেডিট কার্ডের তথ্য হতে পারে।

৩. **পরিচয় প্রতারণা/ Identity Theft:** এই পদ্ধতি ব্যবহার করে হ্যাকার ব্যবহারকারীর গোপনীয় তথ্য অ্যাক্সেস করতে বা স্বাস্থ্য বীমা জালিয়াতিতে অংশ নিতে পারে। হ্যাকাররা ব্যবহারকারীর পাসওয়ার্ড এবং সোশ্যাল মিডিয়া সন্ধান করে ব্যবহারকারীর তথ্য চুরি করে থাকে।

৪. **সাইবার বুলিং:** সাইবার বুলিং হলো ইন্টারনেট সংযোগের মাধ্যমে কাউকে হুমকি, অপমান, অপ্রীতিকর কথাবার্তা এবং বিভিন্নভাবে হয়রানি করা হয়। বর্তমানে এরকম অপরাধ বেশিরভাগই দেখা যায়, এগুলো বেশিরভাগ সোশ্যাল মিডিয়ার মাধ্যমে হয়ে থাকে।

৫. **হ্যাকিং:** হ্যাকিং এর মাধ্যমে হ্যাকাররা খুব সহজেই আপনার সিস্টেমে আপনার অনুমতি ব্যতীত প্রবেশ করে এবং ইচ্ছামত ডাটা চুরি করতে পারে।

কীভাবে সাইবার ক্রাইম রোধ করা যায়:

- আপনি যে বিষয় সম্পর্কে জানেন না অর্থাৎ অজানা উৎস থেকে কিছু ডাউনলোড করবেন না।
- সবসময় শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করুন আপনার সিস্টেমে।
- প্রতিনিয়ত আপনার সফটওয়্যার আপডেট রাখুন।
- কোনও ব্যক্তিগত তথ্য প্রবেশের আগে আপনি বৈধ ওয়েবসাইটে রয়েছেন কিনা তা পরীক্ষা করে দেখুন।
- আপনার সামাজিক মিডিয়া সঠিকভাবে পরিচালনা করুন অর্থাৎ আপনার সকল তথ্য যেন হ্যাকাররা না পায় সেজন্য কিছু তথ্য প্রাইভেসি রাখুন।
- ভিপিএন ব্যতীত এনক্রিপ্ট না করা পাবলিক ওয়াই-ফাই ব্যবহার করবেন না।
- পর্ন সাইটগুলিতে এমন ভাইরাস রয়েছে যা আপনার ফোন / কম্পিউটারে হ্যাক করতে পারে এবং আপনার ব্যাংক অ্যাকাউন্টের পাসওয়ার্ডের মতো সংবেদনশীল তথ্যে অ্যাক্সেস পেতে পারে। তাই এই সাইটগুলোতে যাওয়া খুবই তথ্য সম্পর্কিত ঝুঁকি থাকে।

- আপনার মোবাইল নম্বর সামাজিক মিডিয়া বা সন্দেহজনক বা অজানা ওয়েবসাইটগুলিতে শেয়ার করবেন না।
- ফোন থেকে সমস্ত অপ্রয়োজনীয় অ্যাপ্লিকেশন ডিলিট করে ফেলুন।
- আপনার ডিভাইসটি বিক্রি করার আগে আপনার সংবেদনশীল অ্যাপ্লিকেশনগুলি এবং ফোনটিকে ফরম্যাট করে নিন।

এগুলো মানার মাধ্যমে আপনি খুব সহজেই সাইবার ক্রাইম থেকে রক্ষা পেতে পারবেন।

02. সারাংশ লিখুন: আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের ওপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল। আগে যাবার নেশায় লক্ষহীন প্রচন্ড বেগে শুধুই বিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এ মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়ত লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌছেছে সেখান থেকে আর হয়ত নামবার উপায় নেই, এবার উঠবার সিড়ি না খুঁজলেই নয়।

Solution: আধুনিক বিশ্ব অর্থ ও বিত্তের ওপর অতিমাত্রায় নির্ভরশীল হয়ে পড়েছে। লোভ ও মুনাফার দৌড়ে মানুষ দিকভ্রান্ত হয়ে বিনাশের পথে এগিয়ে চলেছে। যদি এই অবস্থা থেকে মুক্তি না পাওয়া যায়, তবে মানবিক মূল্যবোধ বিলুপ্ত হতে পারে। তাই এখনই উন্নতির পথ খুঁজে নেওয়া জরুরি।

03. নতুন বাংলাদেশ গড়ার প্রত্যয় জানিয়ে আপনার বন্ধুকে একটি পত্র লিখুন।

Solution:

২২.০১.২০২৫

প্রিয় বন্ধু বাবুল,

আশা করি ভালো আছো। অনেক দিন হলো তোমার সঙ্গে কথা বলা হয়নি। আজ একটা গুরুত্বপূর্ণ বিষয়ে তোমার সঙ্গে আলোচনা করতে চাচ্ছি তা হলোঃ নতুন বাংলাদেশ গড়ার স্বপ্ন ও আমাদের করণীয়।

আমরা এমন এক সময়ে বাস করছি, যখন দেশ এগিয়ে চলেছে উন্নতির পথে। কিন্তু আমাদের সামনে এখনও অনেক চ্যালেঞ্জ রয়ে গেছে–দারিদ্র্য, দুর্নীতি, বৈষম্য এবং নৈতিক অবক্ষয়। এই সমস্যাগুলো দূর করতে হলে আমাদেরই এগিয়ে আসতে হবে।

একটি সমৃদ্ধ, ন্যায়ভিত্তিক ও উন্নত বাংলাদেশ গড়তে হলে সবার আগে আমাদের সুশিক্ষিত হতে হবে এবং দেশপ্রেমকে হৃদয়ে ধারণ করতে হবে। শুধু ব্যক্তিগত উন্নতি নয়, বরং সমাজের কল্যাণের জন্য কাজ করাটাই আমাদের মূল লক্ষ্য হওয়া উচিত। প্রতিটি মানুষ যদি তার দায়িত্ব সঠিকভাবে পালন করে, তাহলে নিশ্চয়ই আমাদের স্বপ্নের বাংলাদেশ গড়া সম্ভব হবে।

চলো, আমরা প্রতিজ্ঞা করি–সততা, পরিশ্রম ও মানবিক মূল্যবোধকে ধারণ করে দেশকে এগিয়ে নেব। তুমি কী ভাবছো এ ব্যাপারে? চিঠির উত্তর দিও।

ইতি,
তোমার বন্ধু
হামিম

	প্রাপক,	ডাক টিকিট
প্রেরকঃ হামিম ৩৫০ পল্লবী, মিরপুর ঢাকা।	মোঃ বাবুল সোনারতরী ৩৩ স্যার ইকবাল রোড খুলনা।	

04. বাংলা অনুবাদ করুন:

a) Poverty is not always a curse. → দারিদ্র্য সবসময় অভিশাপ নয়।
b) Forgiveness is a great virtue. → ক্ষমা একটি মহৎ গুণ।
c) What is lotted cannot be blotted. → কপালের লিখন না যায় খণ্ডন।
d) We should do the best for our country → আমাদের উচিত দেশের জন্য ভালো কিছু করা।
e) A stitch in time saves nine. → সময়ের এক ফোঁড়, অসময়ের দশ ফোঁড়।

05. নিচের প্রশ্নগুলোর উত্তর দিন:

a) ভাষা কী? ভাষার মৌলিক উপাদান ব্যাখ্যা করুন। → ভাষা হলো মনের ভাব প্রকাশের মাধ্যম। মানুষের মুখে উচ্চারিত অর্থবোধক ও মনোভাব প্রকাশক ধ্বনিসমষ্টিকে ভাষা বলে। ভাষার মৌলিক অংশ ৪টি যথা: ১.ধ্বনি ২.শব্দ ৩.অর্থ ৪. বাক্য।

b) নিচের বাগধারাগুলোর অর্থসহ বাক্য রচনা করুন।

i) এলাহি কাণ্ড (বিরাট আয়োজন)ঃ একমাত্র ছেলের বিয়েতে আরিফ সাহেব এলাহি কাণ্ড করেছেন।
ii) আক্কেল সেলামি (নির্বুদ্ধিতার দণ্ড)ঃ বিনা টিকেটে টেনে চড়ে আক্কেল সেলামি দিতে হলো।
iii) কই মাছের প্রাণ (বড়ই শক্ত)ঃ চোরটিকে এত মারার পরও ওর মুখ থেকে কোন কথা বের হল না, এ যেন কই মাছের প্রাণ।

iv) অকুল পাথার (সীমাহীন দুর্ভোগ)ঃ অল্প বয়সে মেরিনার স্বামী মারা যাওয়াতে সে এখন অকুল পাথারে পড়েছে।

v) কিংকর্তব্যবিমূঢ় (হতবুদ্ধি)ঃ হঠাৎ তার বাবার মৃত্যুর খবরে সে কিংকর্তব্যবিমূঢ় হয়ে গেল।

English:

01. **Write an essay on the following topic using the given hints:** Addiction to drugs and its impact across our society [Hints: Introduction-define "drugs" -sources – who are most vulnerable to – how about our young generation? – overall impact across society-measures and remedies to prevent and cure-administrative and legal actions-conclusion]

Solution: **Introduction:** Drug addiction is one of the most severe social issues plaguing modern society. It not only destroys individuals but also has far-reaching consequences on families, communities, and the nation. Drugs are chemical substances that affect the brain and body, leading to physical and psychological dependence. Addiction to drugs weakens individuals, making them incapable of leading a healthy, productive life. To combat this growing problem, society must understand its sources, its effects, and the measures required to control it.

Definition and Sources of Drugs: Drugs can be classified into various categories, including legal and illegal substances. Legal drugs, such as alcohol and prescription medicines, can be misused, while illegal drugs like heroin, cocaine, and methamphetamine are strictly prohibited due to their severe impact. The sources of drugs vary, including natural substances like cannabis and synthetic drugs manufactured in illegal laboratories. The availability of drugs through street vendors, online markets, and even medical prescriptions has worsened the problem. The easy access to these substances has significantly contributed to the rise in addiction.

Vulnerability and Impact on the Young Generation: Among all demographics, young people are the most vulnerable to drug addiction. Peer pressure, curiosity, social media influence, and mental health issues often drive teenagers and young adults toward drugs. The lack of proper guidance, family support, and awareness further aggravates the problem. Many students and young professionals turn to drugs to cope with academic pressure, work stress, or personal struggles, ultimately leading to dependency and a ruined future.

Overall Impact Across Society: The impact of drug addiction extends beyond individuals to families and society as a whole. Families suffer emotionally and financially, as addicted members often become a burden, losing jobs, engaging in crimes, and disrupting family harmony. The crime rate significantly increases due to drug-related offenses, including theft, violence, and trafficking. Additionally, drug abuse weakens the economy by reducing productivity and increasing healthcare costs. Public health is also severely affected as drug addiction contributes to diseases like HIV/AIDS, hepatitis, and mental illnesses.

Measures and Remedies to Prevent and Cure Drug Addiction: To combat drug addiction, society must adopt a multi-faceted approach that includes education, rehabilitation, and psychological support. Schools and colleges should incorporate awareness programs to educate students about the dangers of drug abuse. Families should foster an open environment where children feel safe discussing their issues. Additionally, rehabilitation centers must be strengthened to provide adequate medical and psychological support to addicts.

Administrative and Legal Actions: Governments play a crucial role in controlling drug addiction through strict regulations and enforcement. Authorities must crack down on drug trafficking networks and illegal drug suppliers. Stricter border controls, surveillance, and intelligence measures should be implemented to curb the illegal drug trade. At the same time, effective rehabilitation policies should be promoted to help individuals recover rather than face mere punishment. Law enforcement agencies must work closely with social organizations to create a drug-free society.

Conclusion: Drug addiction is a growing menace that threatens the stability and well-being of society. Its impact extends from individuals to families, communities, and the economy, making it a major concern. By implementing strict laws, raising awareness, and strengthening rehabilitation programs, society can work toward eradicating this problem. A collective effort from individuals, families, law enforcement, and the government is necessary to prevent and control drug addiction, ensuring a healthier and more prosperous future for all.

02. **Suppose you are an assistant Engineer in a govt. department, and currently undergoing a training course in Japan. Now, write and application or e-mail to your course director requesting him (with reasons) to change your return flight from "Narita- Singapore -Dhaka" to "Narita – Bangkok – Dhaka".**

Solution:

From: hamim@gmail.com
To: osakadr@gmail.com
Sent: Monday, 20 April 2024,3pm
Subject: Request for Change in Return Flight Route

Dear sir,
I hope this email finds you well. I am writing to formally request a change in my return flight itinerary from "Narita – Singapore – Dhaka" to "Narita – Bangkok – Dhaka" for practical reasons. The primary reason for this request is that the Narita–Bangkok–Dhaka route offers a more convenient and time-efficient journey. The layover in Bangkok is shorter compared to Singapore, which would reduce travel fatigue and ensure a smoother transition back to work. Additionally, I have some essential documentation to collect from the Bangladesh Embassy in Bangkok, making this route more suitable for my circumstances.
I would greatly appreciate your kind consideration of this request. Please let me know the necessary procedures or approvals required to facilitate this change. I look forward to your response.

Best wish
Hamim

03. **Read the following passage carefully and answer the questions below:**

Is it possible to persuade mankind to live without war? War is an ancient institution, which has existed for at least six thousand years. It was always wicked and usually foolish, but in the past the human race managed to live with it. Modern ingenuity has changed this. Either Man will abolish war, or war will abolish Man. For the present it is nuclear weapons that cause the greatest danger, but bacteriological or chemical weapons may, before long offer and even greater threat. If we succeed in abolishing nuclear weapons, our work will not be done until we have succeeded in abolishing war. To do this, we need to persuade mankind to look upon international questions in a new way, not as contests of force, in which the victory goes to the side which is most skillful in massacre, but by arbitration in accordance with agreed principles of law. it is not easy to change the age-old mental habits, but this is what must be attempted.

Questions:

a) How far can you date back the existence of war in the world?
b) What was the attitude of human race toward war in the past?
c) What should we do about war to make this world livable?
d) Do you find any ideological problem regarding war?
e) What do you suggest to put an end to war?

Solution: আসুন প্রথমে আমরা Passage টিতে কি বলা হয়েছে তা সংক্ষেপে জেনে নেইঃ যুদ্ধ একটি প্রাচীন প্রথা, যা ছয় হাজার বছর ধরে বিদ্যমান। এটি সবসময় অন্যায় ও নির্বুদ্ধিতা হলেও, মানুষ অতীতে এর সাথে বসবাস করেছে। তবে আধুনিক প্রযুক্তির কারণে যুদ্ধ এখন আরও ভয়াবহ হয়ে উঠেছে। পারমাণবিক, জীবাণু ও রাসায়নিক অস্ত্র মানব সভ্যতার জন্য মারাত্মক হুমকি হয়ে দাঁড়িয়েছে। যুদ্ধ বন্ধ

করতে হলে কেবল পারমাণবিক অস্ত্র নির্মূল করাই যথেষ্ট নয়; বরং যুদ্ধের পুরো ধারণাকেই পরিবর্তন করতে হবে। আন্তর্জাতিক বিরোধ শক্তির প্রতিযোগিতা হিসেবে না দেখে, আইন ও সালিসির মাধ্যমে সমাধান করতে হবে। যদিও মানুষের দীর্ঘদিনের মানসিকতা বদলানো কঠিন, তবুও মানব সভ্যতায় টিকে থাকার জন্য এটি অত্যন্ত জরুরি।

এবার আসুন আমরা প্রশ্নগুলোর সমাধানে চলে যাইঃ

a) War has existed for at least six thousand years in the world.

ব্যাখ্যাঃ লেখক বলছেন যে যুদ্ধ একটি প্রাচীন প্রতিষ্ঠান যা কমপক্ষে ছয় হাজার বছর ধরে বিদ্যমান। অর্থাৎ, যুদ্ধের ইতিহাস বহু পুরনো এবং মানব সভ্যতার শুরু থেকেই এটি প্রচলিত।

b) In the past, war was always wicked and usually foolish, but the human race managed to live with it.

ব্যাখ্যাঃ অতীতে যুদ্ধকে মানুষ মন্দ ও নির্বুদ্ধিতার পরিচায়ক বলে বিবেচনা করত, কিন্তু তা সত্ত্বেও মানুষ যুদ্ধকে সহ্য করেছিল এবং এর সঙ্গেই বেঁচে ছিল। এটি বোঝায় যে যুদ্ধকে তারা একটি অনিবার্য বাস্তবতা হিসেবে মেনে নিয়েছিল।

c) We should abolish war completely to make the world livable.

ব্যাখ্যাঃ লেখক মনে করেন যে যুদ্ধ পুরোপুরি বিলুপ্ত না করা পর্যন্ত পৃথিবী বসবাসের উপযোগী হবে না। বিশেষ করে পারমাণবিক, জীবাণু ও রাসায়নিক অস্ত্রের ভয়াবহতা যুদ্ধকে আরও বিপজ্জনক করে তুলছে।

d) Yes, people have an age-old mental habit of seeing international matters as contests of force instead of arbitration based on law.

ব্যাখ্যাঃ লেখক মনে করেন যে মানুষ যুদ্ধকে শক্তির প্রতিযোগিতা হিসেবে দেখে, যেখানে জয়ী পক্ষই অধিক শক্তিশালী। কিন্তু এটি একটি ভুল দৃষ্টিভঙ্গি। আইন ও ন্যায়বিচারের মাধ্যমে আন্তর্জাতিক সমস্যার সমাধান করাই সঠিক পথ।

e) We need to persuade mankind to resolve international disputes through arbitration and agreed principles of law instead of war.

ব্যাখ্যাঃ লেখকের মতে, যুদ্ধ বন্ধ করার একমাত্র উপায় হলো মানুষকে বোঝানো যে আন্তর্জাতিক সমস্যাগুলোর সমাধান শক্তির মাধ্যমে নয়, বরং আইন ও সালিসির মাধ্যমে করা উচিত। এটি কঠিন কাজ হলেও মানব সভ্যতার ভবিষ্যৎ রক্ষায় এটিই একমাত্র পথ।

04. **Correct the following sentences:**

a) The face of the girl resembles with that of her mother.

b) Note this now, lest you may forget later.

c) Padma is mightiest river in Bangladesh.

d) The general said, "Do or die in the war".

e) The Commission comprises with eleven Members.

Solution: a) The face of the girl resembles that of her mother. (মেয়েটির মুখ তার মায়ের মুখের সঙ্গে মিল রাখে।)

b) Note this now, lest you forget later. (এখনই এটি নোট করে নাও, নাহলে পরে ভুলে যেতে পারো।)

ব্যাখ্যাঃ এখানে May শব্দটি অপ্রয়োজনীয়। কারণ, Lest দ্বারা ইতিমধ্যেই কিছু ঘটার সম্ভাবনা বা ভয় বুঝানো হয়েছে।

c) Padma is the mightiest river in Bangladesh. (পদ্মা বাংলাদেশে সবচেয়ে খরস্রোতা নদী।)

d) The general said, "Do or die in the war." (জেনারেল বললেন, 'যুদ্ধের মাঠে করো বা মরো।')

e) The Commission comprises eleven Members. (কমিশন এগারো জন সদস্য নিয়ে গঠিত।)

05. **Make 5 (five) information questions (Wh-questions) form the given statements focusing on the underlined word(s):**

a) Playing with the kids is the passion of the old man.

b) The lady is 75 years old.

c) She loves singing - not swimming.

d) Mr. Robin was born in Germany.

e) It is better to get up from bed before sun-rise.

Solution: a) **What** is the passion of the old man?

b) **How old** is the lady?

c) **What** does she love?

d) **Where** was Mr. Robin born?

e) **When** is it better to get up from bed?

বাংলাদেশ বিষয়াবলি:

a) যুক্তফ্রন্ট নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়? এই নির্বাচন দ্বারা কোথায় সরকার গঠন হয়? সেই সরকারের মূখ্যমন্ত্রী কে ছিলেন।

Solution: ১৯৫৪ সালের ৮ ই মার্চ যুক্তফ্রন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়। এই নির্বাচন দ্বারা পূর্ব পাকিস্তানে (বর্তমানে বাংলাদেশে) সরকার গঠন করে। এই সরকারের মূখ্যমন্ত্রী ছিলেন এ কে ফজলুল হক। উল্লেখ্য, যুক্তফ্রন্ট হলো ১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে ক্ষমতাসীন মুসলিম লীগের বিরুদ্ধে বিরোধী দলগুলোর রাজনৈতিক জোট । এ জোট আওয়ামী মুসলিম লীগ (মওলানা ভাসানী), কৃষক-শ্রমিক পার্টি (এ কে ফজলুল হক), নেজাম-ই- ইসলামী (মাওলানা আতাহার আলী এবং বামপন্থী গণতন্ত্রী পার্টি (হাজী দানেশ) এর সমন্বয়ে গঠিত হয়।

b) সরকারের কর রাজস্বের তিনটি উৎসের নাম কী? কোন উৎস থেকে সরকার সর্বাধিক আয় করে?

Solution: সরকারের কর রাজস্বের তিনটি প্রধান উৎস হলো: আয়কর, মূসক এবং শুল্ক। সরকার সর্বাধিক আয় করে মূল্য সংযোজন কর থেকে।

c) কোন প্রতিষ্ঠান বাংলাদেশের সংবিধান প্রণয়ন করেছিল? এর সদস্য সংখ্যা কত ছিল? এই সদস্যগণ কোন নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হয়েছিল?

Solution: 'গণপরিষদ' বাংলাদেশের সংবিধান প্রণয়ন করেছিল। ৪০৩ জন নিয়ে গণপরিষদ গঠিত হয়। জাতীয় পরিষদ ও প্রাদেশিক পরিষদের মাধ্যমে এই সদস্যগণ নির্বাচিত হয়েছিল। উল্লেখ্য, সংবিধান প্রনয়ণকে লক্ষ্য করে ১০ এপ্রিল ১৯৭২ সালে গণপরিষদ গঠিত হয়।

আন্তর্জাতিক বিষয়াবলি:

a) কোন দেশগুলো কমনওয়েলথের সদস্য? এর সদর দপ্তর কোথায় অবস্থিত? বাংলাদেশ কত সালে কমনওয়েলথের সদস্যপদ লাভ করে?

Solution: কমনওয়েলথ একটি আন্তর্জাতিক সংস্থা, যা প্রধানত পূর্ব ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত স্বাধীন রাষ্ট্রসমূহ নিয়ে গঠিত। এর সদর দপ্তর যুক্তরাজ্যের লন্ডনে মার্লবরো হাউসে অবস্থিত। বাংলাদেশ ১৯৭২ সালের ১৮ এপ্রিল সদস্যপদ লাভ করে।

b) SDG কী? কত সালে এবং কোন সম্মেলনে SDG গৃহীত হয়? SDG এর Goal সংখ্যা কত?

Solution: বিশ্বের সর্বত্র সার্বিক ও সর্বজনীন কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে গৃহীত লক্ষ্যমাত্রা হলো SDG. ২০১৫ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের ৭০তম সাধারণ পরিষদের অধিবেশনের মাধ্যমে এটি গৃহীত হয়। SDG এর Goal সংখ্যা ১৭টি এবং লক্ষ্যমাত্রা ১৬৯টি।

c) গ্লোবালাইজেশন বলতে কী বুঝায়?

Solution: গ্লোবালাইজেশন বা বিশ্বায়ন বলতে বোঝায় পৃথিবীর বিভিন্ন দেশ, জাতি, সমাজ ও অর্থনীতির মধ্যে পারস্পরিক সংযোগ বৃদ্ধি ও আন্তঃনির্ভরশীলতার প্রসার। এটি মূলত বাণিজ্য, প্রযুক্তি, সংস্কৃতি, তথ্য প্রবাহ এবং রাজনৈতিক সম্পর্কের মাধ্যমে বিশ্বকে আরও ঘনিষ্ঠভাবে যুক্ত করে তোলে।

বিজ্ঞান ও প্রযুক্তি:

a) এক কথায় লিখুন:

i) কয়লার মূল উপাদান কী?

Solution: কার্বন হলো কয়লার প্রধান উপাদান। এছাড়াও এতে সামান্য পরিমাণে হাইড্রোজেন, অক্সিজেন, নাইট্রোজেন ও সালফার থাকতে পারে।

ii) সবচেয়ে হালকা ধাতু কোনটি?

Solution: লিথিয়াম হলো সবচেয়ে হালকা ধাতু।

ii) চামড়া নরম করতে কী ব্যবহৃত হয়?

Solution: ট্যানিন ব্যবহৃত হয় চামড়াকে নরম করার জন্য। এটি চামড়ার প্রাকৃতিক তন্তুকে পরিবর্তিত করে আরও নমনীয় ও টেকসই করে।

b) সুষম খাদ্য পিরামিড বলতে কী বুঝায়?

Solution: খাদ্য পিরামিড হলো একটি পুষ্টিগত নির্দেশিকা, যা মানুষের সুষম খাদ্যগ্রহণের জন্য বিভিন্ন ধরণের খাবারের পরিমাণ ও গুরুত্ব চিত্রিত করে। এটি সাধারণত তিন বা চারটি স্তর বিশিষ্ট হয়ে থাকে এবং প্রতিটি স্তর বিভিন্ন খাবার গ্রুপের প্রয়োজনীয়তা বোঝায়।

c) ইমেইল কী? এতে ব্যবহৃত CC এবং BCC দ্বারা কী বুঝায়?

Solution: ইমেইল (E-mail বা Electronic Mail) হলো একটি ডিজিটাল যোগাযোগ ব্যবস্থা, যার মাধ্যমে ইন্টারনেট ব্যবহার করে বার্তা, নথি, ছবি, ভিডিও এবং অন্যান্য ফাইল দ্রুত আদান-প্রদান করা যায়। এটি চিঠির মতোই কার্যকর কিন্তু অনেক দ্রুত ও সহজ।

CC (Carbon Copy): CC ব্যবহার করলে মূল প্রাপক ছাড়াও অন্যদের কপি পাঠানো যায়। যারা CC-তে যুক্ত থাকবেন, তারা দেখতে পারবেন কারা কারা ইমেইলটি পেয়েছেন। সাধারণত, অফিসিয়াল কাজে অন্যান্য সহকর্মীদের তথ্য জানাতে এটি ব্যবহৃত হয়।

BCC (Blind Carbon Copy):
BCC-তে দেওয়া ব্যক্তির নাম বা ইমেইল ঠিকানা অন্যান্য প্রাপকদের কাছে অদৃশ্য থাকে। এটি ব্যবহৃত হয় যখন গোপনীয়ভাবে কাউকে ইমেইল পাঠাতে হয় এবং তিনি অন্য প্রাপকদের পরিচয় জানতে পারবেন না।

সরকারি যানবাহন অধিদপ্তর
পদের নামঃ হিসাব সহকারী
তারিখঃ ২৮.০২.২০২৫; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমানঃ ১০০

বাংলা:

01. ঢাকা শহরে যানজট নিরসনে ১০টি উপায় বর্ণনা করুন।

Solution: ঢাকা শহরের যানজট নিরসনে ১০টি কার্যকর উপায় নিচে বর্ণনা করা হলোঃ

১. স্মার্ট ট্রাফিক ম্যানেজমেন্ট
   * স্বয়ংক্রিয় ট্রাফিক সিগন্যাল স্থাপন ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে যানবাহনের গতি নিয়ন্ত্রণ।
   * ট্রাফিক পুলিশের প্রশিক্ষণ ও সংখ্যা বাড়ানো।

২. সুপরিকল্পিত গণপরিবহন ব্যবস্থা
   * মেট্রোরেল ও বাস র‍্যাপিড ট্রানজিট (BRT) প্রকল্পের দ্রুত বাস্তবায়ন।
   * নির্দিষ্ট রুটে উন্নতমানের বাস সার্ভিস চালু করা।

৩. সড়কের অবৈধ দখল উচ্ছেদ
   * ফুটপাতে হকারদের নিয়ন্ত্রণ করা।
   * অবৈধ পার্কিং বন্ধ করা এবং নির্দিষ্ট পার্কিং জোন চালু করা।

৪. ফ্লাইওভার ও এক্সপ্রেসওয়ে সম্প্রসারণ
   * ব্যস্ত মোড়গুলোতে নতুন ফ্লাইওভার ও আন্ডারপাস নির্মাণ।
   * এলিভেটেড এক্সপ্রেসওয়ের সংখ্যা বাড়ানো।

৫. পথচারীদের জন্য আলাদা লেন ও ফুটওভার ব্রিজ
   * ফুটপাত সংস্কার ও পথচারীদের চলাচলের সুবিধা বাড়ানো।
   * ঝুঁকিপূর্ণ রাস্তার উপর ফুটওভার ব্রিজ ও আন্ডারপাস স্থাপন।

৬. প্রাইভেট গাড়ির সংখ্যা নিয়ন্ত্রণ
   * ব্যক্তিগত গাড়ির ব্যবহার কমাতে 'কারপুলিং' ব্যবস্থা চালু করা।
   * সরকারি-বেসরকারি অফিসে শিফটভিত্তিক কাজ চালু করা।

৭. ট্রাফিক আইন কঠোরভাবে বাস্তবায়ন
   * ট্রাফিক আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে জরিমানা ও শাস্তির ব্যবস্থা।
   * লাইসেন্সবিহীন চালকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া।

৮. সাইকেল লেন ও বিকল্প যানবাহন চালু
   * নির্দিষ্ট রাস্তায় সাইকেলের জন্য আলাদা লেন তৈরি।
   * ব্যাটারিচালিত যানবাহনের ব্যবহার উৎসাহিত করা।

৯. দ্রুতগামী ট্রেন ও ওয়াটার বাস পরিষেবা চালু
   * শহরের আশপাশের এলাকায় দ্রুতগামী ট্রেন চালু করা।
   * নদীপথে ওয়াটার বাসের মাধ্যমে বিকল্প যোগাযোগ ব্যবস্থা তৈরি।

১০. ডিজিটাল ট্রাফিক মনিটরিং ও গণসচেতনতা বৃদ্ধি
   * রাস্তায় সিসিটিভি ক্যামেরা ও অ্যাপ-ভিত্তিক ট্রাফিক মনিটরিং ব্যবস্থা চালু করা।
   * জনগণকে ট্রাফিক আইন মেনে চলার জন্য সচেতনতা তৈরি করা।

এইসব পদক্ষেপ যথাযথভাবে বাস্তবায়ন করলে ঢাকা শহরের যানজট উল্লেখযোগ্যভাবে কমে আসবে।

02. ভাব সম্পসারণ করুন: অনধিক ১০ টি বাক্যে: "জন্ম হোক যথা তথা, কর্ম হোক ভালো"।

Solution: ভাবসম্প্রসারণ: মানুষ সৃষ্টির সেরা জীব। মানুষ তার এ শ্রেষ্ঠত্ব জন্মের মাধ্যমে অর্জন করেনি বরং কর্মের মাধ্যমে অর্জন করেছে। জন্মের ব্যাপারে মানুষের নিজের কোন হাত নেই। ধনী-দরিদ্র, উচু-নীচু যে কোন পরিবারে তার জন্ম হতে পারে। অনেক নিচু সমাজে জন্মগ্রহণ করে কর্মের মাধ্যমে মানুষ অনেক বড় কৃতিত্ব অর্জন করতে পারে। মানব সমাজের ইতিহাসে এর বহু উদাহরণ রয়েছে। আমেরিকার জর্জ ওয়াশিংটন, আব্রাহাম লিংকন, ভারতের এ পি জে আবুল কালাম, ফ্রান্সের নেপোলিয়ান বোনাপোর্ট অতি সাধারণ পরিবারে জন্ম গ্রহণ করেছেন। সাধারণ পরিবারে জন্মগ্রহণ করেও তাঁরা অসাধারণ ব্যক্তিত্ব হয়েছেন। পদ্মফুলের সৌন্দর্যই বড়। পঙ্কে জন্মে বলে তাকে অবহেলা করা যাবে না। নিচু কুলে জন্ম গ্রহণ করলে নিচু হতে হবে এমন কোন নিয়ম নেই। মানুষের কর্মই মানুষকে উচু-নিচু করে দেয়। মানুষের জন্ম কোথায় হলো সেটা বিবেচ্য নয় মানুষের কাজই মানুষকে পরিচয় করিয়ে দেয়। তাই জন্ম কোথায় হলো এ বিষয়টা একেবারে অযৌক্তিক। মানুষের কর্মপরিচয়ই তার আসল পরিচয়।

শিক্ষা: মানুষের জন্ম পরিচয়ের চেয়ে কর্মই সর্বাপেক্ষা তাৎপর্য বহন করে। তাই মানুষকে তার কর্মগুণের মাধ্যমে মূল্যায়ন করা উচিৎ।

03. পার্শ্বে উল্লিখিত প্রত্যেকটির একটি করে সমার্থক শব্দ লিখুন:

a) অধিক = বেশি, অনেক, অতিরিক্ত।
b) ঊর্মি = বীচি, ঢেউ।
c) ধেনু = গরু, গাভী।

04. পার্শ্বে উল্লিখিত প্রত্যেকটির শব্দার্থসহ বাক্য রচনা করুন:

a) বাঘের দুধ (দুষ্প্রাপ্য)ঃ এখন টাকা হলে বাঘের দুধও মেলে।
b) সাত পাঁচ (নানাপ্রকার; বিবিধ)ঃ সাত পাঁচ না ভেবে যা হয়েছে তাই বলো।
c) হাতের পাঁচ (শেষ সম্বল)ঃ হাতের পাঁচ ঐ একশত টাকাই ছিল তাও খাবার আনতেই শেষ।

05. এক কথায় প্রকাশ করুন:

a) অনেক দেখেছে যে = ভূয়োদর্শী।

b) বাঘের চামড়া = কৃত্তি।

c) রেশম দিয়ে নির্মিত = রেশমি।

06. সম্প্রতি ভ্রমণ করেছেন এমন একটি পর্যটন স্থানের বর্ণনা দিয়ে বন্ধুকে একটি পত্র লিখুন।

Solution:

তারিখঃ ২৮.০২.২০২৫

প্রিয় হামিম,

আশা করি তুমি ভালো আছ। তোমার চিঠি পেয়ে খুব ভালো লেগেছে। আজ তোমাকে আমার সম্প্রতি কক্সবাজার ভ্রমণের অভিজ্ঞতা জানাব।

আমরা কয়েকদিন আগে কক্সবাজার গিয়েছিলাম, যেখানে পৃথিবীর দীর্ঘতম সমুদ্রসৈকত রয়েছে। বিশাল সমুদ্র, গর্জন করা ঢেউ আর সোনালি বালুর সৈকত সত্যিই মনোমুগ্ধকর। সকালে সূর্যোদয়ের অপরূপ দৃশ্য দেখে মন ভরে গিয়েছিল। সন্ধ্যায় সূর্যাস্তের দৃশ্য তো আরও অসাধারণ!

আমরা ইনানী ও হিমছড়ি সমুদ্রসৈকতেও গিয়েছিলাম। হিমছড়ির পাহাড় থেকে সমুদ্রের দৃশ্য অপূর্ব লাগে। ইনানীর নুড়িপাথরের সৈকতও বেশ সুন্দর। এছাড়া, রামু বৌদ্ধবিহার ও মহেশখালী দ্বীপও ঘুরে দেখার সুযোগ পেয়েছিলাম।

সবচেয়ে মজার ছিল সামুদ্রিক মাছ ও নানা ধরনের খাবার খাওয়া। সমুদ্রের ধারে বসে ভাজা চিংড়ি, লবস্টার ও বিভিন্ন সামুদ্রিক খাবারের স্বাদ সত্যিই অবিস্মরণীয়।

এই ভ্রমণ সত্যিই মনে রাখার মতো ছিল। আশা করি, একদিন আমরা একসঙ্গে কক্সবাজার ঘুরতে যাব। তুমি কেমন আছ, তা জানিও।

ইতি,
তোমার বন্ধু
বাবুল হাওলাদার

	ডাকটিকিট
প্রেরক, বাবুল হাওলাদার দিনাজপুর	প্রাপক, হামিম ফরিদপুর

English:

07. **Make sentences with the following idioms and Phrases**

a) Above all (সর্বোপরি)ঃ Sanwar was concerned above all to speak the truth.

b) Crying need (অতীব জরুরী)ঃ All the people in the area have a crying need for food.

c) Black and white (লিখিতভাবে)ঃ Inform your allegation to the higher authority in black and white.

d) Out and out (পুরোপুরি)ঃ That man is a crook out and out.

e) At daggers drawn (ভীষণ শত্রুতা)ঃ The two young man have been at daggers drawn for months.

08. **Make the following nouns into adjective:**

a) Ambition – Ambitious.

b) Voice – Vocal.

c) Invent – Inventive.

d) Need – Necessary.

e) Trust – Trusted/ Trustworthy.

09. **Fill in the Gaps with the Appropriate Preposition:**

a) He set out ___ home. (for) বাক্যের অর্থঃ সে বাড়ির পথে রওনা দিলো।

b) It is a quarter ____ nine. (past) বাক্যের অর্থঃ এখন সোয়া নয়টা বাজে।

c) The building is ____ repair. (under) বাক্যের অর্থঃ ভবণটি সংস্কারের অধীনে রয়েছে।

d) He came ____ road. (by) বাক্যের অর্থঃ সে সড়ক পথে এলো।

e) You are ____ time. (on) বাক্যের অর্থঃ তুমি যথাসময়ে এসেছো।

10. **Write a Paragraph on "Book Fair' (within 10 sentence.)**

Solution: Now-a-days a book fair is very popular in big cities and towns. It creates a sense of interest for books among the books lovers. In a book fair many book stalls are set up with colourful things. Many kinds of books such as fictions, dramas, novels, story books, children books, text books, reference books are displayed for sale. Food and drink stalls are also set up. Seminars and cultural programmes are sometimes held. A book fair becomes a gathering place for both writers and readers. It is an opportunity for the readers to meet the writers physically. The biggest book fair in our country is Ekushey Boi Mela which is a month long book fair. It is books which help us to widen our outlook and knowledge. From these sense a book fair plays an important role in our life.

11. **Write an Application to the Director (Roads) for 3 days Casual Leave.**

Solution:

28 February, 2025
Director
Department of Government Transport
Dhaka, Bangladesh-1000

Subject: Application for three days casual leave.

Sir,
I have the honor to invite your kind attention to the fact that I am a probationary accountant of your department. Suddenly my mother has been seriously ill and has been hospitalized in Sirajgonj Sadar Hospital. So I need three days casual leave to go to Sirajgonj and take care of my ailing mother.

May I therefore, pray and hope that you would be kind enough to grant my application and oblige thereby.

Yours Faithfully

Md. Mahtab Hossain
Accountant
Department of Government Transport
Dhaka.

গণিত:

12. ১,২০০ টাকা একটি নির্দিষ্ট হারে সরল মুনাফায় ৫ বছরে ১,৫৭৫ টাকা হলে মুনাফার হার কত?

Solution: আমরা জানি, সরল মুনাফার সূত্র $I = \frac{pnr}{100}$

$\therefore \quad r = \frac{১০০I}{pn} = \frac{১০০ \times ৩৭৫}{১২০০ \times ৫} = ৬.২৫\%$

এখানে, P = ১,২০০; I = ১,৫৭৫ - ১,২০০ = ৩৭৫; n = ৫; r = ?

13. উৎপাদকে বিশ্লেষণ করুন:

a) $x^2 + x - 20$

Solution: দেয়া আছে, $x^2 + x - 20$
$= x^2 + 5x - 4x - 20$
$= x(x + 5) - 4(x + 5)$
$= (x + 5)(x - 4)$

b) $a^4 + 4$

Solution: দেয়া আছে, $a^4 + 4$
$= (a^2)^2 + (2)^2$
$= (a^2 + 2)^2 - 2 \times a^2 \times 2$
$= (a^2 + 2)^2 - 4a^2$
$= (a^2 + 2)^2 - (2a)^2$
$= (a^2 + 2 + 2a)(a^2 + 2 - 2a)$
$= (a^2 + 2a + 2)(a^2 - 2a + 2)$

14. মান নির্ণয় করুন: $a + b = 12$ এবং $ab = 35$ হলে $a^2 + b^2$ এর মান নির্ণয় করুন।

Solution: দেয়া আছে, $a^2 + b^2 = (a + b)^2 - 2ab$
$= (12)^2 - (2 \times 35) = 144 - 70 = 74$

15. সংজ্ঞা লিখুন:

a) সূক্ষ্মকোণী ত্রিভুজ = কোণ ভেদে ত্রিভুজ তিন প্রকার। এগুলো হলো- সূক্ষ্মকোণী ত্রিভুজ, সমকোণী ত্রিভুজ এবং স্থূলকোণী ত্রিভুজ।
যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্মকোণ অর্থাৎ এক সমকোণ অপেক্ষা ছোট, তাকে সূক্ষ্মকোণী ত্রিভুজ বলে। ৯০° অপেক্ষা ছোট মান সূক্ষ্মকোণ।

b) ভরকেন্দ্র **(Circumcentre)**ঃ ত্রিভুজের কোন একটি শীর্ষবিন্দু এবং তার বিপরীত বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখাকে মধ্যমা বলে। ত্রিভুজের মধ্যমাত্রয় সমবিন্দু। এই বিন্দুকে ত্রিভুজের ভরকেন্দ্র বলে।



ΔABC এ D, E, F যথাক্রমে BC, CA এবং AB এর মধ্যবিন্দু। AD, BE, CF মধ্যমাত্রয় O বিন্দুতে মিলিত হয়। O হল ত্রিভুজটির ভরকেন্দ্র।

- ভরকেন্দ্র হলো কোন ত্রিভুজের তিন বাহুর সমদ্বিখণ্ডকগুলোর ছেদবিন্দু।

c) ট্রাপিজিয়াম = যে চতুর্ভূজের দুটি বাহু পরস্পর সমান্তরাল কিন্তু অসমান তাকে ট্রাপিজিয়াম বলে।

d) পরিবৃত্ত = পরিবৃত্ত হচ্ছে ত্রিভুজের তিন শীর্ষবিন্দু দিয়ে অতিক্রান্ত বৃত্ত।

e) ঘনক = আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা সমান হলে, তাকে ঘনক বলে।

সাধারণ জ্ঞান:

16. সংক্ষেপে উত্তর দিন:

a) লেনদেন বলতে কি বুঝায়?

Solution: লেনদেন হলো হিসাববিজ্ঞানে মূল বা মৌলিক উপাদান। লেনদেন শব্দটির আভিধানিক অর্থ গ্রহণ ও দান বা আদান ও প্রদান বা নেওয়া ও দেওয়া। এর ইংরেজি প্রতিশব্দ হলো Transaction। সাধারণ অর্থে কোনো কিছু দেওয়া বা নেওয়াই হলো লেনদেন। কিন্তু হিসাব বিজ্ঞানের ভাষায় লেনদেন হলো 'অর্থের মাধ্যমে কোন কিছুর আদন প্রদানকে বুঝায়'।

b) ব্যাংক থেকে ঋণ গ্রহণ কী জাতীয় প্রাপ্তি?

Solution: মূলধনজাতীয় প্রাপ্তি।

c) ভাউচার কিসের প্রমাণপত্র?

Solution: লেনদেনের প্রমাণপত্র।

d) কন্ট্রা এন্ট্রি কী?

Solution: বিপরীত দাখিল।

নগদ ও ব্যাংকসংক্রান্ত কিছু লেনদেন আছে, যেগুলোকে নগদান বইয়ের ডেবিট ও ক্রেডিট উভয় দিকেই লিপিবদ্ধ করতে হয়। এ ধরনের এন্ট্রি বা দফাগুলোকে কন্ট্রা এন্ট্রি বলে। অর্থাৎ এই লেনদেন গুলো ডেবিট দিকে নগদের ঘরে লেখা হলে, আবার ক্রেডিট দিকে ব্যাংক এর ঘরেও লিখতে হয় অথবা ডেবিট দিকে ব্যাংক এর ঘরে লেখা হলে, আবার ক্রেডিট দিকে নগদের ঘরেও লিখতে হয়।

e) বকেয়া বেতন কি ধরনের হিসাব?

Solution: এটি একটি দায় হিসাব।

17. পূর্ণরূপ লিখুন:

a) **BIMSTEC** এর পূর্ণরূপ হলো Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation.

b) **OMR** এর পূর্ণরূপ হলো Optical Mark Recognition. Or Optical Mark Reader.

c) **HTML** এর পূর্ণরূপ হলো Hyper Text Markup Language.

d) **TIN** এর পূর্ণরূপ হলো Taxpayer Identification Number.

e) **UNDP** এর ইংরেজি পূর্ণরূপ হলো United Nations Development Programme.

18. টীকা লিখুন:

a) সামাজিক ব্যবসা

Solution: সামাজিক ব্যবসা হলো একটি ব্যবসায়িক মডেল যেখানে মূল লক্ষ্য থাকে সমাজের কল্যাণ, অর্থাৎ মানুষের বিভিন্ন সমস্যার সমাধান করা। এটি লাভজনক হলেও, এখানে মালিকরা ব্যক্তিগতভাবে মুনাফা গ্রহণ করেন না; বরং অর্জিত মুনাফা পুনরায় ব্যবসায় পুনর্বিনিয়োগ করা হয় যাতে সামাজিক সমস্যাগুলোর সমাধান অব্যাহত রাখা যায়। বিশ্বব্যাপী নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূস সামাজিক ব্যবসার অন্যতম প্রবক্তা। তিনি মনে করেন, এই মডেল দারিদ্র্য দূরীকরণ, স্বাস্থ্যসেবা, শিক্ষার প্রসার এবং পরিবেশ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

সামাজিক ব্যবসার কিছু মূল বৈশিষ্ট্য হলো–

* ব্যবসার প্রধান লক্ষ্য সামাজিক সমস্যা সমাধান করা।
* স্বয়ংসম্পূর্ণতা বজায় রেখে টেকসই হওয়া।
* বিনিয়োগকারীরা মূলধন ফেরত পেলেও অতিরিক্ত মুনাফা গ্রহণ করেন না।
* পরিবেশবান্ধব ও নৈতিকভাবে দায়বদ্ধ কার্যক্রম পরিচালনা করা।

এই ধরনের ব্যবসা প্রচলিত দাতব্য সংস্থার চেয়ে দীর্ঘস্থায়ী ও কার্যকর হতে পারে, কারণ এটি আত্মনির্ভরশীলতা নিশ্চিত করে এবং আর্থিকভাবে টিকে থাকার ক্ষমতা রাখে।

b) মুক্তবাজার অর্থনীতি

Solution: মুক্তবাজার অর্থনীতি (Free Market Economy) এমন একটি অর্থনৈতিক ব্যবস্থা যেখানে পণ্য ও সেবার মূল্য নির্ধারণ, উৎপাদন এবং বণ্টন সম্পূর্ণভাবে বাজারের চাহিদা ও যোগানের ওপর নির্ভরশীল। এতে সরকারের হস্তক্ষেপ সীমিত থাকে এবং ব্যক্তিগত মালিকানা, প্রতিযোগিতা ও মুনাফার নীতিকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়। এ ধরনের অর্থনীতির প্রধান বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে:

* **ব্যক্তিগত মালিকানা:** ব্যক্তি ও প্রতিষ্ঠান সম্পদ ও ব্যবসার মালিক হতে পারে।
* **স্বাধীন প্রতিযোগিতা:** বাজারে বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তির মধ্যে প্রতিযোগিতা থাকে, যা পণ্যের গুণগত মান বৃদ্ধি ও মূল্য স্থিতিশীল রাখতে সাহায্য করে।
* **চাহিদা ও যোগানের ভারসাম্য:** পণ্যের মূল্য ও প্রাপ্যতা সরাসরি ক্রেতা ও বিক্রেতার সিদ্ধান্তের ওপর নির্ভর করে।
* **সীমিত সরকারি হস্তক্ষেপ:** সাধারণত সরকার ন্যূনতম নিয়ন্ত্রণ বা নিয়মকানুন প্রয়োগ করে, যেমন সম্পদের মালিকানা রক্ষা ও প্রতিযোগিতার ন্যায্যতা নিশ্চিত করা।

তবে মুক্তবাজার অর্থনীতির কিছু চ্যালেঞ্জও রয়েছে, যেমন আয় বৈষম্য, একচেটিয়া বাজারের সৃষ্টি এবং কিছু ক্ষেত্রে সামাজিক নিরাপত্তাহীনতা। এ কারণেই কিছু দেশ মিশ্র অর্থনীতি অনুসরণ করে, যেখানে সরকার ও বেসরকারি খাত উভয়ই অর্থনৈতিক কার্যক্রমে ভূমিকা রাখে।

North West Generation Company Limited (NWPGCL)

পদের নামঃ Assistant Manager (Accounts/Finance/Audit)
তারিখঃ ১৪.০২.২০২৫; সময়ঃ ৯০ মিনিট; পূর্ণমানঃ ১০০

[*Attempt all the questions*]

[*There are 6 parts (A, B, C, D, E & F) and total 17 questions*]

Part-A: Analytical Ability

Train

01. **A train travels 300 km at a constant speed. If the speed had been 10km/h faster, the train would have taken 1 hour less to cover the same distance. What is the original speed of the train?**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ট্রেন 300 *kmph* বেগে সুষম গতি চলে। গতিবেগ 10 *kmph* বাড়ালে একই দূরত্ব অতিক্রম করতে 1 ঘণ্টা কম সময় লাগত। ট্রেনটির প্রকৃত গতি কত?

Let, the original speed of train is x kpmh.
And the original time take to cover the distance be t hours.

As, $x = \frac{d}{t}$

$\Rightarrow xt = d$

$\Rightarrow xt = 300$ ..... (i)

$\therefore x = \frac{300}{t}$ ..... (ii)

Now, according to question

$(x + 10)(t - 1) = 300$

$\Rightarrow xt - x + 10t - 10 = 300$

$\Rightarrow 300 - \frac{300}{t} + 10t - 10 - 300 = 0$ [From (i) & (ii)]

$\Rightarrow -\frac{300}{t} + 10t - 10 = 0$

$\Rightarrow -300 + 10t^2 - 10t = 0$

$\Rightarrow 10t^2 - 10t - 300 = 0$

$\Rightarrow t^2 - t - 30 = 0$

$\Rightarrow t^2 - 6t + 5t - 30 = 0$

$\Rightarrow t(t - 6) + 5(t - 6) = 0$

$\Rightarrow (t - 6)(t + 5) = 0$

Here, $t - 6 = 0$ $\quad t + 5 = 0$

$\therefore t = 6$ $\quad \therefore t = -5$ [Which is not acceptable]

$\therefore$ Original speed $x = \frac{300}{6} = 50$ *kmph*.

Mixture

02. **A shopkeeper mixes two types of rice, one costing Tk. 40/kg and the other Tk. 60/kg, to create a mixture worth Tk. 52/kg. If the total weight of the mixture is 50kg, determine the quantity of each type of rice used in the mixture.**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একজন দোকানদার 40 টাকা কেজি এবং 60 টাকা কেজি দরের দুই প্রকারের চাল মিশ্রিত করলেন এবং প্রতি কেজির দাম হলো 52 টাকা। মিশ্রণের মোট ওজন 50 কেজি হলে কোন চাল কি পরিমাণে মিশ্রিত করা হয়েছিল?

Let, x is the quantity of rice costing 40 Tk/kg

$\therefore$ y is the quantity of rice costing 50 Tk/kg

According to the question

$x + y = 50$ ..... (i)

Again, $40x + 60y = 52 \times 50$

$\therefore$ $40x + 60y = 2{,}600$..... (ii)

Now, $(i) \times 40 - (ii)$, we get

$40x + 40y = 2{,}000$

$40x + 60y = 2{,}600$

(–) $\quad -20y = -600$

$\therefore y = 30$

From (i) we get

$x + 30 = 50$

$\therefore x = 20$

$\therefore$ The shopkeeper used 20*kg* of rice costing 40 Tk/kg and 30 *kg* of rice costing 60 Tk/kg

03. **If $x^2 - 3x + 1 = 0$, find the value of $\left(x^2 - \frac{1}{x^2}\right)$.**

Solution: Given, $x^2 - \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)\left(x - \frac{1}{x}\right)$ ..... (i)

Here, $x^2 - 3x + 1 = 0$

$\Rightarrow \frac{x^2}{x} - \frac{3x}{x} + \frac{1}{x} = \frac{0}{x}$ [Dividing by x]

$\Rightarrow x - 3 + \frac{1}{x} = 0$

$\Rightarrow x + \frac{1}{x} = 3$ [..... (ii)

$\Rightarrow \left(x + \frac{1}{x}\right)^2 = (3)^2$

$\Rightarrow \left(x - \frac{1}{x}\right)^2 + 4 \times x \times \frac{1}{x} = 9$

$\Rightarrow \left(x - \frac{1}{x}\right)^2 + 4 = 9$

$\Rightarrow \left(x - \frac{1}{x}\right)^2 = 9 - 4$

$\Rightarrow \left(x - \frac{1}{x}\right)^2 = 5$

$\therefore \left(x - \frac{1}{x}\right) = \sqrt{5}$ ..... (iii)

$\left(x + \frac{1}{x}\right) = 3$ ও $\left(x - \frac{1}{x}\right) = \sqrt{5}$

$\therefore x^2 - \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)\left(x - \frac{1}{x}\right) = 3 \times \sqrt{5} = 3\sqrt{5}$

Shortcut: $x^2 - 3x + 1 = 0$

$\Rightarrow x\left(x - 3 + \frac{1}{x}\right) = 0$

$\Rightarrow x + \frac{1}{x} = 3$

$x^2 - \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)\left(x - \frac{1}{x}\right)$

$= 3 \times \sqrt{\left(x + \frac{1}{x}\right)^2 - 4 \times x \times \frac{1}{x}}$

$= 3 \times \sqrt{3^2 - 4} = 3\sqrt{5}$

IQ

04. **In a row of boys, if A who is 10th from the left and B who is 9th form the right interchange their positions, A becomes 15th from the left. How many boys are there in the row?**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, বালকদের একটি সারিতে A নামের বাম দিক হতে ১০ম এবং B নামের ডান দিক হতে ৭ম স্থানের দুইজন পরস্পর অবস্থান পরিবর্তন করলো। এখন A বাম দিক হতে ১৫তম হলে সারিতে মোট কয়জন বালক আছে?

প্রথম শর্তমতে,

A এর পূর্বে 9 জন আছে এবং B এর পরে 8 জন আছে।

২য় শর্তমতে,

A এবং B স্থান পরিবর্তন কলে A এর অবস্থান হবে 15 এবং প্রথম শর্ত থেকে B যা বর্তমানে A এর পরে 8 জন আছে।

∴ মোট ছেলে আছে = 15 + 8 = 23 জন।

Train

05. **A train traveled at an average speed of 100 km/hr, stopping for 3 minutes after every 75km. How long did it take to reach its destination 600 km form the starting point?**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি Express train এর গড় গতিবেগ 100 km/hr এবং এটা প্রতি 75 km যাওয়ার পর 3 minutes করে থামে। 600 km যেতে ট্রেনটির কত সময় লাগবে?

Given, average speed = 100 *kmph*

Train will stop $= \frac{600}{75}$

= 8 times in the whole journey.

But after 7th stopping, train will be at the destiny in next stop.

therefore, it will stop 7 times in the journey.

∴ Extra time needed = 7 × 3 = 21 minutes.

∴ Total time taken in the journey

= 6 hours 21 minutes.

Part-B: Accounting

06. **Ott Company had 210,000 ordinary shares outstanding on December 31, 2023. During the year 2024, the company issued 8,000 shares on May 1 and retired 14,000 shares on October 31. For the year 2024, Ott Company reported net income of 229,690.**

Required: What earnings per share data should be reported at the bottom of its income statement?

Solution: Given, number of ordinary shares = 2,10,000

May 1 issue = 8,000

October 31 retired = 14,000

Net income = 2,29,690

Here, weighted shares

$= \left(210000 \times \frac{4}{12}\right) + \left(218000 \times \frac{6}{12}\right) + \left(204000 \times \frac{2}{12}\right)$

= 70,000 + 1,09,000 + 34,000

= 2,13,000

We know, earning per share (EPS)

$= \frac{\text{Net income - Preferred divideinds}}{\text{Weight average share out standing}}$

$= \frac{229690 - 0}{213000} = 1.07$ Tk.

07. **MMZ Company's relevant information for last month is given below:**

Sales (15,000 units × Tk. 30 per unit)	**Tk. 450,000**
Variable expenses (15,000 units)	**Tk. 315,000**
Fixed expenses	**Tk. 90,000**

Required:

a) What is the CM ration?

Solution: We know, CM ratio is

$= \frac{\text{Sales revenue} - \text{Variable expense}}{\text{Sales revenue}}$

$= \frac{450000 - 315000}{450000} = \frac{135000}{450000} = 30\%$

b) Determine the break-even point in quantity and in amount.

Solution: Break even sales (in taka)

$= \frac{\text{Fixed expense}}{\text{C/M Ratio}} = \frac{90000}{0.3} =$ Tk. 3,00,000

Here, contribution margin per unit
$= \frac{\text{Total contribution margin}}{\text{Total unit sold}} = \frac{135000}{15000}$
= 9 (Units)
Break even in sales in unit
$= \frac{\text{Fixed expense}}{\text{Cm per unit}} = \frac{90000}{9}$ = 10,000 (Units)

08. **At the end of the first quarter of operations on 31/03/2024, Abdullah Pharmaceuticals PLC has the following condensed unadjusted Trial Balance.**

	Debit	Credit
Supplies	1,300	
Prepaid Insurance	2,400	
Equipment	60,000	
Bank Loan @ 10%		40,000
Accounts Payable		2,400
Unearned revenue		6000
Service Revenue		4,900
Salaries and Wages Expenses	3,200	

Other Data:

a) Insurance was given on 01/01/2024 for six months.
b) Supplies were used during the time amounting Tk. 1,000.
c) Equipment was bought on 01/02/2024. Estimated useful life of the asset is 5 years and Salvage value is Tk. 5,000.
d) Received advance form a customer amounting Tk. 6,000 on 01/03/2024 for providing service for the next three months.
e) Bank loan was taken on 01/02/2024

Required: Give the necessary adjusting entries for the above information in the book of the Abdullah Pharmaceuticals PLC

Solution: Abdullah Pharmaceuticals PLC
Adjusting entries

Date	A/T	Ref	Debit	Credit
31.03.2024	Insurance expense Prepaid Insurance (To adjust 3 months Insurance expense)		1200	1200
31.03.2024	Supplies Expense Supplies (Supplies expense were used)		1000	1000
31.03.2024	Depreciation expense Accumulated depreciation expense (To Adjust Depreciation expense)		1833	1833
31.03.2024	Unearned Revenue Service Revenue (To adjust one month unearned service revenue)		2000	2000
31.03.2024	Interest Expense Interest Payable (To Adjust Interest Expense)		667	667

Part-C: Finance

09. **The Alif Company's next expected dividend is Tk. 3.18; its growth rate is 6 percent; and its stock currently sells for Tk. 36. New stock can be sold to net the firm Tk. 32.40 per share**

a) What is Alif's percentage flotation cost?

Solution: Alif's % of floatation cost = [(36 – 32.40) ÷ 36] × 100 = 10%

b) What is Alif's cost of new common stock?

Solution: Given that, D1 = Tk. 3.18; g = 6%; Po = Tk. 36; FC = Tk. 3.60
Alif's cost of new common stock(Ke):

$$K_e = \frac{D_1}{P_0 - FC} \times 100 + g = \frac{3.18}{36 - 360} \times 100 + 6\%$$
$$= 9.81\% + 6\%$$
$$= 15.81\%$$

10. **Consider the following scenario analysis:**

		Rate of Return	
Scenario	Probability	Stocks	Bonds
Recession	0.20	-5%	+14%
Normal economy	0.60	+15%	+8%
Boom	0.20	+25	+4%

Required: Calculate the expected rate of return and standard deviation for each investment. Which one you should choose?

11. **Consider a 4-year amortizing loan. You borrow Tk. 1,000 initially and repay it in four equal annual year-end payments.**

a) If the interest rate is 8 percent, show that the annual payment is Tk. 301.92
b) Fill the following table, which shows how much of each payment is interest versus principal repayment (that is, amortization), and the outstanding balance on the loan at each date.

Time (Year)	Beginning Loan Balance	Year-End Interest Due on Balance	Year-End payment	Amortization of Loan
1.	Tk. 1.000	Tk. 80	Tk. 301.92	Tk. 221.92
2.	-	-	Tk. 301.92	-
3.	-	-	Tk. 301.92	-
4.	-	-	Tk. 301.92	-

Part-D: General Knowledge

12. **Answer the following questions:**

a) Which Bangladeshi city was recently recognized as a UNESCO Creative City for Crafts and Folk Art? → ২০১৯ সালে সোনারগাঁওকে ওয়ার্ল্ড ক্রাফটস কাউন্সিল কর্তৃক 'ওয়ার্ল্ড ক্রাফট সিটি' হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছিল। সোনারগাঁও বাংলাদেশের নারায়ণগঞ্জ জেলায় অবস্থিত একটি ঐতিহাসিক শহর, যা

প্রাচীনকাল থেকে কারুশিল্প ও বস্ত্রশিল্পের জন্য সুপরিচিত। এখানে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন অবস্থিত, যা দেশের ঐতিহ্যবাহী লোকশিল্প ও কারুশিল্প সংরক্ষণ ও প্রচারের জন্য কাজ করে। এছাড়া, ২০২৩ সালে ঢাকার রিকশা ও রিকশা চিত্রকলা ইউনেস্কোর 'ইনট্যানজিবল কালচারাল হেরিটেজ' তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। ঢাকার রিকশা চিত্রকলা শহরের সাংস্কৃতিক ঐতিহ্যের একটি গুরুত্বপূর্ণ অংশ এবং এটি নগর লোকশিল্পের একটি গতিশীল রূপ হিসেবে বিবেচিত হয়।

b) Which constitutional amendment replaced "Dacca" as "Dhaka"? → DACCA এর নাম ১৯৮২ সালে DHAKA-য় পরিবর্তন করা হয়। এটি ১৯৮৮ সালে সংবিধানের অষ্টম সংশোধনীর মাধ্যমে সংবিধানে সন্নিবেশিত করা হয়।

c) Which country became the newest member of NATO in 2023? → ২০২৩ সালের ৪ এপ্রিল ফিনল্যান্ড আনুষ্ঠানিকভাবে ন্যাটোর ৩১তম সদস্য রাষ্ট্র হিসেবে যোগ দেয়। উল্লেখ্য, সর্বশেষ সুইডেন (৩২তম) ন্যাটোতে যোগদানের আবেদন করে।

d) Who is known as the founder of fascism? → ফ্যাসিবাদের প্রতিষ্ঠাতা হিসেবে সাধারণত বেনিটো মুসোলিনি (Benito Mussolini) কে গণ্য করা হয়। উল্লেখ্য, ফ্যাসিবাদ (Fascism) একটি স্বৈরাচারী রাজনৈতিক মতাদর্শ যা প্রথম বিশ্বযুদ্ধের পর ইতালিতে বিকশিত হয়। এর মূল বৈশিষ্ট্য হলো একনায়কতান্ত্রিক শাসনব্যবস্থা, কট্টর জাতীয়তাবাদ, ব্যক্তি স্বাধীনতার দমন, এবং সামরিক শক্তির ওপর গুরুত্বারোপ।

e) What is the main goal of the Paris Climate Agreement? → প্যারিস জলবায়ু চুক্তির মূল লক্ষ্য হলো গ্লোবাল ওয়ার্মিং বা বৈশ্বিক উষ্ণায়ন কমানো এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা করা।

f) Which country recently became the newest member of BRICS in 2024? → ২০২৪ সালে ৪টি দেশ (মিশর, আরব আমিরাত, ইথিওপিয়া এবং ইরান)। উল্লেখ্য, ২০২৫ সালে নতুন করে ইন্দোনেশিয়া BRICS এর সদস্যপদ লাভ করে।

g) Who won the Nobel Peace Prize in 2024? → নিহোন হিদানকিও (অবদানঃ "পারমাণবিক অস্ত্র মুক্ত বিশ্ব অর্জনের প্রচেষ্টা এবং এই বিপর্যয়কে নিজের চোখে দেখে আসা প্রত্যক্ষদর্শীদের বয়ান সবার সামনে তুলে ধরে পারমাণবিক অস্ত্র আর কখনও ব্যবহার করা উচিত নয়" - এমন প্রচারণার জন্য পুরস্কার পেয়েছে এই প্রতিষ্ঠানটি)।

h) What was the name of the rocket SpaceX makes history after catching on landing? → Starship. উল্লেখ্য, ইলন মাস্কের প্রতিষ্ঠান স্পেসএক্স মঙ্গল গ্রহ ও চাঁদে মানুষ এবং মালামাল বহনের জন্য তৈরি 'স্টারশিপ' রকেটের পঞ্চম পরীক্ষা চালিয়েছে টেক্সাস থেকে। আর এবারই প্রথম প্রতিষ্ঠানটি সফলভাবে এই রকেটের 'সুপার হেভি বুস্টার'-কে উৎক্ষেপণ প্যাডে নিরাপদে অবতরণ করাতে পেরেছে। বিশ্বে তৈরি হওয়া এ যাবৎকালের সবচেয়ে শক্তিশালী রকেট স্টারশিপের দুটি অংশ। একটি হচ্ছে 'সুপার হেভি বুস্টার' নামের তরল গ্যাসের জ্বালানিচালিত রকেট। আর অপর অংশটি হল 'স্টারশিপ' নামের মহাকাশযান - যা এই সুপার হেভি বুস্টারের ওপর বসানো আছে।

i) Which organization is primarily responsible for promoting global financial stability and economic growth? → বিশ্বব্যাপী আর্থিক স্থিতিশীলতা ও অর্থনৈতিক প্রবৃদ্ধি (উন্নয়ন) করার জন্য যে সংস্থাটি প্রধান ভূমিকা পালন করে তা হলো আন্তর্জাতিক মুদ্রা তহবিল (International Monetary Fund - IMF)।

j) Which countries will host T-20 world cup 2026? → ২০২৬ সালের আইসিসি পুরুষদের টি-টোয়েন্টি বিশ্বকাপ যৌথভাবে ভারত ও শ্রীলঙ্কায় অনুষ্ঠিত হবে। এই টুর্নামেন্টে মোট ২০টি দল অংশগ্রহণ করবে। এর মধ্যে ১২টি দল ইতিমধ্যেই তাদের স্থান নিশ্চিত করেছে। আয়োজক দেশ হিসেবে ভারত ও শ্রীলঙ্কা স্বয়ংক্রিয়ভাবে যোগ্যতা অর্জন করেছে। ২০২৪ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপের সুপার এইটে পৌঁছানো দলগুলোও ২০২৬ সালের টুর্নামেন্টে সরাসরি খেলার সুযোগ পেয়েছে; এই দলগুলো হলো আফগানিস্তান, অস্ট্রেলিয়া, বাংলাদেশ, ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, যুক্তরাষ্ট্র এবং ওয়েস্ট ইন্ডিজ। এছাড়া, আইসিসি টি-টোয়েন্টি র‍্যাঙ্কিং অনুযায়ী নিউজিল্যান্ড, পাকিস্তান এবং আয়ারল্যান্ডও ২০২৬ সালের বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করেছে। বাকি ৮টি দল বিভিন্ন মহাদেশীয় বাছাইপর্বের মাধ্যমে নির্ধারিত হবে।

Part-E: English and Bangla

13. **Fill up the following gap using appropriate words from the following list:**

exclusively implicate	partially repudiate	ostensibly	found wanting	considered enlightened
dismissed as inconsequential	prudent	remiss	contrarian	Biases

Heinrich Feyermahn, in insisting that Galileo did not fully uphold the tenets of scientific rationalism, does not (a) ____ the Italian astronomer, but rather the very edifice of Western thought. For if Galileo is the purported exemplar of rational

thinking, and yet is (b)_ ___, then the history of science cannot be understood as an endless succession of scientists carrying out their work free of all-too-human (c) ____. Thus, Feyermahn admonishes, in faithfully chronicling the sweep of science in the last 300 years, historiographers would be (d) ____ not to include the human foibles that were part of even the most (e) ___ Apollonian endeavors.

Solution: a) Exclusively implicate
b) Found wanting c) Biases
d) Remiss e) Ostensibly

14. নিচের বাক্যগুলো শুদ্ধ করে লিখুন:

a) সকল শিক্ষকগণ সেখানে উপস্থিত ছিলেন।
b) অধ্যায়নই ছাত্রদের তপস্যা।
c) অশ্রুজলে তার বুক ভেসে গেল।
d) আমার আর বাঁচিবার স্বাদ নেই।
e) আবশ্যক ব্যয়ে কার্পণা করা অনুচিত।

Solution: a) সকল শিক্ষক সেখানে উপস্থিত ছিলেন।
b) অধ্যয়নই ছাত্রদের তপস্যা।
c) অশ্রুতে তার বুক ভেসে গেল।
d) আমার আর বাঁচিবার সাধ নাই।
e) আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য করা অনুচিত।

Part-F: Power Sector

15. **What is a power system, and what are its main components?**

Solution: A system is a network of electrical components designed to generate, transmit, and distribute electricity to consumers, consisting primarily of power plants (generation), transmission lines (carrying power over long distances), substations (for voltage adjustments), and distribution lines that deliver electricity to homes and businesses; the main components are therefore: generators, transformers, transmission lines, and distribution lines.

Key points about power systems:

Generation: Power plants produce electricity using various energy sources like coal, natural gas, hydro, solar, or wind.

Transmission: High-voltage transmission lines carry electricity from power plants to distribution substations over long distances.

Distribution: Substations step down the voltage to a level suitable for distribution lines which deliver electricity directly to consumers.

Main components of a power system:

Generators: Devices that convert mechanical energy into electrical power within a power plant.

Transformers: Electrical devices that increase or decrease voltage levels as needed.

Transmission lines: High-voltage power lines that transport electricity from power plants to substations.

Substations: Facilities where voltage is adjusted using transformers before electricity is distributed.

Distribution lines: Lower voltage lines that deliver electricity from substations to individual consumers.

16. **Describe the advantages and disadvantages of quick rental power plant on Bangladesh's economy.**

Solution: Quick rental power plants temporary, rapidly deployable power generation units offer a mix of benefits and challenges for Bangladesh's economy. Their impact can be viewed from both a short-term crisis management perspective and long-term economic planning.

Advantages

Rapid Deployment: Quick rental power plants can be operational within days or weeks, offering an immediate response to power shortages. This rapid deployment is critical for minimizing downtime in industrial, commercial, and residential sectors during peak demand or emergency situations.

Flexibility and Scalability: These plants allow the government or utility companies to scale power generation up or down based on fluctuating demand. Such flexibility is useful during transitional phases when long-term infrastructure is still under development.

Reduced Capital Investment: Renting power generation capacity means avoiding the high upfront costs associated with building permanent power plants. This can free up financial resources for other investments or more sustainable energy projects.

Economic Continuity: By stabilizing the power supply, quick rental plants help maintain industrial output and business

operations. A reliable power supply reduces the risk of production losses and can boost investor confidence, which is crucial for economic growth.

Risk Mitigation: These plants provide a short-term bridge that can be useful while more permanent, long-term energy solutions are planned and constructed, reducing the risk associated with sudden power deficits.

Disadvantages

High Operational Costs: Rental power plants, particularly those powered by diesel or other fossil fuels, tend to have higher fuel and maintenance costs compared to permanent facilities. Over time, these operational expenses can lead to increased electricity tariffs and place a strain on both public finances and consumers' pockets.

Environmental Impact: Many quick rental plants rely on fossil fuels, which can contribute to higher greenhouse gas emissions and environmental pollution. This not only affects public health but may also conflict with broader sustainability and climate change mitigation goals.

Temporary Nature: While effective for short-term relief, these plants are not designed for long-term operation. Overreliance on rental solutions may delay investment in more permanent, efficient, and cleaner energy infrastructure.

Lower Efficiency: Temporary power plants are often less optimized than purpose-built, permanent installations. This can lead to lower fuel efficiency and higher per-unit generation costs, reducing overall energy efficiency.

Market Distortion: Dependence on rental solutions might skew market signals, potentially discouraging investments in sustainable energy sources like renewables. This could slow the transition toward a more resilient and environmentally friendly power generation system.

Budgetary Pressure: The higher recurring costs of rental power plants may increase the financial burden on the government or utility companies. This could lead to higher tariffs for consumers and additional strain on national budgets, potentially impacting economic stability over the long term.

Economic Impact on Bangladesh: In the short term, quick rental power plants can be a strategic tool to alleviate power shortages, support continuous economic activity, and stabilize the market during periods of rapid demand or crisis. However, if relied upon for an extended period, their high operational costs and environmental downsides might lead to increased energy prices, fiscal pressure, and delayed progress toward sustainable energy infrastructure. Policymakers thus face the challenge of balancing immediate energy needs with long-term economic and environmental objectives.

17. **Write a paragraph on "The role of renewable energy in the power sector of Bangladesh."**

Solution: Global energy demand has risen sharply over the years with developing countries recording the greatest share in this trend. Biomass as an energy resource is mostly available locally and can easily be converted into secondary energy without huge capital investments. Nowadays, Bangladesh shares a percentage of renewable energy only 3% of total energy ratio, Bangladesh has already taken a master plan in the renewable energy sector. Whereas installed electricity generation installed capacity of Bangladesh rapidly increased to 13265 MW with captive generation capacity which is insufficient for fulfilling the demand of electricity of the nations. One-third of the power production of Bangladesh depends on expensive imported fossil fuel energy resources and 65% of power generation depends on a natural gas reserve of the country, though one day the reserve of current gas will be diminished. Moreover, inadequate electricity production leads the country in a un-industrialization. The present and future crucial energy crisis situation adapted by installing renewable power into electricity production. The current renewable energy agenda of Bangladeshi government force the specialization of renewable energy generation budget by decreasing global pollution with saving movement of biomass, solar, hydro, wind, and tidal power sector.

বাংলাদেশ রেলওয়ে

পদের নামঃ উপ-সহকারী প্রকৌশলী

তারিখঃ ২৮.০৬.২০২৫; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ১০০

01. কাজী নজরুল ইসলামের 'নারী' কবিতাটি কোন কাব্যগ্রন্থের?

a) অগ্নিবীণা b) ব্যাথার দান

c) সাম্যবাদী d) দোলনচাঁপা ***ans.* C**

Solution: 'নারী' কবিতাটি কবি কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কাব্যগ্রন্থ থেকে সংকলিত। 'সাম্যবাদী' কাজী নজরুল ইসলাম রচিত ১৯২৫ সালের ডিসেম্বরে (পৌষ, ১৩৩২) প্রকাশিত একটি কাব্যগ্রন্থ। বইটিতে মোট ১১টি কবিতা রয়েছে। এগুলো হলোঃ 'সাম্যবাদী', 'সাম্য', 'ঈশ্বর', 'মানুষ', 'পাপ', 'চোর-ডাকাত', 'বীরাঙ্গনা', 'মিথ্যাবাদী', 'নারী', 'রাজা-প্রজা', 'কুলিমজুর'।

02. **Choose the correct option: 'I came home after the rain ___'.**

a) stopped b) stops

c) has stopped d) had stopped ***ans.* D**

Solution: অতীতের দুটি ঘটনার বর্ণনা থাকলে Before এর পূর্বে এবং After এর পরে Past perfect tense বসে। এবং অপর ঘটনাটি Past indefinite হবে।

বাক্যের অর্থঃ বৃষ্টি বন্ধ হওয়ার পর আমি বাড়িতে এসেছিলাম।

03. লেন্সের আলোক কেন্দ্রের মধ্যে দিয়ে কোনো রশ্মি প্রবেশ করলে এটির কি হবে?

a) রশ্মিটি প্রতিফলিত হবে

b) রশ্মিটি প্রতিসরিত হবে

c) রশ্মিটির বিচ্যুতি হবে না

d) রশ্মিটির ব্যতিচার হবে ***ans.* C**

Solution: লেন্সের মধ্যে প্রধান অক্ষের উপর অবস্থিত যে বিন্দুর মধ্যদিয়ে কোনো আলোক রশ্মি অতিকৃত করলে প্রতিসরণের পর লেন্সের অপর পৃষ্ঠ থেকে নির্গত হয়, সেই বিন্দুকে আলোক কেন্দ্র বলে। অর্থাৎ আলোক রশ্মিটির কোনো বিচ্যুতি হবে না।

04. 'হে বঙ্গ' ভান্ডারে তব বিবিধ রতন- এর পরের লাইন কী?

a) পরধন লোভে মত্ত, করিনু ভ্রমণ

b) অনিদ্রায় অনাহারে, সঁপি কায়, মন

c) তা সবে, (অবোধ আমি!) অবহেলা করি

d) পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি ***ans.* C**

Solution: উদ্ধৃতাংশটি মাইকেল মধুসূদন দত্তের 'বঙ্গভাষা' নামক কবিতার অংশ। কবিতার প্রথম লাইনগুলো হলোঃ

হে বঙ্গ, ভান্ডারে তব বিবিধ রতন;

তা সবে (অবোধ আমি!) অবহেলা করি,

পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ

পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।

05. **Which one is plural?**

a) Actress b) News

c) Princes d) Princess ***ans.* C**

Solution: এখানে Actor এর Feminine gender হলো Actress. আবার, News কে Plural এর মতো মনে হলেও আসলে এটি Singular. Princess হলো রাজকন্যা। আর Prince এর Plural হলো Princes (রাজার পুত্রগণ)।

06. কোনটি লেজার আলোর একটি বিশেষ ধর্ম?

a) এটি সরলপথে চলে

b) এটি প্রতিফলিত ও প্রতিসরিত হয়

c) এটি বেশি আলো দেয়

d) এটি একবর্ণীয় ***ans.* D**

Solution: LASER বা Light Amplification by Stimulation Emission of Radiation হলো একটি বিশেষ পরমাণুকে ফোটন কণিকা দ্বারা উত্তেজিত করে তৈরি রশ্মি। LASER রশ্মি হলো এক বর্ণের, অত্যধিক লক্ষভেদী এবং তীব্র শক্তিসম্পন্ন একগুচ্ছ আলো। অনেকদূর অতিক্রম করার পরেও লেজার রশ্মির দিক বিচ্যুতি ঘটে না।

07. কোনটি ক্ষমতার একক

a) J b) JS^{-2}

c) JS^{-1} d) Watt-S ***ans.* C**

Solution: ক্ষমতার একক হলো ওয়াট বা $J.S^{-1}$. উল্লেখ্য,

রাশি	এসআই একক		
রাশি	একক (সংকেত)	প্রতিপাদন	মাত্রা
ক্ষমতা	ওয়াট (w)	$J.S^{-1}$	ML^2T^{-3}
শক্তি	জুল (J)	N.m	ML^2T^{-2}
কাজ	জুল (J)	N.m	ML^2T^{-2}
বল	নিউটন (N)	$Kg.ms^{-2}$	MLT^{-2}
দোলনকাল	সেকেন্ড (S)	S	T

Recent Publication

08. একটি বিন্দুর কার্তেসীয় স্থানাংক **(1, 1)** হলে এর পোলার স্থানাংক কত?

a) $(\sqrt{3}, 45°)$ b) $(\sqrt{2}, 45°)$

c) $(30°, \sqrt{2})$ d) $(45°, \sqrt{2})$ ***ans.* B**

Solution: আমরা জানি, কোনো বিন্দুর কার্তেসীয় স্থানাংক (x, y) এবং পোলার স্থানাঙ্ক (r, θ) এর মধ্যে নিম্নলিখিত সম্পর্ক রয়েছেঃ

$r = \sqrt{x^2 + y^2}$ এবং $\theta = \tan^{-1}\left(\frac{y}{x}\right)$

দেয়া আছে, $x = 1$ এবং $y = 1$

এখন, মান বসিয়ে পাই,

$r = \sqrt{1^2 + 1^2} = \sqrt{1 + 1} = \sqrt{2}$

$\theta = \tan^{-1}\left(\frac{y}{x}\right) = \tan^{-1}(1) = 45°$ [$\because \tan 45° = 1$]

$\therefore$ $(1, 1)$ কার্তেসীয় স্থানাংক বিন্দুর পোলার স্থানাংক হলো $(\sqrt{2}, 45°)$

09. ব্লিচিং পাউডারের রাসায়নিক সংকেত কোনটি?

a) $Ca(OCl)_2Cl$ b) $Ca(OCl)Cl_2$

c) $Ca(OH)_2$ d) $Ca(OCl)Cl$ ***ans.* D**

Solution: $Ca(OCl)Cl$ এর রাসায়নিক নাম ক্যালসিয়াম ক্লোরো হাইপোক্লোরাইট। এটি ব্লিচিং পাউডার নামেও পরিচিত, যা পানি পরিশোধন এবং কাপড় ব্লিচ করার কাজে ব্যবহৃত হয়। উল্লেখ্য, বিভিন্ন রাসায়নিক সংকেতঃ

পদার্থ	রাসায়নিক নাম	রাসায়নিক সংকেত
চক/চুনাপাথর	ক্যালসিয়াম কার্বনেট	$CaCO_3$
ক্যালোমেল	মার্কিউরাস অক্সাইড	Hg_2Cl_2
বেকিং সোডা	সোডিয়াম বাইকার্বনেট	$NaHCO_3$
গ্রুবার সল্ট	সোডিয়াম সালফেট	$MgSO_2.7H_2O$
কাস্টিক সোডা	সোডিয়াম হাইড্রোক্সাইড	$NaOH$
স্পিরিট	ইথাইল অ্যালকোহল	C_2H_5OH

10. একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য?

a) $L = \pi^2 g$ b) $L = g/\pi^2$

c) π^2/g d) $L = g^2/\pi$ ***ans.* B**

Solution: যে সরল দোলকের পর্যায়কাল $2s$ তাকে সেকেন্ড দোলক বলা হয়।

আমরা জানি, সরল দোলকের সমীকরণ হলোঃ

$T = 2\pi\sqrt{\frac{L}{g}}$ [সেকেন্ড দোলকের ক্ষেত্রে, $T = 2$ হলে]

$\Rightarrow 2 = 2\pi\sqrt{\frac{L}{g}}$

$\Rightarrow 1 = \pi\sqrt{\frac{L}{g}}$

$\Rightarrow 1 = \pi^2\frac{L}{g}$

$\therefore L = \frac{g}{\pi^2}$

11. একটি বস্তুর ভরবেগ দ্বিগুণ করা হলে গতিশক্তি-

a) পরিবর্তন হবে না b) চারগুণ হবে

c) আটগুণ হবে d) দ্বিগুণ হবে ***ans.* B**

Solution: গতিশক্তি হলো একটি বস্তুর গতির কারণে যে শক্তি তা। এটির ভর এবং বেগের বর্গের গুণফল সমানুপাতিক।

গতিশক্তি $(E_K) = \frac{1}{2}mv^2$

যেখানে, E_K = গতিশক্তি; m = ভর; v = বেগ।

এখন, একটি বস্তুর ভরবেগ দ্বিগুণ করা হলে, বেগ দ্বিগুণ হবে। সুতরাং গতি শক্তি চারগুণ হবেঃ

$E_K = \frac{1}{2}m(2v)^2 = \frac{1}{2}m4v^2 = 4\left(\frac{1}{2}mv^2\right) = 4\,E_K$

12. 'জাহান্নাম হইতে বিদায়' শওকত ওসমান রচিত একটি-

a) ছোটগল্প b) উপন্যাস

c) নাটক d) প্রবন্ধ ***ans.* B**

Solution: 'জাহান্নাম হইতে বিদায়' শওকত ওসমানের মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম উপন্যাস। যা ১৯৭১ সালে লেখা। উপন্যাসটির পটভূমি ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ। উপন্যাসের প্রধান চরিত্র প্রবীণ শিক্ষক গাজী রহমানকে কেন্দ্র করে এগিয়ে গেছে কাহিনী। উল্লেখ্য,

উপন্যাস	জাহান্নাম হইতে বিদায়, জননী, দুই সৈনিক, নেকড়ে অরণ্যে, জল্লাদ, ক্রীতদাসের হাসি, বনি আদম, আর্তনাদ ইত্যাদি।
নাটক	আমলার সামলা, তস্কর ও লস্কর, কাকড়ুমনি, বাগদাদের কবি ইত্যাদি।
গল্প	জন্ম যদি তব বঙ্গে, ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী, পিজরাপোল ইত্যাদি।
প্রবন্ধ	সংস্কৃতির চড়াই উৎরাই, মুসলিম মানসের রূপান্তর।
শিশুতোষ	ওটেন সাহেবের বাংলো, পঞ্চাসন্দী।

13. $^nC_8 = {}^nC_{12}$ হলে, n এর মান কত?

a) 8 b) 12

c) 30 d) 20 ***ans.* D**

Solution: আমরা জানি, $^nC_x = {}^nC_y$ হলে $n = x + y$

এখন, $^nC_8 = {}^nC_{12}$

$\therefore$ $n = 8 + 12 = 20$

Recent Publication

14. দুধ হচ্ছে-

a) জেল b) ইমালশন

c) সাসপেনশন d) দ্রবণ **ans. B**

Solution: যখন দুটি তরল, একটি ধ্রুবীয় অপরটি অধ্রুবীয়, যদি পরস্পর মিশে গিয়ে কলয়েড তৈরি করে তখন তাকে ইমালশন বলে। যেমনঃ দুধ, মাখন, মেয়োনিজ, মার্জারিন প্রভৃতি।

15. আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় জেলা-

a) চট্টগ্রাম b) বরিশাল

c) রাঙ্গামাটি d) ময়মনসিংহ **ans. C**

Solution: আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা হলো রাঙামাটি (৬১১৬.১১ বর্গ কিলোমিটার বা ২৩৬১ বর্গ মাইল। আর ক্ষুদ্রতম জেলা হলো নারায়ণগঞ্জ (৬৮৪.৩৭ বর্গ কিলোমিটার বা ২৬৪ বর্গ মাইল)। উল্লেখ্য, জনসংখ্যায় বৃহত্তম জেলা ঢাকা এবং ক্ষুদ্রতম জেলা বান্দারবান।

16. 'বনফুল' কার ছদ্মনাম?

a) মোহিতলাল মজুমদার b) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

c) বলাইচাঁদ মুখোপাধ্যায় d) প্রমথ চৌধুরী **ans. C**

Solution: কথা সাহিত্যিক বলাইচাঁদ মুখোপাধ্যায় ছদ্মনাম হলো 'বনফুল'। নিচে আরও কিছু বিখ্যাত সাহিত্যিকদের প্রকৃত নাম ও ছদ্মনাম দেওয়া হলোঃ

প্রকৃত নাম	ছদ্ম নাম
কালী প্রসন্ন সিংহ	হুতোম প্যাঁচা
মালাধর বসু	গুণরাজ খান
বাহরাম খান	দৌলত উজির
ঈশ্বরচন্দ্র গুপ্ত/ ঈশ্বরগুপ্ত	যুগ সন্ধিক্ষণের কবি
আব্দুল করিম	সাহিত্য বিশারদ
বিহারীলাল চক্রবর্তী	ভোরের পাখি
বলাইচাঁদ মুখোপাধ্যায়	বনফুল
বিমল ঘোষ	মৌমাছি
ড. মনিরুজ্জামান	হায়াৎ মাহমুদ
রবীন্দ্রনাথ ঠাকুর	ভানুসিংহ ঠাকুর
প্রমথ চৌধুরী	বীরবল
মীর মশাররফ হোসেন	গাজী মিয়াঁ
জসীম উদ্‌দীন	তুজাম্বর আলি
সমরেশ বসু	কালকূট
কাজেম আল কুরায়শী	কায়কোবাদ
প্যারীচাঁদ মিত্র	টেকচাঁদ ঠাকুর
নীহাররঞ্জন গুপ্ত	বান ভট্ট
শেখ আজিজুর রহমান	শওকত ওসমান
চারুচন্দ্র চক্রবর্তী	জরাসন্ধ
সুনীল গঙ্গোপাধ্যায়	নীললোহিত
অচিন্ত্য কুমার সেনগুপ্ত	নীহারিকা দেবী
রাজশেখর বসু	পরশুরাম

17. উপসর্গ যোগে গঠিত শব্দ কোনটি?

a) পাহারাদার b) বিনদ্র

c) বাড়িওয়ালা d) গোলাপ **ans. B**

Solution: 'বি' হলো তৎসম উপসর্গ। এর ব্যবহার হলোঃ

উপসর্গ	যে অর্থে ব্যবহৃত	উদাহরণ
বি	বিশেষ রূপে	বিজ্ঞান, বিধৃত, বিতণ্ড, বিবস্ত্র, বিতর্ক
	অভাব	বিনিদ্র, বিবর্ণ, বিশৃঙ্খল, বিফল
	গতি	বিচরণ, বিক্ষেপ
	অপ্রকৃতত্ব	বিকার, বিপর্যয়

18. $ydx - xdy$ সমীকরণের সমাধান কত হবে?

a) $x = 0$ b) $y = 0$

c) $x = cy$ d) $xy = 0$ **ans. C**

Solution: অংকটা শুরু করার পূর্বে কিছু তথ্য জানা প্রয়োজনঃ

i) $\int \frac{1}{x} dx = \ln x + c$ এবং *ii)* $\ln x - \ln y = \ln\left(\frac{x}{y}\right)$

দেয়া আছে, $ydx - xdy = 0$

$\Rightarrow ydx = xdy$

$\Rightarrow \frac{ydx}{xy} = \frac{xdy}{xy}$

$\Rightarrow \frac{dx}{x} = \frac{dy}{y}$

$\Rightarrow \int \frac{1}{x} dx = \int \frac{1}{y} dy$

$\Rightarrow \ln x = \ln y + \ln c$

$\Rightarrow \ln x - \ln y = \ln c$

$\Rightarrow \ln\left(\frac{x}{y}\right) = \ln c$

$\Rightarrow \frac{x}{y} = c$

$\therefore x = cy$

19. "PV" রাশিটি গ্যাসের ক্ষেত্রে কি নির্দেশ করে?

a) ক্ষমতা b) ভরবেগ

c) শক্তি d) জড়তা **ans. C**

Solution: "PV" রাশিতে P হলো গ্যাসের চাপ এবং V হলো গ্যাসের আয়তন। এই রাশিটি গ্যাসের ক্ষেত্রে শক্তি নির্দেশ করে।

20. আমাজনের ক্লাউড প্লাটফর্ম কোনটি?

a) Azure b) AWS

c) Cloudera d) উপরের সবগুলো **ans. B**

Recent Publication

Solution: ইন্টারনেটে একের অধিক সার্ভার নিয়ে গঠিত নেটওর্য়াককে ক্লাউড কম্পিউটিং বলে। উল্লেখযোগ্য কিছু ক্লাউড কম্পিউটিং হলোঃ

ক্লাউড প্লাটফর্ম	AWS (Amazon Web Service)	Azure	GAE (Google, App Engine)
মালিকানা	Amazon	Microsoft	Google

21. $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ ম্যাট্রিক্সটির Rank কত?

a) 2 b) 1
c) 0 d) 4 ***ans.* A**

Solution: দেয়া আছে, $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

ধরি, $A = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

$\therefore |A| = 1 - 0 = 1$

এখানে, $|A| \neq 0$

তাই A matrix এর Rank হলো 2

কারণ A matrix টি 2×2 ক্রমের বর্গাকার Matrix.

22. Identify the right option: 'If he ___, she will not go'.

a) will come b) came
c) comes d) may come ***ans.* C**

Solution: বাক্যে If clause টি Present indefinite tense এবং Main clause টি Future indefinite tense এর হলে Conditional বাক্যের নিয়মটি হলোঃ

If + present indefinite + future indefinite অথবা,
Future indefinite + if + present indefinite

বাক্যের অর্থঃ তিনি এলে সে যাবে না।

23. মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য কয়জনকে সর্বোচ্চ সম্মানসূচক খেতাব 'বীরশ্রেষ্ঠ' প্রদান করা হয়?

a) ৯ জন b) ৭ জন
c) ৮ জন d) ১০ জন ***ans.* B**

Solution: স্বাধীনতার পর ১৯৭২ সালের ১৪ ফেব্রুয়ারি মন্ত্রিপরিষদ সভায় বীরত্বসূচক খেতাবের নতুন নামকরণ হয়। সর্বোচ্চ পদমর্যাদার খেতাব হলো বীরশ্রেষ্ঠ। উচ্চ পদমর্যাদার খেতাব হলো বীর উত্তম। প্রশংসনীয় পদমর্যাদার খেতাব হলো বীর বিক্রম। বীরত্বসূচক প্রশংসাপত্রের খেতাব হলো বীর প্রতীক। ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর পূর্বে নির্বাচিত সকল মুক্তিযোদ্ধার নামসহ মোট ৬৭৬ জন মুক্তিযোদ্ধাকে নিম্নোক্ত খেতাব প্রদান করা হয়ঃ বীরশ্রেষ্ঠ ৭ জন। বীর উত্তম -৬৮ জন বীর বিক্রম - ১৭৫ জন বীর প্রতীক - ৪২৬ জন।

বীরশ্রেষ্ঠের নাম	কর্মক্ষেত্র	পদবি
মুন্সী আব্দুর রউফ	রাইফেল্‌স	ল্যান্সনায়েক
মোহাম্মদ মোস্তফা কামাল	সেনাবাহিনী	সিপাহি
মতিউর রহমান	বিমানবাহিনী	ফ্লাইট লেফটেন্যান্ট
নূর মোহাম্মদ শেখ	রাইফেল্‌স	ল্যান্সনায়েক
হামিদুর রহমান	সেনাবাহিনী	সিপাহি
রুহুল আমিন	নৌবাহিনী	ইঞ্জিনরুম আর্টিফিসার
মহিউদ্দিন জাহাঙ্গীর	সেনাবাহিনী	ক্যাপ্টেন

24. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান কোনটি?

a) SO_2 b) CH_4
c) CO_2 d) O_2 ***ans.* B**

Solution: প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদানগুলোর মধ্যে মিথেন (CH_4) (৮০-৯০)%, ইথেন ১৩%, প্রোপেন ৩%। এছাড়া বিউটেন, ইথিলিন ও নাইট্রোজেন কিছু পরিমাণে থাকে। এ উপাদানগুলোর মধ্যে প্রধান হলো মিথেন। বাংলাদেশে প্রাপ্ত প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান মিথেন (৯৫-৯৯)%।

25. 'In black and white' means-

a) in writing
b) verbally
c) black and white colours
d) false ***ans.* A**

Solution: In black and white অর্থ লিখিতভাবে। In writing অর্থ লিখিতভাবে। গুরুত্বপূর্ণ Phrases and Idioms হলোঃ

Phrases and Idioms	Meaning
In deep water	Great difficulties (সমস্যাগ্রস্থ)
In Vain	Fruitless
In Lieu of	Instead of (পরিবর্তে)
In a nutshell	Very briefly (খুব সংক্ষেপে)

26. নিচের কোন মৌলটির আয়নীকরণ শক্তি বেশি?

a) Li b) B
c) C d) Ne ***ans.* D**

Solution: গ্যাসীয় অবস্থায় কোনো মৌলের নিরপেক্ষ পরমাণু থেকে ইলেকট্রন অপসারণ করে ধনাত্বক আয়নে পরিণত করতে যে শক্তির প্রয়োজন হয়, তাকে মৌলটির

আয়নীকরণ শক্তি বলে। নিষ্ক্রিয় গ্যাসসমূহ (Ne, He, Ar, Kr, Xe, Rn) সুস্থিত হওয়ায় এদের আয়নিকরণ শক্তি অধিক হয়।

27. **কৌণিক বেগের মাত্রা-**

a) Li b) T^{-1}

c) LT^{-1} d) মাত্রা নেই ***ans.* B**

Solution: কৌণিক বেগ বলতে সময়ের সাথে বস্তুর কৌণিক স্মরণের হারকে বুঝায়। এটি একটি ভেক্টর রাশি।

কৌণিক বেগের মাত্রা সমীকরণ হলো T^{-1}

কৌণিক ত্বরণের মাত্রা সমীকরণ হলো T^{-2}

কৌণিক ভরবেগের মাত্রা সমীকরণ হলো ML^2T^{-1}

28. **'রাজপথের' ব্যাসবাক্য-**

a) রাজার পথ b) পথের রাজা

c) যেই পথ সেই রাজা d) বিশাল পথ ***ans.* B**

Solution: পূর্বপদে ষষ্ঠী বিভক্তি (ও, এর) লোপ পেয়ে যে সমাস হয় তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে। যেমনঃ পথের রাজা = রাজপথ; ছবির ঘর = ছবিঘর; বিশ্বেও কবি= বিশ্বকবি; ঘোড়ার দৌড় = ঘোড়দৌড় ইত্যাদি।

29. **কোনটি দেশি শব্দ?**

a) গিন্নি b) ডাক্তার খানা

c) হাত d) কুড়ি ***ans.* D**

Solution: বাংলাদেশের আদিম অধিবাসীদের (যেমনঃ কোল, মুন্ডা ইত্যাদি) ভাষা ও সংস্কৃতির কিছু কিছু উপাদান বাংলায় রক্ষিত রয়েছে। এসব শব্দকে দেশি শব্দ নামে অভিহিত করা হয়। অনেক সময় এসব শব্দের মূল নির্ধারণ করা যায় না; কিন্তু কোন ভাষা থেকে এসেছে তার হদিস মেলে। যেমনঃ কুড়ি (বিশ)- কোলভাষা, পেট (উদর)- তামিল ভাষা, চুলা (উনুন)-মুণ্ডারী ভাষা। এরূপঃ কুলা, গঞ্জ, চোঙ্গা, টোপর, ডাব, ডাগর, ঢেঁকি ইত্যাদি আরও বহু দেশি শব্দ বাংলায় ব্যবহৃত হয়।

30. **$K_4[Fe(CN)_6]$ এ কেন্দ্রীয় মৌলটির যোজনী কত?**

a) ২ b) ৩

c) ৪ d) ৬ ***ans.* A**

Solution: $K_4[Fe(CN)_6]$ এখানে, কেন্দ্রীয় মৌলটি Fe বা লৌহ। এখানে K ধনাত্মক আয়ন + 1 এবং CN ধনাত্মক আয়ন – 1 আর Fe ভরমান x ধরি।

আমরা জানি, সকল অণুর জারণ সংখ্যার যোগফল 0 হবে।

প্রশ্নমতে, $K_4[Fe(CN)_6] = 0$

$\Rightarrow (1 \times 4) + x + (-1 \times 6) = 0$

$\Rightarrow 4 + x - 6 = 0$

$\therefore x = 2$

31. **World Wide Web এর প্রতিষ্ঠাতা কাকে বলা হয়?**

a) বিল গেটস b) মার্ক জুকারবার্গ

c) স্টিভ জবস d) টিম বার্নার্স ***ans.* D**

Solution: ১৯৮৯ সালে সুইজারল্যান্ডের CERN এর ব্রিটিশ বিজ্ঞানী টিম বার্নাস লি World Wide Web উদ্ভাবন করেন।

32. **একটি হাতঘড়ির মিনিটের কাটার কৌণিক বেগ কত?**

a) π rads^{-1} b) $\frac{\pi}{60}$ rads^{-1}

c) $\frac{\pi}{1800}$ rads^{-1} d) $\frac{\pi}{3600}$ rads^{-1} ***ans.* C**

Solution: আমরা জানি, কৌণিক বেগ $\omega = \frac{\Delta\theta}{\Delta t}$

এখানে, $\Delta\theta$ = পূর্ণ চক্কর = $360° = 2\pi$

Δt = 1 ঘণ্টা = ৬০ × ৬০ = ৩,৬০০ সেকেন্ড।

$\therefore \omega = \frac{\Delta\theta}{\Delta t} = \frac{2\pi}{3600} = \frac{\pi}{1800}$

33. **ই-মেইল আবিষ্কার করেন-**

a) এ এম পনিয়াটফ b) রে টমলিনসন

c) অটো বোরেডারার d) আর্থর উইয়ান ***ans.* B**

Solution: ১৯৭১ সালে আমেরিকান প্রোগ্রামার রেমন্ড স্যামুয়েল টমলিনসন আরপানেট (ARPANET) সিস্টেম ব্যবহার করে প্রথম ই-মেইল সিস্টেম চালু করেন। তার পরিচয় হলো তিনিই প্রথম ই-মেইলের উদ্ভাবক। এজন্য তিনি @ চিহ্ন ব্যবহার করেন যা এখন পর্যন্ত ই-মেইল অ্যাড্রেসে ব্যবহার হয়ে আসছে।

মোবাইল ফোনের জনক	মার্টিন কুপার
ইন্টারনেটের জনক	ভিন্টন গ্রে কার্ফ
ই-মেইলের জনক	স্যামুয়েল টমলিনসন
মাইক্রোসফটের জনক	বিল গেটস
WWW এর জনক	টিম ব্যার্নাস লি
গুগলের জনক	সার্জেই ব্রিন
সার্চ ইঞ্জিনের জনক	এলান এমটাজ
ডিজিটাল ক্যামেরার জনক	স্টিভেন জে সিসোন
টুইটারের জনক	জ্যাক ডোরসেই
ফেসবুকের জনক	মার্ক জুকারবার্গ
ইউটিউবের জনক	জাওয়েদ করিম, স্টিভ চ্যান ও চাদ হার্লি

Recent Publication

34. পানির সাপেক্ষে কাঁচের প্রতিসরাঙ্ক $\frac{9}{8}$ এবং বায়ুর সাপেক্ষে কাঁচের প্রতিসরাঙ্ক $\frac{3}{2}$ হলে বায়ুর সাপেক্ষে পানির প্রতিসরাঙ্ক কত?

a) $\frac{1}{3}$ b) $\frac{2}{3}$

c) $\frac{3}{4}$ d) $\frac{4}{3}$ **ans. D**

Solution: পানির সাপেক্ষে কাঁচের প্রতিসরাঙ্ক $n_{\frac{g}{w}} = \frac{9}{8}$

বায়ুর সাপেক্ষে কাঁচের প্রতিসরাঙ্ক, $n_{\frac{g}{a}} = \frac{3}{2}$

বায়ুর সাপেক্ষে পানির প্রতিসরাঙ্ক, $n_{\frac{w}{a}} = ?$

প্রশ্নমতে, $n_{\frac{w}{a}} = \frac{n_w}{n_a} = \frac{n_w \times n_g}{n_a \times n_g} = \frac{n_g}{n_a} \times \frac{n_w}{n_g} = \frac{n_g}{n_a} \div \frac{n_g}{n_w}$

$= n_{\frac{w}{a}} \div n_{\frac{g}{w}} = \frac{3}{2} \div \frac{9}{8} = \frac{3}{2} \times \frac{8}{9} = \frac{4}{3}$

35. Piconet কি?

a) Wifi Network
b) Wide Area Network
c) Bluetooth Network
d) 5G Network **ans. C**

Solution: ব্লু-টুথ সিস্টেমের মৌলিক উপাদান হলো পিকোনেট (Piconet)। ব্লু-টুথ প্রযুক্তির মাধ্যমে যে নেটওয়ার্ক গঠন করা সম্ভব হয় তার নাম পিকোনেট। একটি পিকোনেট এর আওতায় সর্বোচ্চ ৮টি যন্ত্রের মধ্যে তথ্য আদান-প্রদান করতে পারে। সাধারণত, মোবাইল ফোন, ল্যাপটপ, ডিজিটাল ক্যামেরা ইত্যাদি ডিভাইস সমূহের মধ্যে তথ্য আদান-প্রদানে এটি বর্তমানে বহুল ব্যবহৃত।

36. নিচের কোনটি অ্যারোম্যাটিক যৌগ নয়?

a) b) 

c) d)

ans. C

Solution: যেসব জৈব যৌগের অণুতে এক বা একাধিক বেনজিন চক্র বা বলয় বিদ্যমান, তাদের অ্যারোম্যাটিক যৌগ বলে। যেমনঃ ফেনল, ন্যাপথালিন ইত্যাদি।

37. $x^2 + xy + y^2 = 0$ বক্ররেখার (2, – 2) বিন্দুতে স্পর্শকের ঢাল কত?

a) 4 b) 7

c) 1 d) 6 **ans. C**

Solution: দেয়া আছে, $x^2 + xy + y^2 = 0$

$\Rightarrow \frac{d}{dx}(x^2 + xy + y^2) = \frac{d}{dx}(0)$

$\Rightarrow \frac{d}{dx}(x^2) + \frac{d}{dx}(xy) + \frac{d}{dx}(y^2) = 0$

$\Rightarrow 2x + x\frac{dy}{dx} + y\frac{dx}{dx} + 2y\frac{dy}{dx} = 0$

$\Rightarrow 2x + x\frac{dy}{dx} + y + 2y\frac{dy}{dx} = 0$

$\Rightarrow x\frac{dy}{dx} + 2y\frac{dy}{dx} = -2x - y$

$\Rightarrow (x + 2y)\frac{dy}{dx} = -(2x + y)$

$\Rightarrow \frac{dy}{dx} = \frac{-(2x + y)}{(x + 2y)}$ ..... (*i*)

জানার জন্যঃ $\frac{d}{dx}xy = x\frac{d}{dx}y + y\frac{d}{dx}(x)$

এখন, (*i*) নং এ (2, – 2) বিন্দু বসিয়ে পাই,

$\frac{dy}{dx} = \frac{-\{(2 \times 2) + (-2)\}}{2 + 2(-2)}$

$\Rightarrow \frac{dy}{dx} = \frac{-(4 - 2)}{2 - 4} = \frac{-2}{-2} = 1$

অর্থাৎ নির্ণেয় স্পর্শকের ঢাল = 1

38. 'দ্যুলোক' কোন শব্দের প্রতিশব্দ?

a) মেঘ b) সমুদ্র

c) আকাশ d) বাতাস **ans. C**

Solution: 'দ্যুলোক' শব্দের অন্যান্য সমার্থক শব্দ হলোঃ আকাশ, অম্বর, গগণ, আসমান, অন্তরীক্ষ, ব্যোম, শূন্যলোক, ছায়ালোক, নভোমণ্ডল প্রভৃতি। উল্লেখ্য,

মেঘ	অভ্র, জলদ, জলধর, বারিদ, নীরদ, বলাহক, কাদম্বিনী ইত্যাদি
সমুদ্র	সাগর, অর্ণব, জলধি, জলনিধি, পয়োধি, পাথার, পারাবার, বারিধি, নদীকান্ত, দরিয়া ইত্যাদি।
বাতাস	বায়ু, অনিল, বাত, পবন, সমীর, মরণত, মরুৎ, জগৎপ্রাণ, হাওয়া ইত্যাদি।

39. কোন রশ্মির ভেদন/অনুপ্রবেশ ক্ষমতা সবচেয়ে বেশি?

a) α - রশ্মি b) β - রশ্মি

c) γ - রশ্মি d) কোনোটিই নয় **ans. C**

Solution: γ - রশ্মির ভেদন/অনুপ্রবেশ ক্ষমতা সবচেয়ে বেশি। উল্লেখ্য α, β, γ, X রশ্মির তুলনামূলক পর্যালোচনাঃ

ধর্ম	α রশ্মি	β রশ্মি	γ-রশ্মি	X রশ্মি
বৈশিষ্ট্য	হিলিয়ামের নিউক্লিয়াস	দ্রুতগতির ইলেকট্রন	তড়িতচৌম্বক তরঙ্গ	তড়িতচৌম্বক তরঙ্গ
ভর	$6.5 \times 10^{-27} kg$	$9.1 \times 10^{-31} kg$	ভরহীন	ভরহীন
আধানের প্রকৃতি	Positive চার্জ	Negitive চার্জ	চার্জহীন	নিরপেক্ষ
আধানের পরিমাণ	$3.2 \times 10^{-19} C$	$1.6 \times 10^{-19} C$	চার্জহীন	চার্জহীন

Recent Publication

40. $\sin A = \frac{12}{13}$ হলে, sec A এর মান কত?

a) $\frac{5}{13}$ b) $\frac{13}{5}$

c) $\frac{13}{12}$ d) $\frac{3}{7}$ **ans. B**

Solution: দেয়া আছে, $\sin A = \frac{12}{13}$

আমরা জানি, $\sec A = \frac{1}{\cos A} = \frac{1}{\sqrt{1 - \sin^2 A}}$

$= \frac{1}{\sqrt{1 - \left(\frac{12}{13}\right)^2}} = \frac{1}{\sqrt{1 - \frac{144}{169}}} = \frac{1}{\sqrt{\frac{169 - 144}{169}}}$

$= \frac{1}{\sqrt{\frac{25}{169}}} = \frac{1}{\frac{5}{13}} = 1 \times \frac{13}{5} = \frac{13}{5}$

41. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কোন পত্রিকা সম্পাদনা করেন?

a) সবুজপত্র b) বঙ্গদর্শন

c) ভারতী d) তত্ত্ববোধিনী **ans. B**

Solution: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সম্পাদনায় ১৮৭২ খ্রিষ্টাব্দে মাসিক 'বঙ্গদর্শন' প্রকাশিত হয়। এই পত্রিকার মাধ্যমে বঙ্কিমচন্দ্র একটি শক্তিশালী লেখকগোষ্ঠী গড়ে তোলেন। বঙ্কিমচন্দ্রের মৃত্যুর পর রবীন্দ্রনাথ ঠাকুর 'বঙ্গদর্শন' সম্পাদনা করেন। উল্লেখ্য,

সংবাদ পত্র	প্রকাশকাল	সম্পাদক
বেঙ্গল গেজেট	১৭৮০	*জেমস অগাস্টাস হিকি*
দিগদর্শন	১৮১৮	জন ক্লার্ক মার্শম্যান
সমাচার দর্পণ	১৮১৮	জন ক্লার্ক মার্শম্যান
বাঙ্গালা গেজেট	১৮১৮	গঙ্গাকিশোর ভট্টাচার্য
সমাচার চন্দ্রিকা	১৮২২	ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়
বঙ্গদূত	১৮২৯	নীলমণি হালদার
সমাচার সভারাজেন্দ্র	১৮৩১	শেখ আলিমুল্লাহ
সংবাদ প্রভাকর	১৮৩১	ঈশ্বরচন্দ্র গুপ্ত
তত্ত্ববোধিনী পত্রিকা	১৮৪৩	অক্ষয়কুমার দত্ত
রংপুর বার্তাবহ	১৮৪৭	গুরুচরণ রায়
বিবিধার্থ সংগ্রহ	১৮৫১	রাজেন্দ্রলাল মিত্র
ঢাকা প্রকাশ	১৮৬১	কৃষ্ণচন্দ্র মজুমদার
গ্রাম বার্তা প্রকাশিকা	১৮৬৩	কাঙাল হরিনাথ
ভারতী	১৮৭৭	দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
জ্ঞানান্বেষণ	১৮৩১	দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়
সুধাকর	১৮৮৯	শেখ আবদুর রহিম
সাহিত্য	১৮৯০	সুরেশচন্দ্র সমাজপতি
মিহির	১৮৯২	শেখ আব্দুর রহিম

42. আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?

a) টোকিও b) বাংলাদেশ

c) ম্যানিলা d) ভারত **ans. C**

Solution: 'আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট' এর সদরদপ্তর ফিলিপাইন এর ম্যানিলাতে অবস্থিত। উল্লেখ্য, IRRI এর পূর্ণরূপ হলো International Rice Research Institute. ধানের জাত, উন্নয়ন, নতুন ধান উৎপাদন, এলাকা অনুযায়ী ধানের জাত তৈরি ইত্যাদি গবেষণার কাজে নিয়োজিত। আর 'বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট' অবস্থিত জয়দেবপুর, গাজীপুরে।

43. জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন দেশের নাগরিক?

a) দক্ষিণ কোরিয়া b) পর্তুগাল

c) সেনেগাল d) চীন **ans. B**

Solution: আপডেট তথ্য পরিবর্তনশীল প্রশ্ন পার্টে দেখুন।

44. কোনটি লব্ধ (Derived) রশ্মি?

a) তাপমাত্রা b) ভর

c) সময় d) বেগ **ans. D**

Solution: যে সকল রাশি মৌলিক রাশির উপর নির্ভর করে বা মৌলিক রাশি থেকে লাভ করা যায় তাকে লব্ধ রাশি বলে। যেমনঃ বেগ, ত্বরণ, কাজ, বিভব ইত্যাদি।

45. 'তামার বিষ' বাগধারার অর্থ কি?

a) কঠিন বিপদ b) অর্থের কুপ্রভাব

c) অন্তর জ্বালা d) চিরশত্রু **ans. B**

Solution: তামার বিষ (অর্থের কু প্রভাব)ঃ হঠাৎ বড় লোক কি না, তাই তামার বিষে বিবেকহীন হয়ে পড়েছ। আর,

অকূল পাথার = ভীষণ বিপদ	শরতের শিশির = ক্ষণস্থায়ী
আদায় কাঁচকলায় = শত্রুতা	আটকপালে = হতভাগ্য
ঘুঘু চড়ানো = সর্বনাশ করা	কেউ কেটা = সামান্য
এক চোরা ৯ গঙ্গাপাত দুষ্ট	কাক জুষ্যতি = সম্পূর্ণ ভেজা

46. যখন $\tan\theta = -\sqrt{3}$ এবং $270° < \theta < 360°$, তখন θ এর মান নিচের কোনটি?

a) 280° b) 300°

c) 350° d) 320° **ans. B**

Solution: দেয়া আছে, $\tan\theta = -\sqrt{3}$

$\Rightarrow \tan\theta = -\tan\frac{\pi}{3}$

$\Rightarrow \tan\theta = \tan\left(2\pi - \frac{\pi}{3}\right)$

$\Rightarrow \tan\theta = \tan\left(\frac{6\pi - \pi}{3}\right)$

$\Rightarrow \tan\theta = \tan\frac{5\pi}{3}$

$\therefore \theta = \frac{5\pi}{3} = \frac{5 \times 180}{3} = 300°$

Alternative: দেয়া আছে, $\tan\theta = -\sqrt{3}$

$\Rightarrow \tan\theta = -\tan 60$

$\Rightarrow \tan\theta = \tan(360 - 60)$

$\therefore \theta = 300°$

47. Which spelling is correct?

a) Commission b) Comision
c) Comission d) Commision **ans. A**

Solution: Commission অর্থ অন্যকে ক্ষমতা অর্পণ কতিপয় গুরুত্বপূর্ণ Correct spelling হলো: Committee, Courteous, Cigarette, Colonel, Catastrophe, Colleague, Calendar, Corruption ইত্যাদি।

48. $\sqrt[4]{81}$ এর নিচের কোনটি?

a) 2 b) 3
c) 9 d) 27 **ans. B**

Solution: দেয়া আছে, $\sqrt[4]{81} = \sqrt[4]{(3)^4} = 3$

49. $y = e^{ax}$ হলে, $y_4 =$ কত?

a) ae^{ax} b) a^2e^{ax}
c) a^4e^{ax} d) $4e^{ax}$ **ans. C**

Solution: দেয়া আছে, $y = e^{ax}$

$\Rightarrow \frac{dy}{dx} = \frac{d}{dx}e^{ax}$

$\Rightarrow y_1 = ae^{ax}$

$\Rightarrow \frac{dy_1}{dx} = a\frac{d}{dx}e^{ax}$

$\Rightarrow y_2 = a \times ae^{ax}$

$\Rightarrow y_2 = a^2 \times e^{ax}$

জানার জন্যঃ $\frac{d}{dx}(x^n) = nx^{n-1}$

$\Rightarrow \frac{dy_2}{dx} = a^2\frac{d}{dx}e^{ax}$

$\Rightarrow y_3 = a^2 \times ae^{ax}$

$\Rightarrow y_3 = a^3 \times e^{ax}$

$\Rightarrow \frac{dy_3}{dx} = a^3\frac{d}{dx}e^{ax}$

$\Rightarrow y_4 = a^3 \times ae^{ax}$

$\therefore y_4 = a^4e^{ax}$

50. ইউরোপীয় ইউনিয়নের সদস্য সংখ্যা কত?

a) ২৫ b) ২৬
c) ২৭ d) ২৮ **ans. C**

Solution: আপডেট তথ্য পরিবর্তনশীল প্রশ্ন পার্টে দেখুন।

51. What kind of noun is 'army'?

a) Proper b) Common
c) Collective d) Material **ans. C**

Solution: Collective noun এর কিছু উদাহরণঃ Flock, band, cavalry, herd, jury, crowd, gang, team, party infantry, fleet, navy, audience, committee, group ইত্যাদি।

52. 'চর্যাপদে' সবচেয়ে বেশি সংখ্যক পদ রয়েছে কোন কবির?

a) লুইপা b) কাহ্নপা
c) ভুসুকুপা d) কুক্কুরীপা **ans. B**

Solution: চর্যাপদে সর্বাপেক্ষা বেশি পদ রচনা করেন কাহ্নপা। তিনি ১৩টি পদ রচনা করেন এর মধ্যে ১২টি পদ পাওয়া গেছে। ১টি পদ পাওয়া যায়নি।

শবরপা ২৮ ও ৫০নং এই দুটি পদ রচনা করেন। ড. মুহাম্মদ শহীদুল্লাহর মতে, শবরপা সবচেয়ে প্রাচীন কবি। তিনি লুইপার গুরু ছিলেন।

চর্যাপদের প্রথম পদটি লুইপার রচনা। চর্যাপদে তিনি মোট ২টি পদ রচনা করেন।

53. তীব্র এসিড ও মৃদু ক্ষারক টাইট্রেশনে নিম্নের কোনটি ব্যবহার করা হয়?

a) মিথাইল অরেঞ্জ b) ফেনলফথেলিন
c) লিটমাস d) কোনোটিই নয় **ans. A**

Solution: মিথাইল অরেঞ্জ একটি অ্যাসিড-বেস নির্দেশক যা এসিডিক মাধ্যমে লাল এবং ক্ষারীয় মাধ্যমে হলুদ রঙ ধারণ করে। তীব্র এসিড ও মৃদু ক্ষারকের টাইট্রেশনে, শেষ বিন্দুটি (Equivalence point) এসিডিক পরিসরে থাকে, যেখানে মিথাইল অরেঞ্জ সঠিক রঙ পরিবর্তন ঘটায়।

54. Select the correct sentence:

a) The child has been born yesterday
b) The child had been born yesterday
c) The child took birth yesterday
d) The child was born yesterday **ans. D**

Solution: কোনো Sentence এ Yesterday, ago, before, long ago, last night, previous day ইত্যাদি থাকলে, Past indefinite tense হয়। যেমনঃ The child was born yesterday.

বাক্যের অর্থঃ বাচ্চাটি গতকাল জন্মগ্রহণ করেছিল।

55. Al_2O_3 একটি-

a) দ্বি - অম্লীয় ক্ষারক b) ত্রি - অম্লীয় ক্ষারক
c) ছয় - অম্লীয় ক্ষারক d) দ্বি ক্ষারকীয় অম্ল **ans. D**

Solution: Al_2O_3 বা এলুমিনিয়া (Aluminum Oxide) একটি দ্বি-ক্ষারকীয় অম্ল (Amphoteric oxide)। এর মানে হল যে এটি কখনও কখনও অম্লের মতো আচরণ করে এবং কখনও ক্ষারকের মতো আচরণ করে।

56. The number of students seeking admission ___.

a) has increased b) have been increased
c) have increased d) are increased **ans. A**

Solution: সাধারণত A number of (= some, several, many) এর পর Plural noun এবং Plural verb বসে। কিন্তু, The number of এর পর Plural noun এবং সাধারণত Singular verb বসে।
উল্লেখ্য, A ___ number of এর ক্ষেত্রে Number এর আগে 'fantastic/ good/ great/ growing/ large/ limited/ negligible/ record/ significant/ sizable/ small/ surprising' এমন কোনো একটি Adjective বসতে পারে।
বাক্যের অর্থঃ ভর্তির জন্য আগ্রহী শিক্ষার্থীদের সংখ্যা বাড়ছে।

57. 'He came late.' Here 'late' is a/an-

a) adjective b) adverb
c) verb d) noun **ans. B**

Solution: Late শব্দটি Come কে বিশেষায়িত করেছে। আর Come এখানে verb এবং Verb কে বিশেষায়িত করার ক্ষমতা রয়েছে Adverb এর।

58. BIMSTEC এর বর্তমান চেয়ারম্যান কে?

a) শাহবাজ শরীফ b) ড. মুহাম্মদ ইউনুস
c) নরেন্দ্র মোদি d) পি. কর্মা অলি **ans. B**

Solution: আপডেট তথ্য পরিবর্তনশীল প্রশ্ন পার্টে দেখুন।

59. Happiness consists ____ contentment.

a) in b) of
c) with d) for **ans. A**

Solution: Consists in অর্থ কোনো কিছুর মধ্যে নিহিত থাকা। Consists of অর্থ গঠিত হওয়া।
বাক্যের অর্থঃ সন্তুষ্টির মধ্যেই সুখ নিহিত থাকে।

60. $xyz = 240$ হলে, y এর মান কোনটি হতে পারে না?

a) 3 b) 0
c) 5 d) 10 **ans. B**

Solution: $y = 0$ হতে পারে না, কারণ 0 হলে সেক্ষেত্রে গুণফল হবে 0.

61. Identify the correct article: 'Ihana plays ____ violin.'

a) a b) the
c) no article needed d) an **ans. B**

Solution: কারো দ্বারা বাদ্যযন্ত্র বাজানো বুঝাতে বাদ্যযন্ত্রের নামের পূর্বে 'the' বসে। যেমনঃ Ihana plays the violin.
বাক্যের অর্থঃ ইহানা ভায়োলিন বাজায়।

62. একটি সরল দোলকের সুতার দৈর্ঘ্য 4 গুণ বাড়ালে দোলনকালের কি হবে?

a) 4 গুণ বাড়বে b) 2 গুণ বাড়বে
c) 4 গুণ কমবে d) পরিবর্তন হবে না **ans. B**

Solution: একটি সরল দোলকের দেলানকাল (T) সুতরাং দৈর্ঘ্য (L) এর বর্গমূলের সাথ সম্পর্কিত। দোলনকাল সম্পর্কিত সূত্রটি হলোঃ $T = 2\pi\sqrt{\frac{L}{g}}$
এখানে, T = দোলনকাল; L = সুতার দৈর্ঘ্য এবং g = মধ্যাকর্ষণ শক্তি।
যেহেতু T এর সাথে L এর বর্গমূলের সম্পর্ক রয়েছে, তাই দৈর্ঘ্য 4 গুণ বাড়ালে দোলনকাল $\sqrt{4} = 2$ গুণ বেড়ে যাবে।

63. The idiom 'an apple of discord' means-

a) a sweet apple
b) a bitter apple
c) an object of quarrel
d) an unexpected gift **ans. C**

Solution: An apple of discord (বিবাদের মূল)ঃ The paternal property has become an apple of discord between the two brothers.

64. Choose the correct passive form: 'We called him a fool.'

a) He had been called a fool by us.
b) He was called a fool by us.
c) He is called a fool by us.
d) A fool was called him by us **ans. B**

Solution: Call, choose, elect, make, name, select, nominated ইত্যাদি Factitive verb গুলোর Passive voice করার নিয়ম হলোঃ Object + was + factitive verb এর Past participle + factitive object + by + subject. যেমনঃ Active: We made him captain. Passive: He was made king by us.
বাক্যের অর্থঃ আমরা তাকে একজন বোকা হিসেবে ডাকি।

Recent Publication

65. Choose the right option: 'He is ____ honest man.'

a) a b) an

c) the d) none ***ans.* B**

Solution: যদি শব্দের প্রথম অক্ষর 'h' থাকে এবং তা যদি উচ্চারিত হয় তবে তার পূর্বে 'a' বসে এবং 'h' উচ্চারিত না হলে তার পূর্বে 'an' বসে। যেমনঃ A horse, a historian, an honest man, an hour.
বাক্যের অর্থঃ তিনি একজন সৎ মানুষ।

66. 'চাকা' নাটকের রচয়িতা কে?

a) সেলিম আল দীন

b) আলাউদ্দিন আল আজাদ

c) মমতাজ উদ্দীন আহমদ

d) মামুনুর রশীদ ***ans.* A**

Solution: 'চাকা' ছাড়া সেলিম আল দীনের কিছু নাটক হলোঃ কেরামত মঙ্গল, কীর্তন খোলা, মুনতাসির ফ্যান্টাসি, জন্ডিস ও বিবিধ বেলুন ইত্যাদি। সেলিম আল দীন তাঁর নাটকে নিজের গবেষণা ও উদ্ভাবনী শক্তি দিয়ে বাংলার লোকজ উপাদানকে ব্যবহার করে বাংলাদেশের নাট্যমঞ্চের পুরোনো ধ্যান-ধারণাকে ভেঙে দিয়েছেন। তাঁর শিল্পচিন্তার নাম ছিল 'কথানাট্য'। প্রতিটি নাটকে কবিতা, গান, গল্প ও নাট্যের সমন্বয় ঘটিয়েছেন সেলিম আল দীন। তিনি লোকজ উপাদানের সঙ্গে মিথ বা পুরাণকেও অসাধারণভাবে ব্যবহার করেছেন।

67. বাংলাদেশের রাষ্ট্রপতি শাসিত সরকারের পরিবর্তে সংসদীয় শাসন ব্যবস্থা চালু হয় সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে?

a) ১০ b) ১১

c) ১২ d) ১৩ ***ans.* C**

Solution: প্রধানমন্ত্রী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সরকার প্রধান। ১৯৯১ সালের আগস্ট মাসে জাতীয় সংসদ অধিবেশনে সংবিধানের দ্বাদশ সংশোধনী পাশের মাধ্যমে বাংলাদেশে মন্ত্রিপরিষদ শাসিত সরকার পদ্ধতি চালু হয়। এর ফলে প্রধানমন্ত্রী সরকার প্রধান হিসেবে রাষ্ট্রের নির্বাহী ক্ষমতার অধিকারী হন। উপর্যুক্ত সংশোধনীর পূর্বে ১৯৭২-১৯৭৫ সালে মন্ত্রিপরিষদ শাসিত সরকার এবং ১৯৭৫-১৯৯১ সালে দেশে রাষ্ট্রপতি শাসিত সরকার পদ্ধতি চালু ছিল। সংবিধানের ৫৫ ও ৫৬ নং ধারা মতে মন্ত্রিপরিষদের শীর্ষে থাকবেন প্রধানমন্ত্রী এবং তিনি তাঁর মন্ত্রিসভার অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের নির্বাচন করবেন। মন্ত্রিপরিষদ যৌথভাবে সংসদের নিকট দায়ী থাকবেন।

68. কোন বানান শুদ্ধ?

a) দন্দ b) দ্বন্দ্ব

c) দ্বন্দ d) দন্দ্ব ***ans.* B**

Solution: কিছু শুদ্ধ বানান

অধীন	অধ্যগতি	আদ্যক্ষর	অদ্যাপি
অভিশাপ	অধ্যয়ন	আভিধানিক	আকাঙ্ক্ষা
মুমূর্ষু	আয়ত্ত	নিশীথিনী	দারিদ্র্য
পিপীলিকা	মনোহারিণী	মুহূর্ত	দ্বন্দ্ব

69. 'সদা সত্য কথা বলবে' -এটি কোন ধরণের বাক্য?

a) বিবৃতিমূলক b) প্রশ্নসূচক

c) অনুজ্ঞাসূচক d) প্রার্থনাসূচক ***ans.* C**

Solution: আদেশ, নিশেধ, উপদেশ, অনুরোধ, আশীর্বাদ ইত্যাদি সুচিত হলে ক্রিয়াপদের অনুজ্ঞা হয়।

আদেশ	সদা সত্য বলবে।
সম্ভবনায়	চেষ্টা কর, সবই বুঝতে পারবে।
বিধান অর্থে	রোগ হলে ওষুধ খাবে।
অনুরোধ	কাল একবার এসো।

70. ০.২ এর ১৫% কত?

a) ০.৩ b) ০.০৩

c) ০.০০৩ d) ০.০০০৩ ***ans.* B**

Solution: $০.২ \times \frac{১৫}{১০০} = ০.০৩$

71. জসীমউদ্‌দীন রচিত গাথাকাব্য কোনটি?

a) চলে মুসাফির b) সোজন বাদিয়ার ঘাট

c) ডালিম কুমার d) হাসু ***ans.* B**

Solution: জসীমউদ্‌দীন বিখ্যাত গাথাকাব্যগুলো হলোঃ নকশী কাঁথার মাঠ (১৯২৯), সোজন বাদিয়ার ঘাট (১৯৩৮), মা যে জননী কান্দে (১৯৬৩) ইত্যাদি।

72. Choose the correct option: 'Telling lies ___ a great sin.'

a) is b) are

c) were d) have been ***ans.* A**

Solution: Gerund, infinitive, clause যদি Subject হয় তবে Third person singular subject অনুযায়ী Verb হিসেবে নিতে হয়। তবে Gerund এর Subject plural হলেও Singular verb নিতে হবে।
বাক্যের অর্থঃ মিথ্যা বলা মহাপাপ।

73. প্রযুক্ত বল ও সরণের মধ্যবর্তী কোণ কত হলে কাজের মান শূন্য হবে?

a) 90° b) 180°

c) 360° d) 0° ***ans.* A**

Recent Publication

Solution: কাজের সূত্র হলোঃ $W = F.s.\cos(\theta)$

এখানে, W = কাজের মান; F = বল; s= সরণ; θ = বল ও সরণের মধ্যে কোণ।

কাজ শূন্য হওয়ার জন্য, $\cos(\theta) = 0$ হতে হবে।

$\cos(\theta) = 0$ যখন $\theta = 90°$

74. কোনো একটি এপ্লিকেশন প্রোগ্রাম থেকে কপি করা ডাটা কোথায় থাকে?

a) RAM b) Clipboard

c) Terminal d) Hard Disk ***ans.* B**

Solution: কোনো অবজেক্টের (Text/Drawing/Picture ইত্যাদি) নকল বা প্রতিকৃতি যথাস্থানে রেখে অন্য স্থানে আরও একটি অবজেক্ট তৈরিই হচ্ছে Copy (কপি)। প্রোগ্রাম থেকে Copy করা ডাটা Clipboard এ থাকে।

75. বাংলাদেশ সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জন করে কোন দেশ থেকে?

a) জাপান b) ফ্রান্স

c) যুক্তরাষ্ট্র d) চীন ***ans.* C**

Solution: আপডেট তথ্য পরিবর্তনশীল প্রশ্ন পার্টে দেখুন।

76. নিচের কোনটি 'নন্দিত' শব্দের বিপরীত শব্দ?

a) অনিন্দ্য b) বন্দিত

c) নিন্দিত d) নির্থিত ***ans.* C**

Solution: বিপরীত শব্দের উদাহরণ হলো 'নন্দিত-নিন্দিত'। আর 'নন্দিত' অর্থ আনন্দিত; সন্তোষপ্রাপ্ত। অন্যদিকে 'নিন্দিত' অর্থ নিন্দা করা হয়েছে এমন।

77. **Identify the appropriate preposition: 'It has been raining ____ three days'.**

a) from b) since

c) for d) on ***ans.* C**

Solution: Period of time বা ব্যাপক সময় বুঝালে 'for' বসে। যেমনঃ He has been live here 'for' ten years. আর Point of time বা নির্দিষ্ট সময় বুঝালে 'since' বসে। যেমনঃ It has been raining 'since' morning.

বাক্যের অর্থঃ তিন দিন ধরে বৃষ্টি হচ্ছে।

78. কোনটি হাইড্রোকার্বন?

a) CH_3OH b) CH_3CHO

c) $CH_2{=}CH_2$ d)

***ans.* C**

Solution: হাইড্রোজেন এবং কার্বন দ্বারা গঠিত দ্বিমৌল যৌগগুলোকে হাইড্রোকার্বন বলে।

CH_3OH হলো মিথানল। CH_3CHO হলো ইথানাল।

79. তারবিহীন দ্রুতগতির ইন্টারনেট সংযোগের জন্য কোনটি উপযোগী?

a) ওয়াইম্যাক্স b) সি-মস

c) ব্লু-টুথ d) ব্রডব্যান্ড ***ans.* A**

Solution: যোগাযোগ প্রযুক্তি যা বিস্তৃত অঞ্চলে দ্রুতগতির তারবিহীন ইন্টারনেট সেবা প্রদান করে। WiMax এর পূর্ণরূপ হলো Worldwide Interoperability for Microwave Access. WiMax প্রযুক্তিগতভাবে IEEE 802.16 নামে পরিচিত।

80. **Cr(24) এর ক্ষেত্রে নিচের কোন ইলেকট্রন বিন্যাসটি সঠিক?**

a) $1s^2\,2s^2\,2p^6\,3s^2\,3p^6\,3d^4\,4s^2$

b) $1s^2\,2s^2\,2p^6\,3s^2\,3p^6\,3d^6$

c) $1s^2\,2s^2\,2p^6\,3s^2\,3p^6\,3d^5\,4s^1$

d) কোনোটিই নয় ***ans.* C**

Solution: ক্রোমিয়াম (Cr পারমাণবিক সংখ্যা 24) এর ইলেকট্রন বিন্যাস নিম্নরূপঃ

প্রথম উপায় (প্রত্যাশিত)ঃ $1s^2\,2s^2\,2p^6\,3s^6\,4s^2\,3d^4$

আসল (স্থিতিশীল) ইলেকট্রন বিন্যাসঃ $1s^2\,2s^2\,2p^6\,3s^6\,4s^1\,3d^5$

ব্যাখ্যাঃ ক্রোমিয়াম একটি ব্যতিক্রমধর্মী ইলেকট্রন বিন্যাস প্রদর্শন করে। সাধারণ নিয়ম অনুযায়ী, ইলেকট্রনগুলো প্রথমে $4s$ অরবিটাল পূর্ণ করবে ($4s^2$), তারপর $3d$ অরবিটালে প্রবেশ করবে। কিন্তু, Cr এর ক্ষেত্রেঃ

* $4s$ অরবিটাল থেকে 1টি ইলেকট্রন $3d$ অরবিটালে চলে যায়, ফলে $4s^1$ কনফিগারেশন হয়।
* এর কারণ অর্ধ-পূর্ণ d অরবিটাল ($3d^5$) এর স্থিতিশীলতা। এই ব্যবস্থায় শক্তি কমে যায় এবং পরমাণু বেশি স্থিতিশীল হয়।

অতিরিক্ত তথ্যঃ

* Cu (তামা, 29নং মৌল) ও একই রকম ব্যতিক্রম দেখায়ঃ $4s^1\,3d^{10}$
* এর ব্যতিক্রমগুলি হুন্ডের নিয়ম এবং ইলেকট্রনিক স্থিতিশীলতা দ্বারা ব্যাখ্যা করা হয়।

∴ Cr এর সঠিক ইলেকট্রন বিন্যাস হলোঃ $1s^2\,2s^2\,2p^6\,3s^6\,3p^6\,4s^1\,3d^5$

81. বাংলা স্বরধ্বনি কয়টি?

a) ৫ b) ৭

c) ১০ d) ১১ ***ans.* D**

Solution: বাংলা বর্ণমালায় স্বরবর্ণ মোট ১১টি। এগুলো হলোঃ এ, ঐ, ও, ঔ (মাত্রাহীন বর্ণ ৪টি), ঋ (অর্ধমাত্রার বর্ণ), অ, আ, ই, ঈ, উ, ঊ (পূর্ণমাত্রার বর্ণ ৬টি)। উল্লেখ্য, মৌলিক স্বরধ্বনি মোট ৭টি ও দ্বি-স্বরধ্বনি বা যৌগিক স্বরধ্বনি ২৫টি।

82. প্রমাণ অবস্থায় ২ গ্রাম H_2 গ্যাসের আয়তন কত?

a) ২২.৪ লিটার b) ১১.২ লিটার

c) ৪৪.৮ লিটার d) কোনোটিই নয় ***ans.* A**

Recent Publication

Solution: প্রমাণ অবস্থায়, গ্যাসের আয়তন নির্ধারণের জন্য গ্যাসের আয়তন সূত্র ব্যবহার করা হয়ঃ 1 মোল গ্যাসের = 22.4 লিটার (প্রমাণ অবস্থায়)
এখানে, H_2 গ্যাসের মোলের ভর 2g/mol.
তাহলে 2 গ্রাম H_2 গ্যাসের জন্য মোলের সংখ্যা হবেঃ
মোলের সংখ্যা $= \frac{২ \text{ গ্রাম}}{২ \text{ গ্রাম/মোল}} = ১$ মোল
এখানে, 1 মোল H_2 গ্যাসের আয়তন প্রমাণ অবস্থায় 22.4 লিটার হবে।

83. $x^2 + px + 8 = 0$ এর একটি মূল 4 হলে অপর মূলটি কত?
a) 6 b) 4
c) 3 d) 2 **ans. D**

Solution: দেয়া আছে, $x^2 + px + 8 = 0$
ধরি, সমীকরণের অপর মূলটি হলো α
$\therefore 4 + \alpha = -p$
এবং $4\alpha = 8$
$\therefore \alpha = \frac{8}{4} = 2$

84. What is the synonym of "Benevolent."
a) Cruel b) Kind
c) Selfish d) Arrogant **ans. B**

Solution: Benevolent অর্থ দয়ালু; সদাশয়। Kind অর্থ দয়ালু। Cruel অর্থ নিষ্ঠুর। Arrogant – উদ্ধত। Selfish অর্থ স্বার্থপর।

85. 'Right the wrong.' In this sentence 'right is a/an?
a) noun b) adjective
c) verb d) adverb **ans. C**

Solution: নির্ভুল করা; ঠিক জায়গায় রাখা; সঠিক পথে আনা অর্থে Right হলো verb.
বাক্যের অর্থঃ ভুলকে শুদ্ধ করো।

86. বাংলাদেশে প্রথম মোবাইল ব্যাংকিং শুরু করে-
a) ব্র্যাক ব্যাংক b) ডাচ বাংলা ব্যাংক
c) সোনালী ব্যাংক d) এবি ব্যাংক **ans. B**

Solution: ডাচ বাংলা ব্যাংক ৩১ মার্চ ২০১১ সালে বাংলাদেশে সর্বপ্রথম মোবাইল ব্যাংকিং ব্যবস্থা চালু করে। উল্লেখ্য, DBBL ব্যাংকের মোবাইল ব্যাংকিং সেবা হলো Rocket. Brac ব্যাংকের মোবাইল ব্যাংকিং সেবা হলো Bkash. UCBL ব্যাংকের মোবাইল ব্যাংকিং সেবা হলো Ucash.

87. N_2O_3 যৌগে N এর সুপ্ত যোজনী কত?
a) ২ b) ৩
c) ৪ d) ৫ **ans. A**

Solution: কোন মৌলের সর্বোচ্চ যোজনী ও সক্রিয় যোজনীর মধ্যে পার্থক্যকে ঐ মৌলের সুপ্ত যোজনী বলে।
নাইট্রোজেনর যোজনী হলো ৫, ৩
N_2O_3 যৌগে নাইট্রোজেনের সক্রিয় যোজনী হলো ৩
$\therefore N_2O_3$ যৌগে নাইট্রোজেনের সুপ্ত যোজনী = ৫ - ৩ = ২

88. জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় কোন সালে?
a) ১৯৪৮ b) ১৯৪৫
c) ১৯৪১ d) ১৯৪৯ **ans. B**

Solution: জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় ২৪ অক্টোবর, ১৯৪৫ সালে। ৫১টি রাষ্ট্র জাতিসংঘ বা রাষ্ট্রসংঘ সনদ স্বাক্ষর করার মাধ্যমে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়। জাতিসংঘের নামকরণ করেন মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট ১ জানুয়ারি, ১৯৪২ সালে। প্রতি বছর ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস পালিত হয়।

89. 3 + 6 + 9 + 12 + 15 ধারাটির 21 তম পদ নিচের কোনটি?
a) 22 b) 42
c) 63 d) 84 **ans. C**

Solution: আমরা জানি, n তম পদ $= a + (n-1)d$
$= 3 + (21 - 1)3$
$= 3 + (20 \times 3)$
$= 3 + 60$
$= 63$

যেখানে, $a = 3$; $d = 3$
এবং n তম পদ $= 21$

90. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে?
a) অহমিয়া b) হিন্দি
c) সংস্কৃত d) বঙ্গকামরূপী **ans. D**

Solution: ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, বাংলা ভাষার উৎপত্তি বঙ্গ-কামরূপী থেকে। তিনি 'বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত' গ্রন্থে 'বাংলা ভাষার কুলজী' নামে বাংলা ভাষার রূপান্তর বা পরিক্রমা তুলে ধরেছেন। ড. মুহম্মদ শহীদুল্লাহ কর্তৃক নির্দেশিত ভাষাচিত্রঃ হিন্দু-য়ুরোপায়ণ → শতম → হিন্দ আর্য → ভারতিক → প্রাচীন ভারতীয় আর্য → প্রাচীন প্রাচ্য → গৌড়ী প্রাকৃত → গৌড়ী অপভ্রংশ → বঙ্গ-কামরূপী → বাংলা।

91. নিচের কোন ডিভাইসটি ইনপুট-আউটপুট ডিভাইস হিসাবে কাজ করে?
a) Scanner b) Mouse
c) Touch Screen d) Projector **ans. C**

Solution: Modem, Printer-Scanner, Camera, VCR, VCP, VTR, Tape Recorder, Touch Screen ইত্যাদি, এইগুলো ইনপুট এবং আউটপুট হিসেবে কাজ করতে পারে। উল্লেখ্য, Scanner I Mouse হলো Input Device এবং Projector Output Device.

92. অভ্র কি বোর্ডের আবিষ্কারক কে?
a) মোস্তফা জব্বার b) মেহেদী হাসান খান
c) জুবায়ের সিদ্দিকী d) সায়েম আহমেদ **ans. B**

Solution: ইউনিকোড ভিত্তিক অভ্র কী-বোর্ড আসার পূর্বপর্যন্ত বিজয় কী-বোর্ড বহুল ব্যবহৃত হতো। অভ্রতে ফোনেটিক (ইংরেজ উচ্চারণ করা বাংলা লেখা) পদ্ধতিতে বাংলা লেখা যায়। ২০০৩ সালের মার্চে ডা. মেহেদী হাসান খান অভ্র কীবোর্ড উদ্ভাবন করেন।

Recent Publication

93. Identify the imperative sentence:

a) What a wonderful picture it is!
b) Get some cold water from the fridge
c) May god bless you.
d) They bought some utensils from the shop. **ans. B**

Solution: যে Sentence এ কোন আদেশ (Order), উপদেশ (advice), অনুরোধ (request) প্রকাশিত হয় তাকে বলে Imperative Sentence. যেমনঃ
go home (order)
Take this medicine every other day (advice)

94. নিচের কোনটি সার্চ ইঞ্জিন নয়?

a) Bing b) Google
c) Yahoo d) Safari **ans. D**

Solution: বহুল ব্যবহৃত ইন্টারনেট সার্চ ইঞ্জিন হলোঃ Google, Ask.com, Yahoo, MSN, DuckDuckGo, Dogpile, Bing প্রভৃতি। আর জনপ্রিয় কিছু ওয়েব ব্রাউজারের নাম হলোঃ Internet Explorer, Mozilla Firefox, Netscape Communicator, Safari, Opera, Google crome ইত্যাদি।

95. – 4 ডায়াপ্টার ক্ষমতার লেন্সের জন্য নিচের কোনটি সঠিক?

a) উত্তল লেন্স $f = +25\ cm$
b) অবতল লেন্স $f = +25\ cm$
c) উত্তল লেন্স $f = -25\ cm$
d) অবতল লেন্স $f = -25\ cm$ **ans. D**

Solution: লেন্সের ক্ষমতা $p = -4$ ডায়াপ্টার বলতে বুঝায় লেন্সটির ক্ষমতা ঋণাত্মক, যা একটি অবতল লেন্স।

এখানে, $p = \frac{1}{f}$ (f= ফোকাস দূরত্ব)

$\therefore \quad f = \frac{1}{-4}\,m = \frac{100}{-4}\,cm = -25cm.$

96. Select the correct option: There are ____ parts of speech in English

a) five b) six
c) seven d) eight **ans. D**

Solution: ইংরেজিতে পদের সংখ্যা ৮টি।

97. 'নাতিদীর্ঘ' কোন সমাস?

a) উপপদ তৎপুরুষ b) উপমান কর্মধারয়
c) উপমিত কর্মধারয় d) নঞ তৎপুরুষ **ans. D**

Solution: না বাচক নঞ অব্যয় (না, নেই, নয়) পূর্বে বসে যে তৎপুরুষ সমাস হয় তাকে নঞ তৎপুরুষ সমাস বলে। যেমনঃ নাতিশীতোষ্ণ = ন অতিশীতোষ্ণ, অনাচার = ন আচার, অকাতর = ন কাতর, অক্ষত = ন (নয়) ক্ষত। এরূপঃ অবিশ্বাস, অপর্যাপ্ত, বেআইন, অনুন্নত, নাতিদীর্ঘ, নাতিখর্ব, বেহুঁশ, নিখুঁত, নামঞ্জুর, গরমিল ইত্যাদি।

98. কোন সাহিত্যিক এর উপাধি 'সাহিত্য বিশারদ'

a) আব্দুল করিম b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
c) মীর মোশাররফ হোসেন d) প্রমথ চৌধুরী **ans. A**

Solution: নিচে কিছু বিখ্যাত সাহিত্যিকদের উপাধি, প্রকৃত নাম ও ছদ্মনাম দেওয়া হলোঃ

প্রকৃত নাম	ছদ্ম নাম
কালী প্রসন্ন সিংহ	হুতোম পেঁচা
মালাধর বসু	গুণরাজ খান
বাহরাম খান	দৌলত উজির
ঈশ্বরচন্দ্র গুপ্ত/ ঈশ্বরগুপ্ত	যুগ সন্ধিক্ষণের কবি
আব্দুল করিম	সাহিত্য বিশারদ
বিহারীলাল চক্রবর্তী	ভোরের পাখি
বলাইচাঁদ মুখোপাধ্যায়	বনফুল
বিমল ঘোষ	মৌমাছি
ড. মনিরুজ্জামান	হায়াৎ মাহমুদ
রবীন্দ্রনাথ ঠাকুর	ভানুসিংহ ঠাকুর
প্রমথ চৌধুরী	বীরবল
মীর মশাররফ হোসেন	গাজী মিয়াঁ
জসীম উদ্‌দীন	তুজাম্বর আলি
সমরেশ বসু	কালকূট
কাজেম আল কোরেশী	কায়কোবাদ
প্যারীচাঁদ মিত্র	টেকচাঁদ ঠাকুর
নীহার রঞ্জন	বান ভট্ট
শেখ আজিজুর রহমান	শওকত ওসমান
চারুচন্দ্র চক্রবর্তী	জরাসন্ধ
সুনীল গঙ্গোপাধ্যায়	নীল লোহিত
অচিন্ত্যকুমার সেনগুপ্ত	নীহারিকা দেবী
রাজশেখর বসু	পরশুরাম

99. বাংলাদেশের প্রথম ভূ-উপগ্রহ কেন্দ্র কোথায় অবস্থিত?

a) টেকনাফ b) বেতবুনিয়া
c) মহাখালী d) কালিয়াকৈর **ans. B**

Solution: বাংলাদেশের প্রথম ভূ-উপগ্রহ রাঙ্গামাটির কাউখালি উপজেলার বেতবুনিয়াতে অবস্থিত। দেশের চারটি ভূ-উপগ্রহ কেন্দ্র হলোঃ

ভূ-উপগ্রহ কেন্দ্র	অবস্থান
বেতবুনিয়া	কাউখালী, রাঙামাটি
তালিবাবাদ	গাজীপুর
মহাখালী	ঢাকা
সিলেট	সিলেট

100. **12 মিটার উচু একটি গাছ h উচ্চতায় এমনভাবে ভেঙে গেল যে, ভাঙা অংশটি মাটির সাথে 30° কোণে মিলিত হলো। গাছটি কত উচুতে ভেঙে ছিলো?**

a) 2 মিটার b) 6 মিটার
c) 4 মিটার d) 5 মিটার **ans. C**

Solution: আমরা জানি, $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

$\sin 30° = \frac{h}{12 - h}$

$\Rightarrow \frac{1}{2} = \frac{h}{12 - h}$

$\Rightarrow 2h = 12 - h$

$\Rightarrow 3h = 12$

$\therefore \quad h = 4$ মিটার

$\therefore$ 4 মিটার উঁচুতে ভেঙ্গে গিয়েছিল।



Recent Publication

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা

পদের নামঃ সহকারী পরিচালক

তারিখঃ ০৫.০৭.২০২৫; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ১০০

01. **'Much ado about nothing' Phrase এর অর্থ কি?**

a) অকারণে হৈ চৈ

b) কিছু না নিয়ে হৈ চৈ

c) মাথা নেই তার মাথা ব্যাথা

d) A, B, C এর সবগুলি ***ans.* D**

Solution: 'Much ado about nothing' Phrase-এর অর্থ হলো অকারণে হৈ চৈ/ কিছু না নিয়ে হৈ চৈ/ মাথা নেই তার মাথা ব্যাথা। জানার জন্যঃ

অতি দর্পে হতো লঙ্কা = Pride goes before destruction.	অতি লোভে তাতি নষ্ট = Grasp all lose all.
অতি ভক্তি চোরের লক্ষণ = Too much courtesy too much craft.	'অজ্ঞতা অন্ধকারের সামিল = Ignorance is like darkness.
অধিক সন্ন্যাসীতে গাঁজন নষ্ট = Too many cooks spoil the broth.	অরণ্যে রোদন = Crying in the wilderness
অভাবে স্বভাব নষ্ট = Necessity knows no law	অসারের তর্জন গর্জন সার = Empty vessels sound much
আয় বুঝে ব্যয় কর = Cut your coat according to your cloth	নিজের চরকায় তেল দাও = Oil your own machine/ Mind your own business

02. **It is one street when the sun is shining, another street is rain and another under the full moon.' How many streets are mentioned here?**

a) two b) three

c) one d) none ***ans.* C**

Solution: একটি রাস্তা তিনটি ভিন্ন পরিস্থিতিতে ভিন্নভাবে মনে হয় বা অভিজ্ঞ হয়ঃ

০১.	সূর্য যখন তখন এটি একরকম মনে হয়।
০২.	বৃষ্টি হলে এটি আরেকরকম মনে হয়।
০৩.	পূর্ণিমার চাঁদের আলোয় এটি আরেকরকম মনে হয়।
০৪.	কিন্তু বাস্তবে রাস্তা একটাই, শুধু পরিবেশ ও পরিস্থিতি ভিন্ন বলে তা তিনভাবে বর্ণনা করা হয়েছে।

বাক্যের অর্থঃ যখন সূর্য উঠে তখন এটি একটি রাস্তা, যখন বৃষ্টি হচ্ছে তখন এটি আরেকটি রাস্তা, এবং যখন পূর্ণিমার চাঁদ থাকে তখন এটি আরেকটি রাস্তা।

03. **Some plants are annuals; ____ are biennials; the rest are perennials.**

a) some another b) another

c) others d) other ***ans.* C**

Solution: কিছু গাছ বার্ষিক (Annuals), কিছু গাছ দ্বিবার্ষিক (Biennials) এবং বাকি গাছগুলো বহুবর্ষজীবী (Perennials)। এখানে প্রথমে Some ব্যবহার করা হয়েছে। এরপর আরেকটি Group বোঝাতে Plural noun দরকার। যেহেতু Biennials একটি Plural noun, তাই Pronoun বা Determiner ও Plural হতে হবে। তাই Others সঠিক।

বাক্যের অর্থঃ কিছু উদ্ভিদ বার্ষিক, অন্যগুলো দ্বিবার্ষিক এবং বাকিগুলো বহুবর্ষজীবী।

04. **In addition to traffic jam, there are ____ other problems in our country.**

a) much b) too much

c) many d) too many ***ans.* D**

Solution: এখানে Problems হলো Countable plural noun। যখন Plural countable noun বোঝাতে হয়, তখন Many বা Too many ব্যবহার করা হয়। আর মাত্রাতিরিক্ত বা আরও অনেক সমস্যা বুঝাতে Too many বসবে। তাই সঠিক উত্তর হবে Too many. বিকল্পগুলোর বিশ্লেষণঃ

a) much	Much সাধারণত Uncountable noun এর সাথে ব্যবহৃত হয়। যেমনঃ Much water, much money।
b) too much	Too much ও uncountable noun এর সাথে যায় এবং এটি নেতিবাচক অর্থ বোঝায়।

বাক্যের অর্থঃ যানজটের পাশাপাশি, আমাদের দেশে আরও অনেক সমস্যা রয়েছে।

05. **What is the synonym of the word 'Perpetual'?**

a) Immortal b) Fatal

c) Consistence d) Adhesion ***ans.* A**

Solution: Perpetual অর্থ অনন্ত; বিরতিহীন। আর এর Synonym হলো Immortal অর্থ অমর; অবিনশ্বর। উল্লেখ্য,

Fatal	Consistence	Adhesion
প্রাণনাশক; মারাত্মক	স্থিরতা, অটলতা	সংযুক্ত বা সংশ্লিষ্ট হওয়া

06. **What is the synonym of the word 'Hypothesis'?**

a) Proof b) Quality

c) Supposition d) Promotion ***ans.* C**

Recent Publication

Solution: Hypothesis অর্থ অনুমান, পূর্বধারণা। আর এর Synonym হলো Supposition অর্থ অনুমান, ধারণা। উল্লেখ্য,

Proof	Quality	Promotion
প্রমাণ	গুণমান	প্রচার, উচ্চপদে পদোন্নতি

07. **Your conduct admits ____ no excuse.**

a) to b) for
c) of d) at ***ans.*** **C**

Solution: Admit এর Subject যখন Abstract noun অথবা Impersonal হয় শুধুমাত্র তখনই Admit এরপরে 'of' বসে। কিন্তু, Admit এর Subject যখন Personal হয় তখন Admit এর পরে 'of' বসে না। যেমনঃ I admit no excuse.

Admit	Admit of	Admit to
ভর্তি করা/ প্রবেশ করতে দেয়া	কোন কিছুর সুযোগ রাখা	ভর্তি হওয়া

বাক্যের অর্থঃ তার আচরনে ক্ষমার অবকাশ নেই।

08. **____ of people enjoyed the world cup final between India and Pakistan.**

a) Thousand b) One thousands
c) Two thousands d) Thousands ***ans.*** **D**

Solution: এখানে বলা হয়েছে, অসংখ্য মানুষ ওয়ার্ল্ড কাপ ফাইনাল উপভোগ করেছে। এই ধরনের বাক্যে অনির্দিষ্ট অনেক সংখ্যা বোঝাতে Plural form (Thousands) ব্যবহার হয়।

বাক্যের অর্থঃ হাজার হাজার মানুষ ভারত ও পাকিস্তানের মধ্যকার বিশ্বকাপের ফাইনাল ম্যাচ উপভোগ করলো।

09. **Which of the following spelling is correct?**

a) Bureaucracy b) Berucracy
c) Beuraucracy d) Bueracreecy ***ans.*** **A**

Solution: Bureaucracy অর্থ আমলাতন্ত্র।

10. **Choose the correct spelling.**

a) Diphtheria b) Diptheria
c) Deptheria d) Deptharia ***ans.*** **A**

Solution: Diphtheria অর্থ শ্বাসনালীর সংক্রামক রোগ।

11. **The antonym of the word 'Prodigal' is ...**

a) Appetizing b) Scrumptious
c) Displeasing d) Dainty ***ans.*** **Note**

Solution: Prodigal অর্থ অমিতব্যয়ী; অপব্যয়ী। আর এর Antonym হলো Careful. উল্লেখ্য,

Appetizing	ক্ষুধাবর্ধক; ক্ষুধা-উদ্রেককারী; মুখরোচক।
Scrumptious	সুস্বাদু; রসনালোভন।
Displeasing	অসন্তুষ্ট; অপ্রীতিকর।
Dainty	(ব্যক্তি সম্বন্ধে) সুশ্রী; সুকুমার।

12. **The antonym for 'delicious' is ...**

a) Appetizing b) Scrumptious
c) Displeasing d) Dainty ***ans.*** **C**

Solution: Delicious অর্থ মুখরোচক, রুচিকর। আর এর Antonym হলো Displeasing অর্থ অপ্রীতিকর; অসন্তোষজনক। উল্লেখ্য,

Appetizing	Scrumptious	Dainty
আকর্ষনীয়; ক্ষুধা উদ্রেককারী	ভীষণ মজাদার রুচিকর	সুস্বাদু; সুচিন্তিত ও পরিপাটি

13. **All the four pens are missing. Here 'all the four' is...**

a) Noun, adjective b) Adjective
c) Participle phrase d) Determiners ***ans.*** **D**

Solution: এক বা একাধিক Word যখন 'noun/pronoun' কে Modify করে অর্থাৎ এর 'দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ' নির্দেশ করে তখন তা Adjective হবে। কিন্তু অপশনে Adjective এবং Determiner উভয়ই থাকলে উত্তর হবে Determiner.

বাক্যের অর্থঃ চারটি কলমের সবগুলোই হারিয়ে গেছে।

14. **____ can be grown on arid land.**

a) Only the crop
b) Only a little crops
c) Only few
d) Only a few crops ***ans.*** **D**

Solution: Only এর পরে সর্বদাই A few বা A little ব্যবহৃত হয়। তবে Countable noun এর পূর্বে 'a few' এবং Uncountable noun এর পূর্বে A little বসে। যেমনঃ Only a few of our customers have accounts. এর গঠন হলোঃ

Only + a few/a few of + plural countable noun + plural verb + extension.
অথবা, Only + a little/ a little of + uncountable noun + singular verb + extension.

বাক্যের অর্থঃ অনুর্বর জমিতে মাত্র অল্প কিছু ফসল জন্মানো যায়।

Recent Publication

15. Data is the plural form of which one?

a) Dative b) Datu

c) Datum d) Datas **ans. C**

Solution: Singular number এর শেষে 'um' থাকলে Plural করার সময় 'um' এর পরিবর্তে 'a' বসবে। কখনোও কখনোও Singular number এর সঙ্গে 's' যোগ করে Plural করা হয়।

Singular	Plural	Singular	Plural
Curriculum	Curricula	Agendum	Agenda
Bacterium	Bacteria	Crisis	Crises
Axis	Axes	Ovum	Ova
Medium	Media	Datum	Data
Dictum	Dicta	Idolum	Idola

16. Which one is singular?

a) Agenda b) Hypothesis

c) Media d) Syllabi **ans. B**

Solution: অপশনগুলোর মধ্যে Hypothesis হলো Singular. কিন্তু বাকি Agenda, Media এবং Syllabi এই তিনটি Plural.

Singular	Plural	Meaning
Hypothesis	Hypotheses	অনুসিদ্ধান্ত
Agendum	Agenda	আলোচ্যসূচী
Medium	Media	মাধ্যম
Syllabus	Syllabi	পাঠ্যসূচী; পাঠ্যক্রম

17. Which one of the following is a feminine gender?

a) Chairman b) Hen

c) Book d) Table **ans. B**

Solution: বেশির ভাগ ক্ষেত্রে সম্পূর্ণ ভিন্ন শব্দ ব্যবহার করে গঠন করা হয়। যেমনঃ

Masculine	Feminine	Masculine	Feminine
Cock	Hen	Chairman	Chairperson
Drake	Duck	Bachelor	Maid
Don	Donna	Lord	Lady
Buck	Doe	Drone	Bee
Nephew	Niece	Fox	Vixen

উল্লেখ্য, Book এবং Table হলো Neuter gender.

18. Which one is used both as auxiliary and principal verb?

a) can b) would

c) might d) am **ans. D**

Solution: কোনো বাক্যে একটি Verb থাকলে তা Principal verb হয়। যেমনঃ I am in class eight. এখানে 'am' হলো Principal verb. উল্লেখ্য,

Be verb	am, is, are, was, were, be, being, been
Have verb	have, has, had
Do verb	do, does, did

19. Call me if you have any problems regarding your work. Here 'regarding' is a/an

a) gerund b) apposition

c) preposition d) conjunction **ans. C**

Solution: Preposition এর সংজ্ঞা থেকে আমরা জানি যে, যে সকল শব্দ কোনো Noun বা Noun phrase বা Pronoun এর পূর্বে বসে তার সাথে বাক্যের অন্য শব্দের সম্পর্ক নির্দেশ করে তাকে Preposition বলে। উপরিউক্ত বাক্যে your work হলো একটি Noun phrase. তাই এর পূর্বে ব্যবহৃত regarding হলো একটি Preposition.

বাক্যের অর্থঃ তোমার কাজে কোনো সমস্যা হলে আমার সাথে যোগাযোগ করো।

20. Which of the following is a strong verb?

a) Run b) walk

c) Make d) Jog **ans. A**

Solution: Strong verb গুলো মাঝের Vowel change করে Past form গঠন করে এবং শেষে 'd, ed' যুক্ত হয় না। যে সকল verb তাদের vowel গুলো পরিবর্তনের মাধ্যমে Past tense এ পরিণত হয়, তাদেরকে Strong verb বলে। যেমনঃ

V_1	V_2	V_3
Run	Ran	Run
Go	Went	Gone
Rise	Rose	Risen
Give	Gave	Given
Chide	Chid	Chidden
Cling	Clung	Clung
Take	Took	Taken

21. Which one is weak verb?

a) Chide b) Creep

c) Cleave d) Cling **ans. B**

Solution: যে সকল verb এর শেষে *d, t, ed* ইত্যাদি যুক্ত হয়ে verb টির Past tense এ পরিণত হয় তাদেরকে Weak verb বলে। যেমনঃ

Recent Publication

V_1	V_2	V_3
Creep	Crept	Crept
Dream	Dreamt	Dreamt
Walk	Walked	Walked
Make	Made	Made
Jog	Jagged	Jogged

22. What does the phrase 'give in' mean?

a) complete b) surrender

c) give away d) distribute ***ans.* B**

Solution: Give in অর্থ আত্মসমর্পণ করা; নতি বা বশ্যতা স্বীকার করা। আর এর সমার্থক শব্দ হলো অপশন *b*) এর Surrender.

Complete	Give away	Distribute
সম্পূর্ণ; পূর্ণাঙ্গ	ত্যাগ করা; ছেড়ে দেয়া; দান করা	বন্টন করা
জানার জন্য		
Give up অর্থ ত্যাগ করা	Give out অর্থ ঘোষণা করা; শেষ হওয়া; নিঃশেষিত হওয়া	
Give back অর্থ ফেরত দেয়া	Give over অর্থ ক্ষান্ত হওয়া; থামা	
Give off অর্থ ধোঁয়া নিঃসৃত করা; উদ্গীরণ করা		

23. My friend hardly works in the afternoon. Here 'hardly' is ....

a) adjective b) adverb

c) conjunction d) none ***ans.* B**

Solution: Hardly, always, often, quite, usually, seldom, rarely, never, sometimes ইত্যাদি সর্বদা Verb কে Modify করে তাই এগুলো সর্বদা Adverb হিসেবে কাজ করে। এই Word গুলো বাক্যের অর্থের গুরুত্ব ও ভাব অনুসারে প্রথমে বা শেষে ব্যবহৃত হয়। Hardly বাক্যে সর্বদা না-বোধক অর্থ প্রকাশ করে।

বাক্যের অর্থঃ আমার বন্ধু বিকালে কদাচিৎ পরিশ্রম করে।

24. Which of the following sentence is correct?

a) If I had know, I would have told you.

b) If I had known, I would have told you.

c) If I would know, I would have told you.

d) If I would have known, I would have told you. ***ans.* B**

Solution: এটি হলো Third Conditional Sentence। যখন কোনো অতীতের শর্ত এবং তার অতীতের ফলাফল প্রকাশ করতে হয়, তখন Third Conditional ব্যবহার হয়। গঠন (structure): If + subject + past perfect + V_3, subject + would/ could/ might + have + V_3 + ext. তাই সঠিক উত্তর অপশন *b*).

বাক্যের অর্থঃ যদি আমি জানতাম, তাহলে তোমাকে বলতাম।

25. Which of the following sentence is correct?

a) Had I been invited, I would have attend the wedding.

b) If I had been invited, I will attend the wedding

c) If I am invited, I will attend the wedding.

d) Had I been invited, I would have attended the wedding. ***ans.* D**

Solution: এটি একটি Third Conditional (Past unreal) বাক্য। এক্ষেত্রে Past perfect + would have + past participle হয় এবং If I had been invited... এর বদলে সংক্ষেপে বলা যায়ঃ Had I been invited... সঠিক উত্তর হবে অপশন *d*).

বাক্যের অর্থঃ যদি আমাকে আমন্ত্রণ জানানো হতো, তাহলে আমি বিয়েতে উপস্থিত হতাম।

26. 'শিরশ্ছেদ' শব্দের সন্ধি বিচ্ছেদ-

a) শির + ছেদ b) শিরঃ + ছেদ

c) শিরশ্ + ছেদ d) শির + উচ্ছেদ ***ans.* B**

Solution: পূর্বপদের শেষে বিসর্গ (ঃ) থাকলে এবং পরপদের প্রথমে 'চ্ বা ছ্' থাকলে বিসর্গ পরিবর্তিত হয়ে 'শ্; ট্ বা ঠ্' থাকলে 'ষ্; ত্' থাকলে 'স্' হয়ে পরবর্তী ব্যঞ্জনে যুক্ত হয়। যেমনঃ মনস্তাপ = মনঃ + তাপ, নিশ্চয় = নিঃ + চয়, দুশ্চরিত্র = দুঃ + চরিত্র, শিরশ্ছেদ = শিরঃ + ছেদ, দুশ্ছেদ্য = দুঃ + ছেদ্য, নিশ্ছিদ্র = নিঃ + ছিদ্র।

27. 'ধ্বনি' সম্পর্কে নিচের কোন বাক্যটি সঠিক নয়?

a) ধ্বনি দৃশ্যমান

b) মানুষের ভাষার মূলে আছে কতগুলো ধ্বনি

c) ধ্বনি উচ্চারণীয় ও শ্রবণীয়

d) অর্থবোধক ধ্বনিগুলোই মানুষের বিভিন্ন ভাষার বাগ্-ধ্বনি ***ans.* A**

Recent Publication

Solution: 'ধ্বনি' অর্থ 'আওয়াজ'। ভাষার ক্ষুদ্রতম একককে ধ্বনি বলে। স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি দৃশ্যমান নয় কিন্তু, স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ দৃশ্যমান।

যেসব ধ্বনি অন্য ধ্বনির সাহায্য ছাড়াই নিজে নিজে স্পষ্ট রূপে উচ্চারিত হয় তাকে স্বরধ্বনি বলে। মৌলিক স্বরধ্বনি ৭টি। স্বরধ্বনির প্রতীককে স্বরবর্ণ বলে। স্বরধ্বনির সাহায্য ছাড়া যে সব ধ্বনি নিজে নিজে স্পষ্ট রূপে উচ্চরিত হতে পারে না তাই ব্যঞ্জনধ্বনি। মৌলিক ব্যঞ্জনধ্বনি ৩০টি। ব্যঞ্জনধ্বনির প্রতীক কে ব্যঞ্জনবর্ণ বলে।

28. আরবি 'কলম' শব্দটি 'কলমোস' শব্দ থেকে এসেছে। 'কলমোস' কোন ভাষার শব্দ?

a) পাঞ্জাবি b) ফরাসি
c) গ্রিক d) স্পেনিশ **ans. C**

Solution: কিছু গ্রিক শব্দঃ দাম (দ্রাখ্‌মে), সেমাই (সেমাদালিম), সুড়ং (সুরিংক্স), ইউনানি (আইওনিয়ন)।

29. 'তাম্বুলিক' শব্দের সমার্থক নয় কোনটি?

a) পান-ব্যবসায়ী b) পর্ণকার
c) তামসিক d) বারুই **ans. C**

Solution: 'তাম্বুলিক' শব্দের সমার্থক 'পান বা পানের ব্যবসায়ী, জাতিবিশেষ'। 'বারুই' অর্থ যারা পান উৎপাদন ও বিক্রয় করে। 'পর্ণকার' অর্থ পান ব্যবসায়ী।

30. ক্রিয়াপদ-

a) সবসময় বাক্যে থাকবে
b) কখনো কখনো বাক্যে উহ্য থাকতে পারে
c) শুধু অতীতকাল বোঝাতে বাক্যে ব্যবহৃত হয়
d) আসলে বিশেষণ থেকে অভিন্ন **ans. B**

Solution: যে পদের দ্বারা কোনো কার্য সম্পাদন বোঝায়, তাকেই ক্রিয়াপদ বলে। ক্রিয়াপদ বাক্যের একটি অপরিহার্য অংশ, তবে এটি সর্বদা স্পষ্টভাবে উল্লিখিত নাও হতে পারে। কিছু ক্ষেত্রে প্রসঙ্গ বা পরিস্থিতি থেকে ক্রিয়াপদ বোঝা যায়, তখন তা উহ্য (অপ্রকাশ্য) থাকতে পারে। যেমনঃ

প্রকাশ্য ক্রিয়া	"সে খেলছে।" (এখানে 'খেলছে' ক্রিয়াপদ স্পষ্ট)
উহ্য ক্রিয়া	"কেমন আছো?" "ভালো।" (এখানে উত্তর দেওয়ার ক্রিয়াটি উহ্য, অর্থাৎ "আছি" বলা হয়নি কিন্তু বোঝা যাচ্ছে)

31. সমাস ভাষাকে-

a) সংকোচন করে b) সংক্ষেপ করে
c) অর্থবোধক করে d) বিস্তৃত করে **ans. B**

Solution: সমাস মানে সংক্ষেপ, মিলন, একাধিক পদের একপদীকরণ। অর্থসম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক সঙ্গে যুক্ত হয়ে একটি নতুন শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে। তাই সমাস ভাষাকে সংক্ষেপ করে।

32. 'টেকসই' শব্দে 'সই' কোন ধরনের প্রত্যয়?

a) বিদেশি তদ্ধিত b) সংস্কৃত কৃৎ
c) বাংলা কৃৎ d) সংস্কৃত তদ্ধিত **ans. A**

Solution: শব্দের সঙ্গে যেসব বিদেশি প্রত্যয় যুক্ত হয় সেগুলোকে বিদেশি তদ্ধিত প্রত্যয় বলে। যেমনঃ

প্রত্যয়	উদাহরণ
সই	মানানসই, টিপসই, নামসই

33. কোনটি সঠিক বানান?

a) উজ্জল্য b) উজ্জ্বল্য
c) উজ্জ্বল্য d) ওজ্জ্বল্য **ans. B**

Solution: কিছু গুরুত্বপূর্ণ বানান-

পিপীলিকা	বুদ্ধিজীবী	শিরশ্ছেদ	সমীচীন	ক্ষীণজীবী
ইতোমধ্যে	শ্রদ্ধাঞ্জলি	মনীষী	নিরীক্ষণ	প্রতিযোগিতা
দারিদ্র্য	উৎকর্ষ	মহত্ত্ব	আবিষ্কার	মুমূর্ষু
সূচি	সুষ্ঠু	আকাঙ্ক্ষা	উপর্যুক্ত	দৈন্য

34. কোন শব্দটি প্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?

a) রাশি b) রাজি
c) পুঞ্জ d) যূথ **ans. D**

Solution: পাল ও যূথ শব্দ দুটো কেবল জন্তুর বহুবচনে ব্যবহৃত হয়। যেমনঃ গরুর পাল, হস্তিযূথ। রাশি, রাজি, পুঞ্জ, আবলি, গুচ্ছ, দাম, নিকর এগুলো অপ্রাণিবাচক শব্দে ব্যবহৃত বহুবচনবাচক শব্দ।

রাশি	রাজি	পুঞ্জ
বালিরাশি, জলরাশি	বৃক্ষরাজি, তারকারাজি	দ্বীপপুঞ্জ, মেঘপুঞ্জ

35. 'দরিদ্রকে অর্থ সাহায্য কর' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

a) সম্প্রদানে ৪র্থী b) কর্মে শূন্য
c) করণে শূন্য d) কোনটিই নয় **ans. A**

Solution: যাকে স্বত্ব ত্যাগ করে কিছু দান, অর্চনা বা সাহায্য করা হয় তাকে সম্প্রদান কারক বলে। যেমনঃ ভিখারিকে

Recent Publication

ভিক্ষা দাও। এখানে 'ভিখারিকে' সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি। সৎপাত্রে কন্যা দান কর। এখানে 'সৎপাত্রে' সম্প্রদান কারকে সপ্তমী বিভক্তি।

36. 'গরহাজির' শব্দে 'গর' কোন শ্রেণীর উপসর্গ?

a) ফার্সি b) আরবি
c) উর্দু d) হিন্দি **ans. B**

Solution: 'গরহাজির' শব্দে 'গর' হলো আরবী উপসর্গ। উল্লেখ্য, উপসর্গ মোট তিন প্রকার। যথাঃ খাঁটি বাংলা উপসর্গ, তৎসম বা সংস্কৃত উপসর্গ এবং বিদেশী উপসর্গ। উল্লেখ্য, যে সকল অব্যয় শব্দের নিজস্ব অর্থ নেই কিন্তু অন্য শব্দের আগে বসে সে শব্দের নতুন অর্থ সৃষ্টি করে তাই উপসর্গ। উল্লেখ্য,

নাম	সংখ্যা	উপসর্গ সমূহ	
বাংলা উপসর্গ	২১টি	ঐ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা	
তৎসম উপসর্গ	২০টি	প্র, পরা, অপ, সম, নি, অব, অনু, নির, দুর, বি, সু, উৎ, অধি, পরি, প্রতি, উপ, আ, অপি, অভি, অতি	
বিদেশী উপসর্গ		ফারসি	কার, দর, না, নিম, ফি, বদ, বে, বর, ব, কম
		আরবি	আম, খাস, লা, গর
		ইংরেজি	ফুল, হাফ, হেড, সাব
		উর্দু-হিন্দি	হর

37. 'পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির' কোন অর্থে দ্বিরক্তি?

a) ভাবের গভীরতা b) বিশেষণ বোঝাতে
c) অনুভূতি বোঝাতে d) সামান্যতা **ans. B**

Solution: অব্যয়ের দ্বিরুক্তিঃ

ভাবের গভীরতা বোঝাতেঃ	তার দুঃখে সবাই হায় হায় করতে লাগল। ছি ছি, তুমি কী করেছ?
পৌনঃপুনিকতা বোঝাতেঃ	বার বার সে কামান গর্জে উঠল।
অনুভূতি বা ভাব বোঝাতেঃ	ভয়ে গা ছম ছম করছে। ফোঁড়াটা টন টন করছে।
বিশেষণ বোঝাতেঃ	পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির।
ধ্বনিব্যঞ্জনাঃ	ঝির ঝির করে বাতাস বইছে। বৃষ্টি পড়ে টাপুর টুপুর।

38. 'হায় এ আমার কী হল' বাক্যটিতে পর্যায়ক্রমে কোন কোন বিরামচিহ্ন বসবে?

a) বিস্ময়সূচক, প্রশ্নবোধক b) বিস্ময়সূচক, বিস্ময়সূচক
c) বিস্ময়সূচক, দাঁড়ি d) কমা, বিস্ময়সূচক **ans. C**

Solution: বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বুঝার জন্য বাক্যের মধ্যে বা সমাপ্তিতে বিরাম চিহ্ন বা যতি চিহ্ন ব্যবহৃত হয়। হৃদয় আবেগ প্রকাশ করতে হলে সম্বোধন পদের পরে বিস্ময় চিহ্ন বসে এবং বাক্যের পরিসমাপ্তি বোঝাতে দাঁড়ি ব্যবহার করতে হয়। যেমনঃ হায়! এ আমার কী হল। আহা! কি চমৎকার দৃশ্য।

39. বাক্যের তিনটি গুণ কি কি?

a) আকাঙ্খা, আসক্তি ও বিধেয়
b) আকাঙ্খা, আসত্তি ও যোগ্যতা
c) যোগ্যতা, উদ্দেশ্য ও বিধেয়
d) কোনটিই নয় **ans. B**

Solution: অর্থবোধক কিছু শব্দ বা পদ মিলে একটি বাক্য তৈরি হয় তবে অর্থ প্রকাশের গুণ থাকতে হবে। এজন্য একটি স্বার্থক বাক্যের নিম্নলিখিত তিনটিগুণ থাকে। যথাঃ ১. আকাঙ্খা, ২. আসত্তি, ৩. যোগ্যতা।

40. 'চাঁদ দেখা যাচ্ছে' এই বাক্যে কোন বাচ্যের প্রয়োগ ঘটেছে?

a) কর্তৃবাচ্য b) কর্মবাচ্য
c) ভাববাচ্য d) কর্মকর্তৃবাচ্য **ans. D**

Solution: যে বাক্যে কর্মপদই কর্তৃস্থানীয় হয়ে বাক্য গঠন করে, তাকে কর্মকর্তৃবাচ্যের বাক্য বলা হয়। যেমনঃ চাঁদ দেখা যাচ্ছে। কাজটা ভালো দেখায় না। সুতি কাপড় অনেক দিন টেকে। উল্লেখ্য,

ভাববাচ্য	যে বাচ্যে কর্ম থাকে না শুধু বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। ভাববাচ্যের ক্রিয়া সর্বদাই নাম পুরুষের হয়। ভাববাচ্যের কর্তায় ষষ্ঠী, দ্বিতীয়া অথবা তৃতীয়া বিভক্তি প্রযুক্ত হয়। যেমনঃ তোমাকেই ডাকা যেতে হবে।
কর্তৃবাচ্য	যে বাক্যে কর্তার অর্থই প্রধানরূপে রক্ষিত হয় এবং ক্রিয়াপদ কর্তার অনুসারী হয়, তাকে কর্তৃবাচ্য বলে। যেমনঃ তুমি হাঁটবে।
কর্মবাচ্য	যে বাক্যে কর্মের সাথে ক্রিয়ার সম্বন্ধ প্রধানরূপে প্রকাশ পায়, তাকে কর্মবাচ্য বলে। যেমনঃ রহিম কর্তৃক এ কাজটি হয়েছে।

41. 'বর্ষার রূপ ভারি মনোমুগ্ধকর'; এখানে 'ভারি' শব্দটি কি অর্থে

a) খুব b) বেশি ওজন
c) ভারহীন d) বেশি **ans. A**

Solution: এখানে 'ভারি' শব্দটি ওজনের অর্থে নয়, বরং বিশেষণ হিসেবে 'খুব', 'অত্যন্ত', 'অনেক বেশি' অর্থে ব্যবহৃত হয়েছে। বাংলা ভাষায় 'ভারি' কথাটির অর্থ প্রসঙ্গভেদে বদলে যায়। যেমনঃ

ওর মনটা ভারি ভালো।	অর্থঃ খুব ভালো
পাথরটা ভারি।	অর্থঃ বেশি ওজন
ওর ব্যবহারটা ভারি সুন্দর।	অর্থঃ খুব সুন্দর

42. একই বাক্যে ভিন্ন জাতীয় অথচ সাদৃশ্য বা সমান গুণবিশিষ্ট দু'টি বস্তুর মধ্যকার সাদৃশ্য উল্লেখকে কি বলে?

a) উৎপ্রেক্ষা b) উপরূপক
c) উপমা d) আখ্যানরূপক **ans. C**

Recent Publication

Solution: 'উপমা' অর্থ সাদৃশ্য বা তুলনা। অর্থালংকার বিশেষ এই অলংকারে একই ধর্মবিশিষ্ট দুই ভিন্নজাতীয় বস্তুর মধ্যে সাদৃশ্য কল্পিত হয়। যার সঙ্গে বা যার দ্বারা তুলনা দেওয়া হয় তাকে উপমা বলে। যেমনঃ 'রক্তের মত রাঙা দুটি জবাফুল' এখানে উপমান 'রক্ত'।

43. 'আকাশ' শব্দের প্রতিশব্দ কোনগুলো?

a) অলক, কন্তল, চিকুর
b) অণর, পাবক, বহ্নি
c) ব্যোম, অন্তরীক্ষ, শূন্য
d) ধরিত্রী, মহী, মেদিনী **ans. C**

Solution: 'আকাশ' শব্দের অন্যান্য সমার্থক শব্দ হলো: গগন, আসমান, ছায়ালোক, অন্তরীক্ষ, দ্যুলোক, ব্যোম, শূন্যলোক, নভোমণ্ডল প্রভৃতি।

44. 'বাংলা সাহিত্যের ইতিবৃত্ত; (আধুনিক) কারা রচনা করেন?

a) ড. মুহম্মদ শহীদুল্লাহ ও সৈয়দ আলী আহসান
b) ড. মুহম্মদ শহীদুল্লাহ ও মুহম্মদ আবদুল হাই
c) মুহম্মদ আবদুল হাই, আনিসুজ্জামান ও আনোয়ার পাশা
d) মুহম্মদ আবদুল হাই ও সৈয়দ আলী আহসান **ans. D**

Solution: বাংলা সাহিত্যের ইতিবৃত্ত রচনা করেন মুহাম্মদ আব্দুল হাই ও সৈয়দ আলী আহসান। উল্লেখ্য, বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক উল্লেখযোগ্য গ্রন্থঃ

গ্রন্থ	রচনাকারী
বাংলা ভাষার ইতিবৃত্ত (প্রবন্ধ)	ড. মুহাম্মদ শহীদুল্লাহ
বাংলা সাহিত্যের কথা	ড. মুহাম্মদ শহীদুল্লাহ
বাংলা ভাষার উৎপত্তি ও বিকাশ (Origin and Development of Bengali language)	সুনীতিকুমার চট্টোপাধ্যায়
বঙ্গভাষা ও সাহিত্য (বাংলা সাহিত্যের প্রথম ইতিহাস গ্রন্থ)	দীনেশচন্দ্র সেন
বাংলা সাহিত্যের রূপরেখা	গোপাল হালদার

45. কোন ভাষার পদবিন্যাস সুনির্দিষ্ট এবং সুনিয়ন্ত্রিত?

a) চলিত ভাষা b) কথ্য ভাষা
c) লেখ্য ভাষা d) সাধু ভাষা **ans. D**

Solution: বাংলা লেখ্য সাধু রীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট। এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল। এই রীতি নাটকের সংলাপে অনুপোযগী।

46. সবচেয়ে ছোট সংখ্যা কোনটি?

a) $\frac{৭}{১০০}$ b) $\frac{৭}{১০০০}$
c) ০.০০৭৭ d) ০.০১০ **ans. B**

Solution: আসুন আমরা অপশন ধরে সমাধান করিঃ

অপশন *a*) তে আছে, $\frac{৭}{১০০} = ০.০৭$

অপশন *b*) তে আছে, $\frac{৭}{১০০০} = ০.০০৭$

অপশন *c*) তে আছে, ০.০০৭৭

অপশন *d*) তে আছে, ০.০১০
অর্থাৎ সবথেকে ছোট হলো অপশন *b*).

47. ৫, ১২ এবং ১৩ একক বাহুবিশিষ্ট সমকোণী ত্রিভুজের দ্বিতীয় ক্ষুদ্রতম কোণের মান কত?

a) ৪০ b) ৬১
c) ৬১ d) ৬৭ **ans. D**

Solution: আমরা জানি, $\text{Sin}\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} = \frac{12}{13}$



$\Rightarrow \theta = \text{Sin}^{-1}\left(\frac{12}{13}\right) = 67.38°$

$\therefore$ A = 67.38।

48. $\sqrt{১৫.৬০২৫} = ?$

a) ৩.৮৫ b) ৩.৭০
c) ৩.৬৫ d) ৩.৯৫ **ans. D**

Solution: দেওয়া আছে, $\sqrt{১৫.৬০২৫} = ৩.৯৫$

49. ন্যূনতম কতটি আমকে ৪, ৬, ১০ বা ২০ জন বালকের মধ্যে ভাগ করে দেয়া যায়?

a) ১৫০ b) ১৯০
c) ২০০ d) ২৪০ **ans. D**

Solution: ৪, ৬, ১০ বা ২০ এর ল.সা.গু.-ই হবে সঠিক উত্তর।

২ ।৪, ৬, ১০, ২০
২ ।২, ৩, ৫, ১০
৫ ।১, ৩, ৫, ৫
১, ৩, ১, ১

$\therefore$ ল.সা.গু. = ২ × ২ × ৫ × ৩ = ৬০

$\therefore$ ৬০ এর গুণিতকগুলো উত্তর হতে পারে।
যেমনঃ ৬০, ১২০, ১৮০, ২৪০, ৩০০, ৩৬০ ও ৪২০।
সুতরাং, ২৪০ বালকের মধ্যে ভাগ করে দেওয়া যাবে।

Recent Publication

58

50. ফেব্রুয়ারি, ২০২৫ মাসের দৈনিক বৃষ্টিপাতের গড় ০.৬৯ সেমি হলে ঐ মাসে বৃষ্টিপাতের মোট পরিমাণ কত?

a) ১৯.৩২ সে. মি. b) ২০.৩২ সে. মি.

c) ১৮.৩২ সে. মি. d) ৬৯ সে. মি. **ans. A**

Solution: ২০২৫ সালের ফেব্রুয়ারি মাস = ২৮ দিনে।

দৈনিক গড় বৃষ্টিপাত ০.৬৯ সেন্টিমিটার হলে

$\therefore$ ২৮ দিনে হয় = ২৮ × ০.৬৯ = ১৯.৩২ সেন্টিমিটার।

51. ১০টি সংখ্যার যোগফল ৬০০। প্রথম ৪টির গড় ৫৫ এবং শেষের ৫টির গড় ৬৫। ৫ম সংখ্যাটি কত?

a) ৫৫ b) ৬০

c) ৬৭ d) ৭০ **ans. A**

Solution: প্রথম ৪টির যোগফল = ৫৫ × ৪ = ২২০

শেষ ৫টির যোগফল = ৬৫ × ৫ = ৩২৫

$\therefore$ ৫ম সংখ্যাটি = ৬০০ - ২২০ - ৩২৫ = ৫৫

52. লবের সাথে ৭ যোগ করলে ভগ্নাংশটির মান হয় ২ এবং হর হতে ২ বাদ দিলে ভগ্নাংশটির মান হয় ১। ভগ্নাংশটি কত?

a) $\frac{৫}{৭}$ b) $\frac{৫}{৬}$

c) $\frac{৩}{৫}$ d) $\frac{৭}{৯}$ **ans. C**

Solution: ধরি, ভগ্নাংশের লব x এবং হর y

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{x}{y}$

প্রশ্নমতে, $\frac{x+7}{y} = 2$ ..... (i)

$\frac{x}{y-2} = 1$ ..... (ii)

(ii) নং হতে পাই, $\frac{x}{y-2} = 1$

$\therefore$ $x = y - 2$ ..... (iii)

x এর মান (i) নং সমীকরণে বসাই

$\frac{x+7}{y} = 2$

$\Rightarrow$ $x + 7 = 2y$

$\Rightarrow$ $y - 2 + 7 = 2y$

$\therefore$ $y = 5$

y এর মান (iii) নং সমীকরণে বসাই,

$\therefore$ $x = 5 - 2 = 3$

$\therefore$ নির্ণেয় ভগ্নাংশ $\frac{3}{5}$

53. $\frac{x}{a} + a = \frac{x}{b} + b$ হলে, x এর মান কত?

a) a b) b

c) ab d) $\frac{a}{b}$ **ans. C**

Solution: দেয়া আছে, $\frac{x}{a} + a = \frac{x}{b} + b$

$\Rightarrow$ $\frac{x}{a} - \frac{x}{b} = b - a$

$\Rightarrow$ $\frac{bx - ax}{ab} = b - a$

$\Rightarrow$ $\frac{x(b-a)}{ab} = b - a$ [উভয় পক্ষকে $(b-a)$ দ্বারা ভাগ করে]

$\Rightarrow$ $\frac{x}{ab} = 1$

$\therefore$ $x = ab$

54. $2x = 3y$ এবং $3x - 2y = 5$ হলে, $(x, y) = ?$

a) (6, 4) b) (3, 2)

c) $(\frac{5}{2}, \frac{5}{3})$ d) $(\frac{3}{2}, 1.5)$ **ans. B**

Solution: দেয়া আছে, $2x = 3y$

$2x - 3y = 0$ ..... (i)

এবং $3x - 2y = 5$ ..... (ii)

এখন (i) নং কে 2 দ্বারা এবং (ii) নং কে 3 দ্বারা গুণ করে বিয়োগ করিঃ

$4x - 6y = 0$

$9x - 6y = 15$

$(-) \quad -5x = -15$

$\therefore$ $x = 3$

এখন x এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাইঃ

$9 - 2y = 5$

$\Rightarrow$ $-2y = 5 - 9$

$\Rightarrow$ $-2y = -4$

$\therefore$ $y = 2$

অর্থাৎ, $(x, y) = (3, 2)$

55. $\log_x(\frac{3}{2}) = \frac{1}{-2}$ হলে $x = ?$

a) $\frac{4}{9}$ b) $\frac{9}{4}$

c) $\sqrt{\frac{3}{2}}$ d) $\sqrt{\frac{2}{3}}$ **ans. A**

Recent Publication

Solution: দেয়া আছে, $\log_x\left(\frac{3}{2}\right) = \frac{1}{-2}$

$\Rightarrow x^{-\frac{1}{2}} = \frac{3}{2}$

$\Rightarrow x^{\frac{1}{2}} = \frac{2}{3}$ [ইনভার্স করি]

$\therefore x = \frac{4}{9}$ [বর্গ করি]

56. তিনটি ডাকবাক্সে পাঁচটি চিঠি কতভাবে ফেলা যায়?

a) ৮১ b) ১১৪

c) ২৪৩ d) ৩৪২ **ans. C**

Solution: এখানে ডাক বাক্স আছে = ৩টি

এবং চিঠি রয়েছে = ৫টি

$\therefore$ প্রতিটির জন্য ৫টি উপায় হলে ৩টির জন্য হবে

$= 3^5 = 243$টি

57. ১৫টি বিন্দু দিয়ে কয়টি কর্ণ আঁকা সম্ভব?

a) ৯০ b) ১৮০

c) ৪৫৫ d) ৫৪০ **ans. A**

Solution: আমরা জানি, n ভুজাকৃতির থেকে কর্ণের সংখ্যা নির্ণয়ের সূত্র হলোঃ

$\frac{n(n-3)}{2} = \frac{15(15-3)}{2} = \frac{15 \times 12}{2} = 90$

58. ABC সমবাহু ত্রিভুজের বাহু AB এবং AC কে বর্ধিত করলে উৎপন্ন কোণদ্বয়ের সমষ্টি কত?

a) ২৪০° b) ২৭০°

c) ২৮০° d) ৩২০° **ans. A**

Solution: আমরা জানি, সমবাহু ত্রিভুজের অন্তর্ভুক্ত কোণ ৬০°

$\therefore$ ১টি বাহু বর্ধিত করলে কোণ হবে = ১৮০ - ৬০ = ১২০°

$\therefore$ ২টি বাহু বর্ধিত করলে কোণ হবে = ১২০ × ২ = ২৪০°

59. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ২ মিটার বাড়ালে এর ক্ষেত্রফল $3\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়। বাহুর দৈর্ঘ্য কত?

a) ১ মি. b) ২ মি.

c) ৩ মি. d) ৪ মি. **ans. B**

Solution: সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$

$\therefore$ নতুন সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}(a+2)^2$

প্রশ্নমতে, $\frac{\sqrt{3}}{4}(a+2)^2 - \frac{\sqrt{3}}{4}(a^2) = 3\sqrt{3}$

$\Rightarrow \frac{\sqrt{3}}{4}\{(a+2)^2 - a^2\} = 3\sqrt{3}$

$\Rightarrow \frac{\sqrt{3}}{4}\{(a+2+a)(a+2-a)\} = 3\sqrt{3}$

$\Rightarrow \frac{\sqrt{3}}{4} \times 2(2a+2) = 3\sqrt{3}$ [উভয় পক্ষকে $\frac{2}{\sqrt{3}}$ দ্বারা গুণ]

$\Rightarrow 2(2a+2) = \frac{3\sqrt{3} \times 4}{\sqrt{3}}$

$\Rightarrow 4a + 4 = 12$

$\Rightarrow 4a = 8$

$\therefore a = 2$

60. U = {0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9}, A = {0, 1, 2, 3, 4} B = {2, 3, 4, 5, 6} হলে, $A' \cap B' = ?$

a) {7, 8, 9} b) {0, 8, 9}

c) {8, 9} d) {6, 7, 9} **ans. A**

Solution: $A' = U - A = \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\} - \{0, 1, 2, 3, 4\} = \{5, 6, 7, 8, 9\}$

$\therefore B' = U - B = \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\} - \{2, 3, 4, 5, 6\} = \{0, 1, 7, 8, 9\}$

$\therefore A' \cap B' = \{5, 6, 7, 8, 9\} \cap \{0, 1, 7, 8, 9\} = \{7, 8, 9\}$

61. কাঁসার উপাদান হলো-

a) তামা ও টিন b) তামা ও নিকেল

c) তামা ও সিসা d) তামা ও দস্তা **ans. A**

Solution: বিভিন্ন সংকর ধাতু ও তাদের ব্যবহারঃ

সংকর ধাতু	উৎপাদন	ব্যবহার
পিতল	তামা ও জিঙ্ক	বাসনপত্র, টেলিস্কোপ, ব্যারোমিটার ইত্যাদি
ব্রোঞ্জ/ কাঁসা	তামা ও টিন	মুদ্রা, মূর্তি, থালা, ভারী যন্ত্রপাতি, সরঞ্জাম, ইলেকট্রিক যন্ত্রপাতি ইত্যাদি
ম্যাগনেসিয়াম	অ্যালুমিনিয়াম ও ম্যাগনেসিয়াম	উড়োজাহাজের ফ্রেম ও মূলাদণ্ড ইত্যাদি প্রস্তুত করতে
নিকেল স্টিল	লোহা ও নিকেল	বিমানের প্রপেলার, রেল, বর্ম প্রস্তুতিতে
ডুরালুমিন	অ্যালুমিনিয়াম, তামা, ম্যাগনেসিয়াম ও ম্যাঙ্গানিজ	বিমান, মোটরগাড়ির নানা অংশ, নৌকা, কল লাইনের পাত, উচ্চ ক্ষমতা সম্পন্ন ক্ষয় প্রতিরোধকে।

62. MKS, CGS এবং FPS পদ্ধতিতে ভরের একক যথাক্রমে-

a) কিলোগ্রাম, গ্রাম, পাউন্ড

b) কিলোগ্রাম, গ্রাম, আউন্স

c) গ্রাম, পাউন্ড, কিলোগ্রাম

d) পাউন্ড, কিলোগ্রাম, গ্রাম **ans. A**

Solution: MKS, CGS এবং FPS পদ্ধতিতে ভরের একক যথাক্রমে কিলোগ্রাম, গ্রাম, পাউন্ড। উল্লেখ্য,

রাশি (প্রতীক)	একক (MKS বা SI)	একক (CGS)	একক (FPS)
ভর (M)	কিলোগ্রাম (*kg*)	গ্রাম (g)	পাউন্ড
দৈর্ঘ্য (L)	মিটার (*m*)	সেন্টিমিটার (*cm*)	ফুট
সময় (*t*)	সেকেন্ড (*s*)	সেকেন্ড (*s*)	সেকেন্ড
তাপমাত্রা (T)	কেলভিন (*k*)	ডিগ্রি সেলসিয়াস (°C)	
তড়িৎপ্রবাহ (I)	অ্যাম্পিয়ার (A)	অ্যাম্পিয়ার (A)	
দীপন তীব্রতা (J)	ক্যান্ডলা (*cd*)	ক্যান্ডলা (*cd*) পাওয়ার	
পদার্থের পরিমাণ (*n*)	মোল (*mol*)	মোল (*mol*)	

Recent Publication

63. লোহিত কণিকার গড় আয়ু-

a) ৮০ দিন b) ১০০ দিন
c) ১২০ দিন d) ১৫০ দিন **ans. C**

Solution: মানবদেহে তিন ধরনের রক্তকণিকা দেখা যায়ঃ লোহিত রক্তকণিকা, শ্বেত রক্তকণিকা ও অণুচক্রিকা। লোহিত রক্তকণিকায় নিউক্লিয়াস নেই।

লোহিত রক্তকণিকা দেখতে অনেকটা বৃত্তের মতো দ্বি-অবতল। লোহিত রক্তকণিকায় হিমোগ্লোবিন থাকে। লোহিত রক্তকণিকার সংখ্যা শ্বেত রক্তকণিকার তুলনায় অনেক বেশি। এদের অনুপাত প্রায় ৭০০ ঃ ১। লোহিত রক্তকণিকার গড় আয়ু ১২০ দিন। আর শ্বেত রক্তকণিকার গড় আয়ু ১-১৫ দিন।

64. রক্তরসে কোন গ্যাসীয় পদার্থ নেই?

a) O_2 b) CO_2
c) Cl_2 d) N_2 **ans. C**

Solution: Cl_2 (ক্লোরিন) একটি বিষাক্ত গ্যাস, যা শ্বাসপ্রশ্বাসের মাধ্যমে গ্রহণ করা যায় না এবং রক্তে পাওয়া যায় না। মানব রক্তরসে যে গ্যাসীয় পদার্থগুলো থাকেঃ

O_2 (অক্সিজেন)	শ্বসনের জন্য গুরুত্বপূর্ণ।
CO_2 (কার্বন ডাইঅক্সাইড)	কোষে তৈরি হয়ে রক্তে মিশে যায়।
N_2 (নাইট্রোজেন)	বাতাসের একটি অংশ হিসেবে কিছুটা রক্তে দ্রবীভূত হয়।

65. কোন পানিতে প্রথম জীবনের সৃষ্টি হয়েছিল?

a) নদীর b) ঝরণার
c) সমুদ্রের d) পুকুরের **ans. C**

Solution: প্রাকৃতিকভাবে বিজ্ঞানীরা মনে করেন পৃথিবীতে প্রথম প্রাণের উৎপত্তি হয়েছিল সমুদ্রের জলে। সমুদ্রের উষ্ণ জলে থাকা বিভিন্ন খনিজ, জৈব অণু, এবং বিদ্যুৎ বা অগ্নুৎপাতের মতো শক্তির উৎসের কারণে রাসায়নিক বিক্রিয়ায় প্রাণের মৌলিক অণু তৈরি হয়েছিল। যেমনঃ প্রোটোপ্লাজম বা প্রাথমিক কোষীয় উপাদান সমুদ্রের জলে গঠিত হয়েছিল।

66. স্বাভাবিক বয়স্ক লোকের চোখে স্পষ্ট দৃষ্টির ন্যূনতম দুরত্ব কত?

a) ৫ সে. মি. b) ১০ সে. মি.
c) ২৫ সে. মি. d) ৫০ সে. মি. **ans. C**

Solution: একজন সুস্থ স্বাভাবিক বয়স্ক মানুষের চোখের জন্য ন্যূনতম স্পষ্ট দৃষ্টির দূরত্বকে বলা হয় Minimum distance of distinct vision (D)।

এই দূরত্বে বস্তু রাখলে তা চোখের রেটিনায় স্পষ্টভাবে প্রতিফলিত হয়।
এই দূরত্ব সাধারণত ২৫ সেন্টিমিটার (২৫ সেমি)।
এটিকে Near point of the eye-ও বলা হয়।

67. পানিতে P^H এর মান কত হলে মাছের ডিম নষ্ট হয়ে যায়?

a) ৬ b) ৬ এর বেশি
c) ৬ এর কম d) ৫ এর কম **ans. D**

Solution: পানিতে p^H এর মান ৫ এর কম হলে পানিতে অম্লের পরিমাণ বেড়ে যায় ফলে মাছের ডিম নষ্ট হয়ে যায়। উল্লেখ্য, মানুষের রক্তের p^H এর মাত্রা ৭.৩৫ থেকে ৭.৪৫ এবং তাপমাত্রা ৩৬° থেকে ৩৮° সেলসিয়াস। রক্তের আপেক্ষিক গুরুত্ব পানির চেয়ে বেশি, ১.০৬৫ (প্রায়)। হাইড্রোজেন আয়ন (H^+) দ্রবণের মোলার ঘনমাত্রার ঋণাত্মক লগারিদমকে p^H বলে। p^H এর মান দ্বারা পানিতে হাইড্রোজেনের পরিমাণ নির্ণয় করা হয়। বিভিন্ন ক্ষেত্রে p^H এর মানঃ

নির্দেশক	p^H	নির্দেশক	p^H
রক্ত	৭.৩৫-৭.৪৫	মাতৃদুগ্ধ	৭.০-৭.৪
মুখের লালা	৬.৪-৬.৭	ত্বক	৫.৫০-৫.৬০
পাকস্থলী	২.০	চোখের পানি	৭.৩-৭.৪
প্রস্রাব	৪.৫-৮	বিশুদ্ধ পানি	৭
মাটি	৪.০-৮.০		

68. জীববিজ্ঞানে কী ধরনের তথ্য প্রযুক্তি ব্যবহার করা হয়?

a) বায়োইনফরমেটিক্স b) বায়োমেট্রিক
c) বায়োকেমিস্ট্রি d) কোনটিই নয় **ans. A**

Solution: Bio (জৈব) + Informatics (তথ্য প্রযুক্তি)ঃ Bioinformatics এর অর্থ দাড়ায় জৈব তথ্য প্রযুক্তি। জীব বিজ্ঞানের জ্ঞানকে কাজে লাগিয়ে পাওয়া জেনেটিক কোডের মত জটিল তথ্যকে বিশ্লেষণ করার কাজ করে Bioinformatics কম্পিউটার বিজ্ঞান, পরিসংখ্যান, গণিত সহ ইঞ্জিনিয়ারিং তথ্য প্রকৌশল বিদ্যাকে কাজে লাগিয়ে জটিল কিছু প্রক্রিয়ার মাধ্যমে এমন কিছু সফটওয়্যার প্রস্তুত করা হয় যার সাহায্যে খুব সহজেই জীববিজ্ঞান সংক্রান্ত ডাটাগুলো বিশদ আকারে বিশ্লেষণ করা হয়। এইসবগুলো বিষয়ের সংমিশ্রণেই হচ্ছে বায়োইনফরমেটিক্স।

69. নিম্নের কোন রোগটি DNA ভাইরাসঘটিত?

a) ডেঙ্গুজ্বর b) স্মলপক্স
c) কোভিড-১৯ d) পোলিও **ans. B**

Solution: DNA বা Deoxiribonuclecic Acid ভাইরাস এমন একটি ভাইরাস যা DNA হিসাবে তার জিনগত উপাদান এবং একটি ডিএনএ-নির্ভর DNA পলিমারেজ ব্যবহার করে প্রতিলিপি করে। DNA ভাইরাস দ্বারা স্মলপক্স, হারপস এবং মুরগি পোকামাকড়ের মতো উল্লেখযোগ্য রোগের সৃষ্টি হয়।

70. কত সালে হ্যালির ধুমকেতু পুনরায় দেখা যাবে?

a) ২০২৬ b) ২০৫২
c) ২০৬২ d) ২০৭০ **ans. C**

Solution: জ্যোতির্বিজ্ঞানী এডমন্ড হ্যালি যে ধূমকেতু আবিষ্কার করেন তা হ্যালির ধূমকেতু নামে পরিচিত। হ্যালির ধূমকেতু প্রায় ৭৫ বা ৭৬ বছর পরপর দেয়া যায়। ১৯৮৬ সালে হ্যালির ধূমকেতু সর্বশেষ দেখা গেছে। এটি আবার দেখা যাবে ২০৬২ সালে।

71. উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র-

a) ওডোমিটার b) ক্রোনমিটার
c) ট্যাকোমিটার d) ক্রেসকোগ্রাফ **ans. C**

Solution: ট্যাকোমিটার = বিমানের গতি নির্ণায়ক যন্ত্র। উল্লেখ্য,

ওডোমিটার = গাড়ির গতির পরিমাপক যন্ত্র	ক্রোনমিটার = সূক্ষ্ম সময় নির্ণয়ক যন্ত্র।
ক্রেসকোগ্রাফ = উদ্ভিদের বৃদ্ধি পরিমাপক যন্ত্র।	সিসমোগ্রাফ = ভূকম্পন তরঙ্গ নির্ণায়ক যন্ত্র।
ব্যারোমিটার = বায়ুমণ্ডলের (আবহাওয়া) চাপ নির্ণায়ক যন্ত্র।	অডিওমিটার = শব্দের তীব্রতা নির্ণায়ক যন্ত্র।

72. **'কেপলার - ৪৫২ বি' কী?**

a) একটি মহাকাশযান
b) পৃথিবীর মতো একটি গ্রহ
c) সূর্যের মতো একটি নক্ষত্র
d) NASA এর অত্যাধুনিক টেলিস্কোপ **ans. B**

Solution: পৃথিবীর সঙ্গে আকারে-প্রকারে অনেক মিল রয়েছে এমন একটি গ্রহের খোঁজ দিয়েছেন যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা প্রতিষ্ঠান নাসার গবেষকেরা। নতুন এই গ্রহটি পৃথিবী থেকে এক হাজার ৪০০ আলোকবর্ষ দূরে গোল্ডিলক জোন এলাকায় অবস্থিত। গোল্ডিলক জোন নাতিশীতোষ্ণ অঞ্চল, যেখানে প্রাণের উদ্ভব ঘটা সম্ভব। এখানকার অনেক গ্রহে তরল পানির অস্তিত্ব থাকতে পারে এবং সূর্যের মতো নক্ষত্রকে কেন্দ্র করে আবর্তনকারী অনেক গ্রহ সেখানে রয়েছে। নাসার কেপলার স্পেস টেলিস্কোপ দিয়ে এই গ্রহটিতে খুঁজে পেয়েছেন গবেষকেরা। তাই এটির নাম দিয়েছেন 'কেপলার ৪৫২ বি'। ২০০৯ সাল থেকে জীবনধারণের উপযোগী পৃথিবী সদৃশ গ্রহ শনাক্ত করতে কাজ করছে কেপলার।

73. **গ্রাফিন (Graphene) কার বহুরূপী?**

a) কার্বন ও নাইট্রোজেন b) কার্বন ও অক্সিজেন
c) কার্বন ও হাইড্রোজেন d) কার্বন **ans. D**

Solution: গ্রাফিন আসলে বহুরূপী মৌল কার্বনের একটি ভিন্ন অবস্থা মাত্র। গ্রাফিন নামের পদার্থটি মাত্র এক পরমাণু সমান পাতলা। স্বচ্ছতা কাঁচের মতো। কিন্তু এটি ইস্পাতের চেয়ে প্রায় ১০০ গুণ দৃঢ় এবং তাপ ও বিদ্যুৎ পরিবাহী হিসেবে অতি চমৎকার। এটি অদূর ভবিষ্যতে বিশ্বকে আমূল বদলে দিতে যাচ্ছে বলেই মনে করছেন গবেষকেরা। বিদ্যুৎশক্তি উৎপাদন, তথ্যপ্রযুক্তি ও চিকিৎসা প্রযুক্তি থেকে শুরু করে মহাকাশ গবেষণায়ও বৈপ্লবিক পরিবর্তন ঘটাতে পারে এই গ্রাফিন। শুধু তা-ই নয়, প্রাকৃতিক খনিজ সম্পদ দ্রুত কমে যাওয়ায় ভবিষ্যতের অবলম্বন হতে পারে এই অতি পাতলা পদার্থ।

74. **প্রোটিন তৈরি হয়-**

a) ফ্যাটি অ্যাসিড দিয়ে b) নিউক্লিক এসিড দিয়ে
c) অ্যামিনো অ্যাসিড দিয়ে d) কোনোটিই নয় **ans. C**

Solution: কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন এবং নাইট্রোজেন এই ৪টি মৌলের সমন্বয়ে আমিষ বা প্রোটিন তৈরি হয়। শরীরে আমিষ পরিপাক হওয়ার পর সেগুলো অ্যামিনো এসিডে পরিণত হয়। অর্থাৎ বলা যায় একটি নির্দিষ্ট আমিষের পরিচয় হয় কিছু অ্যামিনো এসিড দিয়ে। মানুষের শরীরে এই পর্যন্ত ২০ ধরনের অ্যামিনো এসিডের সন্ধান পাওয়া গেছে এবং এই অ্যামিনো এসিড হলো আমিষ গঠনের একক। সূত্র: নবম-দশম শ্রেণী (বিজ্ঞান)।

75. **কোন এনজাইম কার্বোহাইড্রেট পরিপাকে সহায়তা করে?**

a) পেপসিন b) এমাইলেজ
c) রেলিন d) ট্রিপাসিন **ans. B**

Solution: এমাইলেজ (Amylase): লালারসে (Saliva) ও অগ্ন্যাশয়ের রসে থাকে। এটি স্টার্চ বা শ্বেতসার (কার্বোহাইড্রেট) ভেঙে মল্টোজে পরিণত করে।

পেপসিন	প্রোটিন পরিপাকে সহায়তা করে।
রেনিন	শিশুদের পাকস্থলীতে প্রোটিনের দুধ জমাট বাঁধায় সাহায্য করে।
ট্রিপসিন	প্রোটিন পরিপাকে সহায়তা করে।

76. **"কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি" কবিতার রচয়িতা কে?**

a) কাজী নজরুল ইসলাম b) আবদুল গাফফার চৌধুরী
c) আলাউদ্দিন আল আজাদ d) মুনীর চৌধুরী **ans. Note**

Solution: "কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি" কবিতার রচয়িতা হলেন মাহবুব উল আলম চৌধুরী। উল্লেখ্য, ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি পাকিস্তানি শাসকগোষ্ঠী গুলি চালিয়ে হত্যা করে মাতৃভাষার অধিকার প্রতিষ্ঠার দাবিতে মিছিলরত তরুণদের। সেই খবর ছড়িয়ে পড়ে সারা দেশে। মাহবুব উল আলম চৌধুরী তখন অসুস্থ; তাঁর শরীরে জলবসন্তের চিহ্ন। রাত জেগে তিনি লিখলেন আগুনঝরা কবিতা: 'কাঁদতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি'। ২৩ ফেব্রুয়ারি চট্টগ্রামের লালদীঘি ময়দানে প্রতিবাদ সভায় সে কবিতা পড়লেন তাঁরই সতীর্থ চৌধুরী হারুণ-উর-রশীদ। পাকিস্তান সরকার সে কবিতা বাজেয়াপ্ত করে। হুলিয়া জারি করে মাহবুব উল আলম চৌধুরীর ওপর। তিনি এবং তাঁর কবিতা হয়ে গেল ইতিহাসের অংশ। 'কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি' একুশের প্রথম কবিতা।

77. **সংবিধানের কত অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশে জাতীয় সংসদ নামে একটি আইনসভা আছে?**

a) ৩৮ b) ৫৫
c) ৪০ d) ৬৫ **ans. D**

Solution: সংবিধানের ৬৫নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশে জাতীয় সংসদ নামে একটি আইনসভা আছে। উল্লেখ্য,

৩৮নং অনুচ্ছেদ	৫৫নং অনুচ্ছেদ	৪০নং অনুচ্ছেদ
আইন সাপেক্ষে সমিতি বা সংঘ গঠন করবার অধিকার প্রত্যেক নাগরিকের থাকবে	প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভা	পেশা বা বৃত্তির স্বাধীনতা

78. **বাংলাদেশের দেশজ উৎপাদনে কোন খাতের অবদান বেশি?**

a) শিল্প b) কৃষি
c) স্বাস্থ্য d) সেবা **ans. D**

Solution: GDP তে সবথেকে বেশি অবদান যথাক্রমে সেবা খাতে, শিল্পখাতে এবং কৃষিখাতে।

Recent Publication

79. কর বহির্ভূত রাজস্ব কোনটি?

a) বন b) আয়কর

c) ভূমি রাজস্ব কর d) যানবাহন কর **ans. A**

Solution: কর বহির্ভূত রাজস্ব (Non-Tax Revenue) হলো সরকারের এমন এক ধরনের আয় যা কর থেকে আসে না। এটি সাধারণত সরকারি বিভিন্ন সম্পদ, পরিষেবা বা কার্যক্রম থেকে অর্জিত হয়। উদাহরণস্বরূপ, সরকারি মালিকানাধীন কর্পোরেশনগুলির লভ্যাংশ, সুদ, ফি, জরিমানা, লাইসেন্স ফি, লিজ থেকে আয়, বন এবং বিভিন্ন সরকারি পরিষেবা (যেমনঃ রেজিস্ট্রেশন, লাইসেন্স প্রদান) থেকে প্রাপ্ত অর্থ কর বহির্ভূত রাজস্বের অন্তর্ভুক্ত।
কর রাজস্ব হলো সরকার কর্তৃক ধার্য করা বিভিন্ন প্রকার কর থেকে প্রাপ্ত আয়। এটি সরকারের অন্যতম প্রধান আয়ের উৎস, যা বিভিন্ন জনকল্যাণমূলক কাজে ব্যয় করা হয়। যেমনঃ রাস্তাঘাট, সেতু, শিক্ষা, স্বাস্থ্য, ইত্যাদি খাতে ব্যয়িত হয়। কর রাজস্বের মধ্যে অন্তর্ভুক্তঃ

আয়কর	ব্যক্তি বা প্রতিষ্ঠানের আয় বা লাভের উপর ধার্য করা হয়।
মূল্য সংযোজন কর (ভ্যাট)	পণ্য ও সেবার উপর ধার্য করা হয়।
আমদানি শুল্ক	আমদানিকৃত পণ্যের উপর ধার্য করা হয়।
বিভিন্ন প্রকার আবগারি শুল্ক	নির্দিষ্ট কিছু পণ্যের উপর ধার্য করা হয়। ভূমি রাজস্ব কর, যানবাহন কর।

80. বাংলাদেশ সরকারের ব্যয়ের প্রধান খাত কোনটি?

a) বৈদেশিক বিষয়াদি b) প্রতিরক্ষা

c) বেসামরিক প্রশাসন d) শিক্ষা **ans. C**

81. নিচের কোনটি তিন শূন্য তত্ত্বেও অন্তর্ভূক্ত নয়?

a) শূন্য নীট কার্বন নির্গমগনb) শূন্য দারিদ্র্য

c) শূন্য ক্ষুধা d) শূন্য বেকারত্ব **ans. C**

Solution: ড. মুহাম্মদ ইউনূস তার 'থ্রি জিরো' বা তিন শূন্য ধারণায় একটি সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত পরিবর্তনের স্বপ্ন দেখিয়েছেন। এই মডেল তিনটি শূন্য লক্ষ্যকে কেন্দ্র করে গড়ে উঠেছে। Three Zero তত্ত্বের জনক ড. মুহাম্মদ ইউনূস। ড. মুহাম্মদ ইউনূস ২০২৪ সালে ৩৩তম প্যারিস অলিম্পিকে Three Zero তত্ত্ব প্রদান করেন। Three Zero হলোঃ

a)	Zero Poverty (SDG গোল ১ এবং ১.২ নং সম্পর্কিত)
b)	Zero Unemployment
c)	Zero Net Carbon Emissions (SDG গোল ১৩ নং সম্পর্কিত)

82. বাংলাদেশ–মিয়ানমার ইস্যুতে নিচের কোন সংস্থা মধ্যস্থতা করেছে?

a) UNDP b) UNHCR

c) UNESCO d) WHO **ans. B**

Solution: UNHCR হলো জাতিসংঘের শরণার্থী সংস্থা, যারা বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের পুনর্বাসনের জন্য বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে সহানুভূতিশীল ও টেকসই সমাধানের জন্য কাজ করেছে। এই সংস্থা আন্তর্জাতিকভাবে রোহিঙ্গা ইস্যুতে সবচেয়ে সক্রিয় এবং বিবিধ মধ্যস্থতা কার্যক্রমে অংশগ্রহণ করেছে। UNHCR এবং UNDP ২০১৮ সালে মিয়ানমারের সঙ্গে একটি ত্রিপক্ষীয় সমঝোতা (MoU) স্বাক্ষর করে, যা রোহিঙ্গা শরণার্থীদের স্বেচ্ছায়, নিরাপদ ও সম্মানজনক প্রত্যাবাসনের লক্ষ্যে মধ্যস্থতা কার্যক্রম শুরু করে।

83. জাতিসংঘেল মহাসচিব অ্যান্তেনিও গুতেরেস কোথায় 'জাতিসংঘ হাউজ' উদ্বোধন করেন?

a) গুলশান, ঢাকা b) মহাখালি, ঢাকা

c) আগারগাঁও, ঢাকা d) শাহবাগ, ঢাকা **ans. A**

Solution: ঢাকার গুলশানে 'জাতিসংঘ হাউস' উদ্বোধন করেন সংস্থাটির মহাসচিব অ্যান্তনিও গুতেরেস। ১৫ মার্চ ২০২৫ সালে (শনিবার) উদ্বোধন শেষে ভবনটি পরিদর্শন করেন মহাসচিব।

84. নিচের কোনটি জি-জিরো ভুক্ত দেশ নয়?

a) ভুটান b) পানামা

c) বাংলাদেশ d) মাদাগাস্কার **ans. C**

Solution: 'জি-জিরো' ফোরামের সদস্য দেশ চারটিঃ ভুটান, মাদাগাস্কার, পানামা এবং সুরিনাম। উল্লেখ্য, পৃথিবীর কার্বন নিঃসরণে নেতিবাচক দেশ হলো ৪টি। এই চারটি দেশ নিয়ে গঠিত হয় 'জি-জিরো' ফোরাম।

85. ফ্যাসিবাদ (Fascism) কোন ভাষা থেকে আগত?

a) ফরাসি b) ইংরেজি

c) ল্যাটিন d) ইতালিয় **ans. D**

Solution: ফ্যাসিবাদ একটি রাজনৈতিক মতবাদ, যা স্বৈরতান্ত্রিক ক্ষমতা, উগ্র জাতীয়তাবাদ এবং ব্যক্তিগত স্বাধীনতার ওপর কঠোর নিয়ন্ত্রণের ওপর ভিত্তি করে গঠিত। বেনিতো মুসোলিনিকেই ফ্যাসিবাদের জনক বলা হয়, কারণ তিনি প্রথম এই মতবাদটি চালু করেন এবং এটি কার্যকর করেন। বেনিতো মুসোলিনি ছিলেন ইতালির ফ্যাসিবাদী আন্দোলনের প্রতিষ্ঠাতা এবং ১৯২২ থেকে ১৯৪৩ সাল পর্যন্ত ইতালির স্বৈরশাসক। তিনি ১৯১৯ সালে ইতালিতে ফ্যাসিস্ট পার্টি প্রতিষ্ঠা করেন এবং 'ফ্যাসিবাদ' শব্দটি প্রথম প্রবর্তন করেন। তার নেতৃত্বে ফ্যাসিবাদ একটি রাজনৈতিক মতবাদ হিসেবে প্রতিষ্ঠিত হয়।

86. LDC Status থেকে বাংলাদেশের আনুষ্ঠানিক উত্তরণ হবে

a) ২৪ অক্টোবর, ২০২৫

b) ২৪ নভেম্বর, ২০২৫

c) ২৪ অক্টোবর, ২০২৬

d) ২৪ নভেম্বর, ২০২৬ **ans. D**

Solution: LDC থেকে বের হতে ২০২৬ সালের ২৪ নভেম্বর পর্যন্ত অপেক্ষা করতে হবে। স্বল্পোন্নত দেশের (LDC) তালিকা থেকে বের হয়ে যাওয়ার সুপারিশ পায় বাংলাদেশ। জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (CDP) ২০২১ সালের ২৬ ফেব্রুয়ারি রাতে ৫ দিনের বৈঠক শেষে এ সুপারিশ করে।

87. বাংলাদেশকে প্রথম স্বীকৃতিকারী দেশ কোনটি?
a) মায়ানমার b) ভারত
c) ভুটান d) রাশিয়া **ans. C**

Solution: ভুটান ও ভারত ৬ ডিসেম্বর, ১৯৭১ সালে একই দিনে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দিলেও ভুটান ভারতের কয়েক ঘন্টা আগে স্বীকৃতি দেয়। তাই প্রথম স্বীকৃতি দানকারী দেশ হিসেবে ভুটানই হবে উত্তর। বাংলাদেশকে স্বীকৃতিতে প্রথমঃ

	দেশ	তারিখ
প্রথম দেশ	ভুটান	৬ ডিসেম্বর, ১৯৭১
আরব দেশ	ইরাক	৮ জুলাই, ১৯৭২
উপসাগরীয় দেশ	কুয়েত	৪ নভেম্বর, ১৯৭৩
ইউরোপীয় দেশ	পূর্ব জার্মানি	১১ জানুয়ারি, ১৯৭২
উত্তর আমেরিকার দেশ	বার্বাডোস	২০ জানুয়ারি, ১৯৭২
দক্ষিণ আমেরিকার দেশ	ভেনিজুয়েলা	২ মে, ১৯৭২
ওশেনিয়া দেশ	টোঙ্গা	২৪ জানুয়ারি, ১৯৭২
এশীয় মুসলিম দেশ	ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া	২৫ ফেব্রুয়ারি, ১৯৭২

88. কপ সম্মেলনের আয়োজক সংস্থা-
a) UNEP b) IPCC
c) UNFCCC d) IUCN **ans. C**

Solution: COP (Conference of the Parties) বা কপ সম্মেলন আয়োজিত ও সংবর্ধিত হয় United Nations Framework Convention on Climate Change (UNFCCC) এর মাধ্যমে। এটি হলো জাতিসংঘের জলবায়ু পরিবর্তন কাঠামোবদ্ধ কনভেনশন, যার অধীন কর্তৃপক্ষ হিসেবে UNFCCC Secretariat নিয়মিত সম্মেলনের আয়োজন ও প্রশাসনিক প্রশাসন সম্পাদন করে সংশ্লিষ্ট আলোচনাসভা, তহবিল, প্রযুক্তি ও নীতি নির্ধারণের কাজও এই সেক্রেটারিয়েট পরিচালনা করে।

89. পৃথিবীর গভীরতম স্থান-
a) ম্যারিয়ানা ট্রেঞ্চ b) ডেড সী
c) বৈকাল হ্রদ d) লোহিত সাগর **ans. A**

Solution: ম্যারিয়ানা ট্রেঞ্চ হলো প্রশান্ত মহাসাগরের তলদেশের একটি খাত বা পরিখা। এটি বিশ্বের গভীরতম সমুদ্র খাত। প্রশান্ত মহাসাগরের পশ্চিম প্রান্তে মারিয়ানা দ্বীপপুঞ্জের ঠিক পূর্ব দিকের এ খাত উত্তর-পূর্ব থেকে দক্ষিণ-পশ্চিমে প্রায় ২ হাজার ৫৫০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত। খাতটির দক্ষিণ প্রান্তসীমায় গুয়াম দ্বীপের ৩৪০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে পৃথিবী পৃষ্ঠের গভীরতম বিন্দু অবস্থিত। এই বিন্দুর নাম চ্যালেঞ্জার ডিপ এবং এর গভীরতা প্রায় ১১ হাজার ৩৩ মিটার।

90. গণতন্ত্রের ধারণা প্রথম উৎসারিত হয় কোন দেশে?
a) যুক্তরাষ্ট্র b) প্রাচীন গ্রীস
c) প্রাচীন রোম d) প্রাচীন ভারত **ans. B**

Solution: খ্রিস্টপূর্ব ষষ্ঠ অব্দ থেকে চতুর্থ অব্দ। প্রাচীন গ্রিসে ছড়িয়ে ছিটিয়ে ছিল হাজারেরও বেশি নগররাষ্ট্র। নগররাষ্ট্রগুলোতে ছিল বৈচিত্র্যময় শাসনব্যবস্থা। গ্রিসের নগররাষ্ট্রগুলোর শাসনকাঠামোতে রাজতন্ত্রের উপস্থিতি ছিল, অনেক নগররাষ্ট্রে ছিল সাংবিধানিক শাসন, আবার ছিলো প্রত্যক্ষ গণতন্ত্রের উপস্থিতিও। দীর্ঘ শাসনতান্ত্রিক বিবর্তন আর রাজনৈতিক সংস্কারের মধ্যে দিয়ে এথেন্সের মতো নগররাষ্ট্রগুলোতে গণতান্ত্রিক শাসনকাঠামোর বিকাশ ঘটে, রাজনৈতিক সিদ্ধান্তগুলো গ্রহণ করা হতো প্রত্যক্ষ ভোটের মাধ্যমে। অর্থাৎ গণতন্ত্রের ধারণা প্রথম উৎসারিত হয় গ্রিসে।

91. "The Kyoto Protocol" কী?
a) অস্ত্র সরবরাহ সংক্রান্ত চুক্তি
b) খাদ্য সরবরাহ সংক্রান্ত চুক্তি
c) গ্রিণ হাউজ গ্যাস নিঃসরণ নিয়ন্ত্রণ সংক্রান্ত চুক্তি
d) সীমান্ত চুক্তি **ans. C**

Solution: "The Kyoto Protocol" হলো গ্রিণ হাউজ গ্যাস নিঃসরণ নিয়ন্ত্রণ সংক্রান্ত চুক্তি। উল্লেখ্য, বিশ্ব পরিবেশ রক্ষা করার জন্য বিশ্ব উষ্ণতা রোধে জাপানের প্রাচীন রাজধানী কিয়োটাতে অনুষ্ঠিত সম্মেলনে কিয়োটো প্রটোকল স্বাক্ষর করা হয়। প্রটোকলটি স্বাক্ষরিত হয় ১৯৯৭ সালে। এর মেয়াদ শেষ হয় ২০১২ সালে। প্রটোকলটি কার্যকর হয় ১৬ ডিসেম্বর, ২০০৫ সালে। প্রটোকলে বলা হয়, শিল্পোন্নত দেশসমূহ তাদের গ্রিন হাউজ গ্যাসের নির্গমন ২০০৮-১২ সাল নাগাদ ১৯৯০ সালের পর্যায়ে নিয়ে আসবে তথা গড়ে ৫ শতাংশ হারে হ্রাস করবে।

92. বার্ড কোন জাতীয় পুরস্কার পেয়েছে?
a) একুশে পদক
b) স্বাধীনতা দিবস পুরস্কার
c) জাতীয় সমবায় পুরস্কার
d) উপরের সবগুলো **ans. B**

Solution: পল্লী উন্নয়নের ক্ষেত্রে বিভিন্ন মডেল/ কর্মসূচী উদ্ভাবনের মাধ্যমে গৌরবময় অবদান ও কীর্তির স্বীকৃতিস্বরূপ বার্ড ১৯৮৬ সালে 'স্বাধীনতা পদক' লাভ করে এবং ২০১৩ সালে জাতীয় পল্লী উন্নয়ন পদক লাভ করে।

93. BRICS এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
a) সাংহাই b) মস্কো
c) প্রিটোরিয়া d) নয়াদিল্লী **ans. Note**

Solution: BRICS এর সদর দপ্তর নেই। উল্লেখ্য, যুক্তরাষ্ট্রভিত্তিক ব্যাংকিং ও আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠান গোল্ডম্যান স্যাকস (Goldman Sachs) এর অর্থনীতিবিদ জিম ও'নিল ২০০১ সালে ব্রাজিল, রাশিয়া ভারত এবং চীনের নামের আদ্যক্ষর সমন্বয়ে BRIC ধারণার প্রবর্তন করেন। ১৪ এপ্রিল, ২০১১ সালে দক্ষিণ আফ্রিকা এ জোটে যুক্ত হলে এর নাম হয় BRICS.

94. সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ৪৫ সে. মি. বৃদ্ধি পেলে ২০৫০ সাল নাগাদ বাংলাদেশে Climate Refugee হবে-
a) ৩ কোটি b) ৩.৫ কোটি
c) ৪ কোটি d) ৪.৫ কোটি **ans. B**

64

Solution: আন্তর্জাতিক বিভিন্ন গবেষণা ও IPCC-এর (Intergovernmental Panel on Climate Change) অনুমান অনুযায়ী, বাংলাদেশ একটি সবচেয়ে ঝুঁকিপূর্ণ দেশ সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির কারণে। ২০৫০ সালের মধ্যে যদি সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ৪৫ সেন্টিমিটার বেড়ে যায়, তবে বাংলাদেশের দক্ষিণাঞ্চলের বড় একটি অংশ নিমজ্জিত হবে এবং আনুমানিক ৩.৫ কোটি মানুষ তাদের ঘরবাড়ি হারাবে এবং অভ্যন্তরীণভাবে স্থানান্তরিত হবে, যাদেরকে বলা হয় Climate Refugee বা জলবায়ু শরণার্থী।

95. ভূমধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরের মধ্যে কোন প্রণালীর অবস্থান?

a) হরমোজ b) জিব্রাল্টার
c) বসফরাস d) দার্দানেলিস **ans. B**

Solution: জিব্রাল্টার প্রণালী আফ্রিকা - ইউরোপ মহাদেশকে বিভক্ত করেছে এবং উত্তর আটলান্টিক - ভূমধ্যসাগরকে সংযুক্ত করেছে। উল্লেখ্য, বিশ্বের কিছু প্রণালীর নামঃ

নাম	পৃথক করেছে	সংযুক্ত করেছে
পক প্রণালী	ভারত-শ্রীলংকা	ভারত মহাসাগর-আরব মহাসাগর
বেরিং প্রণালী	এশিয়া-উত্তর আমেরিকা	চুকচি সাগর (উত্তর মহাসাগর)-বেরিং সাগর (প্রশান্ত মহাসাগর)
বাব-এল-মানদেব	এশিয়া-আফ্রিকা	এডেন সাগর-লোহিত সাগর
মালাক্কা প্রণালী	সুমাত্রা-মালয়েশিয়া	বঙ্গোপসাগর-জাভা সাগর
বসফরাস প্রণালী	এশিয়া-ইউরোপ	মর্মর সাগর-কৃষ্ণ সাগর
ফ্লোরিডা প্রণালী	ফ্লোরিডা-কিউবা	মেক্সিকো উপসাগর-আটলান্টিক মহাসাগর
ডোভার প্রণালী	ফ্রান্স-ব্রিটেন	ইংলিশ চ্যানেল-উত্তর সাগর
হরমোজ প্রণালী	সংযুক্ত আরব আমিরাত-ইরান	পারস্য উপসাগর-ওমান সাগর
দার্দানেলিস প্রণালী	এশিয়া-ইউরোপ	মর্মর সাগর-ভূমধ্যসাগর

96. কোন দেশ থেকে 'আরব বসন্ত' সূচনা হয়?

a) মিশর b) তিউসিনিয়া
c) লিবিয়া d) সিরিয়া **ans. B**

Solution: ২০১০ সালের ১৭ ডিসেম্বর থেকে আরব বিশ্বের বিভিন্ন দেশে যে গণজাগরণ সৃষ্টি হয়েছে তাকে উল্লেখ করা হয়েছে আরব বসন্ত (Arab Spring) হিসেবে। ২০১০ সালের ১৭ ডিসেম্বর, জন্ম নেয়া এই আন্দোলন ২০১১ সালের শুরুতে ব্যাপক আকার ধারণ করে তিউনিসিয়ায়। আরব যুবকদের মনে এ আন্দোলন নিয়ে আসে অর্থনৈতিক স্বাধীনতা, রাজনৈতিক সচেতনতা ও গণতন্ত্রের স্পৃহা। আরব বসন্ত-এর সূতিকাগার হিসেবে খ্যাত দেশ হচ্ছে তিউনিসিয়া। দেশটিতে Jasmine Revolution বা জুঁই বিপ্লব ঘটে ১৪ জানুয়ারি, ২০১১ সালে। উল্লেখ্য, কতিপয় বিপ্লব

বিপ্লবের নাম	সময়কাল	দেশ
শিল্প বিপ্লব	১৭৬০-১৮৪০	ইংল্যান্ড
দ্বিতীয় শিল্প বিপ্লব	১৮৭১-১৯১৪	
তৃতীয় শিল্প বিপ্লব	১৯৬০	
কিউবা বিপ্লব	১৯৫৯	কিউবা
রুশ/অক্টোবর/বলশেভিক বিপ্লব	১৯১৭	রাশিয়া
ভেলভেট বিপ্লব	১৯৮৯	চেকোস্লোভিয়া
মুনসুন বিপ্লব	২০২৪	বাংলাদেশ

97. শীতকালীন অলিম্পিক (Winter Olympic) ২০২৬ কোথায় অনুষ্ঠিত হবে?

a) স্পেন b) ইতালি
c) সুইডেন d) ফ্রান্স **ans. B**

Solution: আপডেট তথ্য পরিবর্তনশীল প্রশ্ন পার্টে দেখুন।

98. "Leaving no one behind" কোনটির মূলনীতি?

a) থ্রি জিরো থিওরি b) এসডিজি
c) ডেল্টা প্ল্যান d) এমডিজি **ans. B**

Solution: টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) হচ্ছে ভবিষ্যত বৈশ্বিক ও আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত কিছু লক্ষ্যমাত্রা, যা জাতিসংঘ প্রণয়ন করেছে। এসডিজির মূলনীতিহলো Leaving no one behind. সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহের (মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোলস) মেয়াদ ২০১৫ সালে শেষ হয়ে যাওয়ার পর, সেগুলো টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহের দ্বারা প্রতিস্থাপিত হয়েছে। SDGs এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল। এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে। ২৫-২৭ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক UN Sustainable Development Summit এ বিভিন্ন দেশের সরকার প্রধানদের আলোচনার মধ্যমে এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সম্মেলনের বিষয়বস্তু ছিলো Transforming our world: The 2030 Agenda for Sustainable Development.

99. কোন চুক্তিতে পারমাণবিক পরীক্ষা বন্ধ করার কথা বলা হয়েছে?

a) NATO b) CTBT
c) NPT d) SALT **ans. B**

Solution: CTBT হলো The Comprehensive Nuclear-Test-Ban Treaty বা সর্বব্যাপী পারমাণবিক পরীক্ষা নিষিদ্ধকরণ চুক্তি যা সামরিক ও অসামরিক ক্ষেত্রে যাবতীয় পারমাণবিক পরীক্ষার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। ১৯৯৬ সালের ১০ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ সভায় এই চুক্তি গৃহীত হয়। তবে এখনও এটি কার্যকর করা হয়নি। অন্যদিকে

NATO	সামরিক জোট।
NPT	পারমাণবিক অস্ত্র বিস্তার রোধ করা বিষয়ক তবে পারমাণবিক অস্ত্র বন্ধ করার চুক্তি নয়।
SALT	আমেরিকা ও সোভিয়েত ইউনিয়নের মধ্যে চুক্তি।

100. প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসন ব্যবস্থার মূলনীতি কোনটি?

a) সরকার b) মন্ত্রিপরিষদ
c) সার্বভৌমত্ব d) রাজনৈতিক দল **ans. D**

Solution: প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসন ব্যবস্থার মূলনীতি হলো রাজনৈতিক দল। কারণ রাজনৈতিক দল ছাড়া প্রতিনিধিত্বশীল সরকার চলতে পারে না।

Recent Publication

বাংলাদেশ কৃষি অধিদপ্তর

পদের নামঃ উপ-সহকারী কৃষি কর্মকর্তা

তারিখঃ ১১.০৭.২০২৫; সময়ঃ ৬০ মিনিট; পূর্ণমানঃ ১০০

01. 'নদী ও নারী' উপন্যাসের রচয়িতা কে?
a) হুমায়ুন কবির b) আবুল ফজল
c) ইমদাদুল হক d) আবু ইসহাক **ans. A**

Solution: 'নদী ও নারী' উপন্যাসের রচয়িতা হলেন হুমায়ুন কবির। তিনি মূলত লেখক ও রাজনীতিবিদ ছিলেন। তার রচিত কাব্যঃ স্বপ্নসাধ, সাথী, অষ্টাদশ।

02. 'এ ভরা বাদর মাহ ভাদর/শূন্য মন্দির মোরে।' - কে লিখেছেন?
a) চণ্ডীদাস b) বিদ্যাপতি
c) জ্ঞানদাস d) বড়ু চণ্ডীদাস **ans. B**

Solution: প্রাচীন কবি বিদ্যাপতির লেখা 'বর্ষণ মুখর দিনে বিরহের সুর নিহিত' এমন একটি কবিতা হলোঃ 'এ সখি হামারি দুঃখের নাহি ওর। এ ভরা বাদর মাহ ভাদর শূন্য মন্দির মোর'। তাঁর রচিত আরো কিছু বিখ্যাত উক্তি হলোঃ

একদিন মধুমিয়া উঠেরে মন যেহে শীতল শীতলকালে	নব বৃন্দাবন নব নব তরুগণ নব নব বিকশিত ফুল।	কি কহব রে সখি আনন্দ ওর চিরদিনে মাধব মন্দিরে মোর।

03. 'বক্তব্য' এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
a) √বাক্ + তব্য b) √বচন + তথ্য
c) √বচ্ + তব্য d) √বক্তা + তব্য **ans. C**

Solution: সংস্কৃত কৃৎ প্রত্যয়ঃ তব্য (তব্যৎ)

আবশ্যক বা করা উচিত অর্থে বিশেষণ শব্দ গঠন করে।	যেমনঃ √বচ্ + তব্য = বক্তব্য; √কৃ + তব্য = কর্তব্য; √দা + তব্য = দাতব্য; √মন্ + তব্য = মন্তব্য; √দৃশ + তব্য = দ্রষ্টব্য; √শ্রু + তব্য = শ্রোতব্য; √গম + তব্য = গন্তব্য ইত্যাদি।

04. 'বদমেজাজী' শব্দের 'বদ' কোন ধরনের উপসর্গ?
a) বাংলা b) আরবি
c) ফারসি d) উর্দু **ans. C**

Solution: কয়েকটি ফারসি উপসর্গ হলোঃ

উপসর্গ	যে অর্থে প্রযুক্ত	উদাহরণ
বর্	বাইরে, মধ্যে	বরখাস্ত, বরদাস্ত, বরখেলাপ, বরবাদ
বদ	মন্দ	বদমেজাজ, বদরাগী, বদমাশ, বদহজম, বদনাম
বে	না	বেআদব, বেআক্কেল, বেকসুর, বেকায়দা, বেতার,
ব্	সহিত	বমাল, বনাম, বকলম

05. নিচের কোনটি নিত্য সমাস?
a) ভালমন্দ b) দেশান্তর
c) বেয়াদব d) পঞ্চনদ **ans. B**

Solution: যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের প্রয়োজন হয় না তাকে নিত্যসমাস বলে। তদর্থবাচক ব্যাখ্যামূলক শব্দ বা বাক্যাংশ যোগে এগুলোর অর্থ বিশাদ করতে হয়। যেমনঃ অন্য দেশ = দেশান্তর; অন্য গ্রাম = গ্রামান্তর; অন্য গৃহ = গৃহান্তর; দুই এবং নব্বই = বিরানব্বই।

06. মাইকেল মধুসূদন দত্তের নাটক কোনটি?
a) শকুন্তলা b) ভদ্রার্জুন
c) রাবণবধ d) শর্মিষ্ঠা **ans. D**

Solution: 'শর্মিষ্ঠা' মাইকেল মধুসূদন দত্তের প্রথম প্রকাশিত বাংলা নাটক। তিনি নাটকটি রচনা করেন ১৮৫৮ সালে। উল্লেখ্য, পাশ্চাত্যরীতিতে বাংলা নাটক রচনার চেষ্টা এই নাটকের মধ্যে বিশেষভাবে লক্ষ্যনীয়। তাঁর রচিত অন্যান্য নাটকগুলো হলোঃ পদ্মাবতী, মায়াকানন, কৃষ্ণকুমারী।

07. 'আনারস' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
a) আরবি b) ফারসি
c) পর্তুগিজ d) হিন্দি **ans. C**

Solution: 'আনারস' পর্তুগিজ ভাষা থেকে আগত। পর্তুগিজ ভাষার আরো কয়েকটি শব্দ হলোঃ পেয়ারা, আলপিন, আলমারি, গুদাম, চাবি, কেরানি, আলকাতরা, পাউরুটি, পাদ্রি, বালতি, নিলাম, পেরেক, সাবান ইত্যাদি।

08. 'সৌম্য' এর বিপরীত শব্দ-
a) শান্ত b) উগ্র
c) কঠিন d) উদ্ধত **ans. B**

Solution:

প্রদত্ত শব্দ	সৌম্য	শান্ত	ভদ্র	নরম	উদ্ধত
বিপরীত শব্দ	উগ্র	দুরন্ত	ইতর	কঠিন	বিনীত

09. 'আসছে ফাল্গুনে আমরা কিন্তু দ্বিগুণ হব।' কোন উপন্যাস থেকে নেওয়া হয়েছে?
a) চিলেকোঠার সেপাই b) খোয়াবনামা
c) অলীক মানুষ d) আরেক ফাল্গুন **ans. D**

Solution: ভাষা আন্দোলন ভিত্তিক প্রথম উপন্যাস হলো জহির রায়হান রচিত 'আরেক ফাল্গুন'। এ উপন্যাসের উল্লেখযোগ্য উক্তি হলো 'আসছে ফাল্গুনে আমরা কিন্তু দ্বিগুণ হব'। তাঁর রচিত অন্যান্য উপন্যাস হলোঃ 'শেষ বিকেলের মেয়ে', 'হাজার বছর ধরে', 'আর কত দিন', 'বরফ গলা নদী', 'তৃষ্ণা', 'একুশে ফেব্রুয়ারি' ইত্যাদি।

10. 'গণ্যমান্য' কোন সমাস?
a) কর্মধারয় b) তৎপুরুষ
c) বহুব্রীহি d) দ্বন্দ্ব **ans. A**

Solution: বিশেষ্য ও বিশেষণ পদ মিলে যে সমাস হয় এবং বিশেষ্য বা পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকেই কর্মধারয় সমাস বলে। যেমনঃ যিনি গণ্য তিনি মান্য = গণ্যমান্য; মহান যে রাজা = মহারাজ; নীল যে পদ্ম = নীলপদ্ম; খাস যে মহল = খাসমহল ইত্যাদি।

11. 'চর্যাপদ' রচনার উদ্দেশ্য ছিল-
a) নীতি চর্চা b) ধর্ম চর্চা
c) সাহিত্য চর্চা d) গান চর্চা **ans. B**

Solution: চর্যাপদ হলো বাংলা সাহিত্যের আদি নিদর্শন। এটি মূলত বৌদ্ধ সহজিয়াদের সাধন সঙ্গীত (গানের সংকলন)। এটি রচনার মূল উদ্দেশ্য ধর্মচর্চা। চর্যাপদের 'চর্যা' শব্দের অর্থ আচরণ। ১৯০৭ সালে নেপালের রয়েল লাইব্রেরি (রাজগ্রন্থশালা) থেকে মহামহোপাধ্যায় ড. হরপ্রসাদ শাস্ত্রী চর্যাপদ আবিষ্কার করেন।

12. 'সর্বজন' এর বিশেষণ
a) সর্বজনীন b) সর্বগ্রাহ্য
c) সার্বিক d) সার্বজনীন **ans. D**

Solution: 'সর্বজন' শব্দের বিশেষণ হলো 'সার্বজনীন'। 'সর্বজনন' শব্দের অর্থ হলো 'সকল নরনারী' এবং 'সর্বজনীন' এর অর্থ হলো 'সর্বসাধারণের জন্য অনুষ্ঠিত'।

13. 'প্রদোষ' শব্দের অর্থ কী?
a) সকাল b) দুপুর
c) বিকেল d) সন্ধ্যা **ans. D**

Solution: 'প্রদোষ' শব্দের অর্থ 'সন্ধ্যা বা গোধূলি'।

14. "স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়" - চরণটি কার?
a) নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায় b) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
c) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় d) ঈশ্বরচন্দ্র গুপ্ত **ans. C**

Solution: 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়' চরণটি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মিনী উপখ্যান' কাব্যের অন্তর্গত। তাঁর রচিত অন্যান্য কাব্যগুলো হলোঃ কর্মদেবী, শূর সুন্দরী, কাব্য কাবেরী।

15. 'নিষ্প্রভ' শব্দের সন্ধিবিচ্ছেদ-
a) নি + প্রভ b) নিচ + প্রভ
c) নিঃ + প্রভ d) নিষ্প + অ **ans. C**

Solution: বিসর্গযুক্ত 'ই-ধ্বনি' বা 'উ-ধ্বনির' পর 'ক/ খ/ প/ ফ' থাকলে সন্ধির ফলে বিসর্গ (ঃ) স্থানে 'ষ' হয়। যেমনঃ

নিঃ + প্রভ = নিষ্প্রভ	দুঃ + কৃতি = দুষ্কৃতি
নিঃ + পন্ন = নিষ্পন্ন	নিঃ + ফল = নিষ্ফল
চতুঃ + পদ = চতুষ্পদ	চতুঃ + কোণ = চতুষ্কোণ

16. কোন বাক্যটি শুদ্ধ?
a) আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে
b) বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে
c) সূর্য পূর্বদিকে উদয় হয়
d) সূর্য পূবদিকে উদিত হয় **ans. D**

Solution: 'সূর্য পূবদিকে উদিত হয়' বাক্যটি শুদ্ধ। উল্লেখ্য,

অশুদ্ধ বাক্য	শুদ্ধ বাক্য
আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে।	আকণ্ঠ ভোজনে স্বাস্থ্যহানি ঘটে।
বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে।	বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে।

17. কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ-
a) পদ্মগোখরা b) পদ্মপুরাণ
c) পদ্মাবতী d) পদ্মরাগ **ans. A**

Solution: 'পদ্মগোখরা' হলো কাজী নজরুল ইসলাম রচিত 'শিউলিমালা' গল্পগ্রন্থের একটি গল্প। উল্লেখ্য, তাঁর রচিত উল্লেখযোগ্য সাহিত্যকর্মগুলো হলোঃ

কাব্যগ্রন্থ	অগ্নিবীণা, দোলনচাপা, বিষের বাঁশি, ভাঙার গান, ছায়ানট, ঝিঙেফুল, সিন্ধু হিন্দোল, সঞ্চিতা, চক্রবাক, প্রলয়শিখা, সাম্যবাদী, ফণী-মনসা, মরুভাস্কর ইত্যাদি।
উপন্যাস	বাঁধনহারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা।
গল্পগ্রন্থ	ব্যথারদান, রিক্তের বেদন।
নাট্যগ্রন্থ	ঝিলিমিলি, আলেয়া, মধুমালা, পুতুলের বিয়ে।
প্রবন্ধ	রাজবন্দীর জবানবন্দী, যৌবনের গান, যুগবাণী, রুদ্রমঙ্গল, ধূমকেতু, দুর্দিনের যাত্রী।

18. "সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারাদিন আমি যেন ভালো হয়ে চলি।" চরণ দু'টির রচিয়তা-
a) রামনারায়ণ তর্করত্ন b) মদনমোহন তর্কালঙ্কার
c) বিহারীলাল চক্রবর্তী d) কৃষ্ণচন্দ্র মজুমদার **ans. B**

Solution: মদনমোহন তর্কালঙ্কারের বিখ্যাত কিছু পঙ্‌ক্তিঃ

সকালে উঠিয়া আমি মনে মনে বলি .....
পাখি সব করে রব, রাতি পোহাইল, কাননে কুসুম কলি সকলি ফুটিল .....
লেখাপড়া করে যে, গাড়ী ঘোড়া চড়ে সে .....

19. নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের গল্প নয়?
a) অপরিচিতা b) নষ্টনীড়
c) অযান্ত্রিক d) অতিথি **ans. C**

Solution: মানুষের সঙ্গে মানুষের এবং মানুষের সঙ্গে নিসর্গের বিবিধ অনুষঙ্গের সম্পর্ক নিয়ে অনেক লেখকই লিখেছেন; কিন্তু জড় পদার্থের সঙ্গেও যে মানুষের অপূর্ব সম্পর্ক তৈরি হতে পারে সেই বিষয়টি সাহিত্যে খুব সুলভ নয়। 'অযান্ত্রিক' গল্পটি সেই অদ্ভুত সম্পর্কের মনোগ্রাহী যার রচয়িতা সুবোধ ঘোষ। তাঁর রচিত আরো কিছু গল্প হলো 'জতুগৃহ', 'পরশুরামের কুঠার', 'সুন্দরম', 'কালপুরুষ', 'বারবধূ' ইত্যাদি। উল্লেখ্য, রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক অপরিচিতা (১৯১৪), নষ্টনীড় (১৯০১) ও অতিথি (১৮৯৫-৯৬)।

20. 'বর্ধমান হাউস' এর বর্তমান নাম কি?
a) কার্জন হল b) ফজলুল হক হল
c) লালবাগের কেল্লা d) বাংলা একাডেমি **ans. D**

Solution: বাংলা একাডেমি বাংলা ভাষা সংক্রান্ত সর্ববৃহৎ গবেষণা প্রতিষ্ঠান। ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর ঢাকার বর্ধমান হাউজ প্রতিষ্ঠিত হয়। ১৯৫২ ভাষা আন্দোলন এবং এদেশের মুসলিম মধ্যবিত্তের জাগরণ ও আত্মপরিচয় বিকাশের প্রেরণায় বাংলা একাডেমীর জন্ম হয়।

21. What are you annoyed ____?
a) at b) by
c) with d) to **ans. A**

Solution: Be annoyed at something অর্থ বিরক্ত; অসন্তুষ্ট। অর্থাৎ কোন ব্যাক্তির উপর বিরক্ত প্রকাশ করলে Annoyed এরপর Preposition with বসে। আর কোন বিষয় বা ঘটনার উপর বিরক্ত হলে 'at' বসে।
বাক্যের অর্থঃ তুমি কিসে বিরক্ত?

22. Find out the correct spelling.
a) questionaire b) questionairre
c) queationnairre d) questionnaire **ans. D**

Solution: Questionnaire অর্থ প্রশ্নাবলী; মতামত জরিপ কাজে ব্যবহৃত প্রশ্নমালা।

23. My uncle and benefactor ____ come.
a) has b) is
c) are d) have **ans. A**

Solution: 'and' দ্বারা যুক্ত একাধিক Noun যদি একক ব্যক্তি বা একই ভাব বোঝায় তাহলে এদের Verb টি Singular হয়। যেমনঃ My uncle and benefactor has come.
বাক্যের অর্থঃ আমার চাচা ও হিতকারী দাতা এসেছে।

24. I am late, ____ I?
a) am not b) ain't
c) not d) am **ans. B**

Solution: I এরপরে 'am' থাকলে Tag question এ তা Ain't হয়। যেমনঃ I am late, ain't I?
বাক্যের অর্থঃ আমি দেরি করেছি, তাই না?

25. As you will see from my CV ____, I am currently working as a waiter.
a) Attached b) Endorsed
c) Included d) Attested **ans. A**

Solution: Attached অর্থ সংযুক্তি। যখন কোনো ফাইল বা নথির সাথে কিছু সংযুক্ত করা হয়, তখন Attached ব্যবহার করা হয়। উল্লেখ্য,

Endorsed	Included	Attested
অনুমোদিত	অন্তর্ভুক্ত	সত্যায়িত

বাক্যের অর্থঃ সংযুক্ত সিভি থেকে আপনি বুঝতে পারবেন, আমি এখন ওয়েটার হিসেবে কাজ করছি।

Recent Publication

26. The experts were looking for the clues to determine ____ the fire started.
a) what b) that
c) how d) who **ans. C**

Solution: 'how' অর্থ কীভাবে। বাক্যে যখন উপযুক্ত কারণ বা উপায় জানতে চাওয়া হয় তখন 'how' বসে।
বাক্যের অর্থঃ আগুনের সূত্র খুঁজে বের করতে বিশেষজ্ঞরা কাজ করছিলেন।

27. We often hear her ____ at concerts.
a) singing b) sing
c) to sing d) has sung **ans. A**

Solution: Hear, notice, see, smell, watch ইত্যাদি Verb এর Object এরপরে Infinitive এর 'to' উহ্য থাকে বা Base form এবং Present participle (verb + ing) বসে। যেমনঃ We often hear her singing at concerts.
বাক্যের অর্থঃ আমরা প্রায়ই কনসার্টে তাকে গান করতে শুনি।

28. Antonym of the word 'belittle' is ____.
a) Dull b) Glorify
c) Useless d) Worthless **ans. B**

Solution: Belittle অর্থ খর্ব করা; মর্যাদা হানি করা; মূল্যমান হ্রাস করা। আর এর Antonym হলো Glorify (মহিমান্বিত করা)। উল্লেখ্য,

Dull	Useless	Worthless
স্থূলবুদ্ধি; নির্বোধ	অকেজো	মূল্যহীন; তুচ্ছ

29. She spoke ____ a calm voice.
a) with b) in
c) through d) by **ans. B**

Solution: কোনো কণ্ঠস্বর, ভঙ্গি বা ভাব প্রকাশের ক্ষেত্রে Preposition হিসেবে 'in' ব্যবহার করা হয়। যেমনঃ She spoke in a calm voice.
বাক্যের অর্থঃ সে শান্ত স্বরে কথা বলেছিল।

30. The verb of 'number' is
a) number b) enumerate
c) numbering d) numerical **ans. A**

Solution: Number এর Verb এবং Noun রূপ একই Oxford Dictionary (10th Edition, Page no - 1064)

Number (verb)	মানে হচ্ছে কাউকে বা কিছুতে নম্বর দেওয়া বা গননা করা।	Please number the pages of your assignment.
Enumerate (verb)	তালিকা আকারে বলা, একে একে উল্লেখ করা তবে এর Noun রূপ হলো Enumeration কিন্তু Number নয়। Oxford Dictionary (10th Edition, Page no - 519).	She enumerated the reasons for her decision.
Numbering	এটি verb-এর ব্যবহারযোগ্য রূপ হলেও এটি মূল verb নয়, বরং number verb-এর ing ফর্ম।	The numbering of the items was wrong.
Numerical (adj)	এটি বিশেষণ (adjective), যার অর্থ সংখ্যাগত বা সংখ্যার সাথে সম্পর্কিত।	She has good numerical skills.

31. 'Over the moon' means.
a) higher social status b) risk
c) over excitement d) happy **ans. D**

Solution: 'Over the moon' একটি Phrase যার অর্থ খুশি বা অত্যন্ত সন্তুষ্ট। এর Synonym হলো Happy. উল্লেখ্য,

Higher social status	Risk	Over excitement
উচ্চতর সামাজিক স্তর	ঝুঁকি	অধিক উত্তেজনা

32. Change the word 'brevity' into adjective.
a) brave b) bravery
c) brief d) briefly **ans. C**

Solution: Brevity এর Adjective হলো Brief। উল্লেখ্য,

Noun	Verb	Adjective	Adverb
Beauty	Beautify	Beautiful	Beautifully
Brevity	Abbreviate	Brief	Briefly
Number	Number	Numeral	
Ability	Enable	Able	Ably
Circle	Encircle	Circular	
Danger	Endanger	Dangerous	Dangerously
Economy	Economize	Economic	Economically

33. Find out the word which is in plural form.
a) Curriculum b) Alumnus
c) Nucleus d) Syllabi **ans. D**

Solution: Syllabi হলো Plural এর Singular form হলো Syllabus. উল্লেখ্য,

Singular	Curriculum	Alumnus	Nucleus
Plural	Curricula	Alumni	Nuclei

34. Never do anything that is not compatible ____ public safety.
a) being b) for
c) with d) of **ans. C**

Solution: Compatible with অর্থ সামঞ্জস্যপূর্ণ বা সঙ্গতিপূর্ণ। এরূপ কিছু Appropriate preposition হলোঃ

Appropriate Preposition	Meaning
Come by	দেখা করা
Cure of	আরোগ্য হওয়া
Competent for	উপযুক্ত বা যোগ্য
Cope with	মানিয়ে নেওয়া
Cross over	রাস্তা পার হওয়া
Cry down	নিন্দা করা

বাক্যের অর্থঃ জননিরাপত্তার সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এমন কিছু কখনও করবেন না।

35. Synonym of the word 'adversity' is ____.
a) Prosperity b) Calamity
c) Advancement d) Addition **ans. B**

Solution: Adversity অর্থ দুরবস্থা বা দুর্দশা যার Synonym হলো Calamity বা দুর্যোগ। উল্লেখ্য,

Prosperity	Advancement	Addition
সমৃদ্ধি, উন্নতি	অগ্রগতি	সংযোজন

36. At last she ____ down.
a) steps b) steping
c) stepped d) steped **ans. C**

Solution: At last থাকায় বাক্যটি Past tense বুঝানো হচ্ছে। তাই Verb এর Past form হিসেবে Stepped বসবে।
বাক্যের অর্থঃ শেষ পর্যন্ত সে নিচে নামল।

Recent Publication

37. **Last week I ____ that book you wanted in a bookshop.**
a) came up b) came across
c) came into d) came by ***ans.* B**

Solution: Came across অর্থ হঠাৎ সাক্ষাত পাওয়া বা খুঁজে পাওয়া। কিছু উল্লেখযোগ্য Group verb:

Group Verb	Meaning
Come up	সমান হওয়া
Come by	পাওয়া
Come out	প্রকাশিত করা
Come off	সম্পন্ন করা
Come about	ঘটা
Come of	জন্মগ্রহণ করা
Come along	তাড়াতাড়ি করা

বাক্যের অর্থঃ গত সপ্তাহে আমি একটা বইয়ের দোকানে তোমার পছন্দের বইটি হঠাৎ করে পেয়েছিলাম।

38. **If anybody wants to talk to me, tell ____ to call back later.**
a) her b) him
c) them d) me ***ans.* C**

Solution: ইংরেজি Grammar অনুযায়ী Anybody, somebody, nobody ইত্যাদি Singular pronoun হলেও Pronoun reference হিসেবে আধুনিক ইংরেজিতে 'them' ব্যবহার করা হয়, যা Gender neutral একবচন হিসেবে ব্যবহার হয়।
বাক্যের অর্থঃ যদি কেউ আমার সাথে কথা বলতে চায়, তাদেরকে বলবে পরে ফোন করতে।

39. **My boss was good enough to ____ my mistake.**
a) oversee b) overtake
c) overdo d) overlook ***ans.* D**

Solution: Overlook অর্থ উপেক্ষা করা; মাফ করে দেওয়া। উল্লেখ্য,

Oversee	Overtake	Overdo
নজরদারি করা	অতিক্রম করা	অতিরিক্ত করা

বাক্যের অর্থঃ আমার বস এত ভালো ছিলেন যে তিনি আমার ভুলটি মাফ করেছিলেন।

40. **They are in ____ prison for theft.**
a) no article b) an
c) a d) the ***ans.* A**

Solution: Prison, school, college, hospital, mosque, temple, market ইত্যাদি যেটার জন্য নির্মিত সে উদ্দেশ্যে ব্যবহৃত হলে তার আগে Article বসে না।
বাক্যের অর্থঃ তারা চুরির জন্য জেলে গেলো।

41. **"উদ্যোক্তা" শব্দের ইংরেজি কোনটি?**
a) Entropreneur b) Enterprise
c) Entrepreneur d) Enterpreneur ***ans.* C**

Solution: Entrepreneur অর্থ উদ্যোক্তা। আর Enterprise অর্থ উদ্যোগ।

42. **বাংলাদেশের শাসন বিভাগ নিয়ন্ত্রিত হয় কোনটি দ্বারা?**
a) বিচার বিভাগ b) পুলিশ বিভাগ
c) জাতীয় সংসদ d) রাষ্ট্রপতি ***ans.* C**

Solution: বাংলাদেশের শাসন বিভাগ নিয়ন্ত্রণ হয় জাতীয় সংসদের মাধ্যমে। সংবিধানের ৬৫নং অনুচ্ছেদ অনুযায়ী এই প্রজাতন্ত্রের আইন প্রণয়ন সংক্রান্ত সকল ক্ষমতা জাতীয় সংসদের উপর ন্যস্ত। সরকারের সর্ববৃহৎ বিভাগ হলো শাসন বিভাগ যাকে নির্বাহী বিভাগও বলে।

43. **স্বাধীনতার পর প্রথম ডাকটিকিটে কোন ছবি ছিল?**
a) সোনা মসজিদ b) জাতীয় স্মৃতিসৌধ
c) কেন্দ্রীয় শহিদ মিনার d) লালবাগ কেল্লা ***ans.* C**

Solution: স্বাধীনতার প্রথম ডাকটিকিটে শহিদ মিনারের ছবি ছিলো। উল্লেখ্য, স্বাধীনতার পর প্রথম স্মারক ডাকটিকিটের ডিজাইনার ছিলেন বিপি চিতনিশ আর এর মূল্য ছিলো ২০ পয়সা।

44. **ইন্টারনেট কেনাকাটার পদ্ধতির নাম কি?**
a) ই-পুজি b) ই-ট্রেড
c) ই-ক্রেডিট d) ই-কমার্স ***ans.* D**

Solution: ই-কমার্স (E-commerce) বা ইলেকট্রনিক কমার্স মানে হলো ইন্টারনেট ও ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে পণ্য ও সেবা ক্রয়-বিক্রয় করার প্রক্রিয়া। ই-কমার্স হলো নতুন বাজারজাতকরণ পদ্ধতি। উল্লেখ্য, ই-কমার্স বা ই-বাণিজ্য প্রধানত ৬ প্রকারঃ ব্যবসা-থেকে-ব্যবসা (B2B), ব্যবসা-থেকে-গ্রাহক (B2C), গ্রাহক-থেকে-গ্রাহক (C2C), গ্রাহক-থেকে-ব্যবসা (C2B), ব্যবসা-থেকে-সরকার (B2G), গ্রাহক-থেকে-সরকার (C2G).

45. **দোঁআশ মাটিতে বালি, পলি ও কর্দম কণার অনুপাত কত?**
a) ৩০ ঃ ৬০ ঃ ১০ b) ৪০ ঃ ২০ ঃ ৪০
c) ৪০ ঃ ৪০ ঃ ২০ d) ৩৫ ঃ ২৫ ঃ ৪০ ***ans.* C**

Solution: পানি পরিশোষণ এবং ধারণ ক্ষমতা কৃষি কাজের জন্য বিশেষ উপযোগী বলে দোঁআশ মাটি চাষাবাদের জন্য আদর্শ মাটি বলে বিবেচিত। এ মাটিতে বালি, পলি ও কর্দম কণার অনুপাত ৪০ ঃ ৪০ ঃ ২০। এ মাটিতে ধান, গম, পিঁয়াজ, মরিচ, আলু ইত্যাদি ভালো জন্মে।

46. **প্রশিক্ষণে মূলত নিম্নের কোন বিষয়টি গুরুত্ব দেওয়া হয়?**
a) বিষয়ভিত্তিক জ্ঞান b) দক্ষতার উন্নয়ন
c) আমার ভ্রমণের উপর d) দৃষ্টিভঙ্গির উপর ***ans.* B**

Solution: একটি দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের অন্যতম উপায় হলো মানব সম্পদ উন্নয়ন। আর মানবসম্পদ উন্নয়নের অন্যতম উপায় হলো প্রশিক্ষণ। আর প্রশিক্ষণের ফলে কর্মীদের দক্ষতা বৃদ্ধি পায়।

47. **গণতন্ত্র সর্বপ্রথম প্রচলিত হয় কোথায়?**
a) যুক্তরাজ্যে b) আমেরিকায়
c) গ্রিসে d) প্যারিসে ***ans.* C**

Solution: প্রাচীন গ্রিসের এথেন্সে খ্রিস্টপূর্ব ৫ম শতকে প্রথমবারের মতো গণতন্ত্রিক শাসন ব্যবস্থা চালু হয়। এটাকে প্রত্যক্ষ গণতন্ত্র বলা হয়, যেখানে জনগণ সরাসরি আইন প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ করত। আজকের বিশ্বের গণতান্ত্রিক ব্যবস্থা অনেক বেশি পরোক্ষ গণতন্ত্র, যেখানে জনগণ তাদের প্রতিনিধি নির্বাচন করে শাসন ক্ষমতায় বসায়।

48. **গোলআলু কোন পুষ্টি উপাদানের ঘাটতির জন্য স্পর্শকাতর?**
a) নাইট্রোজেন b) পটাশিয়াম
c) বোরন d) দস্তা ***ans.* C**

Recent Publication

Solution: বোরনের অভাবে আলুর কন্দে ফাটল দেখা দেয় এবং কন্দের আকৃতি অস্বাভাবিক হতে পারে। অর্থাৎ 'বোরন' পুষ্টি উপাদনের ঘাটতি আলুর জন্য সংবেদনশীল।

49. গমের কোন জাতটি ব্লাষ্ট প্রতিরোধী?
a) বারিগম ২৫ b) বারিগম ২৭
c) বারিগম ৩৩ d) বারিগম ৩০ **ans. C**

Solution: বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট এই পর্যন্ত ৩৮টি গমের জাত উদ্ভাবন করেছে। এর মধ্যে 'বারিগম-৩৩' হলো ব্লাষ্ট প্রতিরোধী। 'বারিগম-২৫' হলো উপকূলীয় বা লবণাক্ত এলাকায় উপযোগী গমের জাত। আর তাপসহিষ্ণু জাত হলো 'বারিগম-৩০'।

50. ChatGPT এর GPT পূর্ণরূপ-
a) Generative Protocol Trend
b) Generative Pre-Trained Transformer
c) Generated Protocol Transformation
d) Generation Penetrated Transformation **ans. B**

Solution: ChatGPT এর পূর্ণরূপ হল Chat Generative Pre-trained Transformer. ChatGPT প্রথম চালু হয় ২০২২ সালের নভেম্বর মাসে।

51. নিম্নের কোনটি গ্রীষ্মকালীন ফুল?
a) স্যালভিয়া b) পপি
c) জিনিয়া d) অয়্যাঘাস **ans. C**

Solution: গ্রীষ্মকালে যে সকল ফুল ফোটে সেগুলোকে গ্রীষ্মকালীন ফুল বলে। যেমনঃ

গ্রীষ্মকালীন ফুল	জিনিয়া, কৃষ্ণচূড়া, অর্জুন, কামিনী, গাব, জারুল, ইপিল, পারুল, নিম, মুচকুন্দা, মেহগনি, রঙ্গন, স্বর্ণচাপা ইত্যাদি।
শীতকালীন ফুল	স্যালভিয়া, পপি, জয়ান্থাস ইত্যাদি।

52. প্রত্যায়িত ধান বীজ উৎপাদনের আইসোলেশন দূরত্ব কত মিটার?
a) ১ মিটার b) ২ মিটার
c) ৩ মিটার d) ৪ মিটার **ans. C**

Solution: বীজ উৎপাদনের ক্ষেত্রে বীজ নির্বাচন করা থেকে শুরু করে বীজ সংগ্রহ এবং সংগ্রহোত্তর সকল পর্যায়ে বিশেষ যত্ন এবং সতর্কতা অবলম্বন করতে হয়। প্রত্যায়িত বীজ উৎপাদনের ক্ষেত্রে জাত এবং ফসলভিত্তিক মাঠমান অনুযায়ী নির্ধারিত পৃথকীকরণ দূরত্ব করণ মেনে চলতে হবে। সাধারণত আইসোলেশন দূরত্ব ৩ মিটার রাখা হয়।

53. WRI কি?
a) জাতিসংঘের পরিবেশ বিষয়ক কর্মসূচী
b) জাতিসংঘের পরিবেশ দূষণের বিরুদ্ধে গৃহীত কর্মসূচী
c) প্রকৃতি এবং প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের আন্তর্জাতিক গোষ্ঠী
d) বন সম্পর্কিত প্রতিষ্ঠান **ans. C**

Solution: WRI হলো প্রকৃতি এবং প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের আন্তর্জাতিক গোষ্ঠী। উল্লেখ্য,

উদ্দেশ্য	পরিবেশ, অর্থনৈতিক সুযোগ এবং মানব কল্যানের সংযোগস্থল নিয়ে গবেষণা।
প্রতিষ্ঠা	১৯৮২
প্রতিষ্ঠাতা	জেমেস গুস্তাভ স্পেথ।
সরদপ্তর	ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র

54. কোনটি উদ্ভিদের হাইপার প্লাষ্টিক লক্ষণ?
a) ক্যাংকার (Canker) b) ব্লচিং (Blotching)
c) রোজেটিং (Rosetting) d) স্ক্যাব (Scab) **ans. D**

Solution: অস্বাভাবিক কোষ বিভক্তির ফলে কোষের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় অথবা কোষের আকার অস্বাভাবিকভাবে বৃদ্ধির ফলে গাছের বিভিন্ন অংশ ফুলে ওঠাকে হাইপার প্লাষ্টিক লক্ষণ বলে। যেমনঃ স্ক্যাব, শিকড় গিট, পাতা গুটানো, ফ্যাসিয়েশন ইত্যাদি।

55. বাংলাদেশে ফসলের নিবিড়তা কত শতাংশ?
a) ১৫০ b) ১৭০
c) ১৯০ d) ২২০ **ans. Note**

Solution: একটি নির্দিষ্ট সময়ে (সাধারণত এক বছরে) একটি কৃষি জমিতে যতবার ফসল ফলানো হয়, তার গড় সংখ্যাকে ফসলের নিবিড়তা বলে। বর্তমানে বাংলাদেশে ফসলের নিবিড়তা ২১৪%। (তথ্যসূত্রঃ কৃষি মন্ত্রণালয়)

56. ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট (BLB) রোগ কোন ফসলে মূলত দেখা যায়?
a) পাট b) গম
c) ভুট্টা d) ধান **ans. D**

Solution: ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট (BLB) বা পাতা ঝলসানো হলো ধানের ক্ষতিকারক একটি ব্যাকটেরিয়া জনিত রোগ। ধানের উল্লেখযোগ্য রোগগুলো হলোঃ

False Smut Disease	ব্লাস্ট রোগ
টুংরো রোগ	উফরা রোগ
পাতার লালচে রেখা রোগ	বাদামী রোগ
ব্যাকানি রোগ	খোল পচা রোগ

57. বাংলাদেশে বৃহত্তম সেচ প্রকল্প কোনটি?
a) তিস্তা ব্যারেজ প্রকল্প b) কর্ণফুলি সেচ প্রকল্প
c) মেঘনা-ধনাগোদা সেচ প্রকল্প
d) ডিএনডি প্রকল্প **ans. A**

Solution: নীলফামারী জেলায় দেশের বৃহত্তম সেচ প্রকল্প তিস্তা সেচ প্রকল্প। এটি সেচ ও সম্পূরক সেচ সুবিধা দিয়ে কৃষি উৎপাদন বৃদ্ধিতে বিশেষ ভূমিকা রাখছে।

58. পাটের বিছা পোকা শুককীট বা কীড়া অবস্থায় কয়দিন থাকে?
a) ৫-৭ দিন b) ১০-১২ দিন
c) ১৮-২১ দিন d) ৭-১০ দিন **ans. C**

Solution: 'বিছা' হলো পাটের অনিষ্টকারী একটি পোকা। এটি শুককীট বা কীড়া অবস্থায় ১৮-২১ দিন পর্যন্ত থাকতে পারে। এটি একটি বহুভজী পতঙ্গ।

59. ভালো সাইলেজের রং কিরূপ হবে?
a) সবুজ কালো b) হলুদ
c) সবুজে লালচে d) সবুজ হলদে **ans. D**

Solution: সাইলেজ মূলত সবুজ ঘাস সংরক্ষণ করার একটি পদ্ধতি। বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ করে সবুজ ঘাসের পুষ্টি উপাদান সঠিক রেখে বায়ুশূন্য অবস্থায় সবুজ ঘাসকে ভবিষ্যতের জন্য প্রক্রিয়াজাত করে রাখার প্রক্রিয়াকে সাইলেজ বলে। ভালো সাইলেজের বৈশিষ্ট্য হলোঃ সাইলেজের রং হলুদাভ সবুজ; গন্ধ আচারের মতো অম্ল সুগন্ধ এবং PH এর মান ৩.৫ থেকে ৪.৫।

Recent Publication

70

60. কিউরিং এর উদ্দেশ্য কি?
a) মাটির তাপ দূরীকরণ b) বীজ বাছাইকরণ
c) ক্ষতস্থান শুকানো d) জীবাণু মুক্তকরণ ***ans.* C**

Solution: ফেটে যাওয়া বা আঘাতপ্রাপ্ত কন্দজাতীয় মশলা ও সবজির ক্ষত স্থান শুকিয়ে রোগমুক্ত করাকে কিউরিং বলে। কিউরিং এর উদ্দেশ্য হলো ক্ষতস্থান শুকনো।

61. নিম্নের কোন গাছের ছাল হৃদরোগের ঔষধ হিসাবে ব্যবহৃত হয়?
a) বট b) অর্জুন
c) আমলকি d) নিম ***ans.* B**

Solution: অর্জুন গাছ হলো ঔষধি গাছ। তাই এই গাছের ছাল সবচেয়ে বেশি ব্যবহৃত হয়। এই গাছের ছালে যে সকল ঔষধি গুণাবীল রয়েছেঃ হৃদরোগের চিকিৎসা; রক্তচাপ নিয়ন্ত্রণ; চর্মরোগ চিকিৎসা ইত্যাদি।

62. কোন অধিকার ছাড়া মানুষ পূর্ণভাবে বিকশিত হতে পারে না?
a) ভৌগোলিক অধিকার b) রাজনৈতিক অধিকার
c) সাংস্কৃতিক অধিকার d) মানবাধিকার ***ans.* D**

Solution: মানবাধিকারের অন্তর্নিহিত বিষয় হচ্ছে "মানুষ" ও "অধিকার"। শব্দ দুটি অত্যন্ত গুরুত্বপুর্ণ ও তাৎপর্যবহ। সাধারণভাবে 'মানবাধিকার' বলতে আমরা সেই সব অধিকারকে বুঝি যা নিয়ে মানুষ জন্মলাভ করে এবং যা তাকে পরিবেশে মানুষ বিকাশিত করতে সহায়তা করে এবং যা ছাড়া মানুষ আর মানুষ থাকে না। মানুষ হিসেবেই অন্তর্নিহিতভাবে এসব অধিকার তার থাকবে ধরা হয়েছে। মানুষ সৃষ্টি শ্রেষ্ঠ জীব। আর মানুষের শ্রেষ্ঠত্ব নিশ্চিত ও টিকিয়ে রাখতে সরকারকে মানবাধিকারের ধারা মানতে হয়। মানবাধিকারের ধারণা মানুষের পূর্ণতা আনে যা মানুষ পরিবেশে মানুষ হয়ে উঠতে পারে না। মানুষের জীবন-মূল্য মানুষ থেকে অধিকতর কেননা তার জন্যই কতিপয় মৌলিক অধিকার অপরিহার্য ও অখণ্ডনীয়। আজ বিশ্বব্যাপী মানবাধিকারের চেতনা জাগ্রত হচ্ছে। মানুষ আরও বেশি সচেতন হচ্ছে মানবাধিকারের কথা।

63. কৃষির বর্তমান অগ্রগতিকে নিম্নের কোন বিষয়টির মাধ্যমে প্রকাশ করা হয়?
a) সবুজ বিপ্লব b) ৪র্থ কৃষি বিপ্লব
c) ১ম কৃষি বিপ্লব d) ৩য় কৃষি বিপ্লব ***ans.* A**

Solution: বিংশ শতাব্দীর শেষার্ধে উচ্চ ফলনশীল বীজ, সার এবং সেচের পানি ব্যবহারের মাধ্যমে গম, ধান, ভুট্টা ইত্যাদি উৎপাদনে পৃথিবীর বিভিন্ন দেশে অতি দ্রুত যে সাফল্য অর্জিত হয়েছে তাকে সবুজ বিপ্লব বলে। ১৯৪৪ সালে মেক্সিকোতে এই বিপ্লবের সূচনা হয়। সবুজ বিপ্লবের জনক বলা হয় কৃষি বিজ্ঞানী ড. নরমোন ই বোরলগ।

64. ধানের জীবনকালের স্তর ও পর্যায় কয়টি?
a) ১০টি ও ৩টি b) ৩টি ও ১০টি
c) ৪টি ও ৫টি d) ২টি ও ৪টি ***ans.* A**

Solution: ধানের জীবনকালের স্তর ও পর্যায় যথাক্রমে ১০টি এবং ৩টি।

ধান গাছের পর্যায়	দৈহিক বর্ধণশীল পর্যায়, প্রজনন পর্যায় এবং ধান পাকা পর্যায়।
জীবনকালের স্তর	অঙ্কুরোদগম, চারা, রোপণ, কুশি, কাইচ থোড়, থোড়, শীষ বের হওয়া, ফুল, দুধ অবস্থা এবং পরিপক্ব অবস্থা।

65. আমন ধানের জন্য হেক্টর প্রতি ১৮ কেজি ফসফরাস এর প্রয়োজন হলে কত কেজি TSP সার ব্যবহার করতে হবে?
a) ৪০ কেজি b) ৮০ কেজি
c) ৭৫ কেজি d) ৯০ কেজি ***ans.* D**

Solution: TSP বা ট্রিপল সুপার ফসফেট সারে শতকরা ২০ ভাগ ফসফরাস থাকে।

∴ ফসফরাস প্রয়োজন = ১৮ কেজি

$$\text{TSP সার প্রয়োজন} = ১৮ \div ২০\% = ১৮ \times \frac{১০০}{২০}$$

$$= ৯০ \text{ কেজি}।$$

66. LED এর পূর্ণরূপ কোনটি?
a) Light-emitting Device
b) Light-emitting Diode
c) Light-electronic Diode
d) Light-emitting Director ***ans.* B**

Solution: LED এর পূর্ণরূপ হলোঃ Light Emitting Diode. একটি লাইট ইমিটিং ডায়োড (LED) হল একটি সেমিকন্ডাক্টর আলোর উৎস যা আলো নির্গমন করে যখন এর মধ্য দিয়ে তড়িৎ প্রবাহিত হয়।

67. গ্রীন হাউজ কি?
a) সবুজ রংয়ের বাড়ি
b) গাছের চারাকে তীব্র রোদ থেকে বাঁচানোর ব্যবস্থা
c) গাছের চারাকে তীব্র রোদ ও ঠাণ্ডা এমনকি অতিরিক্ত বাতাসের হাত থেকে বাঁচানোর ব্যবস্থা
d) গাছের চারাকে শুধুমাত্র তীব্র ঠাণ্ডা থেকে বাঁচানোর ব্যবস্থা ***ans.* C**

Solution: গ্রীন হাউজ হলো কাঁচের তৈরি ঘর যার ভেতর গাছপালা লাগানো হয়। শীতপ্রধান দেশে তীব্র ঠাণ্ডার হাত থেকে গাছপালাকে রক্ষার জন্য গ্রীন হাউজ তৈরি করা হয়। গ্রীন হাউজ কথাটি সর্বপ্রথম ব্যবহার করেন সুইডিস রসায়নবিদ সোভনটে আরহেনিয়াস ১৮৯৬ সালে।

68. ভেজাল TSP সার চেনার উপায় কি?
a) পানিতে মেশালে ঘোলা দ্রবণ হয়
b) পানিতে মেশালে ডাবের পানির মতো পরিষ্কার দ্রবণ তৈরি হয়
c) পানিতে মেশালে লাল রংয়ের দ্রবণ তৈরি হয়
d) কোনটাই নয় ***ans.* A**

Solution: ভেজাল TSP সার চেনার উপায়গুলো হলোঃ

ভালো TSP সার	ভেজাল TSP সার
অম্ল স্বাদ ও ঝাঁঝালো গন্ধ থাকবে।	অম্ল ও ঝাঁঝালো গন্ধ থাকবে না।
ঠাণ্ডা পানিতে মেশালে সার সম্পূর্ণ গলে ডাবের পানির মতো দ্রবণ তৈরি করে।	পানিতে মেশালে ঘোলা দ্রবণ তৈরি করবে।
বেশ শক্ত হওয়ায় সহজে ভাঙ্গে না।	অপেক্ষাকৃত নরম হওয়ায় সহজে ভেঙ্গে যায়।
দানার ভেতরে রং ও বাইরের রং একই।	ভাঙ্গা দানার ভিতরে অংশের রং বিভিন্ন রকম হতে পায়।

69. শান্তিতে নোবেল পুরস্কার প্রত্যাখানকারী একমাত্র ব্যক্তি কে?
a) লি ডাক থো b) হরগোবিন্দ খোরানা
c) স্যার স্যামুয়েলসন d) সল বে লো ***ans.* A**

Recent Publication

Solution: শান্তিতে নোবেল পুরস্কার প্রত্যাখানকারী একমাত্র ব্যক্তি হলেন ভিয়েতনামের নাগরিক লি ডাক থো। আর,

স্বেচ্ছায় প্রত্যাখান		
নাম	ক্ষেত্র	সাল
জ্যঁ পল সার্ত্রে (ফ্রান্স)	সাহিত্য	১৯৬৪
লি ডাক থো (ভিয়েতনাম)	শান্তি	১৯৭৩
সরকারের চাপে গ্রহণ করতে পারেন নি		
রিচার্ড কুন (জার্মানি)	রসায়ন	১৯৩৮
অ্যাডলফ বুটেনান্ট (জার্মানি)	রসায়ন	১৯৩৯
গেরহার্ড ডোমাক (জার্মানি)	চিকিৎসা	১৯৩৯
বরিস পাস্তেরনাক (রাশিয়া)	সাহিত্য	১৯৫৮

70. কোনটি বেশি চর্বি সমৃদ্ধ ফল?
a) এভোকাডো b) কলা
c) খেজুর d) কমলা **ans. A**

Solution: উপর্যুক্ত ফল সমূহের মধ্যে এভোকাডো হলো বেশি চর্বি সমৃদ্ধ। এভোকাডোতে পুষ্টি উপাদান হলোঃ

ক্যালরি	২৪০ গ্রাম
কার্বোহাইড্রেট	১৩ গ্রাম
প্রোটিন	৩ গ্রাম
ফ্যাট	২২ গ্রাম
ফাইবার	১০ গ্রাম
সোডিয়াম	১১ মিলিগ্রাম

71. নিম্নের কোন 'Term' টি দ্বারা শুধুমাত্র ফল বিজ্ঞান বুঝায়?
a) Olericulture b) Pomology
c) Horticulture d) Silviculture **ans. B**

Solution: Pomology অর্থ ফল বিজ্ঞান। উল্লেখ্যঃ

Olericulture	Horticulture	Silviculture
শাক সবজি চাষ বিজ্ঞান	উদ্যান চাষ বিজ্ঞান	বনজ সম্পদ উৎপাদন পরিচালনা এবং সংরক্ষণ বিজ্ঞান

72. রাষ্ট্রের কোন উপাদানকে মস্তিষ্ক বলা হয়?
a) জনসমষ্টি b) নির্দিষ্ট ভূ-খণ্ড
c) সরকার d) সার্বভৌমত্ব **ans. C**

Solution: রাষ্ট্রের মৌলিক উপাদন হলো চারটি। এগুলো হলোঃ জনসমষ্টি, নির্দিষ্ট ভূ-খণ্ড, সরকার এবং সার্বভৌমত্ব।
একটি বৈধ সরকার দ্বারা রাষ্ট্র শাসিত হয়। সরকার ব্যতিত রাষ্ট্রের অস্তিত্ব কল্পনা করা যায় না। সরকার গঠিত হয় শাসন বিভাগ, আইন বিভাগ ও বিচার বিভাগের সমন্বয়ে। সরকারকে তাই মস্তিষ্ক বলা হয়।

73. 'এলাম, দেখলাম, জয় করলাম' কথাটি বলেছেন-
a) আলেকজান্ডার b) জুলিয়াস সিজার
c) নেপোলিয়ান d) হিটলার **ans. B**

Solution: জুলিয়াস সিজার ছিলেন একজন বিখ্যাত রোমান রাজনীতিবিদ, সেনাপতি ও রোমান সম্রাট। তাঁর বিখ্যাত উক্তি হলোঃ এলাম, দেখলাম, জয় করলাম।

74. এপিকালচার বলতে কি বুঝায়?
a) রেশম চাষ b) মৌমাছি পালন
c) কবুতর পালন d) পোকা পালন **ans. B**

Solution: বিজ্ঞানসম্মত উপায়ে মৌমাছি প্রতিপালন এবং মৌমাছির মধু সংগ্রহ করাকে এপিকালচার বলে। উল্লেখ্য,

এভিকালচার	পাখি পালন বিদ্যা
পিসিকালচার	মৎস্য পালন, আহরণ ও সংরক্ষণ বিদ্যা।
সেরিকালচার	বৈজ্ঞানিক পদ্ধতিতে রেশম পোকার চাষপদ্ধতিকে বলে সেরিকালচার।
হর্টিকালচার	উদ্ভিদ চাষ বিদ্যা

75. দাপগ বীজতলা তৈরি করা হয় কোন অবস্থায়?
a) পাহাড়ের টিলায়
b) বর্ষার পানির জন্য কোন স্থান ডুবে গেলে
c) লবণাক্ততা অবস্থায়
d) যেখানে আলো বাতাস বেশি থাকে **ans. B**

Solution: দাপগ বীজ তলা তৈরি করা হয় মূলত কোন স্থান ডুবে গেলে। এ বীজতলা তৈরি করা হয় পাকা মেঝে অথবা উঁচু স্থানে পলিথিন শীটের উপর।

76. VPN এর পূর্ণরূপ-
a) Virtual Personal Network
b) Virtual Public Network
c) Voice Protocol Network
d) Virtual Private Network **ans. D**

Solution: VPN এর পূর্ণরূপ Virtual Private Network. পাবলিক নেটওয়ার্ক বা ইন্টারনেটে সবাই সংযুক্ত থাকে, তাই এখানে তথ্যের গোপনীয়তা ফাঁস হয়ে যাবার একটা ঝুঁকি থাকে। এজন্য ইন্টারনেট ব্যবহার করে নিজের নেটওয়ার্কে সংযুক্ত হবার নিরাপদ পদ্ধতিই হলো VPN এতে যুক্ত হবার জন্য একটি কাল্পনিক সুড়ঙ্গ তৈরি করা হয়।

77. উদ্ভিদের পুষ্টির উৎস হিসাবে নিম্নের কোনটি বেশি গুরুত্বপূর্ণ?
a) বালিকণা b) পলিকণা
c) কর্দমকণা d) পাথরকণা **ans. C**

Solution: উদ্ভিদের পুষ্টির উৎস হিসেবে কর্দমকণা বেশি গুরুত্বপূর্ণ। কারণঃ

কর্দমকণার পৃষ্ঠফল অত্যন্ত বেশি, যার কারণে এরা জলীয় দ্রবণে থাকা পুষ্টি ধরা ও ধারণে সক্ষম।	খনিজ এবং জৈব পদার্থের সাথে যোগে, কর্দমযুক্ত মাটি জল ও পুষ্টি দীর্ঘক্ষণ ধরে রাখে।
মাটির ধনাত্মক আয়ন ধরে রাখার ক্ষমতা উন্নত করে।	

78. বাংলাদেশ কোন দেশ থেকে সবচেয়ে বেশি পণ্য আমদানী করে?
a) জাপান b) যুক্তরাজ্য
c) যুক্তরাষ্ট্র d) চীন **ans. D**

Solution: ২০১২-১৩ অর্থবছর থেকে ২০২৩-২৪ অর্থ বছর পর্যন্ত দেশে আমদানি ক্ষেত্রে চীন শীর্ষে রয়েছে। শতকরা ২৮.৪৬ আমদানি হয়েছে চীন থেকে। এরপরে রয়েছে যথাক্রমে ভারত (১৩.৪২%) এবং যুক্তরাষ্ট্র (৪.৫১%)।

79. মাটির বুনট শ্রেণী কয়টি?
a) ১০টি b) ৩টি
c) ১২টি d) ৫টি **ans. C**

Solution: কোন মৃত্তিকায় বিভিন্ন আকারের একক কণার পারস্পরিক অনুপাত দ্বারা সৃষ্ট স্থূলতা বা সূক্ষ্মতাকে মাটির বুনট বলে। আন্তর্জাতিক পদ্ধতির আওতায় মৃত্তিকাকে ১২টি বুনট শ্রেণিতে ভাগ করা যায়। যেমনঃ

০১. বেলে মাটি	০২. বেলে দোআঁশ	০৩. দোআঁশ বালি
০৪. দোআঁশ	০৫. পলি	০৬. পলি দোআঁশ
০৭. এটেল	০৮. পলি এটেল	০৯. বেলে এটেল
১০. পলি এটেল দোআঁশ	১১. এটেল দোআঁশ	১২. বেলে এটেল দোআঁশ

Recent Publication

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
পদের নাম: উপজেলা সহকারী শিক্ষা অফিসার
তারিখ: ১২.০৯.২০২৫; সময়: ৬০ মিনিট; পূর্ণমান: ১০০

01. 'কাদম্বিনী মরিয়া প্রমাণ করিল সে মরে নাই'। এই বাক্যটি যে গল্পে রয়েছে তার নাম
a) পোস্টমাস্টার b) মেঘ ও রৌদ্র
c) জীবিত ও মৃত d) মধ্যবর্তিনী ***ans.* C**

Solution: 'কাদম্বিনী মরিয়া প্রমাণ করিল সে মরে নাই'। এই বাক্যটি জীবিত ও মৃত গল্পের। রবীন্দ্রনাথ ঠাকুরের উল্লেখযোগ্য পঙ্‌ক্তি -
বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা (গীতাঞ্জলি)
এ যে দুর্লভ, এ যে মানবী ইহার রহস্য কি অন্ত আছে (হৈমন্তী)
বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয় (নৈবেদ্য)।

02. আয়তনের দিক থেকে পৃথিবীতে বাংলাদেশের অবস্থান কত তম?
a) ৯০তম b) ৯৫তম
c) ১০৯তম d) ১৯৫তম ***ans.* Note**

Solution: World Atlas এবং Worldometer এর তথ্য মতে, আয়তনের দিক থেকে পৃথিবীতে বাংলাদেশের অবস্থান ৯৪তম।

03. বর্তমানে বিশ্বে স্বাধীন দেশের সংখ্যা কত?
a) ১৯২ b) ১৯৩
c) ১৯৪ d) ১৯৫ ***ans.* D**

Solution: বর্তমানে পৃথিবীতে মোট ১৯৫টি স্বাধীন দেশ রয়েছে, যার মধ্যে ১৯৩টি জাতিসংঘ (UN) এর সদস্য এবং ২টি পর্যবেক্ষক দেশ।

04. **The verb form of the word 'amusement' is:**
a) Amusing b) Amuse
c) Amused d) Amusingly ***ans.* B**

Solution: Amusement এটি একটি Noun (বিশেষ্য), যার মানে হলো আনন্দ, বিনোদন, আমোদ-প্রমোদ।

Amuse (মজা করে সময় কাটানো)	verb	The clown amuses the children.
Amusing (কৌতুককর, মজার)	present participle/adjective	An amusing story
Amused (আনন্দিত)	past participle/adjective	He was amused
Amusingly (মজাদারভাবে)	adverb	He spoke amusingly

05. ছন্দের যাদুকর বলা হয়
a) রবীন্দ্রনাথ ঠাকুর b) সুকান্ত ভট্টাচার্য
c) সুফিয়া কামাল d) সত্যেন্দ্রনাথ দত্ত ***ans.* D**

Solution: রবীন্দ্রনাথ ঠাকুর 'ছন্দের যাদুকর' উপাধিতে ভূষিত করেন সত্যেন্দ্রনাথ দত্তকে। এছাড়াও তাঁকে 'ছন্দের রাজা', 'বাস্তববাদী কবি' অভিধায় বিশেষায়িত করা হয়।
উল্লেখ্য,

সাহিত্যিক	উপাধি
সমর সেন	আধুনিক যুগের নাগরিক কবি
হাসান রাজা	মরমী কবি
সত্যেন্দ্রনাথ দত্ত	ছন্দের জাদুকর (কবিতায় ছন্দ বৈচিত্র্যে ছিলেন অপ্রতিদ্বন্দ্বী)
যতীন্দ্রনাথ সেনগুপ্ত	দুঃখবাদী কবি
মোজাম্মেল হক	শান্তিপুরের কবি
মাসানের বসু	গণরাজ খান
বিদ্যাপতি	মিথিলার কোকিল
গোবিন্দ চন্দ্র দাস	স্বভাব কবি
মুকুন্দরাম চক্রবর্তী	কবি কঙ্কণ
বাবরাম খান	সৌলত উজীর
মুকুন্দ দাস	ভাটিয়াল কবি
সুভাষ মুখোপাধ্যায়	গণমানুষের কবি
আলাওল	মহাকবি
বিষ্ণু দে	মার্কসবাদী কবি
আবদুল করিম	সাহিত্য বিশারদ
সুধীন্দ্রনাথ দত্ত	ক্লাসিক কবি
রামনারায়ন	তর্করত্ন
হেমেন্দ্র কুমার রায়	বাংলার মিস্টিন (আরব কবি শেষ জীবনে অন্ধ হয়ে গিয়েছিলেন)।
নজরুল ইসলাম	সাহিত্য সম্রাট
ঈশ্বরচন্দ্র গুপ্ত	যুগ সন্ধিক্ষণের কবি (কারণ তিনি মধ্যযুগ ও আধুনিক যুগের সন্ধিক্ষণে জন্ম গ্রহণ করেছিলেন)

06. **Select the antonym for 'Generous' is:**
a) Cruel b) Harsh
c) Friendly d) Stingy ***ans.* D**

Solution: Generous অর্থ মহান; উদার। আর এর Antonym হলো Stingy যার অর্থ হলো কৃপণস্বভাব।
উল্লেখ্য,

Cruel	Harsh	Friendly
নিষ্ঠুর	কর্কশ	আন্তরিকতা; সহৃদয়তা

07. 'তামার বিষ' বাগধারাটির অর্থ
a) ভীষণ বিষাক্ত b) তামা থেকে উৎপন্ন বিষ
c) অর্থের কুপ্রভাব d) নির্দয় ***ans.* C**

Solution: তামার বিষ (অর্থের কু প্রভাব)ঃ তোমাকে তামার বিষে পেয়েছে, মানুষকে মানুষ মনে কর না।

Recent Publication

08. Fill in the gap with the right option: I can't carry ____ longer, I need help.

a) out along any b) over alone any

c) on alone any d) out alone **ans. C**

Solution: Carry on অর্থ চালিয়ে যাওয়া। জানার জন্য:

Carry out – পালন/ কার্যকর/ সম্পন্ন করা (Obey).	Carry off – জিতে নেওয়া
Carry through – পূর্ণ/ পালন করা; সফল হওয়া	Carry forward – কোন কিছু পরে করার জন্য রাখা
Carry over – স্থানান্তর করা	Carry away – আত্মসংযম হারানোর কারণ হওয়া; বহন করে নিয়ে যাওয়া; স্থানান্তরিত করা; মৃত্যু ঘটানো

সম্পূর্ণ বাক্য: I can't carry on alone any longer, I need help.

বাক্যের অর্থ: আমি বেশিক্ষণ চালিয়ে যেতে পারছি না, আমার সাহায্য দরকার।

09. বিশ্বের সবচেয়ে বড় বইমেলা কোন শহরে অনুষ্ঠিত হয়?

a) লন্ডন b) ফ্রাঙ্কফুর্ট

c) ঢাকা d) কোলকাতা **ans. B**

Solution: বিশ্বের সবচেয়ে বড় বইমেলা অনুষ্ঠিত হয় জার্মানির ফ্রাঙ্কফুর্ট শহরে। এই মেলাটি ফ্রাঙ্কফুর্ট বইমেলা (Frankfurter Buchmesse) নামে পরিচিত এবং এটি প্রতি বছর অক্টোবর মাসে অনুষ্ঠিত হয়। এখানে মেলাটি সম্পর্কে কিছু গুরুত্বপূর্ণ তথ্য দেওয়া হলো:

অবস্থান	এটি জার্মানির ফ্রাঙ্কফুর্ট আম মেইনের ফ্রাঙ্কফুর্ট বাণিজ্য মেলার মাঠে অনুষ্ঠিত হয়।
বৈশিষ্ট্য	ফ্রাঙ্কফুর্ট বইমেলা বিশ্বের বৃহত্তম বইয়ের বাণিজ্য মেলাগুলির মধ্যে অন্যতম, যা প্রকাশনা সংস্থাগুলির সংখ্যার উপর ভিত্তি করে নির্ধারিত হয়।
সময়কাল	প্রতি বছর অক্টোবরের মাঝামাঝি সময়ে পাঁচ দিনের জন্য এটি অনুষ্ঠিত হয়।
অংশগ্রহণকারী	মেলাটির প্রথম তিন দিন শুধুমাত্র পেশাদারদের জন্য সংরক্ষিত থাকে এবং সপ্তাহান্তে সাধারণ মানুষ মেলায় উপস্থিত হতে পারেন।
গুরুত্ব	এটি একটি বিশ্ববিখ্যাত সাহিত্যিক ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং বই প্রকাশনা শিল্পের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র।

10. Choose the passive form of 'Visitors found him playing football'.

a) Visitors were found playing football by him.

b) He was found playing football by visitors.

c) Visitors found that football was played by him.

d) He was playing football that was seen by visitors. **ans. B**

Solution: Active voice sentence: Visitors found him playing football. এখানে:

Subject	Visitors
Verb	found
Object	him
Object complement	playing football

Passive voice করার নিয়ম:

Active voice-এর Object passive-এ Subject হয়ে যায়	এখানে him = he হয়ে যাবে subject।
Main verb found passive form হবে	Was found। কারণ Subject he singular এবং Tense past।
বাকিটা অপরিবর্তিত থাকবে	(Playing football)।

Passive: He was found playing football by visitors.

বাক্যের অর্থ: পরিদর্শক তাকে ফুটবল খেলা অবস্থায় দেখল।

11. 'সংস্কৃতির সংকট' গ্রন্থের রচয়িতা

a) হাসান আজিজুল হক b) মোতাহের হোসেন চৌধুরী

c) বদরুদ্দীন উমর d) আবুল ফজল **ans. C**

Solution: বদরুদ্দীন উমর প্রকাশিত গ্রন্থগুলো হলো: 'সাম্প্রদায়িকতা' (১৯৬৬), 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও উনিশ শতকের বাঙালী সমাজ (১৯৭৪), 'সংস্কৃতির সংকট' ইত্যাদি।

12. $a + b = 3$ এবং $ab = 2$ হলে, $a^3 + b^3 =$ কত?

a) 3 b) 6

c) 7 d) 9 **ans. D**

Solution: আমরা জানি, $a^3 + b^3 = (a + b)^3 - 3ab(a + b)$
$= 3^3 - (3 \times 2 \times 3) = 27 - 18 = 9$

13. 'চর্যাপদ' হলো

a) একগুচ্ছ ধর্মোপদেশ b) সাধন সংগীত

c) জীবনাচরণ পদ্ধতি d) নীতিকথা **ans. B**

Solution: 'চর্যাপদ' হলো বৌদ্ধ সহজিয়াগণ কর্তৃক রচিত গানের সংকলন বা সাধন সংগীত। এটি বাংলা সাহিত্যের প্রাচীন যুগের একমাত্র লিখিত নির্দশন। ১৯০৭ সালে নেপালের রাজ দরবার থেকে হরপ্রসাদ শাস্ত্রী এটি আবিষ্কার করেন।

14. আয়তন বিবেচনায় পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্র কোনটি?

a) রাশিয়া b) কানাডা

c) আমেরিকা d) চীন **ans. B**

Recent Publication

Solution: আয়তনে বৃহত্তম ৫টি দেশঃ

রাষ্ট্র	আয়তন (বর্গ কিমি)	মহাদেশভিত্তিক অবস্থান
রাশিয়া	১,৭০,৭৫,২০০	ইউরোপ
কানাডা	৯৯,৭৬,১৪০	উত্তর আমেরিকা
মার্কিন যুক্তরাষ্ট্র	৯৬,২৯,০৯১	উত্তর আমেরিকা
চীন	৯৫,৯৬,৯৬০	এশিয়া
ব্রাজিল	৮৫,১১,৯৬৫	দক্ষিণ আমেরিকা

15. **হৃদপিণ্ডের প্রকোষ্ঠের সংখ্যা কত?**

a) ২ b) ৩

c) ৪ d) ৫ ***ans.* C**

Solution: মানুষের হৃৎপিণ্ডে চারটি প্রকোষ্ঠ রয়েছে: দুটি উপরের অলিন্দ (ডান অলিন্দ ও বাম অলিন্দ) এবং দুটি নিচের নিলয় (ডান নিলয় ও বাম নিলয়)। এই প্রকোষ্ঠগুলো অক্সিজেন-সমৃদ্ধ ও অক্সিজেনযুক্ত রক্ত পাম্প করার মাধ্যমে সারা শরীরে রক্ত সঞ্চালন নিশ্চিত করে। হৃৎপিণ্ডের চারটি প্রকোষ্ঠগুলো হলোঃ

ডান অলিন্দ (Right Atrium):	শিরা থেকে অক্সিজেন-সমৃদ্ধ রক্ত গ্রহণ করে।
ডান নিলয় (Right Ventricle):	ডান অলিন্দ থেকে অক্সিজেন-সমৃদ্ধ রক্ত গ্রহণ করে ফুসফুসে পাঠায়।
বাম অলিন্দ (Left Atrium):	ফুসফুস থেকে অক্সিজেনযুক্ত রক্ত গ্রহণ করে।
বাম নিলয় (Left Ventricle):	বাম অলিন্দ থেকে অক্সিজেনযুক্ত রক্ত গ্রহণ করে সারা শরীরে পাম্প করে।

16. **My brother is an elderly person. Here 'elderly' is a/an**

a) adverb b) noun

c) conjunction d) adjective ***ans.* D**

Solution: এখানে Elderly শব্দটি Person (noun) কে বর্ণনা করছে। যেকোনো শব্দ যদি Noun এর আগে বসে তার গুণ/ অবস্থা/ বয়স ইত্যাদি বোঝায় তাকে Adjective বলে। Elderly person = বয়স্ক মানুষ। বাক্যের অর্থঃ আমার ভাই একজন বয়োজ্যেষ্ঠ লোক।

17. **Identify the word having the same form in both singular and plural.**

a) Cuff b) Hunk

c) Life d) Moose ***ans.* D**

Solution: Moose, Deer, sheep, swine, pice, corps, offspring, series, species, aircraft, hovercraft, spacecraft, dice, public, chassis, dozen, gross, score, hundred, thousand, million এদের Singular এবং Plural একই রকম থাকে। উল্লেখ্য,

Singular	Cuff	Hunk	Life
Plural	Cuffs	Hunks	Lives

18. **The idiom 'cry over spilled milk' means**

a) to be upset about something irretrievably lost

b) to cry incessantly

c) to cry for a dead pet

d) to cry for urgent help ***ans.* A**

Solution: Cry over spilled milk অর্থ হলো Feel sorry or sad about something that has already happened; used to emphasize that this is not helpful অর্থাৎ অতীতের এমন কোনো ক্ষতি বা ভুল নিয়ে দুঃখ করা, যেটা আর ফেরানো সম্ভব নয়। যেমনঃ Don't cry over spilled milk, just learn from your mistake and move on (যা হয়ে গেছে তা নিয়ে আফসোস করে লাভ নেই, ভুল থেকে শিক্ষা নাও।)

19. **'ইত্তেফাক' শব্দের অর্থ**

a) সংবর্ধনা b) সংলাপ

c) ইতিহাস d) সম্প্রীতি ***ans.* D**

Solution: 'ইত্তেফাক' একটি আরবি শব্দ। যার অর্থ ঐক্য, সমঝোতা, মিল বা সঙ্গতি। এই শব্দের সমার্থক শব্দগুলোর মধ্যে রয়েছে মতৈক্য, চুক্তি, সংগতি এবং সম্প্রীতি। এই শব্দটির আরও কিছু ব্যবহারিক অর্থ হলোঃ একত্রে কাজ করা, মিলমিশে থাকা, সংঘটিত হওয়া

20. $9^{2x-5} = \frac{1}{27}$ হলে, x এর মান কত?

a) $\frac{7}{4}$ b) $\frac{5}{4}$

c) $\frac{3}{4}$ d) $\frac{9}{4}$ ***ans.* A**

Solution: দেওয়া আছে, $9^{2x-5} = \frac{1}{27}$

$\Rightarrow 3^{2(2x-5)} = \frac{1}{3^3}$

$\Rightarrow 3^{4x-10} = 3^{-3}$

$\Rightarrow 4x - 10 = -3$

$\Rightarrow 4x = 7$

$\therefore x = \frac{7}{4}$

21. বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ কয়টি?

a) আটটি b) নয়টি

c) সাতটি d) দশটি ***ans.* D**

Solution: মাত্রাবিহীন বর্ণের সংখ্যা ১০টি।

বর্ণের নাম	স্বরবর্ণ	ব্যঞ্জনবর্ণ	সংখ্যা
মাত্রাহীন বর্ণ	৪টি যথা এ, ঐ, ও, ঔ	৬টি যথা ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ	১০টি
অর্ধমাত্রার বর্ণ	১টি যথা অ	৭টি যথা ঋ, ঌ, ঢ, ণ, র, ল, শ	৮টি
পূর্ণমাত্রার বর্ণ	৬টি যথা অ, আ, ই, ঈ, উ, ঊ	২৬টি	৩২টি

22. **(3, 2) এবং (5, 4) বিন্দু দুইটির দূরত্ব কত?**

a) 4 b) 3

c) $3\sqrt{2}$ d) $2\sqrt{2}$ ***ans.* D**

Solution: আমরা জানি, (x_1, y_1) এবং (x_2, y_2) দুইটি বিন্দু হলে এদের মধ্যবর্তী দূরত্ব হবে

$d = \sqrt{(x_2 - x_1)^2 + (y_2 - y_1)^2}$

$= \sqrt{(5 - 3)^2 + (4 - 2)^2}$ [মান বসাই]

$= \sqrt{(2)^2 + (2)^2}$

$= \sqrt{4 + 4}$

$= \sqrt{8}$

$= \sqrt{4 \times 2}$

$= 2\sqrt{2}$

এখানে, $x_1 = 3$; $y_1 = 2$; $x_2 = 5$ এবং $y_2 = 4$

23. **'নিশাকর' শব্দের সমার্থক শব্দ**

a) রজনী b) অনিল

c) চাঁদ d) যামিনী ***ans.* C**

Solution: 'নিশাকর' শব্দের কতিপয় সমার্থক শব্দ হলোঃ চাঁদ, চন্দ্র, সুধাংশু, সুধাকর, শশাঙ্ক, শশধর, শশী, হিমাংশু, বিধু, সোম, সুধানিধি, কলানিধি, হিমকর, ইন্দু, চন্দ্রমা, দ্বিজরাজ, মৃগাঙ্ক, কলাভৃৎ, কুমুদনাথ, সিতাংশু ইত্যাদি। উল্লেখ্য,

রজনী	রাত্রি, যামিনী, রাত, শর্বরী, নিশা, অমানিশা, নিশীথ, নিশীথিনী, বিভাবরী, নিশি, ত্রিযামা, তামসী।
অনিল	সমীরণ, পবন, হাওয়া, বাতাস, সমীর, বাত, মরুৎ, মারুত, গন্ধবহ।

24. **রাজা রামমোহন রায় রচিত বাংলা ব্যাকরণের নাম কী?**

a) গৌড়ীয় ব্যাকরণ b) মাগধীয় ব্যাকরণ

c) বাঙ্গলো ব্যাকরণ d) ভাষা ও ব্যাকরণ ***ans.* A**

Solution: বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন রাজা রামমোহন। গৌড়ীয় ব্যাকরণ বাংলায় রচিত প্রথম বাংলা ব্যাকরণ। রাজা রামমোহন রায় এটি ১৮৩৩ খ্রিষ্টাব্দে রচনা করেন। এটি তাঁর সর্বশেষ গ্রন্থ। এর আগে ১৮২৬ সালে তিনি ইংরেজিতে Bengali Grammar in the English Language নামের একটি ব্যাকরণ গ্রন্থ রচনা করেন। উল্লেখ্য,

রচয়িতা	ব্যাকরণ গ্রন্থ
উইলিয়াম কেরি	A Grammar of the Bengali Language (১৮০১)
শ্যামাচরণ সরকার	বাঙ্গালা ব্যাকরণ (১৮৫২)
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর	ব্যাকরণ কৌমুদী (১৮৫৩)
নন্দকিশোর বিদ্যাভূষণ	ভাষাবোধ বাঙ্গালা ব্যাকরণ
ড. মুহাম্মদ শহীদুল্লাহ	বাঙ্গলা ব্যাকরণ
ড. এনামুল হক	ব্যাকরণ মঞ্জরী
জগদীশ চন্দ্র ঘোষ	আধুনিক বাংলা ব্যাকরণ
ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়	ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ
কাজী দীন মুহম্মদ ও সুকুমার সেন	অভিনব ব্যাকরণ
মুনীর চৌধুরী, ইস্রাইল খাঁসিল এবং মোস্তাফিজুল হাবেদার	বাংলা ভাষার ব্যাকরণ

25. **'Blockade' এর বাংলা পারিভাষিক শব্দ কোনটি?**

a) বন্ধন b) অবরোধ

c) চাপ d) আবর্ত ***ans.* B**

Solution: 'Blockade' এর বাংলা পারিভাষিক শব্দ অবরোধ। আরো কিছু পারিভাষিক শব্দ হলো:

Quotation	মূল্যজ্ঞাপন বা দরপত্র
Tabulation	তালিকাবদ্ধন
Publication	প্রকাশন
Preliminary	প্রারম্ভিক
Deputation	প্রেষণ
Applied	প্রায়োগিক

26. **'যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান' চরণটি কোন কবিতার?**

a) বিদ্রোহী b) কুলিমুজুর

c) সাম্যবাদী d) প্রলয় শিখা ***ans.* C**

Solution: এটি কাজী নজরুল ইসলাম রচিত 'সাম্যবাদী' কাব্যগ্রন্থের অন্তর্গত 'সাম্যবাদী' কবিতার চরণ। এই কাব্যের উল্লেখযোগ্য কবিতা-সাম্যবাদী, ঈশ্বর, মানুষ, নারী, কুলি, পাপ।

27. **$\log_{10} x = -2$ হলে, x এর মান কত?**

a) 100 b) 10

c) 0.01 d) 0.001 ***ans.* C**

Recent Publication

Solution: দেওয়া আছে, $\log_{10} x = -2$

$\Rightarrow x = 10^{-2}$

$\therefore x = \frac{1}{10^2} = \frac{1}{100} = 0.01$

28. The indirect speech of the sentence: Shila said to him, "Are you satisfied with your new car?"

a) Shila asked him whether he is satisfied with his new car.

b) Shila asked him if he was satisfied with his new car.

c) Shila asked him if he had been satisfied with his new car.

d) Shila enquired of him whether he has been satisfied with his new car. ***ans.* B**

Solution: Interrogative sentence কে Indirect করার নিয়ম হলো: প্রশ্নের ক্ষেত্রে Ask বা Enquire হয়। Yes বা No প্রশ্ন হলে If/ whether বসে।

Structure: Subject + ask + object + if/whether + reported speech এর Subject + Tense অনুসারে Verb + ext.

বাক্যের অর্থঃ শিলা তাকে জিজ্ঞেস করল যে, সে তার নতুন গাড়ি নিয়ে সন্তুষ্ট কি না।

29. 4 মিটার ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের পরিধি কত মিটার?

a) 4π b) 6π

c) 8π d) 16π ***ans.* C**

Solution: বৃত্তের ব্যাসার্ধ $r = 4$ মিটার

$\therefore$ বৃত্তের পরিধি $2\pi r = 2 \times \pi \times 4 = 8\pi$ মিটার।

30. "ই-৮" কি?

a) ৮টি দরিদ্র দেশ

b) ৮টি ধনী দেশ

c) ৮টি পরিবেশ দূষণকারী দেশ

d) ৮টি শিল্পোন্নত দেশ ***ans.* C**

Solution: 'ই-৮' হচ্ছে - ৮টি পরিবেশ দূষণকারী দেশ। 'ই-৮' ভুক্ত দেশ সমূহ পরিবেশ দূষণকারী দেশগুলোর জন্য বিভিন্ন আইন - কানুন জারি করে। এই দেশগুলো হলো যুক্তরাষ্ট্র, ইউরোপীয় ইউনিয়ন, চীন, রাশিয়া, জাপান, ভারত, দক্ষিণ আফ্রিকা ও ব্রাজিল। এই দেশগুলো বিশ্বের সবচেয়ে বেশি কার্বন ও গ্রিণ হাউজ গ্যাস নিঃসরণের জন্য দায়ী।

31. কোন ভিটামিন একটি অ্যান্টি অক্সিডেন্ট হিসেবে কাজ করে?

a) ভিটামিন A b) ভিটামিন B

c) ভিটামিন C d) ভিটামিন D ***ans.* C**

Solution: অ্যান্টি অক্সিডেন্ট হলো এমন একটি পদার্থ যা ফ্রি রেডিকাল নামক অস্থির অণুর ক্ষতিকর প্রভাব থেকে শরীরের কোষগুলোকে রক্ষা করে। শাকসবজি ও ফলমূলে অ্যান্টি অক্সিডেন্টের পরিমাণ বেশি। এ ছাড়া যেসব খাবারে অ্যান্টি অক্সিডেন্ট রয়েছে, তা হচ্ছে ভিটামিন 'ই', ভিটামিন 'সি', বিটা ক্যারোটিন, কাঠবাদাম, গ্রিন টি, আনারাস, আঙুর, ভুট্টা, লাল আটা, বাদাম তেল, জলপাই, খেজুর, উদ্ভিজ তেল, ব্রোকলি প্রভৃতি।

32. যদি $x + y = 2$ এবং $x - y = 4$ হয় তবে $(x, y) =$ কত?

a) $(3, -1)$ b) $(-3, 1)$

c) $(-1, 3)$ d) $(1, -3)$ ***ans.* A**

Solution: $x + y = 2$ ..... (i)

$x - y = 4$ ..... (ii)

$2x = 6$

$\therefore x = 3$

x এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই-

$3 + y = 2$

$\Rightarrow y = 2 - 3$

$\therefore y = -1$

$\therefore (x, y) = (3, -1)$

33. পৃথিবীর সবচেয়ে বড় এনজিও (NGO) এর নাম কি?

a) ব্র্যাক b) অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল

c) গ্রামীণ ব্যাংক d) প্রশিকা ***ans.* A**

Solution: ব্র্যাক বাংলাদেশে অবস্থিত একটি আন্তর্জাতিক উন্নয়নমূলক এনজিও। ১৯৭২ সালে স্যার ফজলে হাসান আবেদ এটি প্রতিষ্ঠা করেন। এর কর্মী সংখ্যার কারণে এটি বিশ্বের বৃহত্তম এনজিও। এটি বাংলাদেশের প্রতিটি জেলায় পাশাপাশি কেনিয়া, লাইবেরিয়া, আফগানিস্তান এবং মায়ানমারের মতো দেশেও কাজ করে।

34. **'The moon goes round the earth'. In this sentence 'round' is a/an**

a) noun b) preposition
c) verb d) adverb **ans. B**

Solution: বাক্যের object হিসেবে noun এর আগে Preposition বসে। এখানে round preposition কারণ "round" the earth এর পূর্বে বসে goes এর সাথে সম্পর্ক স্থাপন করেছে।
বাক্যের অর্থঃ চাঁদ পৃথিবীর চারদিকে ঘুরে।

35. **'বিদ্রোহী' কবিতায় কবি কার বুকের 'ক্রন্দন-শ্বাস' বুঝিয়েছেন?**

a) বিধবার b) বঞ্চিতের
c) পরশুরামের d) ইস্রাফিলের **ans. A**

Solution: বিদ্রোহী কবিতার অংশবিশেষ হলো: 'আমি বিধবার বুকে ক্রন্দন শ্বাস, হা হুতাশ আমি হুতাশীর, আমি বঞ্চিত ব্যাথা পথবাসী চির গৃহহারা যত পথিকের। কবি 'বিদ্রোহী' কবিতায় বিধবার বুকের 'ক্রন্দন-শ্বাস' বলার মাধ্যমে তিনি সমাজে অধিকারহীন, নির্যাতিত মহিলা ও তাঁর যন্ত্রণাকে চিত্রিত করেছেন। এটি কবিতার গভীরতা ও মানবিক অনুভূতির সঙ্গে জড়িত।

36. **Fill in the blank with the appropriate article: 'The mother seized ____ boy by the collar.'**

a) the b) an
c) a d) none **ans. A**

Solution: Size someone by the neck or color অর্থ কাউকে পাকড়াও করা।
বাক্যের অর্থঃ মা তার সন্তানকে পাকড়াও করলেন।

37. **The suffix 'hood' can be added to -**

a) Friend b) Honest
c) Parent d) Wide **ans. C**

Solution: Word এর মূল অংশের শেষে যে বর্ণ বা বর্ণগুচ্ছ যুক্ত হয় তাকে Suffix বলে। যেমন: Parent + hood = Parenthood.

38. **বাংলাদেশের প্রথম ফিফা কমিশনের অধীন কে ছিলেন?**

a) ড. আনিসুজ্জামান b) ড. মনিরুজ্জামান মিয়া
c) কুদরত-ই-খুদা d) রঙ্গলাল সেন**ans. Note**

Solution: প্রশ্নে ভুল রয়েছে। ফিফা এর পরিবর্তে যদি শিক্ষা থাকতো তাহলে সঠিক উত্তর হতো অপশন c). বাংলাদেশের প্রাচীন শিক্ষাব্যবস্থায় পরিবর্তন আনা এবং স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের জন্য উপযোগী একটি সমাজগঠনমূলক সার্বিক শিক্ষাব্যবস্থার রূপরেখা প্রণয়নের উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭২ সালের ২৬ জুলাই একটি প্রস্তাব গ্রহণ করে। ওই প্রস্তাবের ভিত্তিতে একটি জাতীয় শিক্ষা কমিশন গঠিত হয়, যার সভাপতি ছিলেন ড. কুদরাত-এ-খুদা। তাঁর নাম অনুসারে পরবর্তীকালে এই কমিশনের প্রতিবেদনের নামকরণ করা হয় "ড. কুদরাত-এ-খুদা শিক্ষাকমিশন রিপোর্ট"। এই রিপোর্ট ১৯৭৪ সালের মে মাসে "বাংলাদেশ শিক্ষা কমিশন রিপোর্ট" নামে প্রকাশিত হয়। এতে পরিশিষ্ট বাদে মোট ৩৬টি অধ্যায় অন্তর্ভুক্ত ছিল এবং পুরো প্রতিবেদনটির পৃষ্ঠাসংখ্যা ছিল ৪৩০।

39. **শুদ্ধ বানান কোনটি?**

a) জলাচ্ছ্বাস b) জলোচ্ছ্বাস
c) জলোচ্ছ্বাস d) জলোচ্চাস **ans. C**

Solution: জলোচ্ছ্বাস অর্থ নদী সমুদ্র প্রভৃতির আকস্মিক জলস্ফীতি বা জোয়ার।

40. **পৃথিবীর ছাদ বলা হয় -**

a) গৌবি মালভূমিকে b) গোলান মালভূমিকে
c) পামির মালভূমিকে d) থর মরুভূমিকে **ans. C**

Solution: কতিপয় শহর বা দেশের ভৌগোলিক উপনামসমূহ:

উপনাম	দেশ বা স্থান
জাটির দেশ	বাংলাদেশ
বজ্রপাতের দেশ	ভুটান
সূর্যোদয়ের দেশ এবং ভূমিকম্পের দেশ	জাপান
গোলাপি শহর	রাজস্থান (ভারত)
বিগ অ্যাপেল	নিউইয়র্ক (যুক্তরাষ্ট্র)

উপনাম	দেশ বা স্থান
সাদা হাতির দেশ	থাইল্যান্ড
হাজার হ্রদের দেশ	ফিনল্যান্ড
নিশীথ সূর্যের দেশ	নরওয়ে
পৃথিবীর ছাদ	পামির মালভূমি
গুনাময়	মেক্সিকো

41. **1, 3, 5, 7, ... অনুক্রমটির 15 তম পদ কোনটি?**

a) 27 b) 29
c) 31 d) 33 **ans. B**

Solution: প্রথম পদ $a = 1$, সাধারণ অন্তর $d = 3 - 1 = 2$

15 তম পদ $= a + (n - 1)\,d$

$= 1 + (15 - 1)\,2$

$= 1 + 28 = 29$

42. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?

a) ১৩৬ b) ১৩৭

c) ১৩৭ d) ১৩৯ ***ans. A***

Solution: জাতিসংঘের বাংলাদেশ সদস্যপদ পায়।

যোগদানের তারিখ	১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালে বাংলাদেশ জাতিসংঘের সদস্য পদ লাভ করে।
কততম সদস্য	১৩৬তম
কততম অধিবেশন	২৯তম সাধারণ অধিবেশন

43. কোন চুক্তির মাধ্যমে ইউরোপীয় ইউনিয়ন গঠিত হয়?

a) প্যারিস চুক্তি b) ম্যাসট্রিট চুক্তি

c) জেনেভা কনভেনশন d) রোম চুক্তি ***ans. B***

Solution: ১৯৫৮ সালে রোম চুক্তির মাধ্যমে EEC প্রতিষ্ঠিত হয় এবং ১৯৯২ সালের ম্যাসট্রিস্ট চুক্তির মাধ্যমে ইউরোপীয় ইউনিয়ন নামকরণ করা হয়। এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে। যুক্তরাজ্য (৩১ জানুয়ারি ২০২০) পদত্যাগ করে।

44. পাপুয়া নিউগিনি কোন দেশ থেকে স্বাধীনতা অর্জন করে?

a) ফ্রান্স b) যুক্তরাষ্ট্র

c) অস্ট্রেলিয়া d) যুক্তরাজ্য ***ans. C***

Solution: পাপুয়া নিউগিনিয়ার রাজধানী হলো পোর্ট মোর্সাবি আর আইন সভার নাম হলো জাতীয় সংসদ। উল্লেখ্য, পাপুয়া নিউগিনি প্রশান্ত মহাসাগরের একটি দ্বীপ রাষ্ট্র। এটি ওশেনিয়া মহাদেশের মেলানেশিয়া অঞ্চলে অবস্থিত। প্রথম বিশ্বযুদ্ধের সময় জার্মানির নিকট থেকে অস্ট্রেলিয়া জার্মান নিউ গিনি অধিকার করে। ১৯৭৫ সালে এটি অস্ট্রেলিয়ার নিকট থেকে স্বাধীনতা লাভ করে।

45. Identity the correct sentence

a) The unfortunate accident had occurred on Monday last.

b) The unfortunate accident was occurred on Monday last.

c) The unfortunate accident occurred on Monday last.

d) The unfortunate accident has occurred on Monday last. ***ans. C***

Solution: কোনো Sentence এ Ago, before, long ago, yesterday, last, last week/ night/ month/ year, previous day থাকলে Past Indefinite Tense হয়। বাক্যে Monday last থাকায় তা Past indefinite tense এর হবে। এজন্য শুধু Occurred বসবে।

বাক্যের অর্থঃ গত সোমবার একটি দুর্ভাগ্যজনক দুর্ঘটনা ঘটেছে।

46. দিনের গড় তাপমাত্রা 86°F হলে সেন্টিগ্রেড স্কেলে তা কত ডিগ্রী সেন্টিগ্রেড হবে?

a) 30° b) 25°

c) 35° d) 36° ***ans. A***

Solution: আমরা জানি, $C = \frac{5}{9}(F - 32)$

$= \frac{5}{9}(86 - 32)$

$= \frac{5}{9} \times 54 = 30°$

47. $x^3 - 2x^2, x^2 - 4, xy - 2y$ রাশিগুলোর গ. সা. গু. (H. C. F.) কত?

a) $x + 2$ b) $x - 2$

c) xy d) x ***ans. B***

Solution: ১ম রাশি, $x^3 - 2x^2 = x^2(x - 2)$

২য় রাশি, $x^2 - 4 = x^2 - 2^2 = (x + 2)(x - 2)$

৩য় রাশি, $xy - 2y = y(x - 2)$

এখানে ৩টি রাশির মধ্যে Common factor হলো $(x - 2)$.

নির্ণেয় গ.সা.গু. $(x - 2)$.

48. 'অহরহ' শব্দের সন্ধি বিচ্ছেদ-

a) অহ্ন + অহ b) অহ + রহঃ

c) অহর + হ d) অহঃ + রহ ***ans. A***

Solution: নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধি

অহরহ = অহ্ন + অহ	অহর্নিশ = অহ্ন + নিশা
আকর = আঃ + কর	বাচস্পতি = বাচঃ + পতি
আস্পদ = আঃ + পদ	শিরোপীড়া = শিরঃ + পীড়া
প্রাতঃকাল = প্রাতঃ + কাল	মনস্কাম = মনঃ + কাম

49. 'অম্বর' এর প্রতিশব্দ কোনটি?

a) পৃথিবী b) জল

c) সমুদ্র d) আকাশ ***ans. D***

Solution: 'আকাশ' শব্দের অন্যান্য সমার্থক শব্দ হলো: অম্বর, গগণ, আসমান, অন্তরীক্ষ, দ্যুলোক, ব্যোম, শূন্যলোক, ছায়ালোক, নভোমণ্ডল প্রভৃতি। উল্লেখ্য,

পৃথিবী	ধরা, ধরণি, ধরিত্রী, বসুন্ধরা, বসুধা, ভূ, ভূমন্ডল, অবনি, ক্ষিতি, মহী, বসুমতী, মেদিনী, জগৎ, মর্ত্যলোক, ব্রহ্মান্ড, বিশ্ব, অখিল, ভুবন, ভূমি, পৃথ্বী, দুনিয়া, ভূলোক, ইরী, মরলোক, সংসার।
জল	উদক, সলিল, বারি, অপ, অম্বু, নীর, পয়, তোয়, পানি, আব্বা, অর্ণ ইত্যাদি।
সমুদ্র	পাথার, পয়োধি, উদধি, জলধি, জলনিধি, পারাবার, বারিধি, রত্নাকর, সাগর, বারীশ, অম্বুধি, সিন্ধু, দীঘিকা।

50. The word 'biophilic' means-

a) relating to biology

b) human tendency to connect with nature

c) study of nature d) biological **ans. B**

Solution: প্রকৃতির সাথে একান্ত নিবিষ্ট চিত্তে সংযোগ থাকার মানবিক প্রচেষ্টাকে Biophilic বলে। তাই উত্তর *b*).

51. বাংলাদেশের জাতীয় বৃক্ষের নাম কি?

a) কাঁঠাল গাছ b) বট গাছ

c) আম গাছ d) জাম গাছ **ans. C**

Solution: বাংলাদেশের জাতীয় বৃক্ষ আমগাছ। ১৫ নভেম্বর ২০১০ সালে আম গাছকে জাতীয় বৃক্ষ ঘোষণা করা হয়।

52. দুটি সংখ্যার গ.সা.গু 15 এবং ল.সা.গু 225. একটি সংখ্যা 45 হলে, অপর সংখ্যাটি কত?

a) 15 b) 45

c) 75 d) 225 **ans. C**

Solution: আমরা জানি, দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু

$\Rightarrow$ অপরসংখ্যা $\times 45 = 225 \times 15$

$\therefore$ অপরসংখ্যা $= \frac{225 \times 15}{45} = 75$

Shortcut: অপরসংখ্যা $= \frac{225 \times 15}{45} = 75$

53. সৈয়দ ওয়ালীউল্লাহর লেখা নাটক কোনটি?

a) কবর b) বহিপীর

c) ওরা কদম আলী d) লাল সালু **ans. B**

Solution: সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত নাটকগুলি হলোঃ 'বহিপীর', 'তরঙ্গভঙ্গ', 'সুড়ঙ্গ', 'উজানে মৃত্যু'।

54. ২০২৬ সালের ফিফা বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হবে?

a) জাপান-দক্ষিণ কোরিয়া-চীন

b) ঘানা-কেনিয়া-উগান্ডা

c) যুক্তরাষ্ট্র-কানাডা-মেক্সিকো

d) ভারত-পাকিস্তান-বাংলাদেশ **ans. C**

Solution: ২০২৬ সালে ২৩তম ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হবে যৌথভাবে যুক্তরাষ্ট্র, মেক্সিকো এবং কানাডায়।

55. Identify the synonym of 'Denial'.

a) Rebuff b) Refusal

c) Rebuttal d) Refuge **ans. B**

Solution: Denial অর্থ অস্বীকার; প্রত্যাখ্যান। আর এর Synonym হলো Refusal. উল্লেখ্য,

Rebuff	Rebuttal	Refuge
রূঢ় প্রত্যাখ্যান; অবজ্ঞাপূর্ণ উপেক্ষা	খণ্ডনকরণ; মিথ্যাপ্রমাণ	আশ্রয়; আশ্রয়

56. Identify the correct sentence:

a) It is high time you give up smoking.

b) It is high time you bad given up smoking.

c) It is high time you gave up smoking.

d) It is high time you have given up smoking. **ans. C**

Solution: It is time, it is high time এর পরে Subject থাকলে তার পরবর্তী Verb টি Past tense এর হয়।

বাক্যের অর্থঃ ধূমপান বর্জন করার এখনই সময়।

57. Fill in the blank with the appropriate preposition: 'Rina does not excel ____ English.'

a) in b) at

c) for d) of **ans. A**

Solution: Excel (in/at) অন্যদের চেয়ে ভালো করা বা দক্ষ। তবে, Excel in অর্থ যখন কোনো Subject/ field/ area বোঝানো হয়। যেমন: She excels in mathematics.

Excel at অর্থ যখন কোনো Particular skill/ doing action বোঝানো হয়। যেমন: He excels at playing football.

বাক্যের অর্থঃ রিনা ইংরেজিতে ভালো করতে পারে না।

58. উপমহাদেশের প্রথম মুসলিম চিকিৎসক কে?

a) ডা. ফিরোজা বেগম b) ডা. কানিজ হাসিনা

c) ডা. কাজী জোহরা বেগম d) ডা. রওশন আরা **ans. C**

Recent Publication

Solution: উপমহাদেশের প্রথম মহিলা মুসলিম চিকিৎসক হলেন ডা. কাজী জোহরা বেগম। তিনি ছিলেন প্রথম বাঙালি মুসলিম মহিলা চিকিৎসক, যার জন্ম ১৯১২ সালে। ১৯৩৫ সালে এমবিবিএস ডিগ্রি লাভ করার পর কাজী জোহরা কর্মজীবনে প্রবেশ করেন। তিনি প্রথমে ইয়োথমাল ওমেন্স পাবলিক হাসপাতালে ডাক্তার হিসেবে যোগ দেন। এরপর বিলাসপুর সরকারি হাসপাতালে যোগ দেন।

59. বায়োগ্যাসের প্রধান উপাদান কোনটি?

a) ইথেন b) নাইট্রোজেন
c) হাইড্রোজেন সালফাইড d) মিথেন ***ans.* D**

Solution: বায়োগ্যাসের মধ্যে মিথেন গ্যাসের পরিমাণ থাকে সবচেয়ে বেশি। এতে ৫৫-৬৫% মিথেন গ্যাস, ৩০-৪০% কার্বন-ডাই-অক্সাইড এবং সামান্য পরিমাণ নাইট্রোজেন ও হাইড্রোজেন সালফাইড উৎপাদিত হয়।

60. **'The boys saw him walking out.' Here 'walking' is a/an**

a) Gerund b) Infinitive
c) Verbal noun d) Participle ***ans.* D**

Solution: Saw verb টিকে Walking modify করেছে তাই এটি Participle যা একই সাথে Verb এবং Adjective এর কাজ করে।
বাক্যের অর্থঃ বালকেরা তাকে রাস্তায় হাঁটতে দেখলো।

61. মন্ত্রী পরিষদের প্রধান কে?

a) স্পীকার b) মন্ত্রী পরিষদ সচিব
c) চীফ হুইপ d) প্রধানমন্ত্রী ***ans.* D**

Solution: বাংলাদেশ সংবিধান অনুযায়ী, প্রধানমন্ত্রী হলেন মন্ত্রীপরিষদের প্রধান এবং তিনি মন্ত্রীপরিষদের বৈঠক ডাকেন ও সভাপতিত্ব করেন।

স্পীকার	তিনি জাতীয় সংসদের সভাপতি।
মন্ত্রী পরিষদ সচিব	মন্ত্রীপরিষদের একজন গুরুত্বপূর্ণ কর্মকর্তা হলেও তিনি প্রধান নন।
চীফ হুইপ	তিনি সংসদে দলের পক্ষে কাজ করেন এবং প্রধানমন্ত্রীর নিয়োগপ্রাপ্ত একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি।

62. 'সত্যি সেলুকাস, এ দেশ বড় বিচিত্রা!' কোন বাক্য?

a) মিশ্র বাক্য b) বিস্ময়বোধক বাক্য
c) যৌগিক বাক্য d) জটিল বাক্য ***ans.* B**

Solution: যে বাক্য আশ্চর্যজনক কিছু বোঝায়, সেটি বিস্ময়সূচক বাক্য বলে। বাক্যটির শেষে বিস্ময়চিহ্ন (!) ও বাক্যটি দ্বারা বিস্ময় বোঝায়।

63. **Identify the common gender?**

a) Mentrix b) Doe
c) Gander d) Cousin ***ans.* D**

Solution: যে Noun দ্বারা পুংবাচক বা স্ত্রীবাচক উভয়কে বুঝায় তাকে Common gender বলে। কিছু Common gender হলোঃ Orphan (অনাথ/ অনাথী), Enemy (শত্রু), Friend (বন্ধু), Thief (চোর), Neighbour (প্রতিবেশী), Student, Cousin, Doctor, Infant ইত্যাদি।

64. বাংলাদেশের তৈরি ল্যাপটপ কোনটি?

a) শাপলা b) যমুনা
c) দোয়েল d) এসার ***ans.* C**

Solution: বাংলাদেশের তৈরি প্রথম ল্যাপটপের নাম দোয়েল (DOEL). এটি প্রথম বাজারে আসে ১১ অক্টোবর ২০১১ তে। DOEL এর প্রস্তুতকারক প্রতিষ্ঠানের নাম টেলিফোন শিল্প সংস্থা (TSS) লিমিটেড।

65. নিম্নের কোন জলজ প্রাণিটির ফুলকা নেই?

a) স্কুইড b) তিমি
c) অক্টোপাস d) ক্লাউন মাছ ***ans.* B**

Solution: তিমি হলো স্তন্যপায়ী প্রাণী, শ্বাস নেয় ফুসফুস দিয়ে, ফুলকা নেই। উল্লেখ্য,

স্কুইড	ফুলকা আছে (এটা মলাস্ক, শ্বাস নেয় গিলস দিয়ে)।
অক্টোপাস	এটারও ফুলকা আছে।
ক্লাউন মাছ	এটারও ফুলকা আছে।

66. **'Rise early with the lark' In this sentence the verb 'rise' is-**

a) causative b) intransitive
c) transitive d) factitive ***ans.* B**

Solution: বাক্যের অর্থ সম্পন্ন করতে যে Verb এর Object প্রয়োজন হয় না, তাকে Intransitive verb বলে। বাক্যে Verb এর পরে কোনো শব্দ না থাকলে অথবা Verb এরপরে Adverb থাকলে অথবা শুধু Preposition থাকলে Verb টি অবশ্যই Intransitive verb হবে।
বাক্যের অর্থঃ পাখির মতো করে ভোরে উঠো।

67. Select the sentence in which 'after' is a conjunction:

a) The storm came soon after.
b) The boy takes after his father.
c) The police went away after we had left.
d) After ages the nation is likely to sing his glory. ***ans.* C**

Solution: Conjunction দুই বা ততোধিক বাক্যকে যুক্ত করে। After এর অর্থ হলো 'পরে', Conjunction টি দুটি Clause কে যুক্ত করেছে। এরপরে Past perfect tense এবং আগে Past indefinite tense ব্যবহৃত হয়। যেমনঃ Past indefinite + after + past perfect.
বাক্যের অর্থঃ আমরা যাবার পর পুলিশ চলে গিয়েছিল।

68. কোনটি প্রত্নতাত্ত্বিক স্থান হিসাবে প্রসিদ্ধ নয়?

a) ময়নামতি b) পাহাড়পুর
c) মহাস্থানগড় d) সুন্দরবন ***ans.* D**

Solution: যেসব স্থানে প্রাচীনকালের জিনিসপত্র, মুদ্রা, অট্টালিকা, স্থাপত্য, গহনা, ধাতব বস্তু ইত্যাদি পাওয়া যায়, তাই প্রত্নতাত্ত্বিক স্থান। ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যের তালিকায় 'সুন্দরবন' ও 'সুন্দরবন জাতীয় উদ্যান' নামে তালিকাভুক্ত হয়েছে। সুন্দরবন ১৯৯৭ সালে ইউনেস্কো (UNESCO) বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসেবে স্বীকৃতি লাভ করে।

পাহাড়পুর	নওগাঁ জেলার পাহাড়পুর নামক স্থানে ধর্মপাল এক বিশাল বিহার প্রতিষ্ঠা করেন। এটি সোমপুর বিহার বা পাহাড়পুর বৌদ্ধবিহার নামে পরিচিত। এই স্থাপত্য কর্মটি আন্তর্জাতিক ইউনেস্কো কর্তৃক বিশ্বমানের নিদর্শন হিসেবে (ওয়ার্ল্ড হ্যারিটেজ) স্বীকৃত হয়েছে।
ময়নামতি	ময়নামতি বাংলাদেশের কুমিল্লায় অবস্থিত একটি ঐতিহাসিক স্থান। লালমাই অঞ্চলের প্রাচীনতম সভ্যতার নিদর্শন হলো ময়নামতি প্রত্নস্থল। এটি মূলত প্রাচীন নগরী ও বৌদ্ধ বিহারের ধ্বংসস্তূপের অবশিষ্টাংশ।
মহাস্থানগড়	বাংলাদেশের প্রাচীন নগর পুন্ড্রবর্ধনের ধ্বংসাবশেষ এবং মৌর্য ও গুপ্ত রাজবংশের পুরাকীর্তির জন্য মহাস্থানগড় বিখ্যাত। মহাস্থানগড় বগুড়া শহর হতে সাত মাইল উত্তরে করতোয়া নদীর পশ্চিম তীরে অবস্থিত, যা একসময় মৌর্য ও গুপ্ত বংশের রাজাদের রাজধানী ছিল।

69. বাংলাদেশের জাতীয় শিশুনীতি অনুসারে শিশুর বয়স সীমা কত?

a) ০-১৮ বছর b) ০-৮ বছর
c) ১-২০ বছর d) ০-১২ বছর ***ans.* A**

Solution: জাতীয় শিশু নীতি-২০১১ হলো বাংলাদেশে শিশু অধিকার বাস্তবায়নের জন্য প্রণীত একটি গুরুত্বপূর্ণ আইন। এই নীতিতে স্পষ্টভাবে বলা হয়েছে, শিশু বলতে ১৮ বছরের কম বয়সীকে এবং কিশোর বলতে ১৪ থেকে ১৮ বছর বয়সীদের বোঝানো হয়েছে। জবরদস্তিমূলক, ভারী ও ঝুঁকিপূর্ণ কাজে শিশুদের ব্যবহার এই নীতিতে কঠোরভাবে নিষিদ্ধ করা হয়েছে। পাশাপাশি পথশিশু ও বিপথগামী শিশুদের বিকাশের জন্য আলাদা ব্যবস্থা গ্রহণের কথাও উল্লেখ রয়েছে।

70. বিশুদ্ধ পানির pH কত?

a) 5 b) 6
c) 7 d) 8 ***ans.* C**

Solution: pH হলো হাইড্রোজেন আয়নের ঘনত্বের একটি পরিমাপ যা কোনো দ্রবণের অম্লতা বা ক্ষারীয়তা নির্দেশ করে। বিশুদ্ধ পানির pH এর মান ৭। উল্লেখ্য,

উপাদান	pH এর মান
পাকস্থলী	১
মানুষের ত্বক	৪.৮ থেকে ৫.৫
মূত্র	৬
রক্ত	৭.৪
অন্ত্রাশয় রস	৮.১
লালা	৬.৬
শিশুদের ত্বক	৭ এর কাছাকাছি
টুথপেস্ট	৯ থেকে ১১

71. 'মর্সিয়া' শব্দের উৎপত্তি কোন ভাষা থেকে?

a) আরবি b) উর্দু
c) ফারসি d) তুর্কি ***ans.* C**

Solution: বাংলা ভাষায় আগত ফারসি শব্দগুলোকে তিনভাগে ভাগ করতে পারি:

ক. ধর্মসংক্রান্ত: নামাজ, রোজা, বেহেশ্‌ত, দোজখ, ফেরেশতা, খোদা, গোনাহ, পয়গম্বর ইত্যাদি।
খ. প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ: দস্তখত, দৌলত, নালিশ, কারখানা, জবানবন্দি, তারিখ, তোশক, দফতর ইত্যাদি।
গ. বিবিধ শব্দ: মর্সিয়া, আমদানি, রপ্তানি, জিন্দা, আদমি, বদমাশ, জানোয়ার, হাঙ্গামা, নমুনা ইত্যাদি।

72. কোন দেশটি আরব লীগের সদস্য নয়?

a) লেবানন b) জর্ডান
c) ইরান d) কাতার ***ans.* C**

Solution: আরব লীগ প্রতিষ্ঠা হয় ২২ মার্চ ১৯৪৫ সালে। আরব লীগের প্রতিষ্ঠাকালীন সদস্য রাষ্ট্র ৭টি (ইরাক, সিরিয়া, মিশর, লেবানন, জর্ডান, ইয়েমেন এবং সৌদি আরব)। আরব লীগ বহির্ভূত মধ্যপ্রাচ্যের দেশ ৪টি (ইরান, তুরস্ক, সাইপ্রাস এবং ইসরাইল)। আরব লীগের সদর দপ্তর মিশরের রাজধানী কায়রোতে অবস্থিত।

73. সংবিধানের কত অনুচ্ছেদ অনুসারে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন গঠিত হয়?

a) ১৩৭ অনুচ্ছেদ b) ১৩৮ অনুচ্ছেদ
c) ১১১ অনুচ্ছেদ d) ১৩৯ অনুচ্ছেদ **ans. A**

Solution: বাংলাদেশ সংবিধানে ১৩৭ নং অনুচ্ছেদে সরকারি কর্ম কমিশন গঠন সম্পর্কে বলা হয়েছে। উল্লেখ্য,

১৩৮ নং অনুচ্ছেদ	১১১ নং অনুচ্ছেদ	১৩৯ নং অনুচ্ছেদ
সরকারি কর্ম কমিশনের সদস্য নিয়োগ	সুপ্রীমকোর্টের রায়ের ব্যাখ্যামূলক কার্যকর	সরকারি কর্ম কমিশনের সদস্যদের মেয়াদ

74. 'মহিমা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

a) মহি + মা b) মহা + ইমা
c) মহৎ + ইমন d) মহিম + আ **ans. C**

Solution: বিশেষ্য গঠনে ইমন্-প্রত্যয়ের উদাহরণঃ নীল + ইমন্ = নীলিমা; মহৎ + ইমন্ = মহিমা।
ইল প্রত্যয় উপকরণজাত বিশেষণ গঠনে ব্যবহৃত হয়। যেমনঃ পঙ্ক + ইল = পঙ্কিল; ফেল + ইল = ফেনিল।
ইত প্রত্যয় উপকরণজাত বিশেষণ গঠনে ব্যবহৃত হয়। যেমনঃ কুসুম + ইত = কুসুমিত; তরঙ্গ + ইত = তরঙ্গিত।

75. 'সোনার তরী' কবিতায় 'সোনার ধান' বলতে বোঝায়-

a) সোনালি ধান b) দামি ধান
c) মূল্যবান অর্জন d) জীবনের সৃষ্টিকর্ম **ans. D**

Solution: রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কবিতায় 'সোনার ধান' কোনো বাস্তব ধানকে নির্দেশ করে না। এখানে কবি ধানকে রূপক হিসেবে ব্যবহার করেছেন। 'সোনার ধান' বলতে মানুষের জীবনের সৃষ্টিকর্ম বোঝানো হয়েছে।

76. The idiom 'Carry on with' means-

a) to progress carefully
b) to progress fast
c) to continue
d) to progress gradually **ans. C**

Solution: Carry on with অর্থ কোন কিছু করে যাওয়া বা চালিয়ে যাওয়া। তাই সঠিক উত্তর অপশন *c*). উল্লেখ্য,

To progress carefully	সতর্কতার সহিত উন্নতি করা।
To progress fast	দ্রুত উন্নতি সাধন করা।
To progress gradually	ধীরে ধীরে উন্নতি করা।

77. ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ খোলা হয়-

a) ১৮০০ সালে b) ১৮০১ সালে
c) ১৮০২ সালে d) ১৮০৩ সালে **ans. B**

Solution: উইলিয়াম কেরির তত্ত্বাবধানে ১৮০১ সালে কলকাতায় ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ খোলা হয়। উল্লেখ্য, ফোর্ট উইলিয়াম কলেজ ৪ মে, ১৮০০ সালে প্রতিষ্ঠিত হয়। বাংলা গদ্য সাহিত্য বিকাশ এই কলেজের বিশেষ অবদান রয়েছে। এ কলেজের শিক্ষকদের মধ্যে অন্যতম ছিলেন রামরাম বসু, উইলিয়াম কেরি, মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার।

78. বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর সর্বনিম্ন স্তর কোনটি?

a) জেলা b) উপজেলা
c) ইউনিয়ন d) ওয়ার্ড **ans. B**

79. কোনটি জসীমউদ্‌দীনের রচনা?

a) গাজী মিয়ার বস্তানী b) দুর্দিনের দিনলিপি
c) যে দেশে মানুষ বড় d) রেখাচিত্র **ans. C**

Solution: পল্লীকবি জসীম উদদীনের রচিত 'যে দেশে মানুষ বড়' একটি ভ্রমণকাহিনী। জসীম উদদীনের অন্যান্য ভ্রমণকাহিনীগুলো হলোঃ 'চলে মুসাফির', 'জার্মানীর শহরে বন্দরে' ইত্যাদি।

80. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভারতীয় উপাচার্য কে ছিলেন?

a) ড. মুহম্মদ শহীদুল্লাহ b) ড. রমেশচন্দ্র মজুমদার
c) স্যার এ.এফ. রহমান d) ড. মাহমুদ হোসেন **ans. C**

Solution: ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বাঙালি ভিসি/ প্রথম মুসলিম ভিসি/ উপমহাদেশের প্রথম ভিসি ছিলেন স্যার এ.এফ.রহমান। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্র হিসেবে উপাচার্য/ ১৯৫২ এর ভাষা আন্দোলনের সময় উপাচার্য ছিলেন সৈয়দ মোয়াজ্জেম হোসেন।

81. ভিটামিন B_{12} এর রাসায়নিক নাম কি?

a) রাইবোফ্লভিন b) কোবালামিন
c) থিয়ামিন d) নিয়াসিন **ans. B**

Solution: ভিটামিন B_{12} এর রাসায়নিক নাম হলো "কোবালামিন" B-ভিটামিন গ্রুপ ও তাদের রাসায়নিক নাম

Vitamin B_1	Thiamine (থিয়ামিন)
Vitamin B_2	Riboflavin (রাইবোফ্লাভিন)
Vitamin B_3	Niacin / Nicotinic acid (নিয়াসিন / নিকোটিনিক অ্যাসিড)

Vitamin B_5	Pantothenic acid (প্যান্টোথেনিক অ্যাসিড)
Vitamin B_6	Pzridoxine (পাইরিডক্সিন)
Vitamin B_7	Biotin (বায়োটিন)
Vitamin B_9	Folic acid (ফোলিক অ্যাসিড)
Vitamin B_{12}	Cobalamin (কোবালামিন)

82. **(2, 3) এবং (4, 9) বিন্দুগামী সরলরেখার ঢাল কত?**

a) 2 b) 4

c) 3 d) 6 **ans. C**

Solution: (2, 3) এবং (4, 9) বিন্দুগামী সরলরেখার সমীকরণ হলোঃ

$$\frac{y-y_1}{y_1-y_2}=\frac{x-x_1}{x_1-x_2}$$

$$\Rightarrow \frac{y-3}{3-9}=\frac{x-2}{2-4} \quad [x_1=2, x_2=4 \text{ এবং } y_1=3, y_2=9 \text{ ধরে}]$$

$$\Rightarrow \frac{y-3}{-6}=\frac{x-2}{-2}$$

$$\Rightarrow \frac{y-3}{3}=\frac{x-2}{1}$$

$$\Rightarrow y-3=3x-6$$

$$\Rightarrow y=3x-6+3$$

$$\Rightarrow y=3x-3$$

এখন, $y=3x-3$ কে $y=mx+c$ এর সাথে তুলনা করে পাই, $m=3$

$\therefore$ সরলরেখাটির ঢাল $=3$

Alternative: বিন্দু দুটি $(x_1, y_1)=(2, 3)$ এবং $(x_2, y_2)=(4, 9)$

আমরা জানি, সরল রেখার ঢাল

$$m=\frac{y_2-y_1}{x_2-x_1}=\frac{9-3}{4-2}=\frac{6}{3}=3$$

83. **চন্দ্রে কোনো বস্তুর ওজন পৃথিবীর ওজনের-**

a) ছয়ভাগের একভাগ b) তিনগুণ

c) দুইভাগের একভাগ d) দুইগুণ **ans. A**

Solution: চাঁদে যেহেতু অভিকর্ষজ ত্বরণ g এর মান পৃথিবীর মানের ৬ ভাগের ১ ভাগ অর্থাৎ $g/6 = 1.63 ms^{-2}$, তাই চাঁদে কোন বস্তুর ওজন পৃথিবীর ওজনের ৬ ভাগের এক ভাগ।

84. **একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৩ ঃ ৪ ঃ ৫ হলে, ক্ষুদ্রতর কোনটি কত ডিগ্রী?**

a) 30° b) 45°

c) 60° d) 75° **ans. B**

Solution: কোণের রাশিগুলোর যোগফল $= ৩ + ৪ + ৫ = ১২$

$\therefore$ ১ম কোণ $= ১৮০°$ এর $\frac{৩}{১২} = ৪৫°$

$\therefore$ ২য় কোণ $= ১৮০°$ এর $\frac{৪}{১২} = ৬০°$

$\therefore$ ৩য় কোণ $= ১৮০°$ এর $\frac{৫}{১২} = ৭৫°$

85. **'গোবৈদ্য' এর প্রবাদ বাক্য কোনটি?**

a) মূর্খ b) চালাক

c) হাতুড়ে d) অলস **ans. C**

Solution: 'গোবৈদ্য' বলতে এমন একজন অনভিজ্ঞ ও অপটু ব্যক্তিকে বোঝানো হয় যে নিজের যোগ্যতা না থাকা সত্ত্বেও কোনো কাজ করার চেষ্টা করে, ঠিক যেমন একজন অপেশাদার বা হাতুড়ে বৈদ্য কোনো কঠিন রোগ সারানোর চেষ্টা করে।

86. **$|x-2|<5$ হলে, নিচের কোনটি সঠিক?**

a) $-3<x<3$ b) $-3<x<7$

c) $3<x<7$ d) $-5<x<3$ **ans. B**

Solution: দেওয়া আছে, $|x-2|<5$

$$\Rightarrow -5<(x-2)<5$$

$$\Rightarrow -5+2<x-2+2<5+2$$

$$\Rightarrow -3<x<7$$

87. **এক কথায় প্রকাশ করুন 'মুক্তি পেতে ইচ্ছুক'**

a) মুমূক্ষু b) মুমূক্ষু

c) মুমুক্ষ d) মুমুক্ষু **ans. A**

Solution: 'মুক্তি পেতে ইচ্ছুক' এক কথায় মুমুক্ষু বলে।

88. **টেকনাফ ও তেঁতুলিয়া স্থল ২টি কোন কোন জেলায় অবস্থিত?**

a) বান্দরবান ও নীলফামারি b) কক্সবাজার ও দিনাজপুর

c) কক্সবাজার ও পঞ্চগড় d) ফেনী ও টাঙ্গাইল **ans. C**

Solution: কক্সবাজার ৮টি উপজেলা নিয়ে গঠিত। এগুলো হলোঃ কক্সবাজার সদর, মহেশখালী, চকোরিয়া, রামু, কুতুবদিয়া, উখিয়া, টেকনাফ ও পেকুয়া।

পঞ্চগড় উপজেলার সংখ্যা ৫টি। এগুলো হলোঃ পঞ্চগড় সদর, বোদা, তেঁতুলিয়া, দেবীগঞ্জ ও আটোয়ারী।

89. **কোনটি খাঁটি বাংলা উপসর্গ**

a) অপ b) পরা

c) সু d) প্র **ans. C**

Solution: খাঁটি বাংলা উপসর্গ মোট একুশটি। যথাঃ অ / অঘা / অজ / অনা/ আ / আড় / আন / আব / ইতি / উন / কদ/ কু / নি / পাতি / বি / ভর / রাম / স / সা/ সু/ হা।

90. **Fill in the blank with correct option: 'The family ____ their homeland during 1960s'.**

a) left b) was left

c) had been left d) had left **ans. A**

Solution: বাক্যে During 1960s থাকায় তা Past Indefinite Tense কে নির্দেশ করছে। এজন্য 'left' বসবে।

বাক্যের অর্থঃ পরিবারটি ১৯৬০ সালে মাতৃভূমি ত্যাগ করে।

Recent Publication

91. 20% কমে একটি পণ্য 1,280 টাকায় বিক্রয় হলে, পণ্যটির পূর্বের বিক্রয়মূল্য কত টাকা ছিল?

a) 2,000 b) 1,800
c) 1,600 d) 1,400 **ans. C**

Solution: বর্তমান মূল্য ৮০ টাকা হলে পূর্বমূল্য = ১০০ টাকা

∴ বর্তমান মূল্য ১,২৮০ টাকা হলে পূর্বমূল্য

$= \frac{১০০ \times ১২৮০}{৮০} = ১,৬০০$ টাকা

92. Walking is the beneficial to a healthy life Here 'walking' is a/an-

a) participle b) gerund
c) infinitive d) verbal noun **ans. B**

Solution: Verb এর সাথে 'ing' যোগ হয়ে যদি Noun এর কাজ করে অর্থাৎ Verb এবং Noun এর কাজ করে তাহলে তাকে Gerund বলে। যেমনঃ Walking in the morning is a good habit.
Subject হলো Walking যেদি Noun হিসেবে কাজ করছে। তাহলে Walking শব্দটি (Walk + ing) একই সাথে Noun এবং Verb এর কাজ সম্পন্ন করেছে। এটিই হল Gerund.
বাক্যের অর্থঃ সকালে হাটা স্বাস্থ্যের জন্য উপকারী।

93. Identify the correct spelling:

a) reconaissance b) reconnaisance
c) reconnaissance d) reconaisance **ans. C**

Solution: Reconnaissance অর্থ পরিদর্শনকরণ।

94. একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য 4 মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গমিটার?

a) $\sqrt{3}$ b) $2\sqrt{3}$
c) $3\sqrt{2}$ d) $4\sqrt{3}$ **ans. D**

Solution: আমরা জানি, সমবাহু ত্রিভুজের একটি বাহু a হলে ক্ষেত্রফল হয় $\frac{\sqrt{3}}{4}a^2$ বর্গএকক।

∴ সমবাহু ত্রিভুজের একটি বাহু 4 মিটার হলে ক্ষেত্রফল হয়

$\frac{\sqrt{3}}{4}(4)^2 = \frac{\sqrt{3}}{4} \times 16$ [এখানে $a = 4$]

$= \frac{\sqrt{3}}{4} \times 4 \times 4$

$= 4\sqrt{3}$ বর্গমিটার।

95. 'নদী ও নারী' উপন্যাসের রচয়িতা -

a) আলাউদ্দিন আল আজাদ b) হুমায়ুন কবির
c) হুমায়ুন আজাদ d) হুমায়ুন আহমেদ **ans. B**

Solution: 'চতুরঙ্গ' পত্রিকার সম্পাদক হুমায়ুন কবির। তিনি মূলত লেখক ও রাজনীতিবিদ ছিলেন। তার রচিত কাব্যঃ স্বপ্নসাধ, সাথী, অষ্টাদশ এবং উপন্যাস 'নদী ও নারী'।

96. চোখের লেন্সের ধরন কোনটি?

a) উত্তল b) অবতল
c) দ্বি-উত্তল d) দ্বি-অবতল **ans. C**

Solution: চোখের প্রাকৃতিক লেন্স হলো দ্বি-উত্তল (Biconvex lens)। কারণ এটি উভয় দিক থেকে ফোলা থাকে এবং আলোকে অভিসরিত (converge) করে রেটিনায় ফোকাস তৈরি করে।

97. The word 'decadent' means-

a) Rotten b) Morally declined
c) Dissident d) Defiant **ans. B**

Solution: Decadent অর্থ অধঃপতিত/ নৈতিক অবক্ষয়। আর এর Synonym হলো Morally declined. তাই সঠিক উত্তর *b*). উল্লেখ্য,

Rotten	Dissident	Defiant
পঁচা	ভিন্ন মতাবলম্বী	অবজ্ঞাপূর্ণ; অবাধ্য

98. ল্যাকটিক এসিড নিচের কোনটিতে পাওয়া যায়?

a) দই b) পালংশাক
c) লেবু d) ভিনেগার **ans. A**

Solution: বিভিন্ন জৈব এসিডের উৎসের তালিকা দেয়া হলোঃ

দুধ/মাখন/ঘি/টকদইয়ে থাকে ল্যাকটিক এসিড	তেঁতুলে থাকে টারটারিক, সাইট্রিক এসিড
টমেটোতে থাকে ম্যালিক, স্যালিক এসিড	কমলা লেবু, পেয়ারা, টকদইয়ে প্রচুর থাকে সাইট্রিক, অ্যাসকরবিক এসিড
আপেল, আনারসে থাকে ম্যালিক এসিড	আমলকি, কামরাঙ্গাতে থাকে অক্সালিক, অ্যাসকরবিক এসিড
আঙ্গুরে থাকে টারটারিক, অ্যাসিটিক এসিড	

99. কোন দেশের মহিলারা প্রথম ভোটাধিকার পেয়েছে?

a) আমেরিকা b) অস্ট্রেলিয়া
c) নেপাল d) নিউজিল্যান্ড **ans. D**

Solution: বিশ্বে প্রথম ভোটাধিকার লাভ করে ১৮৯৩ সালে নিউজিল্যান্ডের মহিলারা। যুক্তরাষ্ট্রের নারীরা ১৯২০ সালে ভোটাধিকার লাভ করে।

100. **$\log_{10}(x+6) - \log_{10}(x+2) = \log_{10}x$ হলে, x এর মান কত?**

a) 2 b) 3
c) -3 d) 2 বা -3 **ans. A**

Solution: দেওয়া আছে, $\log_{10}(x+6) - \log_{10}(x+2) = \log_{10}x$

$\Rightarrow \log_{10}x = \log_{10}(x+6) - \log_{10}(x+2)$

$\Rightarrow \log_{10}x = \log_{10}\frac{x+6}{x+2}$

$\Rightarrow x = \frac{x+6}{x+2}$

$\Rightarrow x^2 + 2x - x - 6 = 0$

$\Rightarrow x^2 + x - 6 = 0$

$\Rightarrow x + 3x - 2x - 6 = 0$

$\Rightarrow x(x+3) - 2(x+3) = 0$

$\Rightarrow (x+3)(x-2) = 0$

হয়, $x + 3 = 0$ অথবা, $x - 2 = 0$

$\therefore x = -3$ $\therefore x = 2$

[ঋনাত্মক মান গ্রহণযোগ্য নয়]

সুতরাং, x এর মান 2.

৪৭তম বিসিএস

তারিখঃ ১৯.০৯.২০২৫; সময়ঃ ১২০ মিনিট; পূর্ণমানঃ ২০০

01. 'লুই ভণই গুরু পুছিঅ জান।' - এখানে 'ভণই' শব্দের অর্থ

a) বলে b) ভাবে
c) চায় d) দেখে **ans. A**

Solution: লুই ভণই গুরু পুছিঅ জাণ' যার অর্থ হলো 'লুই বলেন, 'গুরুকে জিজ্ঞাসা করে জানো' এখানে 'ভণই' শব্দের অর্থ বলেন। চর্যাপদের ১নং পদ থেকে নেওয়া একটি পংক্তি। এই পংক্তিটি চর্যার একটি গুরুত্বপূর্ণ অংশ, যা আধ্যাত্মিক জ্ঞান অর্জনের জন্য গুরুর প্রয়োজনীয়তার কথা বলে।

02. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের অংশ নয় কোনটি?

a) নৌকা খণ্ড b) হার খণ্ড
c) রাধা খণ্ড d) প্রণয় খণ্ড **ans. D**

Solution: 'শ্রীকৃষ্ণকীর্তন' মধ্যযুগে রচিত বাংলা ভাষার প্রথম কাব্যগ্রন্থ। গ্রন্থটির লেখক হলেন বড়ু চণ্ডীদাস। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য ১৩ খণ্ডে রচিত। যেমনঃ জন্মখণ্ড, তাম্বুল খণ্ড, দানখণ্ড, নৌকাখণ্ড, ভারখণ্ড, ছত্রখণ্ড, বৃন্দাবন খণ্ড, কালীয়দমন খণ্ড, বস্ত্রহরণ খণ্ড/ যমুনা খণ্ড, হারখণ্ড, বাণখণ্ড, বংশীখণ্ড, রাধাবিরহ খণ্ড।

03. বিবৃত স্বরধ্বনি বলতে বোঝায়-

a) যে স্বরধ্বনি উচ্চারণে ঠোঁট বেশি খোলে
b) যে স্বরধ্বনি উচ্চারণে জিভ উচু হয়
c) যে স্বরধ্বনি অবিকৃতভাবে উচ্চারিত হয়
d) যে স্বরধ্বনি উচ্চারণে বিকৃতি ঘটে **ans. A**

Solution: যে স্বরধ্বনি উচ্চারণকালে মুখবিবর বিবৃত বা প্রসারিত হয় তাকে বিবৃত স্বরধ্বনি বলে। বিবৃত স্বরধ্বনি ২টি (অ, আ)।

04. মানোয়েল দ্যা আসসুম্পসাঁও অভিধান প্রকাশের আগে কত বছর ধরে শব্দ সংগ্রহ করেন?

a) ২-৩ বছর b) ৫-৭ বছর
c) ৯-১০ বছর d) ১৪-১৫ বছর **ans. C**

Solution: বাংলা ভাষার প্রথম ব্যাকরণ বাংলাদেশের গাজীপুর অঞ্চলে রচিত হয়। উল্লেখ্য, পর্তুগিজ পাদরি মানোএল দা আসসুম্পসাউ ২৮৭ বছর আগে ১৭৩৪ সালে এই ব্যাকরণ বই লেখা শুরু করেন। বইটি ছাপা হয় ১৭৪৩ সালে। আসসুম্পসাউয়ের বইয়ের অংশবিশেষ ১৯৩১ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশ করেন সুনীতিকুমার চট্টোপাধ্যায়। ২০১৮ সালে প্রকাশ করে বাংলাদেশে সাভারের গণবিশ্ববিদ্যালয়। উল্লেখ্য, গাজীপুরের কালীগঞ্জ উপজেলার নাগরী গ্রামে 'সাধু নিকোলাসের ধর্মপল্লি'তে বসেই বাংলা ভাষার ব্যাকরণ রচনা করেছেন আসসুম্পসাউ।www.prebd.com

05. 'আলালের ঘরে দুলাল' প্রথমে কোন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়?

a) বিবিধার্থ সংগ্রহ b) সংবাদ প্রভাকর
c) মাসিক পত্রিকা d) বঙ্গদর্শন **ans. C**

Solution: প্যারীচাঁদ মিত্রের 'আলালের ঘরে দুলাল' উপন্যাসটি তাঁর প্রতিষ্ঠিত 'মাসিক পত্রিকা'য় (১৮৫৪) ধারাবাহিকভাবে প্রকাশিত হয়ে ১৮৫৮ সালে গ্রন্থাকারে প্রকাশ পায়। পরবর্তীকালে হীরালাল মিত্র কৃত এর নাট্যরূপ বেঙ্গল থিয়েটারে মঞ্চস্থ হয় ১৮৭৫ সালের জানুয়ারি মাসে। উপন্যাসটির ইংরেজি অনুবাদের নাম হলো 'The Spoiled Child'.

06. 'সকলের তরে সকলে আমরা/প্রত্যেকে আমরা পরের তরে। - কোন কবিতার অংশ?

a) পরার্থে b) পাছে লোকে কিছু বলে
c) বড় কে d) সুখ **ans. A**

Solution: কবি কামিনী রায় রচিত 'পরার্থে' কবিতা হতে চরণ দুটি চয়ন করা হয়েছে।

07. কাজী নজরুল ইসলামের কোন গ্রন্থটি বাজেয়াপ্ত হয়নি?

a) অগ্নিবীনা b) বিষের বাঁশি
c) ভাঙার গান d) চন্দ্রবিন্দু **ans. A**

Solution: কাজী নজরুল ইসলামের 'বিষেয় বাঁশি, ভাঙার গান, যুগবাণী, প্রলয় শিখা ও চন্দ্রবিন্দু' এই ৫টি বই বাজেয়াপ্ত হয় ব্রিটিশ সরকার কর্তৃক। অগ্নিবীণা ব্রিটিশ সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়নি।

08. জসীম উদ্‌দীনের 'কবর' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত?

a) বালুচর b) রাখালী
c) মা যে জননী কান্দে d) ধানক্ষেত **ans. B**

Solution: 'কবর' কবিতাটি কবি জসীম উদ্‌দীনের প্রথম কাব্যগ্রন্থ "রাখালী" (১৯২৭) কাব্যগ্রন্থে অন্তর্গত রয়েছে। এ কবিতাটি প্রথম ছাপা হয় কল্লোল পত্রিকায়। তার ছাত্রাবস্থায় এই কবিতাটি কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ের পাঠ্য বইয়ে তালিকাভূক্ত হয়।

09. গৌড়ী প্রাকৃত বলতে বোঝায়-

a) গৌড় অঞ্চলের মুখের ভাষা
b) গৌড় সাহিত্যের স্বাভাবিক রীতি
c) গৌড় ভাষার লিখিত নমুনা
d) গৌড় ভাষার বিকৃত উচ্চারণ **ans. A**

Solution: গৌড়ী প্রাকৃত ছিল মধ্যভারতীয় এক প্রাকৃত ভাষা, যা মূলত গৌড় অঞ্চলে (বর্তমান বাংলার উত্তর ও পশ্চিমাঞ্চল, তথা প্রাচীন গৌড়) প্রচলিত ছিল।

সময়কাল	আনুমানিক খ্রিস্টীয় ২০০ থেকে ৬৫০ অব্দে এই ভাষার ব্যবহার পাওয়া যায়।
বৈশিষ্ট্য	এটা ছিল মুখের ভাষা, লিখিত বা সাহিত্যিক রূপে তেমন প্রতিষ্ঠিত ছিল না। পরে এর থেকেই গৌড়ী অপভ্রংশ সৃষ্টি হয়, আর সেখান থেকেই ধীরে ধীরে বাংলা ভাষার জন্ম।
অনেক ভাষাবিদ মনে করেন, বাংলা ও কামরূপী উপভাষার মূল উৎস ছিল এই গৌড়ী প্রাকৃত।	

10. 'Glossary' শব্দের বাংলা পরিভাষা-

a) জ্ঞাপনপত্র b) সর্বসাকল্যে
c) শব্দার্থপঞ্জি d) গুদামজাত **ans. C**

Recent Publication

86

Solution: glossary (গ্লসারি) অর্থঃ টীকাসূচী, ব্যাখ্যানিবন্ধ, শব্দার্থ তালিকা কোনো বই, প্রবন্ধ বা লেখায় ব্যবহৃত বিশেষ শব্দগুলোর অর্থ বা ব্যাখ্যা যেভাবে একত্রে দেওয়া হয়, সেই সংকলিত তালিকাকেই glossary

11. 'ঐক্যমত্য' শব্দটি কোন বিবেচনায় অশুদ্ধ নয়?
a) মতের ঐক্য - এভাবে সমাসসাধিত করলে
b) একমত + য - এভাবে প্রত্যয়সাধিত করলে
c) ঐক্য + মত এভাবে উপসর্গসাধিত করলে
d) ঐক্যমত শব্দটিকে পারিভাষিক শব্দ ধরলে **ans. A**

12. ১৯৩৬ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বানান সংস্কারের মূল উদ্দেশ্য ছিল-
a) বানানকে উচ্চারণের কাছাকাছি নেওয়া
b) বানানের ঐতিহ্যকে বজায় রাখা
c) বানানের নিয়ম প্রণয়ন করা
d) বানানে বিকল্প বর্জন করা **ans. C**

Solution: বাংলা বানানের নিয়ম বেঁধে দেয়ার প্রথম দায়িত্ব পালন করে কলকাতা বিশ্ববিদ্যালয়। ১৯৩৫ সালে গঠিত বাংলা বানান সংস্কার কমিটির প্রতিবেদন ১৯৩৬ সালে প্রকাশিত হয় বাংলা শব্দের বানানের নিয়ম। পরবর্তীকালে বাংলা বানানকে শৃঙ্খলাবদ্ধ করতে আরো কয়েকটি বিশ্ববিদ্যালয় উদ্যোগী হয়েছে। আমাদের দেশে বাংলাদেশ টেক্সট বুক বোর্ড, বাংলা একাডেমি বানানরীতি তৈরি করেছে। টেক্সট বুক বোর্ড ও বাংলা একাডেমির বানানরীতি এক হয়েছে। এখন সর্বত্র বাংলা একাডেমির বানানরীতি মানা হচ্ছে।

13. অভিধানে ং, ঃ, ঁ - এই বর্ণগুলোর অবস্থান কোথায়?
a) এদের নির্দিষ্ট অবস্থান নেই b) স্বরবর্ণের শেষে
c) ব্যঞ্জনবর্ণের শেষে d) স্বরবর্ণের আগে **ans. B**

Solution: 'ং, ঃ ঁ' এই তিনটি বর্ণ স্বাধীনভাবে স্বতন্ত্র বর্ণ হিসেবে ভাষায় ব্যবহৃত হয় না। এই বর্ণে দ্যোতিত ধ্বনি অন্য ধ্বনির সঙ্গে মিলিত হয়ে একত্রে উচ্চারিত হয়। তাই এ বর্ণগুলোকে বলা হয় পরাশ্রয়ী বর্ণ।

14. পূর্ববঙ্গীয় উচ্চারণে 'স্মরণ' শব্দের ক্ষেত্রে কোনটি ঘটে?
a) স-এর উচ্চারণ শ হয়ে যায়
b) ণ-এর উচ্চারণ ন হয়ে যায়
c) ম-ফলার উচ্চারণ 'ম' হয়ে যায়
d) শুরুতে নাসিক্য উচ্চারণ হয় না **ans. D**

15. 'গড্ডলিকা প্রবাহ' বাগধারার 'গড্ডল শব্দের অর্থ কী?
a) নদী b) স্রোত
c) ভেড়া d) মশা **ans. C**

Solution: সংস্কৃতে গড্ডল অর্থ ভেড়া। তাই ভেড়ার মতো বোধহীনভাবে অন্যের সাথে মিশে যাওয়া অর্থে গড্ডলিকা প্রবাহ।

16. 'এমন পিরিতি কভু নাহি দেখি শুনি/ পরানে পরান বান্ধা আপনা আপনি।' - কার লেখা?
a) বিদ্যাপতি b) চণ্ডীদাস
c) জ্ঞানদাস d) গোবিন্দদাস **ans. B**

Solution: চণ্ডীদাসের কিছু বিখ্যাত উক্তিঃ

শুনহ মানুষ ভাই, সবার উপরে মানুষ বড়, তাহার উপরে নাই।	এমন পিরীতি কভু দেখি নাই শুনি পরানে পরান বান্ধা আপনা আপনি।
এ ঘোরে রজনী মেঘের ঘটা। কেমনে আইল বাটে। আঙ্গিনার মাঝে বঁধুয়া ভিজিছে দেখিয়া পরান ফাটে।	ঘরের বাহিরে দণ্ডে শতবার তিলে তিলে আইসে যায়।

17. ফোর্ট উইলিয়াম কলেজ পর্বে রচিত বাংলা বইগুলো-
a) সংস্কৃত বইয়ের অনুবাদ
b) ফারসি বইয়ের অনুবাদ
c) ইংরেজি বইয়ের অনুবাদ
d) পণ্ডিতদের রচিত মৌলিক গ্রন্থ **ans. D**

Solution: ফোর্ট উইলিয়াম কলেজের পণ্ডিতদের রচনাবলিগুলো হলোঃ

রচয়িতা	সাহিত্যকর্ম
চণ্ডীচরণ মুন্সী	তোতা ইতিহাস
মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার	বত্রিশ সিংহাসন, হিতোপদেশ, রাজাবলী, বেদান্তচন্দ্রিকা, প্রবোধচন্দ্রিকা।
তারিণীচরণ মিত্র	ওরিয়েন্টাল ফেবুলিস্ট
রাজীবলোচন মুখোপাধ্যায়	মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রং
গোলকনাথ শর্মা	হিতোপদেশ
হরপ্রসাদ রায়	পুরুষ পরীক্ষা

18. সাহিত্যের রূপ ও রীতির বিচারে কোন গ্রন্থটি ব্যতিক্রম?
a) বাংলা কাব্য b) দিবারাত্রির কাব্য
c) শেষের কবিতা d) নদী ও নারী **ans. A**

19. 'বিরাট গরু-ছাগলের হাট' ব্যানারে লেখা এই শিরোনামকে অপপ্রয়োগ বলা যায় না কেন? www.prebd.com
a) বিরাট শব্দটি হাটকে বিশেষিত করছে?
b) বিরাট শব্দটি গরু-ছাগলকে বিশেষিত করছে
c) বিশেষণের অবস্থান যে- কোনো জায়গায় হতে পারে
d) বহুল ব্যবহারে প্রয়োগ-অশুদ্ধতা হারিয়েছে **ans. A**

20. 'অজর' শব্দের বিপরীত কোনটি?
a) অমলিন b) বার্ধক্য
c) অমর d) ব্যাধিগ্রস্ত **ans. D**

21. 'ব্যাং' শব্দটি ং দিয়ে লিখতে হবে, কারণ-
a) ঙ-বরন হসন্ত উচ্চারণ ং হবে
b) ্যা-এর পর ং হয়
c) ং বাংলা ভাষার নিজস্ব বর্ণ
d) ব্যাং একটি একাক্ষর শব্দ **ans. A**

22. ' সে কৌতুক করার কৌতূহল সংবরণ করতে পারল না। - এই বাক্য কি কারণে ত্রুটিপূর্ণ?
a) বানান ভুল আছে
b) বাক্যের পদবিন্যাস যথাযথ নয়
c) অর্থ অনুযায়ী শব্দের প্রয়োগ হয়নি
d) বিশেষ্য-বিশেষণের অপপ্রয়োগ ঘটেছে **ans. C**

23. 'নিত্য তোমার যে ফুল ফোটে ফুলবনে'- এখানে 'নিত্য' শব্দের প্রতিশব্দ কোনটি?
a) অতিশয় b) চিরন্তন
c) প্রকৃতি d) অহরহ **ans. D**

Recent Publication

87

24. বাক্যের মধ্যে শব্দ অবস্থান করে কীভাবে?
a) কর্তা ও ক্রিয়ার পদবিন্যাস অনুযায়ী
b) অর্থ ও ভাব অনুযায়ী
c) বর্গ বা গুচ্ছ আকারে
d) স্বাধীন পদের পরিচয় নিয়ে **ans. A**

25. বাংলা একাডেমি'র 'আধুনিক বাংলা অভিধানে'র সম্পাদক কে?
a) আনিসুজ্জামান b) আবু ইসহাক
c) মনসুর মুসা d) জামিল চৌধুরী **ans. D**

Solution: বাংলা একাডেমি'র 'আধুনিক বাংলা অভিধানে'র সম্পাদক ছিলেন জামিল চৌধুরী। উল্লেখ্য,

বাংলা অভিধান	
অভিধান	সম্পাদক
বাংলা সাহিত্যের / ভাষার প্রথম ব্যাকরণ (বাঙলা পর্তুগিজ অভিধান ১৭৪৩ খ্রীঃ)	পাদ্রি মানোএল দা আসসুম্পসাঁও
Vocabulary (বাংলা-ইংরেজী শব্দকোষ)	ফরস্টার
বাংলা ভাষার অভিধান (১৮১৫ খ্রীঃ)	উইলিয়াম কেরী
শব্দমঞ্জরী (বাঙ্গালা অভিধান)	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
বঙ্গীয় শব্দকোষ	হরিচরণ বন্দ্যোপাধ্যায়
প্রথম বাংলা থিসরাস বা সমার্থক শব্দ অভিধান	অশোক মুখোপাধ্যায়
বাংলা একাডেমি থেকে প্রকাশিত	
বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান	ড. মুহম্মদ শহীদুল্লাহ
বাংলা একাডেমি সংক্ষিপ্ত বাংলা অভিধান	আহমদ শরীফ
বাংলা একাডেমি ইংরেজি বাংলা অভিধান	জিল্লুর রহমান সিদ্দিকী
প্রমিত বাংলা বানান অভিধান	জামিল চৌধুরী
সমকালীন বাংলা ভাষার অভিধান	আবু ইসহাক
ঐতিহাসিক অভিধান	মনজুরুর রহমান

26. কোন মঙ্গলকাব্যে ঐতিহাসিক চরিত্র আছে?
a) মনসামঙ্গল b) চণ্ডীমঙ্গল
c) অন্নদামঙ্গল d) ধর্মমঙ্গল **ans. C**

27. কোন কাব্যে আলাওল ব্যক্তিগত জীবনের কথা লিখেছেন?
a) পদ্মাবতী b) হপ্তপয়কর
c) সিকান্দরনামা d) তোহফা **ans. A**

28. 'তুরস্ক-ভ্রমণ' কার লেখা? www.prebd.com
a) ইসমাইল হোসেন সিরাজী
b) সৈয়দ মুজতবা আলী
c) আবু জাফর শামসুদ্দীন
d) শামসুদ্দীন আবুল কালাম **ans. A**

Solution: ইসমাইল হোসেন সিরাজী ছিলেন উনবিংশ- বিংশ শতকের শুরুর দিকের একজন বিশিষ্ট মুসলিম সাহিত্যিক ও জাতীয়তাবাদী চিন্তাবিদ। ১৯১২ সালের বলকান যুদ্ধে তিনি ভারতীয় চিকিৎসক দলের সাথে তুরস্ক সফর করেন। এই সফরের অভিজ্ঞতা নিয়েই তিনি লিখেছিলেন ভ্রমণগ্রন্থ "তুরস্ক-ভ্রমণ" (১৯১০)। এতে তিনি মুসলিম বিশ্বের সংকট, তুর্কি সমাজ-সংস্কৃতি, যুদ্ধ পরিস্থিতি এবং মুসলিম জাগরণের বিষয়গুলো বিস্তারিতভাবে তুলে ধরেন।

29. সৈয়দ ওয়ালীউল্লাহ 'চাঁদের অমাবস্যা' উপন্যাসে কোন জীবনদর্শনের রূপায়ণ ঘটেছে?
a) মার্কসবাদ b) বাস্তববাদ
c) অস্তিত্ববাদ d) পরাবাস্তবদবাদ **ans. C**

Solution: সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র 'চাঁদের অমাবস্যা' একটি মনস্তাত্ত্বিক উপন্যাস, যা ১৯৬৪ সালে প্রকাশিত হয়। এটি তাঁর দ্বিতীয় উপন্যাস এবং 'লালসালু' উপন্যাসের ১৪ বছর পর প্রকাশিত হয়। এই উপন্যাসে গ্রামীণ জীবনের অসঙ্গতি, অস্তিত্বের সংকট, মনস্তাত্ত্বিক দ্বন্দ্ব এবং পরাবাস্তবতা তুলে ধরা হয়েছে, যেখানে 'আরেফ আলী' নামের এক যুবক শিক্ষক সত্য উন্মোচনের চেষ্টা করেন।

30. 'প্রভাতফেরির মিছিল যাবে/ ছড়াও ফুলের বন্যা, / বিষাদগীতি গাইছে পথে/ তিতুমীরের কন্যা।' - কার লেখা?
a) শামসুর রাহমান
b) আল মাহ্‌মুদ
c) আহসান হাবীব
d) আবদুল গাফ্‌ফার চৌধুরী **ans. B**

Solution: "প্রভাতফেরির মিছিল যাবে/ ছড়াও ফুলের বন্যা, বিষাদগীতি গাইছে পথে/ তিতুমীরের কন্যা।" এগুলো আল মাহমুদ-এর লেখা "একুশের কবিতা" থেকে নেওয়া। কবিতাটি ভাষা আন্দোলনের স্মৃতিকে কেন্দ্র করে রচিত। এখানে প্রভাতফেরি, ফুলের বন্যা, বিষাদগীতি–সবকিছুই ২১ ফেব্রুয়ারির শহীদদের স্মরণে প্রতীক হয়ে এসেছে। আল মাহমুদ একদিকে ভাষাশহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন, অন্যদিকে "তিতুমীরের কন্যা" প্রতীকের মাধ্যমে সংগ্রামী চেতনা ও জাতির আত্মত্যাগী উত্তরসূরিদের কথা স্মরণ করিয়েছেন।

31. 'হরফের ছড়া' কার লেখা বর্ণশিক্ষার বই?
a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) ফররুখ আহমেদ d) বন্দে আলী মিয়া **ans. C**

Solution: হরফের ছড়া' একটি বর্ণশিক্ষার বই, যার রচয়িতা ফররুখ আহমদ। উল্লেখ্য,

ধরন	শিশুতোষ ছড়ার বই
বিষয়বস্তু	বর্ণমালা ও অক্ষর শেখানোকে সহজ ও আনন্দময় করার জন্য ছড়া আকারে রচিত।
গুরুত্ব	ফররুখ আহমদ মূলত ধর্মীয় ও জাতীয়তাবাদী কবিতার জন্য বিখ্যাত হলেও শিশুদের জন্যও তিনি একাধিক বই লিখেছেন। 'হরফের ছড়া' তার মধ্যে অন্যতম, যা শিশুদের প্রথম অক্ষরজ্ঞানকে সহজ, ছন্দময় আর আকর্ষণীয় করে তোলে।

32. 'রক্তকরবী' নাটকের অন্তর্গত বিষয় কী?
a) নতুনের জয়গান গাওয়া
b) সামন্তবাদের বিলুপ্তি দেখানো
c) শ্রমিকদের অপ্রাপ্তি তুলে ধরা
d) পুঁজিবাদের নেতিবাচক প্রভাব দেখানো **ans. D**

Solution: 'রক্তকরবী' (১৯২৬) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি সাংকেতিক নাটক। ১৩৩০ বঙ্গাব্দের আশ্বিন সংখ্যা 'প্রবাসী'তে প্রকাশিত হয়। রবীন্দ্রনাথ ঠাকুরের উল্লেখযোগ্য নাটকগুলো হলোঃ বিসর্জন (১৮৯১), রাজা (১৯১০), ডাকঘর (১৯১২), অচলায়তন (১৯১২), চিরকুমার সভা (১৯২৬), তাসের দেশ (১৯৩৩) ইত্যাদি।

33. মীর মোশাররফ হোসেন সম্পর্কে কোন তথ্যটি যথার্থ নয়?
a) তিন খণ্ডে 'বিষাদ সিন্ধু' রচনা করেন
b) নিজের জীবনী রচনা করেন
c) জমিদারি দেখাশোনা করেছেন
d) বিবি কুলসুম তার প্রথম স্ত্রী **ans. D**

Solution: মীর মশাররফ হোসেন মাত্র আঠারো বছরে বয়সে তার পিতৃবন্ধুর কন্যা আজিজুন্নেসার সাথে বিয়ে হয়। মীর মশাররফ হোসেনের প্রথম বিবাহ সুখের হয়নি। এর আট বছর পর তিনি সাঁওতা গ্রামের এক বিধবার কন্যা, কালি ওরফে কুলসুম বিবিকে বিবাহ করেন। এই বিবাহের কারণে তাঁর প্রথম স্ত্রীর সাথে মনোমালিন্য আরও তীব্র হয়।

34. জীবনানন্দ দাশের মৃত্যুর পর কোন কাব্যগ্রন্থটি প্রকাশিত হয়?

a) ঝরা পালক b) রূপসী বাংলা
c) সাতটি তারার তিমির d) বনলতা সেন **ans. B**

Solution: জীবনানন্দ দাশের মৃত্যুর পর 'রূপসী বাংলা' কাব্যের পূর্ণাঙ্গ পাণ্ডুলিপি আবিষ্কৃত হয় এবং ১৯৫৭ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

35. 'তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন? - কোন উপন্যাসে আছে?

a) বঙ্কিমচন্দ্রের 'কপালকুণ্ডলা'
b) রবীন্দ্রনাথের 'গোরা'
c) শরৎচন্দ্রের 'চরিত্রহীন
d) বিভূতিভূষণের 'আরণ্যক' **ans. A**

Solution: 'কপাল কুণ্ডলা' বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের (১৮৩৮-১৮৯৪) দ্বিতীয় উপন্যাস। এটি ১৮৬৬ সালে রচিত হয়। 'পথিক তুমি পথ হারাইয়াছ' -কপালকুন্ডলার এই সংলাপকে বলা হয় বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক সংলাপ। এই উপন্যাসের আর একটি উল্লেখযোগ্য সংলাপ হল- "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?" 'কপালকুন্ডলা' তে নিগূঢ় ভাবসঙ্গতির বর্ণনা রয়েছে বিধায় একে রোমাঞ্চমূলক বলা হয়। অনেকের মতে, এটি বঙ্কিমচন্দ্রের শ্রেষ্ঠ উপন্যাস। বঙ্কিমচন্দ্রের জীবন কালেই এই উপন্যাসের ৮টি সংস্করণ হয়। এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র হলোঃ কপাল কুণ্ডলা, নবকুমার, কাপালিক ইত্যাদি।
উল্লেখ্য গিরিশচন্দ্র ঘোষ এই উপন্যাসের একটি নাট্যরূপ দেন এবং দামোদর মুখোপাধ্যায় এই উপন্যাসের একটি উপসংহার উপন্যাস রচনা করেন এবং নামকরণ করেন 'মৃন্ময়ী'।

36. A speech made without any previous thought, preparation or practice is called a/an-

a) rousing speech b) extempore speech
c) maiden speech d) free speech **ans. B**

37. Which one has the identical singular and plural form?

a) Memorandum b) Stimulus
c) Dice d) Oasis **ans. C**

38. Select the sentence in which 'fast' is adverb:

a) Don't drive so fast!
b) Technology is expanding at fast pace.
c) Usashi went on a 24-hour fast to detox
d) Muslims fast during Ramadan. **ans. A**

39. 'It was a cowardly attack on a defenseless man.' Here 'cowardly' is/an ___.

a) adverb b) adjective
c) noun d) conjunction **ans. B**

40. 'The river flows past the village' Here 'past' is a/an-

a) noun b) verb
c) adverb d) preposition **ans. D**

41. 'Ihana sleeps only four hours a night.' In this sentence the verb 'sleeps' is-

a) causative b) intransitive
c) transitive d) factitive **ans. B**

42. 'He started teaching Hamlet.' Here 'teaching' is a/an-

a) Participle b) Infinitive
c) Verbal noun d) Gerund **ans. D**

43. Fill in the blank with the appropriate preposition: 'She was married ____ rich man'. www.prebd.com

a) with b) to
c) of d) off **ans. B**

44. Which gender is the word 'sibling'?

a) Masculine b) Feminine
c) Neuter d) Common **ans. D**

45. Find out the correctly spelt word:

a) Reminiscence b) Reminescence
c) Remeniscene d) Renunicence **ans. A**

46. The idiom 'Smell a rat' means to ___.

a) detect bad smell
b) be in a bad mood
c) suspect something wrong
d) see hidden meaning **ans. C**

47. Select the synonym for 'inclement'.

a) affable b) mild
c) rough d) genial **ans. C**

48. Tell me frankly why you did this. The underlined part is a/ an__

a) adjective clause b) adverbial phrase
c) adverbial clause d) noun clause **ans. D**

49. The prefix 'non' can be added to ____

a) office b) regular
c) partisan d) obey **ans. C**

50. Identify the correct passive form: 'I heard her sing.'

a) She was heard sing by me.
b) She was heard to be sung by me.
c) She was heard sung by me.
d) She was heard to sing by me. **ans. D**

Recent Publication

51. Which sentence is correct?

a) One of my sisters are a nurse.
b) One of my sister is a nurse.
c) One of my sisters is a nurse.
d) One of my sister's are a nurse **ans. C**

Solution: আমার অনেক বোনের মধ্যে Specific একজনকে বুঝাতে 'One of my sisters' Phrase এর ব্যবহার ঠিক আছে।
বাক্যের অর্থঃ আমার বোন একজন নার্স।

52. Select the right determiner: 'She works as ____ FBI analyst.'

a) a b) an
c) the d) none **ans. B**

53. 'We met Medha carrying a bouquet of red roses.' Here 'carrying' is a/an _____.

a) gerund b) infinitive
c) verbal noun d) participle **ans. D**

Solution: এখানে "carrying" হলো একটি Present Participle কারণ, এটি verb থেকে তৈরি হয় Adjective এর কাজ করছে। অর্থাৎ, এটি এখানে "girl" – Noun টিকে modify করছে এবং এর অবস্থা বর্ণনা করছে। Present Participle টি যদি Transitive verb থেকে উৎপন্ন হয় তখন এটি object গ্রহণ করে। যেমন: এটি এখানে 'a basket of flowers' এই noun phrase টিকে object হিসেবে নিয়েছে।
verb এর সাথে ing যোগ হয়ে যদি adjective এর কাজ করে অর্থাৎ, একই সাথে verb ও adjective এর কাজ করে, তখন তাকে present participle বলে। সহজ ভাষায় present participle হলো verb + ing = adjective = verb + adjective এর কাজ করে।

54. 'Five years have passed since his father died'. Identify the correct simple form of the sentence from the following options:

a) His father has died five years ago.
b) His father died five years ago.
c) His father has died for five years.
d) His father died since five years. **ans. B**

55. Choose the antonym of 'controversy':

a) Contention b) Bickering
c) Unanimity d) Dispute **ans. C**

Solution: Controversy অর্থ বিতর্ক; মতবিরোধ। আর এর Antonym হলো Unanimity (সর্বসম্মতি; ঐকমত্য; মতৈক্য; অবিসম্বাদ)। উল্লেখ্য,

Contention	Bickering	Dispute
তর্ক; যুক্তিপ্রদর্শন; কলহ	খুঁটিনাটি বিষয় নিয়ে ঝগড়া করা	ঝগড়া করা; তর্ক করা

56. 'For God's sake hold your tongue, and let me love.' This line is taken from the poem ____.

a) To His Coy Mistress
b) The Canonization
c) The Definition of Love
d) The Sun Rising **ans. B**

Solution: John Donne এর The Canonization কবিতার প্রথম লাইন এটি। তবে রবীন্দ্রনাথ ঠাকুরের 'শেষের কবিতা' উপন্যাসে তিনি অমিতের ভাষায় বলেছেন "দোহাই তোদের, একটুকু চুপ কর। ভালোবাসিবারে দে আমারে দে অবসর"। মূলত তিনি John Donne এর কবিতা থেকে "For God's sake, hold your tongue and let me love" এই উক্তিটি দ্বারা প্রভাবিত হয়েই 'শেষের কবিতা' উপন্যাসে উপরিউল্লিখিত উক্তিটি করেছেন।

57. The one-act play 'Riders to the Sea' was written by ____. www.prebd.com

a) G. B. Shaw b) John Galsworthy
c) J. M. Synge d) Oscar Wilde **ans. C**

Solution: 'Riders to the sea' হলো John Millington Synge এর 'a one-act play (Tragedy) তাই সঠিক উত্তর হবে অপশন *c*). তার অন্য Play গুলো হলোঃ 'The playboy of the western world' এছাড়া In the shadow of the Glen (one-act-play), The well of the saints (a-three-act-play).

58. 'Neither a borrower nor a lender be, For loan oft loses both itself and friend.' This extract is taken form Shakespeare's play ____.

a) Macbeth b) King Lear
c) Measure for Measure d) Hamlet **ans. D**

Solution: Shakespeare (1564-1616) এর একটি বিখ্যাত ট্রাজেডি নাটক 'Hamlet' (1602) থেকে উক্তিটি নেওয়া হয়েছে। Polonius, Laertes কে উপদেশ দিচ্ছেন।

59. Who composed the elegiac poem 'Thyrsis'?

a) Thomas Gray b) Matthew Arnold
c) John Milton d) P. B. Shelley **ans. B**

Solution: Matthew Arnold ছিলেন Victorian যুগের অন্যতম একজন শ্রেষ্ঠ Poet, Critic. ক্লাফের মৃত্যুতে রচিত তাঁর Elegy হলো 'Thyrsis'. উল্লেখ্য, তাঁর সাহিত্য সমালোচনামূলক বিখ্যাত গ্রন্থ হলো: The study of poetry, The Scholar Gipsy, Dover Beach, Thyrsis.

60. Who is the writer of the famous essay 'Tradition and the Individual Talent'?

a) George Orwell b) Aldous Leonard Huxley
c) Francis bacon d) T. S. Eliot **ans. D**

Solution: T. S. Eliot এর একটি বিখ্যাত সমালোচনামূলক গ্রন্থ হলো 'Tradition and the Individual Talent'. তাঁর রচিত সাহিত্যকর্মগুলো হলো: The Waste Land, Purock and other observations, Murder in the Cathedral, The Family Reunion, The cocktail party, The elder statesman, The Rock ইত্যাদি।

61. 'Our sweetest songs are those that tell of saddest thought.' – This oft-quoted line occurs in Shelley's notable poem ____.

a) To a Skylark b) Ode to the West Wind
c) Adonais d) The Cloud ***ans.* A**

Solution: P.B Shelley হলেন Romantic যুগের অন্যতম একজন শ্রেষ্ঠ রোমান্টিক কবি। তাঁর কিছু Quotation হলোঃ If winter comes, can spring be far behind? (শীত যদি আসে, বসন্ত কি আর দূরে থাকে?) (Ode to the west wind); 'Our Sweetest songs are those that tell of saddest thought. ('To a Skylark'); 'We look before and after, And pine for what is not'. 'Poets are the unacknowledged legislators of the world' (A Defense of Poetry world).

62. Who authored the futuristic novel 'Brave New World'?www.prebd.com

a) E. M. Forster b) Aldous Leonard Huxley
c) Virginia Woolf d) Graham Greene ***ans.* B**

Solution: 'Brave New World' হলো একটি Science fiction যা Aldous Leonard Huxley কর্তৃক রচিত। তাঁর রচিত অন্যান্য সাহিত্যকর্মগুলো হলো: Island, Point Counter Point, The Perennial Philosophy, The Devils of Loudun, the Doors of Perception.

63. 'Good fences make good neighbors'. – The line was written by -

a) Robert Graves b) Robert Frost
c) Carl Sandburg d) Ezra Pound ***ans.* B**

Solution: 'Good fences make good neighbors' লাইনটি লিখেছেন Robert Frost. এটি তাঁর বিখ্যাত কবিতা Mending Wall হতে নেয়া। এটি তাঁর collection work North Boston (1914) অন্তর্ভুক্ত হয়ে প্রকাশিত হয়। এটি blank verse এ লেখা। তাঁর উল্লেখযোগ্য কিছু কবিতা হলো: Road not Taken, Mending Wall, Stopping by Woods on a Snowy Evening, Christmas Trees, A boy's Will, North of Boston, Nothing Gold Can Stay, After Apple-picking, Home Burial, A tree at My Window.

64. 'Cowards die many times before their deaths: The valiant never taste of death but once'. In which play of Shakespeare do you find this quote?

a) Julius Caesar b) Romeo and Juliet
c) The Tempest d) Twelfth Night***ans.* A**

Solution: W. Shakespeare লেখা কিছু Quotation হলোঃ

- Cowards die many times before their death.
- To be or not to be that is the question.
- Brevity is the soul of wit.
- All the perfumes of Arabia will not sweeten this.

65. 'Knowledge comes, but wisdom lingers.' This quote is extracted from Tennyson's poem titled ____.

a) Morte d' Arthur b) The Lotos-Eaters
c) Tithonus d) Locksley Hall***ans.* D**

Solution: উক্তিটি Lord Alfred Tennyson এর Locksley Hall হতে উদ্বৃত। কবিতাটি হচ্ছে একটি dramatic monologue. Lord Alfred Tennyson হলেন Victorian যুগের Representative poet. তিনি Poet Laureate ও নির্বাচিত হয়েছিলেন। তাঁর উল্লেখযোগ্য কবিতাগুলো হলো: In Memoriam, Oenone, Ulysses, Lotos Eaters, Locksley Hall, Tears Idle Tears, Tithonus, The Two Voices, The Lady of Shalott, Vision of Sin, Morte D'Arthur etc.

66. The tragedy 'Samson Agonistes' was penned by ____.

a) Christopher Marlowe b) Henrick Ibsen
c) John Milton d) Arthur Miller***ans.* C**

Solution: 'Samson Agonistes' রচনা করেছেন John Milton. ১৬৭১ সালে এই Poetic Drama টি প্রকাশিত হয়। এটিকে বলা হয় 'greatest English Drama' based on Greek Model. এটি closet tragedy হিসেবে পরিচিত। তার উল্লেখযোগ্য রচনা হলো: Paradise Lost, Paradise Regained, Of Education, Lycidas etc.

67. Who is the playwright of the absurd drama 'Waiting for Godot'?

a) Jean Genet b) Samuel Beckett
c) Harold Pinter d) Tom Stoppard ***ans.* B**

Solution: ১৯৬৯ সালের নোবেল জয়ী, সাহিত্যিক Samuel Barclay Beckett একজন আলোচিত আইরিশ নাট্যকার, কবি এবং মঞ্চ পরিচালক। তিনি বেশিরভাগ সময়ই প্যারিসে কাটিয়েছেন। দ্বিতীয় বিশ্ব যুদ্ধের পর তাঁর রচিত নাটক Waiting for Godot অত্যন্ত আলোচিত এবং জনপ্রিয় একটি নাটক। নাটকটির প্রথম লাইন Nothing to be done অত্যন্ত জনপ্রিয়।

Recent Publication

68. 'It's strange – but true; for truth is always strange; Stranger than fiction.' This quote is taken from a poem of ____.

a) Mark Twain b) Robert Herrick
c) Lord Byron d) Franz Kafka ***ans.* C**

Solution: Lord Byron ছিলেন একজন ব্রিটিশ কবি এবং রোম্যান্টিক আন্দোলনের অন্যতম মূখ্য ব্যক্তিত্ব। তাঁর রচিত Quotations গুলো হলো:

- Man's Love is of man's a thing apart, Tis woman's whole existence.
- I love not man the less, but Nature more.
- Man's conscience is the oracle of god.
- Revenge is sweet specially to woman.
- Fame is the thirst of youth.
- Always laugh when you can. It is cheap medicine.
- In solitude, where we are least alone.
- I awoke one morning and found myself famous.
- Friendship is Love without his wings!
- Adversity is the first path to truth.
- Fools are my theme, let satire be my song.

69. Who wrote the novella 'Heart of Darkness'? www.prebd.com

a) Joseph Conrad b) Doris Lessing
c) John Osborne d) Thomas Hardy***ans.* A**

Solution: Joseph Conrad (১৮৫৭ থেকে ১৯২৪) এর সাহিত্য কর্মগুলো হলোঃ Lord Jim, Nostromo, The Rescue, The Arrow of Gold, The Rover ইত্যাদি।

70. Who was the writer of the autobiographical as well as political essay 'Shooting an Elephant'?

a) Francis Bacon b) George Orwell
c) Joseph Addison d) Charles Lamb***ans.* B**

Solution: George Orwell ছিলেন একজন ঔপন্যাসিক ও সাংবাদিক। তিনি ছিলেন ব্রিটিশ ভারতের একজন Police Officer. তাঁর বিখ্যাত একটি উপন্যাস হলো 'Animal Farm'. তাঁর বিখ্যাত একটি Essay হলো Shooting an Elephant.

71. কোন মুসলিম চিন্তাবিদ প্রথম 'দ্বি-জাতি তত্ত্ব' সম্পর্কে স্পষ্ট ধারণা দেন?

a) আল্লামা ইকবাল b) সৈয়দ আহমদ খান
c) মোহাম্মদ আলী জিন্নাহ d) মওলানা আকরম খাঁ***ans.* A**

72. কোন বছর পাকিস্তান সরকার বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়?

a) ১৯৫২ b) ১৯৫৪
c) ১৯৫৬ d) ১৯৬৯ ***ans.* B**

Solution: ৯ মে ১৯৫৪ সালে পাকিস্তানের গণপরিষদের অধিবেশনে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষার স্বীকৃতি দেয়া হয়। বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা সাংবিধানিক স্বীকৃতি দেয়া হয় তারও দু'বছর পর ১৯৫৬ সালে।

73. 'তমদ্দুন মজলিস' - এর নেতা আবুল কাশেম ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিষয়ের শিক্ষক ছিলেন?

a) রসায়ন বিজ্ঞান b) গণিত
c) ইতিহাস d) পদার্থ বিজ্ঞান ***ans.* D**

Solution: ১৯৪৭ সালের ১৫ই সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক আবুল কাশেমের নেতৃত্বে ভাষা আন্দোলনের প্রথম সংগঠন 'তমুদ্দুন মজলিস' গঠিত হয়। 'তমুদ্দুন মজলিশ' ভাষা আন্দোলনের প্রথম সংগঠন হিসেবে পরিচিত।

74. স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠান 'জল্লাদের দরবার' এর রচয়িতা কে ছিলেন?

a) কল্যান মিত্র b) রাজু আহমেদ
c) এম আর আকতার মুকুল d) নারায়ণ ঘোষ (মিতা)***ans.***

Solution: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠান 'জল্লাদের দরবার'-এর রচয়িতা কল্যাণ মিত্র ছিলেন। কল্যাণ মিত্র অনুষ্ঠানটি পরিচালনা করতেন এবং এতে জেনারেল ইয়াহিয়া খানকে "কেল্লা ফতে খান" হিসেবে ব্যঙ্গাত্মকভাবে চিত্রিত করা হতো। এই অনুষ্ঠানে ইয়াহিয়া খানের অমানবিক ও পাশবিক আচরণকে ব্যঙ্গ করে তুলে ধরা হতো, যার ফলে এটি মুক্তিকামী মানুষের মধ্যে অত্যন্ত জনপ্রিয়তা লাভ করে।

75. কোন তারিখে আসাদুজ্জামান আসাদ পুলিশের গুলিতে শহিদ হন?

a) ১৮ জানুয়ারি ১৯৬৯
b) ২০ জানুয়ারি ১৯৬৯
c) ২২ জানুয়ারি ১৯৬৯
d) ২৪ জানুয়ারি ১৯৬৯ ***ans.* B**

Solution: ২০ জানুয়ারি ১৯৬৯ তারিখে আসাদুজ্জামান আসাদ পুলিশের গুলিতে শহিদ হন। উনসত্তরের গণঅভ্যুত্থানের আন্দোলনে আসাদুজ্জামান শহীদ হয়েছিলেন। উল্লেখ্য, 'ডাকসু' ও ছাত্র সংগ্রাম পরিষদের যৌথ উদ্যোগে পূর্ব পাকিস্তানের ব্যাপক গণ-আন্দোলন গড়ে উঠে। ডাকসু-এর আহ্বানে ১৪ জানুয়ারি সমগ্র পাকিস্তানে হরতাল পালিত হয়। ১৮ জনুয়ারি পুলিশি নির্যাতনের প্রতিবাদে ছাত্র সংগ্রাম পরিষদ ধর্মঘট পালন করে। ধর্মঘট চলাকালীন পুলিশের সাথে ছাত্রদের ব্যাপক সংঘর্ষ হয়। ২০ জানুয়ারি নির্যাতনের প্রতিবাদে ছাত্ররা পূর্ব পাকিস্তানে হরতাল পালন করে। হরতাল পালনকালে ঢাকা মেডিকেল কলেজের সামনে ছাত্রনেতা আসাদুজ্জামান পুলিশের গুলিতে নিহত হন। আসাদের হত্যার প্রতিবাদে ২২, ২৩ ও ২৪ তারিখে ব্যাপক কর্মসূচি ঘোষিত হয়। ২৪ তারিখে সারা দেশে হরতাল চলাকালে সর্বস্তরের মানুষের ব্যাপক ঢল নামে। মানুষের অংশগ্রহণে আন্দোলন যেন গণ-অভ্যুত্থানে রূপ নেয়।

76. 'ঢাকা প্রকাশ' সাপ্তাহিক পত্রিকাটির প্রথম সম্পাদক কে?

a) কৃষ্ণচন্দ্র মজুমদার b) সিকান্দর আবু জাফর
c) রামানন্দ চট্টোপাধ্যায় d) শামসুর রাহমান ***ans.* A**

Recent Publication

92

Solution: 'ঢাকা প্রকাশ' পত্রিকাটির সম্পাদক ছিলেন 'কৃষ্ণচন্দ্র মজুমদার'। পত্রিকাটি ১৮৬১ সালের ৭ মার্চ বাবুবাজারের 'বাঙালা যন্ত্র' থেকে প্রথম প্রকাশিত হয়।

77. সেরিকালচার বলতে বোঝায়-

a) তুলা চাষ b) নীল চাষ
c) রেশম পোকা চাষ d) তামাক চাষ **ans. C**

Solution: রেশম চাষ করাকে সেরিকালচার বলা হয়। উল্লেখ্য,

মৌমাছি পালন	এপিকালচার
মৎস্য চাষ	পিসিকালচার
পাখি পালন	এভিকালচার
চিংড়ি চাষ	প্রণকালচার
উদ্যান পালন	হর্টিকালচার
সামুদ্রিক মৎস্য	মেরিকালচার

78. ছায়া প্রেমী (Shadow loving) অর্থনৈতিক ফসল কোনটি? www.prebd.com

a) আখ b) তামাক
c) ধান d) চা **ans. D**

79. বিগত ৫০ বছরে বাংলাদেশে কোন ফসলের চাষ তুলনামুলকভাবে সবচেয়ে বেশি বৃদ্ধি পেয়েছে?

a) ভূট্টা b) পাট
c) ধান d) গোল আলু **ans. C**

80. ২০২২ সালের জনশুমারি অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা-

a) প্রায় উনিশ কোটি b) প্রায় সাড়ে ষোলো কোটি
c) প্রায় আঠারো কোটি d) প্রায় সতেরো কোটি **ans. D**

Solution: জনশুমারি ২০২২ অনুযায়ী বাংলাদেশের মোট জনসংখ্যা ১৬ কোটি ৯৮ লাখ ২৮ হাজার ৯১১ জন বা প্রায় ১৭ কোটি। জনশুমারী ২০২২ অনুযায়ী:

বার্ষিক জনসংখ্যা বৃদ্ধির হার	১.১২%
নারী : পুরুষের অনুপাত	১০০ : ৯৮.০৭
জনসংখ্যার ঘনত্ব	১১১৯ জন
জনসংখ্যায় বাংলাদেশের অবস্থান	বিশ্বে: ৮ম; ঘনত্বে বিশ্বে: ১০ম; এশিয়ার: ৫ম; মুসলিম বিশ্বে: ৪র্থ সার্কভুক্ত দেশে: ৩য়

81. ক্ষুদ্রঋণ কার্যক্রম বাংলাদেশের গ্রামীণ অর্থনীতিতে প্রধানত-

a) দারিদ্র হ্রাস করে b) ভিক্ষাবৃত্তি হ্রাস করে
c) নারীর অংশগ্রহণ বৃদ্ধি করে
d) নারীর অংশগ্রহণ হ্রাস করে **ans. A**

82. বর্তমানে পৃথিবীর কোন দেশে বেশি প্রবাসী বাংলাদেশি কর্মরত রয়েছে?

a) সৌদি আরব b) মালয়েশিয়া
c) সংযুক্ত আরব আমিরাত d) ইতালি **ans. A**

83. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোর ক্ষেত্রে মূল্যস্ফীতির সহনশীল মাত্রা হলো -

a) ০৬ - ০৮ শতাংশ b) ০১ - ০৫ শতাংশ
c) ০৯ - ১২ শতাংশ d) ১৩ - ১৫ শতাংশ **ans. A**

84. বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে চুরি করা অর্থ পাচার করা হয়-

a) যুক্তরাষ্ট্র ও ইন্দোনেশিয়ায় b) যুক্তরাষ্ট্র ও ভারতে
c) যুক্তরাষ্ট্র ও ফিলিপাইনে d) শ্রীলংকা ও ফিজিলপাইনে **ans. D**

85. অর্থ পাচারের কারণ নয় কোনটি?

a) অবৈধভাবে উপার্জিত অর্থ গোপন করা
b) কর ফাঁকি না দেয়া
c) কোম্পানির মুনাফা লুকানো
d) দেশে বিনিয়োগ পরিস্থিতি না থাকা **ans. B**

86. বাংলাদেশ কোন দুটি দেশ হতে সিংহভাগ সয়াবিন তেল আমদানি করে?

a) মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া b) ভারত ও চীন
c) জার্মানি ও ভিয়েতনাম d) আর্জেন্টিনা ও ব্রাজিল **ans. D**

87. বিশ্বব্যাংকের মতে বাংলাদেশের মূল্যস্ফীতি বাড়ার কারণ নয় কোনটি?

a) বৈদেশিক মুদ্রা বৃদ্ধি পাওয়া
b) অভ্যন্তরীণ জ্বালানীর মূল্যবৃদ্ধি
c) দুর্বল মুদ্রানীতি
d) টাকার অবমূল্যায়ন **ans. A**

88. বাংলাদেশের বৃহত্তম সার কারখানার নাম-

a) ইউরিয়া ফার্টিলাইজার ফ্যাক্টরি লিমিটেড
b) ন্যাচারাল গ্যাস ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড
c) পলাশ ইউরিয়া ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড
d) যমুনা ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড **ans. C**

Solution: বর্তমানে দেশের সবচেয়ে বড় সার কারখানার নাম ঘোড়াশাল পলাশ ইউরিয়া সার কারখানা। দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ সার কারখানা এটি। এটি ১২ নভেম্বর, ২০২৩ সালে উদ্বোধন করা হয়। এই সার কারখানা থেকে বছরে প্রায় ১০ লাখ মেট্রিক টন ইউরিয়া সার উৎপাদন হবে।

89. কোন অনুচ্ছেদ মূলে বাংলাদেশর সংবিধানের মৌলিক বিধানাবলি পরিবর্তনযোগ্য নয়?

a) অনুচ্ছেদ ৭ b) অনুচ্ছেদ ৮
c) অনুচ্ছেদ ৭(ক) d) অনুচ্ছেদ ৭(খ) **ans. D**

Solution: অনুচ্ছেদ ৭(খ) তে বাংলাদেশর সংবিধানের মৌলিক বিধানাবলি পরিবর্তনযোগ্য নয় বলা হয়েছে। উল্লেখ্য,

অনুচ্ছেদ ১	প্রজাতন্ত্র
অনুচ্ছেদ ২	প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানা
অনুচ্ছেদ ২ক	রাষ্ট্রধর্ম
অনুচ্ছেদ ৩	রাষ্ট্রভাষা-প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা
অনুচ্ছেদ ৪	জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক
অনুচ্ছেদ ৫	রাজধানী
অনুচ্ছেদ ৬	নাগরিকত্ব
অনুচ্ছেদ ৭	সংবিধানের প্রাধান্য
অনুচ্ছেদ ৭ক	সংবিধান বাতিল, ছগিতকরণ ইত্যাদি অপরাধ
অনুচ্ছেদ ৭খ	সংবিধানের মৌলিক বিধানবলী সংশোধন অযোগ্য

90. বাংলাদেশের সংবিধানের রক্ষাকর্তা -

a) প্রেসিডেন্ট b) জাতীয় সংসদ
c) বাংলাদেশ সুপ্রীম কোর্ট d) হাই কোর্ট **ans. C**

Recent Publication

Solution: বাংলাদেশের সংবিধানের রক্ষক সুপ্রিম কোর্ট। সুপ্রীম কোর্ট সংবিধানের অভিভাবক ও ব্যাখ্যাকারক। তাই এর ক্ষমতা ও কার্যাবলী অপরিসীম। সর্বোচ্চ আদালত হিসেবে সুপ্রীম কোর্ট দেশের সকল আদালতের কার্যকলাপ নিয়ন্ত্রণ করে থাকে। সুপ্রীম কোর্ট জনগণের মৌলিক অধিকারের সংরক্ষক ও সংবিধানের রক্ষক।

91. তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনঃপ্রবর্তনের জন্য সংবিধানের যে সংশোধন বাতিল করতে হবে-

a) পঞ্চদশ b) দ্বাদশ
c) একাদশ d) ত্রয়োদশ **ans. A**

Solution: 'তত্ত্বাবধায়ক সরকার' বিলুপ্ত করা হয় সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে। আর 'নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার' যুক্ত করা হয়েছিল ত্রয়োদশ সংশোধনীতে।

92. জুলাই শহিদ দিবস কোনটি?

a) ০১ জুলাই b) ২৯ জুলাই
c) ০৫ আগস্ট d) ১৬ জুলাই **ans. D**

Solution: অন্তবর্তী সরকার ১৬ জুলাই 'জুলাই শহীদ দিবস' পালনের সিদ্ধান্ত নিয়েছে। ৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস।

93. বর্তমান অন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টা কবে শপথ গ্রহণ করেন? www.prebd.com

a) ২০২৪ সালের ০৫ আগস্ট
b) ২০২৪ সালের ০৮ আগস্ট
c) ২০২৪ সালের ০৬ আগস্ট
d) ২০২৪ সালের ০৯ আগস্ট **ans. B**

Solution: ৮ আগস্ট, ২০২৪ তারিখে শপথ গ্রহণ করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন শপথ বাক্য পাঠ করান। ত্রয়োদশ সংসদ নির্বাচন পর্যন্ত অন্তবর্তী সরকার দায়িত্ব পালন করবে।

94. বাংলাদেশে মোট কতবার জরুরি অবস্থা জারী করা হয়েছে?

a) ৫ বার b) ৩ বার
c) ৪ বার d) ৭ বার **ans. A**

Solution: বাংলাদেশে মোট ৫ বার জরুরি অবস্থা জারী করা হয়েছে। উল্লেখ্য,

তারিখ	ঘোষণা করেন
১. ১৯৭৪ সালের ২৮ শে ডিসেম্বর	শেখ মুজিবুর রহমান
২. ১৯৮১ সালের ৩০ মে	আব্দুস সাত্তার
৩. ১৯৮৭ সালে ২৭ শে নভেম্বর	জেনারেল এরশাদ
৪. ১৯৯০ সালের ২৭ শে নভেম্বর	জেনারেল এরশাদ
৫. ২০০৭ সালে ১১ই জানুয়ারি	ইয়াজউদ্দীন আহমেদ

95. ঢাকা বিশ্ববিদ্যালয় বিল কত সালে আইনে পরিণত হয়?

a) ০৭ মার্চ ১৯১৭ b) ১৮ মার্চ ১৯২০
c) ২১ মার্চ ১৯১৯ d) ১১ মার্চ ১৯১৮ **ans. B**

Solution: ১৯২০ সালের ১৮ মার্চ ভারতীয় আইনসভায় ঢাকা বিশ্ববিদ্যালয় বিল অ্যাক্টে পরিণত হয় এবং ২৩ মার্চ তা গভর্নর জেনারেলের অনুমোদন লাভ করে। লর্ড হার্ডিঞ্জ কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার নয় মাস পর ১৯২১ সালের জুলাই মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যথারীতি ক্লাস শুরু হয়।

96. একুশে পদক ও স্বাধীনতা পদক দুটোই পেয়েছেন

a) ভাস্কর শামীম শিকদান b) ভাস্কর হামিদুর রহমান
c) ভাস্কর নভেরা আহমেদ d) ভাস্কর নিতুন কুণ্ডু **ans. C**

Solution: ভাস্কর নভেরা আহমেদ একুশে পদক ও স্বাধীনতা পদক দুটোই পেয়েছেন। নভেরা আহমেদ (২৯ মার্চ ১৯৩৯ - ৬ মে ২০১৫) ছিলেন একজন বাংলাদেশি ভাস্কর। তিনি বাংলাদেশের আধুনিক ভাস্কর্যশিল্পের অন্যতম অগ্রদূত এবং বিংশ শতাব্দীর প্রথম বাংলাদেশি আধুনিক ভাস্কর। ১৯৯৭ খ্রিষ্টাব্দে বাংলাদেশ সরকার তাকে একুশে পদক প্রদান করে। ২০২৫ সালে শিল্পকলায় অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা স্বাধীনতা পুরস্কারে (মরণোত্তর) ভূষিত হন।

97. বাংলাদেশের প্রশাসনিক কাঠামো-

a) বিকেন্দ্রীভূত b) ফেডারেল
c) রাজতান্ত্রিক d) কেন্দ্রীভূত **ans. D**

98. টেস্ট ক্রিকেটে প্রথম বাংলাদেশি হিসেবে ডাবল সেঞ্চুরি করেন

a) সাকিব-আল-হাসান b) মমিনুল হক
c) নাজমুল হোসেন শান্ত d) মুশফিকুর রহিম **ans. D**

Solution: বাংলাদেশের পক্ষে প্রথম ডাবল সেঞ্চুরি করেন মুশফিক। তিনি ২০১৩ সালে শ্রীলংকার বিপক্ষে গল টেস্টে ঠিক ২০০ রান করেছিলেন।

99. ১৯৭৫ সালে একদলীয় শাসন ব্যবস্থায় কোন পত্রিকাটি নিষিদ্ধ ছিল?

a) দৈনিক ইত্তেফাক b) বাংলাদেশ অবজার্ভার
c) দৈনিক গণকণ্ঠ d) বাংলাদেশ টাইমস **ans. C**

Solution: ১৯৭৫ সালে একদলীয় শাসনব্যবস্থা বাকশাল (বাংলাদেশ কৃষক শ্রমিক আওয়ামী লীগ) প্রতিষ্ঠার পর দেশে সব পত্রিকা বন্ধ করে দেওয়া হয়, কেবল চারটি সরকারি নিয়ন্ত্রণাধীন পত্রিকা টিকে থাকে। সেগুলো ছিল: দৈনিক বাংলা, বাংলাদেশ অবজারভার, ইত্তেফাক, সংবাদের। অন্যান্য সব পত্রিকাই নিষিদ্ধ ছিল।

100. ওয়াসফিয়া নাজরীন বিখ্যাত

a) নারী উদ্যোক্তা হিসেবে b) এভারেস্টজয়ী হিসেবে
c) ক্রিকেটার হিসেবে d) অ্যাথলেট হিসেবে **ans. B**

Solution: ওয়াসফিয়া নাজরীন বিখ্যাত এভারেস্টজয়ী হিসেবে। এভারেষ্ট জয়ী বাংলাদেশিঃ

মুসা ইব্রাহীম	২৩ মে, ২০১০
এম. এ. মুহিত	২১ মে, ২০১১ এবং ১৯ মে, ২০১২
নিশাত মজুমদার	১৯ মে, ২০১২
ওয়াসফিয়া নাজনীন	২৬ মে, ২০১২
খালিদ হোসেন	১০ এপ্রিল, ২০১৩
বাবর আলী	১৯ মে, ২০২৪
ইকরামুল হাসান শাকিল	১৯ মে, ২০২৫

*101.*সম্প্রতি পেরুতে খুঁজে পাওয়া ৩,৫০০ বছরের পুরোনো শহরের নাম কী?
a) মাচুপিচু b) কোরাল
c) পেনিকো d) কুস্কো ***ans.* C**

*102.*১৯৪৭ সালে প্যালেস্টাইনকে বিভাজনের পরিকল্পনা জাতিসংঘের কোন প্রস্তাবের মাধ্যমে গৃহীত হয়?
a) ১৮০ নং প্রস্তাব b) ১৮১ নং প্রস্তাব
c) ১৬০ নং প্রস্তাব d) ১৬১ নং প্রস্তাব ***ans.* B**

*103.*নিম্নের কোন দেশটি 'গোলান হাইটস' বিরোধের একটি পক্ষ?
a) লেবানন b) জর্ডান
c) সিরিয়া d) সৌদি আরব ***ans.* C**

*104.*নিচের কোন সভ্যতার সময়কাল ওজন পরিমাপ ও দৈর্ঘ্য মাপার পদ্ধতি আবিষ্কার হয়েছিল?
a) সিন্ধু সভ্যতা b) মিশরীয় সভ্যতা
c) গ্রিক সভ্যতা d) আসেরীয় সভ্যতা***ans.* A**

*105.*ন্যাটো (NATO) চার্টারের কোন ধারায় সম্মিলিত প্রতিরক্ষার কথা উল্লেখ আছে?
a) আর্টিকেল-২ b) আর্টিকেল-৩
c) আর্টিকেল-৫ d) আর্টিকেল-৬ ***ans.* C**

*106.*রোম সংবিধি (Rome Statute) এর ফলে কোন সংস্থাটি প্রতিষ্ঠিত হয়? www.prebd.com
a) International Court of Justice (ICJ)
b) International Criminal Court (ICC)
c) International Atomic Energy Agency (IAEA)
d) European Union (EU) ***ans.* B**

*107.*কোন দেশগুলো মেডিসিন লাইন/সীমানা দ্বারা ভিভক্ত?
a) ব্রাজিল ও বলিভিয়া b) যুক্তরাষ্ট্র ও কানাডা
c) জার্মানি ও পোল্যান্ড d) মিশর ও সুদান ***ans.* B**

*108.*বাংলাদেশ কখন নারীর বিরুদ্ধে সকল প্রকার বৈষম্য (CEDAW) দূরীকরণ সনদে সম্মতি জানায়?
a) ১০ ডিসেম্বর ১৯৮৪ b) ৬ নভেম্বর ১৯৮৪
c) ৫ আগস্ট ১৯৮৫ d) ২ ফেব্রুয়ারি ১৯৮৭ ***ans.* B**

*109.*যুক্তরাষ্ট্রের পরিচালিত 'অপারেশন মিডনাইট হ্যামার' ইরানে কবে হামলা করে?
a) ২০ জুন ২০২৫ b) ২১ জুন ২০২৫
c) ২২ জুন ২০২৫ d) ২৩ জুন ২০২৫ ***ans.* A**

*110.*ইরানের ফর্দো (Fordow) পারমাণবিক সমৃদ্ধ করণ কেন্দ্রটি কোন প্রদেশে অবস্থিত?
a) ইসফাহান b) ইলাম
c) বুমেহর d) আলবোজ ***ans.* Note**

Solution: ইরানের ফর্দো (Fordow) পারমাণবিক সমৃদ্ধ করণ কেন্দ্রটি কোম প্রদেশে অবস্থিত।

*111.*আফগানিস্তানের তালেবান সরকারকে বৈধ কর্তৃপক্ষ হিসেবে স্বীকৃতি প্রদানকারী প্রথম রাষ্ট্র কোনটি?
a) ইরাক b) চীন
c) রাশিয়া d) পাকিস্তান ***ans.* C**

112.'The One Big Beautifull Bill Act' এ USA হতে remittance প্রেরণ করতে কী পরিমাণ কর ধার্য করা হয়েছে?
a) ৫% b) ৩%
c) ১% d) ২% ***ans.* C**

*113.*কিয়োটো প্রটোকলের বিষয়বস্তু কী?
a) ওজোনস্তরের ক্ষয় হ্রাস b) গ্রিন হাউস গ্যাস নির্গমন হ্রাস
c) জীববৈচিত্র্যের সুরক্ষা d) জৈব নিরাপত্তা ***ans.* B**

ব্যাখ্যা *Complex sentence-এ who, which, that, what ইত্যাদি relative pronoun দ্বারা দুটি clause যুক্ত থাকে। প্রদত্ত বাক্যে I know এবং his name is হলো দুটি clouse যা what দ্বারা যুক্ত রয়েছে। সুতরাং বাক্যটি complex।*

৯৮. পণ্ডিত অতীশ দীপঙ্কর কোন জেলার লোক ছিলেন?

ক মুন্সিগঞ্জ

খ চট্টগ্রাম

গ ফরিদপুর

ঘ টাঙ্গাইল

ব্যাখ্যা *প্রখ্যাত বৌদ্ধ ভিক্ষু এবং বৌদ্ধ ধর্মপ্রচারক ১৯৮২ খ্রিস্টাব্দে বিক্রমপুর পরগনার বজ্রযোগিনী গ্রামে জন্মগ্রহণ করেন। এটি বর্তমানে বাংলাদেশের মুন্সিগঞ্জ জেলার অন্তর্ভুক্ত। অতীশ দীপঙ্করের বাসস্থান এখনও 'নাস্তিক পণ্ডিতের ভিটা' নামে পরিচিত।*

৯৯. Our school building has a good—

ক sight খ side

গ cite ঘ site

ব্যাখ্যা *শূন্যস্থানে site বসবে যার অর্থ কোনো কিছুর নির্ধারিত স্থান। তাছাড়া sight অর্থ দৃষ্টিশক্তি, side অর্থ কোনো বস্তু, ক্ষেত্র, স্থান ইত্যাদির পার্শ্ববর্তী অংশ আর cite অর্থ উদ্ধৃতি।*

১০০. $\log_5 \sqrt{5}$ = কত?

ক 2 খ 1

গ 0 ঘ $\frac{1}{2}$

ব্যাখ্যা $\log_5 \sqrt{5} = \log_5 (5)^{1/2}$

$= \frac{1}{2}\log_5 5$

$= \frac{1}{2} \times 1$

$= \frac{1}{2}$

উত্তর

৯১	ঘ
৯২	খ
৯৩	ক
৯৪	খ
৯৫	গ
৯৬	ঘ
৯৭	খ
৯৮	ক
৯৯	ঘ
১০০	ঘ

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান ২০১৮

পরীক্ষার তারিখ : ১৮.০৫.২০১৮; সময় : ৪৫ মিনিট; পূর্ণমান ৭০

1. Choose the right sentence.
ⓐ The light went out while we eat our supper.
ⓑ The light went out while we were having our supper.
ⓒ The light went out while we have our supper.
ⓓ The light went out while we are at supper.

ব্যাখ্যা *While দ্বারা দুটি Clause যুক্ত থাকলে প্রথম clauseটি past indefinite tense হলে পরের clauseটি past continuous tense-এ হবে। সুতরাং সঠিক বাক্য : The light went out while we were having our supper.*

2. 'Good face is the best letter of recommendation' was stated by :
ⓐ Queen Elizabeth ⓑ Indira Gandhi
ⓒ Mother Teresa ⓓ Robert Browning

ব্যাখ্যা *'Good face is the best letter of recommendation' উক্তিটি ইংল্যান্ডের রানি Elizabeth I-এর। Queen Elizabeth হলেন Henry VIII এবং Anne Boleyn-এর কন্যা।*

3. Write the meaning of the phrase 'Out of date'
ⓐ At night ⓑ Out of fashion
ⓒ Smart ⓓ End of the day

ব্যাখ্যা *'Out of date' phraseটির বাংলা অর্থ সেকেলে আর optionগুলোর মধ্যে out of fashion অর্থও সেকেলে।*

4. 'বাঁচ এবং বাঁচতে দাও' এর সঠিক Translation কোনটি?
ⓐ Live and let to live. ⓑ Live and let live.
ⓒ Live and give to live. ⓓ Live and give live.

ব্যাখ্যা *বাঁচতে দাও অংশটুকুর ইংরেজি Let live, কেননা let-এর পর verb-এর base form বসে। সুতরাং বাঁচ এবং বাঁচতে দাও-এর সঠিক translation হলো live and let live.*

5. ECNEC means :
ⓐ Executive Committee of the National Economic Council.
ⓑ Executive Council of the National Economic Committee.
ⓒ Executive Committee on National Economic Cooperation.
ⓓ Executive Committee of National Election Commission.

ব্যাখ্যা *ECNEC-এর পূর্ণরূপ হলো Executive Committee of the National Economic Council (জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি)। এ কমিটির চেয়ারপারসন প্রধানমন্ত্রী।*

6. 'Bag and baggage' idiom-এর অর্থ কি?
ⓐ Belongings ⓑ Heavy things
ⓒ Leaving nothing behind
ⓓ Costly things

ব্যাখ্যা *'Bag and baggage' idiomটির অর্থ তল্পি-তল্পাসহ যা Leaving nothing behind দ্বারা প্রকাশ পায়। Leaving nothing behind অর্থ কোনো কিছুই না রেখে।*

7. Which one is a correct sentence?
ⓐ I found his pulse ⓑ I felt his pulse
ⓒ I examined his pulse ⓓ I saw his pulse

ব্যাখ্যা *Feel somebody's pulse অর্থ হাতের কবজির ধমনিতে হাত রেখে নাড়িস্পন্দনের হার গণনা করা। অন্য Verbগুলো pulse-এর সাথে যথাযথ নয়। সুতরাং সঠিক বাক্য I felt his pulse.*

8. That is the plural of 'Criterion'?
ⓐ Criterions ⓑ Criteria
ⓒ Criteriones ⓓ Criterias

ব্যাখ্যা *Criterion (বিচারের মাপকাঠি; মানদণ্ড) শব্দটির plural form হলো criteria.*

9. Who has written 'Long Walk to Freedom'?
ⓐ Nelson Mandela ⓑ Abul Kalam Azad
ⓒ George Washington ⓓ Rajib Gandhi

ব্যাখ্যা *'Long Walk to Freedom' আত্মজীবনীমূলক গ্রন্থটির লেখক দক্ষিণ আফ্রিকার সাবেক প্রেসিডেন্ট নেলসন মেন্ডেলা। গ্রন্থটি প্রথম প্রকাশিত হয় ১৯৯৪ সালে।*

10. 'A thing of beauty is a joy for ever' was stated by :
ⓐ John Keats ⓑ Robert Herrick
ⓒ Frances Bacon ⓓ Shelley

ব্যাখ্যা *উক্তিটি রোমান্টিক যুগের কবি John Keats-এর। John Keats 'Poet of Beauty' নামে খ্যাত।*

11. Who is known as 'The Poet of Nature' in English literature?
ⓐ William Wordsworth ⓑ Napoleon
ⓒ Shakespeare ⓓ Charls Dickens

ব্যাখ্যা *William Wordsworth (1770-1850) রোমান্টিক যুগের বিখ্যাত কবিদের মধ্যে একজন। তার লেখার মূল বিষয়বস্তু ছিল প্রকৃতি আর এ কারণে তাকে ইংরেজি সাহিত্যে poet of nature বলা হয়।*

12. I — tennis every Sunday morning.
ⓐ playing ⓑ play
ⓒ am played ⓓ am play

ব্যাখ্যা *নিত্য ঘটনা সাধারণত present indefinite tense হয়। সুতরাং sub-এর পর play verbটি বসবে। বাক্যে play বসিয়ে বাক্যটির বাংলা : আমি প্রতি রবিবার সকালে টেনিস খেলি।*

উত্তর

1	b
2	a
3	b
4	b
5	a
6	c
7	b
8	b
9	a
10	a
11	a
12	b

13. Babies— when they are hungry.
ⓐ cry ⓑ cries
ⓒ cried ⓓ are crying

ব্যাখ্যা সাধারণ ঘটনার বর্ণনা present indefinite tense-এ হয়। Babies শব্দটি plural হওয়ায় verb-এর মূল form cry শূন্যস্থানে বসবে। আর বাক্যটির বাংলা হবে : ক্ষুধা পেলে শিশুরা কাঁদে।

14. They went— the rain.
ⓐ Despite ⓑ In spite
ⓒ Under ⓓ Avoiding

ব্যাখ্যা Despite something অর্থ কোনো কিছু সত্ত্বেও। আর in spite of something অর্থও কোনো কিছু সত্ত্বেও। কিন্তু option এ শুধু in spite দেওয়া আছে। সুতরাং শূন্যস্থানে despite বসবে।

15. Antonym of the word 'Concord' is :
ⓐ Conflict ⓑ Saintly
ⓒ Thrifty ⓓ Harmony

ব্যাখ্যা Concord অর্থ মতৈক্য বা মিল যার বিপরীত শব্দ হলো conflict (দ্বন্দ্ব; সংঘাত; যুদ্ধ)। তাছাড়া saintly অর্থ সাধুসুলভ; ঋষিসুলভ, thrifty অর্থ মিতব্যয়ী এবং harmony সাদৃশ্য; মিল, যা প্রদত্ত শব্দটির সমার্থক।

16. What— last night?
ⓐ you did ⓑ did you do
ⓒ had you done ⓓ did you

ব্যাখ্যা বাক্যে Last night থাকাতে বাক্যটি past indefinite tense এ হবে। Past indefinite tense-এর wh question যুক্ত interrogative বাক্যের structure : Wh question + did + sub + verb-এর base form + extension + question mark। সুতরাং শূন্যস্থানের জন্য যথাযথ expression হলো did you do।

17. Octopuses have not only large size— also well developed nervous system.
ⓐ but ⓑ and
ⓒ are ⓓ and have

ব্যাখ্যা বাক্যে not only ব্যবহার রয়েছে আর also রয়েছে। কিন্তু বাক্যে অবশ্যই not only but also সঠিক ব্যবহার থাকতে হবে। সুতরাং also-এর পূর্বে but বসলে বাক্যটি grammartically সঠিক হবে।

18. 'None can do this' এর interrogative form কি হবে?
ⓐ Can none do this? ⓑ Can anyone do this?
ⓒ Who cannot do this? ⓓ Who can do this?

[Note : None/No one/Nobody যুক্ত negative বাক্য interrogative করতে who দ্বারা শুরু করতে হবে এবং interrogative বাক্যটি affirmative হবে। আবার auxiliary verb-কে শুরুতে এনে তারপর any one/anybody/+ বাকি অংশ লিখেও interrogative করা যায়। সুতরাং বাক্যটির interrogative form— Who can do this? এবং Can anyone do this? দুটিই সঠিক।

19. 'Man is mortal'-এর সঠিক Negative sentence কোনটি?
ⓐ Man is not mortal. ⓑ Man is immortal.
ⓒ No man is mortal. ⓓ No man is immortal.

ব্যাখ্যা Affirmative বাক্যকে negative বাক্যে রূপান্তরের সময় মনে রাখতে হবে বাক্যের অর্থ যেন পরিবর্তিত না হয়। সুতরাং প্রদত্ত বাক্যটি negative বাক্য No man is immortal or Man is not immortal অর্থ কোনো মানুষই অমরণশীল নয় অর্থাৎ মানুষ মরণশীল।

20. 'বিপদ কখনও একা আসে না' বাক্যটির ইংরেজি রূপ কোনটি?
ⓐ Misfortunes never alone comes.
ⓑ Misfortunes comes never alone.
ⓒ Misfortunes never alone come.
ⓓ Misfortunes never come alone.

ব্যাখ্যা Misfortunes plural verb, সুতরাং verb ও plural হবে। Adverb never ঠিক sub-এর পরে বসে। সুতরাং 'বিপদ কখনও একা আসে না' বাক্যটির ইংরেজি রূপ— Misfortunes never come alone.

21. 'আলস্য' কোন প্রকারের বিশেষণ?
ⓐ জাতিবাচক ⓑ গুণবাচক
ⓒ সমষ্টিবাচক ⓓ নেতিবাচক

[Note : 'আলস্য' শব্দটি বিশেষণ নয়, এটি বিশেষ্য। যে বিশেষ্য দ্বারা কোনো বস্তুর দোষ বা গুণের নাম বোঝায়, তা-ই গুণবাচক বিশেষ্য। যেমন– আলস্য, মধুরতা, তারল্য, সৌরভ, স্বাস্থ্য।]

22. 'হৃদয়ে বাংলাদেশ' গ্রন্থের রচয়িতা কে?
ⓐ পান্না কায়সার ⓑ সেলিনা হোসেন
ⓒ আলাউদ্দিন আল আজাদ ⓓ সালমা হোসেন

ব্যাখ্যা 'হৃদয়ে বাংলাদেশ' গ্রন্থের রচয়িতা লেখক ও রাজনীতিবিদ পান্না কায়সার। তিনি ১৯৯৬-২০০১ সালের জাতীয় সংসদে আওয়ামী লীগের একজন সাংসদ ছিলেন। তার রচিত আরো কয়েকটি গ্রন্থ : মুক্তিযুদ্ধ : আগে ও পরে, নীলিমায় নীল, অন্য কোনখানে, রাসেলের যুদ্ধযাত্রা।

23. 'পানি'র প্রতিশব্দ কোনটি?
ⓐ ইরা ⓑ মহি
ⓒ ধাবা ⓓ ধরা

ব্যাখ্যা 'পানি' শব্দের প্রতিশব্দ ইরা, বারি, জল, সলিল, নীর, অম্বু, উদক, অপ, তোয়।

24. অভিধানে কোন শব্দটি আগে আসবে?
ⓐ চাঁপা ⓑ চানা
ⓒ চালা ⓓ চাঁটি

ব্যাখ্যা অভিধান অনুযায়ী শব্দের ক্রম হবে– চাঁটি– চাঁপা– চানা– চালা।

25. 'রানার' কবিতাটির রচয়িতা কে?
ⓐ কাজী নজরুল ইসলাম ⓑ যতীন্দ্রমোহন বাগচী
ⓒ সুকান্ত ভট্টাচার্য ⓓ বন্দে আলী মিয়া

উত্তর

13	a
14	a
15	a
16	b
17	a
18	Note
19	d
20	d
21	Note
22	a
23	a
24	d
25	c

ব্যাখ্যা *সুকান্ত ভট্টাচার্যের 'ছাড়পত্র' কাব্যগ্রন্থের বিখ্যাত কবিতা 'রানার'। তার রচিত আরো কয়েকটি বিখ্যাত কবিতা : আঠারো বছর বয়স, স্মারক, দুর্মর।*

26. 'যুগপৎ' শব্দের অর্থ কি?

ⓐ যুক্তপথ ⓑ একই সময়ে
ⓒ এক যুগের পর ⓓ কোনোটিই নয়

ব্যাখ্যা *'যুগপৎ' শব্দের অর্থ একই সময়ে, একই কালে, একই সঙ্গে।*

27. 'পূজারিণী' কবিতাটির লেখক কে?

ⓐ কাজী নজরুল ইসলাম ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓒ জসীমউদ্‌দীন ⓓ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

ব্যাখ্যা *কাজী নজরুল ইসলামের 'দোলনচাঁপা' কাব্যগ্রন্থের বিখ্যাত কবিতা 'পূজারিণী'। এ কাব্যগ্রন্থের আরো কয়েকটি কবিতা : আজ সৃষ্টি সুখের উল্লাসে, বেলাশেষে, পুবের চাতক।*

28. 'আমারও পরাণ যাহা চায়' গানটির রচয়িতা কে?

ⓐ কবি শামসুর রাহমান ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓒ জসীমউদ্‌দীন ⓓ কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা *'আমারও পরাণ যাহা চায়'– গানটির রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর। তার রচিত আরো কয়েকটি বিখ্যাত গান : আমি চিনি গো চিনি তোমারে, আমি কান পেতে রই, পাগলা হাওয়ায় বাদল-দিনে।*

29. বাক্যতত্ত্বের অপর নাম কি?

ⓐ ভাষা ⓑ প্রাতিপদিক
ⓒ পদক্রম ⓓ সাধিত শব্দ

ব্যাখ্যা *ব্যাকরণের প্রধান ও মৌলিক আলোচ্য বিষয় চারটি। যথা ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব। বাক্যতত্ত্বের অপর নাম পদক্রম।*

30. 'খোদা' শব্দটি কোন ভাষার শব্দ?

ⓐ আরবি ⓑ ফারসি
ⓒ উর্দু ⓓ বাংলা

ব্যাখ্যা *'খোদা' ফারসি ভাষার শব্দ। ফারসি ভাষার আরো কয়েকটি শব্দ নামাজ, রোজা, দোজখ, ফেরেশতা, বেহেশত, দফতর, তারিখ, নালিশ, নমুনা, হাঙ্গামা, রফতানি।*

31. যা পূর্বে ছিল এখন নাই–

ⓐ অবিনশ্বর ⓑ ভূতপূর্ব
ⓒ অদৃষ্টপূর্ব ⓓ অবগত

ব্যাখ্যা *যা পূর্বে ছিল এখন নাই– ভূতপূর্ব; যা কখনো নষ্ট হয় না– অবিনশ্বর; যা পূর্বে দেখা যায়নি এমন– অদৃষ্টপূর্ব।*

32. 'Appendix' কি?

ⓐ সূচিপত্র ⓑ আখ্যাপত্র
ⓒ নির্ঘণ্ট ⓓ পরিশিষ্ট

33. 'ছেলেটি অঙ্কে কাঁচা'– এ বাক্যে 'অঙ্ক' কোন কারক?

ⓐ অধিকরণ ⓑ করণ
ⓒ সম্প্রদান ⓓ অপাদান

ব্যাখ্যা *ক্রিয়ার আধারকে অধিকরণ কারক বলে। অর্থাৎ যে স্থানে বা যে বিষয়টি আশ্রয় করে ক্রিয়া নিষ্পন্ন হয়, সে বিষয়, সময় বা স্থানকে বলা হয় অধিকরণ কারক। যেমন– ছেলেটি অঙ্কে কাঁচা। এ বাক্যে 'অঙ্ক' অধিকরণ কারক।*

34. 'যা সহজে অতিক্রম করা যায় না' এর বাক্য সংকোচন কোনটি?

ⓐ অনতিক্রম্য ⓑ দুরতিক্রম্য
ⓒ দুর্গম ⓓ অগম্য

ব্যাখ্যা *যা সহজে অতিক্রম করা যায় না– দূরতিক্রম্য; যা অতিক্রম করা যায় না– অনতিক্রম্য; যেখানে যাওয়া কষ্টকর– দুর্গম।*

35. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির অনুভূতির সাথে কোনটি তুলনীয়?

ⓐ প্রকৃতির সৌন্দর্য ⓑ প্রকৃতির বিরূপতা
ⓒ বসন্তের আমেজ ⓓ শীতের রিক্ততা

ব্যাখ্যা *'তাহারেই পড়ে মনে' কবিতার রচিয়তা কবি সুফিয়া কামাল। এ কবিতাটি ১৯৩৫ সালে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রকাশিত হয়।*

36. নিচের কোনটি অল্পপ্রাণ ধ্বনি?

ⓐ ভ ⓑ ঠ
ⓒ ফ ⓓ চ

ব্যাখ্যা *যে ধ্বনি উচ্চারণে নিঃশ্বাস অল্প আকারে সংযোজিত হয় তাকে বলা হয় অল্পপ্রাণ ধ্বনি। যেমন– চ, ক, ট, ত, প, গ, জ, দ, ব।*

37. 'নীলাম্বর' কোন সমাস?

ⓐ কর্মধারয় ⓑ দ্বিগু
ⓒ বহুব্রীহি ⓓ কোনোটিই নয়

ব্যাখ্যা *যে সমাসের সমস্তপদে পূর্বপদ ও পর পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান না হয়ে অন্য একটি পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন নীল অম্বর যার = নীলাম্বর। আরো কয়েকটি গুরুত্বপূর্ণ বহুব্রীহি সমাস : মহাত্মা, নীলবসনা, নদীমাতৃক, সহোদর, কমলাক্ষ, পদ্মনাভ।*

38. সাহিত্যে অলঙ্কার প্রধানত কত প্রকার?

ⓐ ৬ ⓑ ২
ⓒ ৪ ⓓ ৫

ব্যাখ্যা *সাহিত্যের অলঙ্কার প্রধানত দুই প্রকার। যথা শব্দালঙ্কার ও অর্থালঙ্কার।*

39. 'পাখির ডাক' এক কথায় প্রকাশ কি?

ⓐ কেকা ⓑ হ্রেষা
ⓒ কুজন ⓓ অজিন

[Note : *পাখির ডাক– কূজন। 'কুজন' শব্দের অর্থ মন্দ লোক। অন্যদিকে, ময়ূরের ডাক– কেকা; অশ্বের ডাক– হ্রেষা; হরিণের চর্ম– অজিন।*]

40. বৈষ্ণব পদাবলির আদি রচয়িতা কে?

ⓐ শ্রী চৈতন্য ⓑ বিদ্যাপতি
ⓒ চণ্ডীদাস ⓓ জ্ঞানদাস

উত্তর

26	b
27	a
28	b
29	c
30	b
31	b
32	d
33	a
34	b
35	d
36	d
37	c
38	b
39	Note
40	b
41	b

ব্যাখ্যা রাধাকৃষ্ণের প্রেমলীলা অবলম্বনে মধ্যযুগে বাংলা সাহিত্যের গুরুত্বপূর্ণ নিদর্শন বৈষ্ণব পদাবলি। বৈষ্ণব পদাবলির অধিকাংশ পদ ব্রজবুলি ভাষায় রচিত। বৈষ্ণব পদাবলির আদি রচয়িতা কবি বিদ্যাপতি এবং বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলির আদি রচয়িতা চণ্ডীদাস।

41. সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণ দুটির সমষ্টি কত?

ⓐ ৪৫° ⓑ ৯০°
ⓒ ৬০° ⓓ ৩০°

ব্যাখ্যা ত্রিভুজের তিনকোণের সমষ্টি ১৮০°। যেহেতু সমকোণী ত্রিভুজের একটি কোণ সমকোণ বা ৯০°। সুতরাং সূক্ষ্মকোণ দুটির সমষ্টি (১৮০° − ৯০°) = ৯০°।

42. একটি পিঁপড়ে প্রতি মিনিটে ৬ ফুট ওঠে এবং প্রতি ৬ ফুট পরপর সে ৪ ফুট করে নেমে আসে। ১২০ ফুট উঁচু গাছে উঠতে তার কত সময় লাগবে?

ⓐ ২০ মিনিট ⓑ ৪৫ মিনিট
ⓒ ৫৮ মিনিট ⓓ ৩০ মিনিট

ব্যাখ্যা যেহেতু পিঁপড়েটি প্রতি মিনিটে ৬ ফুট উঠে এবং ৪ ফুট নিচে নামে।
সুতরাং ১ মিনিটে সে উপরে উঠে (৬ − ৪) = ২ ফুট।
∴ পিঁপড়েটি (১২০ − ৬) বা ১১৪ ফুট ওঠে (১১৪ ÷ ২) বা ৫৭ মিনিটে।
∴ পিঁপড়েটি ১২০ ফুট উঠে = (৫৭ + ১) = ৫৮ মিনিটে

43. আয়তাকার একটি ঘরের মেঝের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ২ মিটার বেশি। ঘরটির মেঝের ক্ষেত্রফল ৬৩০ বর্গমিটার হলে মেঝের দৈর্ঘ্য কত?

ⓐ ২০ মিটার ⓑ ১৮ মিটার
ⓒ ২৫ মিটার ⓓ ১৬ মিটার

[Note : ক্ষেত্রফল ৬৩০ বর্গমিটার এর পরিবর্তে ৩৬০ বর্গমিটার হলে উত্তর হবে ২০ মিটার।]

ব্যাখ্যা ধরি, আয়তাকার মেঝের প্রস্থ = x মিটার
দৈর্ঘ্য = $(x+২)$ মিটার
ক্ষেত্রফল = $x(x+২)$ বর্গমিটার

প্রশ্নমতে,
$x(x+২) = ৩৬০$
$\Rightarrow x^২ + ২x - ৩৬০ = ০$
$\Rightarrow x^২ + ২০x - ১৮x + ৩৬০ = ০$
$\Rightarrow x(x+২০) - ১৮(x+২০) = ০$
$\Rightarrow (x+২০)(x-১৮) = ০$
$\Rightarrow x + ২০ = ০$ এবং $x - ১৮ = ০$
$\Rightarrow x = -২০$ [গ্রহণযোগ্য নয়] ∴ $x = ১৮$
∴ দৈর্ঘ্য = $(x+২) = (১৮+২) = ২০$ মিটার।

44. বার্ষিক শতকরা ৫ টাকা হারে ৫০০ টাকার ৩ বছরের সরল মুনাফা কত হবে?

ⓐ ২৫ টাকা ⓑ ৫০ টাকা
ⓒ ৭৫ টাকা ⓓ ১০০ টাকা

ব্যাখ্যা ১০০ টাকার ১ বছরের মুনাফা = ৫ টাকা

১ ১ $= \frac{৫}{১০০}$,,

∴ ৫০০ ৩ $= \frac{৫ \times ৫০০ \times ৩}{১০০}$

$= ৭৫$ টাকা

45. $a = 5$ হলে, $a^3 - 3a^2 + 3a - 1$ এর মান কত?

ⓐ 124 ⓑ 126
ⓒ 64 ⓓ 216

ব্যাখ্যা
$a^3 - 3a^2 + 3a - 1$
$= a^3 - 3a^2.1 + 3.a.1^2 - 1^3$
$= (a-1)^3$
$= (5-1)^3$
$= 64$

46. $x^2 + y^2 + b = ৮$, $xy = ৭$ হলে, $(x+y)^2$ এর মান কত?

ⓐ ১৪ ⓑ ১৬
ⓒ ২২ ⓓ ৩০

[Note : $x^2 + y^2 + b = ৮$-এর পরিবর্তে $x^2 + y^2 = ৮$ হলে উত্তর হবে ২২]

ব্যাখ্যা $(x+y)^2 = x^2 + 2xy + y^2$
$= x^2 + y^2 + 2xy$
$= ৮ + (২ \times ৭)$
$= ২২$

47. দুটি সংখ্যার গ. সা. গু. ১৬ এবং ল. সা. গু ১৯২। একটি সংখ্যা ৪৮ হলে অপর সংখ্যাটি কত?

ⓐ ৬০ ⓑ ৬২
ⓑ ৬৪ ⓓ ৬৮

ব্যাখ্যা আমরা জানি,
দুটি সংখ্যার গুণফল = ল. সা. গু. × গ. সা. গু
ধরি, একটি সংখ্যা ৪৮ এবং অপর সংখ্যাটি x
∴ $x \times ৪৮ = ১৬ \times ১৯২$
$\Rightarrow x = \frac{১৬ \times ১৯২}{৪৮}$
∴ $x = ৬৪$

48. টাকায় ৬টি লেবু ক্রয় করে টাকায় ৫টি লেবু বিক্রয় করলে শতকরা লাভের হার কত?

ⓐ ২০% ⓑ ১৫%
ⓒ ১০% ⓓ ৫%

ব্যাখ্যা লাভের হার = $\frac{১০০}{\text{টাকায় বিক্রয়}}\% = \frac{১০০}{৫}\%$
$= ২০\%$

49. P এর মান কত হলে, $4x^2 - Px + 9$ একটি পূর্ণবর্গ হবে?

ⓐ ১২ ⓑ ৯
ⓒ ১৬ ⓓ ২৪

উত্তর	
42	c
43	Note
44	c
45	c
46	Note
47	c
48	a
49	a

ব্যাখ্যা $4x^2 - px + 9$
$= (2x)^2 - 2.2x.3 + 3^2 - px + 12x$
$= (2x-3)^2 - px + 12x$
এখন, $4x^2 - px + 9$ পূর্ণবর্গ হবে যদি, $-px + 12x = 0$ হয়
$\therefore -px + 12x = 0.$
$\Rightarrow px = 12x$
$\Rightarrow p = \frac{12x}{x}$
$\therefore p = 12$

50. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ মিটার এবং অপর দুটি বাহুর প্রতিটি ১০ মিটার হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?
ⓐ ৪২ বর্গমিটার ⓑ ৩৬ বর্গমিটার
ⓒ ৪৮ বর্গমিটার ⓓ ৫০ বর্গমিটার

ব্যাখ্যা ক্ষেত্রফল $= \frac{a}{8}\sqrt{b^2 - a^2}$
$= \frac{১৬}{8}\sqrt{8 \times (১০)^2 - ১৬^2}$
$= \frac{১৬}{8}\sqrt{৪০০ - ২৫৬}$
$= \frac{১৬ \times ১২}{8}$
$= ৪৮$ বর্গমিটার।

51. রহিম সাহেব গুলশানে বাস করেন। তিনি নতুন বাড়ি নির্মাণ করেছেন। তিনি বাড়ির সিঁড়ি ঘরের পাশে একটি চৌবাচ্চা তৈরি করেন। এতে ১৯২০০ লিটার পানি ধরে। চৌবাচ্চাটির গভীরতা ২.৫৬ মিটার এবং প্রস্থ ২.৫ মিটার। চৌবাচ্চাটির দৈর্ঘ্য কত?
ⓐ ৩ মিটার ⓑ ৪ মিটার
ⓒ ৫ মিটার ⓓ ৬ মিটার

ব্যাখ্যা আমরা জানি,
১০০০ লিটার = ১ ঘনমিটার
$\therefore$ ১৯২০০ ,, $= \frac{১৯২০০}{১০০০}$,,
= ১৯.২ ঘনমিটার।
এখন, আয়তন = দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা
$\Rightarrow$ ১৯.২ = (দৈর্ঘ্য × ২.৫ × ২.৫৬) ঘনমিটার
দৈর্ঘ্য $= \frac{১৯.২}{৬.৪}$ মিটার= ৩ মিটার।

52. মাতার বর্তমান বয়স তার দুই কন্যার বয়সের সমষ্টির চারগুণ। ৫ বছর পর মাতার বয়স ঐ দুই কন্যার বয়সের সমষ্টির দ্বিগুণ হবে। মাতার বর্তমান বয়স কত?
ⓐ ১৫ বছর ⓑ ৬০ বছর
ⓒ ৩৫ বছর ⓓ ৩০ বছর

ব্যাখ্যা ধরি, দুই কন্যার বর্তমান বয়সের সমষ্টি = x
মাতার বর্তমান বয়স = $৪x$.
৫ বছর পর ২ কন্যার বয়সের সমষ্টি $= x + ১০$
$\therefore$ ৫ ,, ,, মাতার বয়স $= ৪x + ৫$
$৪x + ৫ = ২(x + ১০)$
$\Rightarrow ৪x - ২x = ২০ - ৫$
$\Rightarrow ২x = ১৫$
$\therefore x = \frac{১৫}{২}$
মাতার বর্তমান বয়স $= \left(৪ \times \frac{১৫}{২}\right)$ বছর = ৩০ বছর

53. ১০০ মিটার লম্বা একটি ট্রেন ঘণ্টায় ৩৬ কিলোমিটার গতিতে চললে ১৫০ মিটার একটি সেতু পার হতে কত সেকেন্ড সময় লাগবে?
ⓐ ১০ ⓑ ১৫
ⓒ ২৫ ⓓ ৩৬

ব্যাখ্যা ৩৬ কিমি বা ৩৬০০ মিটার অতিক্রম করে ১ ঘণ্টা বা ৩৬০০ সেকেন্ডে
$\therefore$ (১০০+১৫০) বা ২৫০ মিটার ,, ,, $= \frac{৩৬০০ \times ২৫০}{৩৬০০০}$,,
= ২৫ সেকেন্ডে

54. $x^2 + 7x + 12 = 0$ সমীকরণটির উৎপাদক–
ⓐ $(x+3)(x+4)$ ⓑ $(x+3)(x-4)$
ⓒ $(x-3)(x+4)$ ⓓ $(x-3)(x-4)$
[Note : এখানে প্রশ্নটি হবে $x^2 + 7x + 12$ রাশিটির উৎপাদক]

ব্যাখ্যা $x^2 + 7x + 12$
$= x^2 + 4x + 3x + 12$
$= x(x+4) + 3(x+4)$
$= (x+4)(x+3)$

55. ১ হেক্টোমিটারে কত মিটার?
ⓐ ৫ মিটার ⓑ ১০ মিটার
ⓒ ১৫০ মিটার ⓓ ১০০ মিটার

ব্যাখ্যা ১ হেক্টোমিটার = ১০০ মিটার

56. কান্তজীউ মন্দির কোন জেলায় অবস্থিত?
ⓐ রাঙামাটি ⓑ দিনাজপুর
ⓒ জয়পুরহাট ⓓ কুমিল্লা

ব্যাখ্যা কান্তজীউ মন্দির বা কান্তনগর মন্দির ইটের তৈরি আঠারো শতকের একটি মন্দির যা দিনাজপুর শহর থেকে ১৯ কিমি উত্তরে কান্তনগর নামে এক নিভৃত গ্রামে অবস্থিত।

57. জন্ডিসে কোন অঙ্গটি আক্রান্ত হয়?
ⓐ যকৃত ⓑ ফুসফুস
ⓒ হৃৎপিণ্ড ⓓ চোখ

ব্যাখ্যা জন্ডিসে শরীরের সর্ববৃহৎ গ্রন্থি যকৃত বা লিভার আক্রান্ত হয়। কোনো ব্যক্তি ভাইরাল হেপাটাইটিসে আক্রান্ত হলে সাধারণত জন্ডিস দেখা দেয়। জন্ডিস দেখা দিলে রক্তে বিলিরুবিনের মাত্রা বেড়ে যায়। দেহত্বক, মুখ, চোখ এবং থুথু হলুদ বর্ণের হয়।

উত্তর

50	c
51	a
52	d
53	c
54	a
55	d
56	b
57	a

www.boighar.com

58. বাংলাদেশের কোন শহরটিকে প্রথম 'সাইবার সিটি' বলা হয়?
ⓐ সিলেট ⓑ ঢাকা
ⓒ চট্টগ্রাম ⓓ রাজশাহী
ব্যাখ্যা বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের জেলা সিলেট শহরকে দেশের প্রথম 'সাইবার সিটি' বলা হয়।

59. কোন দেশের সংবিধান অলিখিত?
ⓐ যুক্তরাজ্য ⓑ চীন
ⓒ সুইজারল্যান্ড ⓓ জাপান
ব্যাখ্যা যুক্তরাজ্যের সংবিধান অলিখিত এটা বলা হলেও অভ্যন্তরীণ ও বহিঃরাষ্ট্র সম্পর্কিত বিষয়গুলো সংক্ষিপ্ত আকারে লিপিবদ্ধ আছে। দেশটির সংবিধান মূলত দেশটির প্রচলিত আইন, প্রথা ও মূল্যবোধের উপর শ্রদ্ধাশীল।

60. বাংলাদেশের শহীদ বুদ্ধিজীবী দিবস কোনটি?
ⓐ ১৪ ডিসেম্বর ⓑ ১৬ ডিসেম্বর
ⓒ ২১ ডিসেম্বর ⓓ ২৩ ডিসেম্বর
ব্যাখ্যা ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের শেষ পর্যায়ে এসে পাকিস্তানি হানাদার বাহিনী বাংলাদেশকে বুদ্ধিবৃত্তিক দিক থেকে চিরতরে পঙ্গু করার জন্য ১৪ ডিসেম্বর ১৯৭১ দেশের বুদ্ধিজীবীদের ধরে নিয়ে নির্বিচারে হত্যা করে। তাদের স্মরণে স্বাধীনতার পর থেকে ঐ দিনটি 'শহীদ বুদ্ধিজীবী দিবস'– হিসেবে পালিত হয়।

61. সাবমেরিন ক্যাবল ব্যবহারের কারণ–
ⓐ নৌচলাচলের বিপদ সংকেত ⓑ জাহাজ চলাচলের সুবিধা
ⓒ ইন্টারনেট সংযোগ ⓓ কোনোটিই নয়
ব্যাখ্যা সমুদ্রের তলদেশ দিয়ে স্থাপিত আন্তঃমহাদেশীয় ফাইবার অপটিক কমিউনিকেশনের জন্য সাবমেরিন ক্যাবল স্থাপিত হয়। এ সাবমেরিন কেবল ব্যবহারের কারণ ইন্টারনেট সংযোগ। ফাইবার অপটিক কমিউনিকেশনের মাধ্যমে ইন্টারনেটের ডেটা আলোর গতিতে স্থানান্তরিত হয়।

62. মুজিবনগর স্মৃতিসৌধ কোন জেলায় অবস্থিত?
ⓐ মেহেরপুর ⓑ কুষ্টিয়া
ⓒ চুয়াডাঙ্গা ⓓ ঢাকা
ব্যাখ্যা বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন অস্থায়ী সরকারের গঠন ও শপথ গ্রহণের স্মৃতি বিজড়িত স্থান মেহেরপুর জেলার মুজিবনগরে 'মুজিবনগর স্মৃতিসৌধ' অবস্থিত। এর স্থপতি তানভীর করিম।

63. বাংলাদেশ সর্বপ্রথম কোন দলের বিরুদ্ধে ওয়ানডে ও টেস্ট সিরিজ জয়লাভ করে?
ⓐ শ্রীলংকা ⓑ জিম্বাবুয়ে
ⓒ ওয়েস্ট ইন্ডিজ ⓓ অস্ট্রেলিয়া
ব্যাখ্যা বাংলাদেশ সর্বপ্রথম জিম্বাবুয়ের সাথে ২০০৫ সালের ২০-৩১ জানুয়ারির মধ্যে অনুষ্ঠিত পাঁচটি একদিনের ম্যাচে ৩-২-তে সিরিজ জয় লাভ করে। আর বাংলাদেশে জিম্বাবুয়ের ঐ সফরেই বাংলাদেশ দুই ম্যাচের টেস্ট সিরিজে ১-০ তে সর্বপ্রথম সিরিজ জয় লাভ করে।

64. মসজিদের শহর বলা হয় কোনটিকে?
ⓐ রিয়াদ ⓑ জাকার্তা
ⓒ ঢাকা ⓓ ইস্তানবুল
ব্যাখ্যা বাংলাদেশের রাজধানী 'ঢাকা' শহরকে মসজিদের শহর ও রিকশার শহর বলা হয়। আর ইস্তানবুল হলো দুই মহাদেশে (এশিয়া ও ইউরোপ) অবস্থিত তুরস্কের রাজধানী শহর।

65. অর্থনৈতিক সমীক্ষা ২০১৬ অনুসারে বাংলাদেশের মাথা পিছু আয় কত মার্কিন ডলার?
ⓐ ১৩২০ ⓑ ১৩৪৪
ⓒ ১৪৬৬ ⓓ ১৫৮০
ব্যাখ্যা অর্থনৈতিক সমীক্ষা ২০১৬ অনুসারে বাংলাদেশের মাথাপিছু আয় ছিল ১,৪৬৬ মার্কিন ডলার। আর অর্থনৈতিক সমীক্ষা ২০১৮ অনুযায়ী বাংলাদেশের মাথাপিছু আয় ১,৭৫২ মার্কিন ডলার।

66. BEPZA অর্থ কি?
ⓐ Bangladesh Export Processing Zone Authority
ⓑ Bangladesh Export Processing Zone Area
ⓒ Bangladesh Export Procuring Zone Area
ⓓ Bangladesh Export Procuring Zone Authority
ব্যাখ্যা BEPZA এর পূর্ণরূপ হলো– Bangladesh Export Processing Zone Authority যা বাংলাদেশের EPZ নিয়ন্ত্রণকারী সরকারি বৈধ কর্তৃপক্ষ।

67. আলবেনিয়ার রাজধানীর নাম কি?
ⓐ ভিয়েনা ⓑ তিরানা
ⓒ স্টকহোম ⓓ জুরিখ
ব্যাখ্যা ভূ-মধ্যসাগরের অন্তর্ভুক্ত আড্রিয়াটিক সাগরের তীরবর্তী গ্রিস ও মেসিডোনিয়ার প্রতিবেশী দেশ আলবেনিয়ার রাজধানী হলো তিরানা।

68. বেলজিয়ামের মুদ্রার নাম কি?
ⓐ ডলার ⓑ পাউন্ড
ⓒ ইউরো ⓓ ফ্রা
ব্যাখ্যা ইউরোপীয় ইউনিয়নের কেন্দ্রভূমি পশ্চিম ইউরোপের দেশ বেলজিয়ামের মুদ্রা হলো ইউরো।

69. ইউরোপের দীর্ঘতম নদীর নাম কি?
ⓐ আমাজান ⓑ টেমস্
ⓒ রাইন ⓓ ভলগা
ব্যাখ্যা রাশিয়ার ভলদাই পাহাড় থেকে উৎপত্তি লাভ করে কাস্পিয়ান সাগরে পতিত হওয়া ভলগা নদী ইউরোপের দীর্ঘতম নদী। যার দৈর্ঘ্য ৩,৬৯০ কিমি।

70. নাইজেরিয়ার মুদ্রার নাম কি?
ⓐ নাইরান ⓑ নাইরি
ⓒ নাইর ⓓ নাইরা
ব্যাখ্যা পশ্চিম আফ্রিকার গিনি উপসাগরের তীরবর্তী অর্থনৈতিক দিক থেকে আফ্রিকার দ্বিতীয় শক্তিশালী রাষ্ট্র নাইজেরিয়ার মুদ্রা হলো নাইরা।

উত্তর

58	a
59	a
60	a
61	c
62	a
63	b
64	c
65	c
66	a
67	b
68	c
69	d
70	d

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা ২০১৮

পরীক্ষার তারিখ : ১১.০৫.২০১৮; সময় : ৪৫ মিনিট; পূর্ণমান : ৭০

১. বাংলা সাহিত্যে 'ছন্দের জাদুকর' কার উপাধি?
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ সত্যেন্দ্রনাথ দত্ত
গ প্রমথ চৌধুরী ঘ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ব্যাখ্যা: সাহিত্যে 'ছন্দের জাদুকর' ও 'ছন্দের রাজা' হিসেবে খ্যাত সত্যেন্দ্রনাথ দত্ত। বীরবল, ভানুসিংহ ও অনিলা দেবী ছদ্মনামে পরিচিত যথাক্রমে প্রমথ চৌধুরী, রবীন্দ্রনাথ ঠাকুর ও শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

২. বাংলা ভাষায় বহুল প্রচলিত অভিধান 'চলন্তিকা' এর প্রণেতা কে?
ক কাজী আব্দুল ওদুদ খ হরিচরণ বন্দ্যোপাধ্যায়
গ রাজশেখর বসু ঘ সুবলচন্দ্র মিত্র
ব্যাখ্যা: 'পরশুরাম' ছদ্মনামে পরিচিত রাজশেখর বসু 'চলন্তিকা' অভিধানের প্রণেতা। হরিচরণ বন্দ্যোপাধ্যায় 'বঙ্গীয় শব্দকোষ' নামক অভিধানের সংকলক।

৩. 'শ্রীকৃষ্ণকীর্তন' কোন যুগের বাংলা সাহিত্যের নিদর্শন?
ক প্রাচীন যুগ খ মধ্যযুগ
গ আধুনিক যুগ ঘ প্রাগৈতিহাসিক যুগ
ব্যাখ্যা: 'শ্রীকৃষ্ণকীর্তন' মধ্যযুগের সাহিত্য নিদর্শন। এছাড়াও এ যুগের আরও কয়েকটি সাহিত্য নিদর্শন হলো বৈষ্ণব পদাবলি, মঙ্গলকাব্য, ইউসুফ-জোলেখা, লায়লী মজনু, মধুমালতী, গুলে বকাওলী, চন্দ্রাবতী, পদ্মাবতী ইত্যাদি। চর্যাপদ হলো প্রাচীন যুগের সাহিত্য নিদর্শন। গল্প, উপন্যাস, প্রবন্ধ ইত্যাদি আধুনিক যুগের সাহিত্য নিদর্শন।

৪. সব ভাষার ব্যাকরণের কয়টি মৌলিক অংশ থাকে?
ক ৫টি খ ৬টি
গ ১০টি ঘ ৪টি
ব্যাখ্যা: সব ভাষার ব্যাকরণেই প্রধানত চারটি বিষয় আলোচিত হয়। যেমন—১. ধ্বনিতত্ত্ব (Phonology) ২. শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব (Marphology) ৩. বাক্যতত্ত্ব বা পদক্রম (Syntax) এবং ৪. অর্থতত্ত্ব (Semantics)।

৫. উচ্চারণ স্থানের নামানুসারে ব্যঞ্জনধ্বনিগুলো কত ভাগে বিভক্ত?
ক ৫ ভাগে খ ৬ ভাগে
গ ৭ ভাগে ঘ ৮ ভাগে
ব্যাখ্যা: উচ্চারণ স্থানের নাম অনুসারে ব্যঞ্জনধ্বনিগুলোকে পাঁচ ভাগে ভাগ করা হয়। যেমন—১. কণ্ঠ বা জিহ্বামূলীয় ২. তালব্য বা অগ্রতালুজাত, ৩. মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয়, ৪. দন্ত বা অগ্র দন্তমূলীয় এবং ৫. ওষ্ঠ্য।

৬. নিচের কোনটি সমাস নিষ্পন্ন শব্দের উদাহরণ?
ক নিবাস খ বড়াই
গ মনমাঝি ঘ ছাত্রকে
ব্যাখ্যা: মন রূপ মাঝি = মনমাঝি, রূপক কর্মধারয় সমাস। নিবাস, বড়াই এবং ছাত্রকে যথাক্রমে উপসর্গ, প্রকৃতি ও প্রত্যয় এবং বিভক্তিযোগে গঠিত শব্দ।

৭. 'নিষ্পত্তি' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক নিঃ + পত্তি খ নিঃ + ষ্পত্তি
গ নিষ্ + পত্তি ঘ নিস্ + পত্তি
ব্যাখ্যা: অঘোষ অল্পপ্রাণ ও অঘোষ মহাপ্রাণ কণ্ঠ কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে অ বা আ ব্যতীত অন্য স্বরধ্বনির পরিস্থিত বিসর্গ স্থলে অঘোষ মূর্ধন্য শিশ্ ধ্বনি (ষ) হয়। যেমন— নিঃ + পত্তি = নিষ্পত্তি, নিঃ + কর = নিষ্কর, দুঃ + কর = দুষ্কর।

৮. 'তামাক' শব্দটি কোন বিদেশি ভাষা হতে নেয়া হয়েছে?
ক ইংরেজি খ ফারসি
গ পর্তুগিজ ঘ তুর্কি
[Note : বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুযায়ী 'তামাক' দেশি শব্দ; এর অর্থ ধূম্রপর্ণী। তবে বিভিন্ন ব্যাকরণ বইয়ে 'তামাক' শব্দটিকে পর্তুগিজ শব্দ হিসেবে দেখানো হয়েছে।]

৯. 'বীজন' শব্দের অর্থ কী?
ক পাখা খ জনহীন
গ বীজবপন ঘ মন্দজন
ব্যাখ্যা: বীজন অর্থ ১. বাতাস দেয়া বা পাখা করার কাজ, ব্যজন। ২. বাতাস করার জন্য ব্যবহৃত পাখা, চামর প্রভৃতি।

১০. কোনটি দেশি শব্দ?
ক পেঁপে খ আসন
গ চেহারা ঘ ঢেঁকি
ব্যাখ্যা: ঢেঁকি দেশি শব্দ। আরও কয়েকটি দেশি শব্দ হলো : কুলা, গঞ্জ, চোঙ্গা, টোপর, ডাব, ডাগর ইত্যাদি। পেঁপে, আসন ও চেহারা যথাক্রমে পর্তুগিজ, সংস্কৃত ও ফারসি শব্দ।

১১. 'Practice makes a man perfect'—
ক অভ্যাস মানুষকে নিখুঁত করে খ মানুষ অভ্যাসের দাস
গ গাইতে গাইতে গায়েন ঘ চর্চা সাফল্যের চাবিকাঠি

১২. 'বানি' শব্দের অর্থ কী?
ক স্বর্ণকারের মজুরি খ কথা
গ বক্তব্য ঘ তীর
ব্যাখ্যা: বানি দেশি শব্দ। এর অর্থ অলংকারাদি তৈরির পারিশ্রমিক বা মজুরি।

১৩. 'দুহাত যার সমানে চলে'– এর বাক্যসংকোচন কোনটি?
ক দেহাতি খ সব্যসাচি
গ সব্যসাচী ঘ দোহাতি
ব্যাখ্যা: সব্যসাচী বলতে মূলত অর্জুনকে বোঝানো হয়। ব্যবহারিক অর্থগত দিক থেকে— যে ব্যক্তি দুহাতে সমান পারদর্শী, উভয় হস্তে শর চালনায় দক্ষ এমন ব্যক্তিকে বুঝায়। আলংকারিক অর্থে একসঙ্গে একাধিক কাজ করতে সক্ষম এমন ব্যক্তিকে বুঝায়।

উত্তর

১	খ
২	গ
৩	খ
৪	ঘ
৫	ক
৬	গ
৭	ক
৮	Note
৯	ক
১০	ঘ
১১	গ
১২	ক
১৩	গ

১৪. 'Consul' এর বাংলা পরিভাষা কোনটি?
ক পরামর্শক খ বাণিজ্যদূত
গ সুপারিশকারী ঘ উপদেষ্টা

১৫. নিচের কোনটি অপর তিনটি হতে ভিন্ন?
ক কমল খ উৎপল
গ শতদল ঘ মধুকর

ব্যাখ্যা মধুকর অর্থ মধু-মক্ষিকা, ভ্রমর। অন্যদিকে কমল, শতদল ও উৎপল অর্থ পদ্ম।

১৬. নিত্য সমাসের উদাহরণ :
ক প্রতিপক্ষ খ প্রতিবাদ
গ দর্শনমাত্র ঘ সেতার

ব্যাখ্যা যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্যসমাস বলে। যেমন— কেবল দর্শন = দর্শনমাত্র, অন্যগ্রাম = গ্রামান্তর ইত্যাদি। প্রতিপক্ষ, প্রতিবাদ হলো অব্যয়ীভাব সমাস। সেতার হলো সংখ্যাবাচক বহুব্রীহি সমাস।

১৭. 'ফুলে ফুলে ভরেছে বাসর'–কোন কারকে কোন বিভক্তি :
ক অধিকরণে ৭মী খ অপাদানে ৭মী
গ কর্মে ৭মী ঘ করণে ৭মী

ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ বলে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তাই করণ কারক। যেমন—ফুলে ফুলে ঘর ভরেছে। চেষ্টায় সব হয়।

১৮. ''আঁশিটা বছর কেটে গেল, আমি ডাকিনি তোমায় কভু, আমার ক্ষুধার অন্ন তা' বলে বন্ধ করোনি প্রভু, – চরণটি জাতীয় কবির কোন কবিতার অংশ?
ক বিদ্রোহ খ প্রার্থনা
গ মানুষ ঘ আবেদন

ব্যাখ্যা প্রশ্নে উল্লিখিত কবিতার চরণখানি কবি কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কাব্যগ্রন্থের 'মানুষ' কবিতা থেকে চয়ন করা হয়েছে।

১৯. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক জেষ্ঠ্য খ জ্যেষ্ঠ্য
গ জ্যেষ্ঠ ঘ জ্যাষ্ঠ

২০. 'চাঁদের পাহাড়' কার রচনা?
ক জীবনানন্দ দাশ খ আল মাহমুদ
গ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ঘ অবধুত

ব্যাখ্যা 'চাঁদের পাহাড়' বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস। তার আরও কয়েকটি উপন্যাস পথের পাঁচালী, অপরাজিতা, দৃষ্টি প্রদীপ, আরণ্যক, দেবযান ও ইছামতি।

২১. In the interest— safety, smoking is forbidden.
ক for খ of
গ with ঘ to

ব্যাখ্যা In the interest of something অর্থ কোনো কিছু অর্জনের স্বার্থে। বাক্যে of বসিয়ে বাক্যটির বাংলা নিরাপত্তার স্বার্থে ধূমপান নিষিদ্ধ।

২২. What is the synonym of 'lunatic'?
ক same খ hap
গ plain ঘ mad

ব্যাখ্যা Lunatic (পাগলাটে; মানসিক রোগী)-এর সমার্থক শব্দ হলো mad। তাছাড়া same অর্থ একই, hap অর্থ ভাগ্য আর plain অর্থ সরল; সাদামাটা।

২৩. Which of the following is in plural form?
ক datum খ media
গ analysis ঘ radius

ব্যাখ্যা Option গুলোর মধ্যে একমাত্র plural noun হলো media যার singular form হলো medium। Option বাকি তিনটি singular noun-এর plural form যথাক্রমে data, analyses এবং radii।

২৪. There were— guests than I expected.
ক less খ lesser
গ few ঘ fewer

ব্যাখ্যা বাক্যে than থাকাতে শূন্যস্থানে adjective-এর comparative form বসবে। Guests যেহেতু countable noun সুতরাং এর পূর্বে countable determiner বসবে। Option-এ একমাত্র countable determiner-এর comparative form রয়েছে fewer। সুতরাং সঠিক উত্তর fewer।

২৫. Safina wore a beautiful necklace made— silver.
ক by খ with
গ of ঘ off

ব্যাখ্যা Make of something অর্থ কোনো কিছু দিয়ে প্রস্তুত করা। Of যোগে বাক্যটির বাংলা : সাফিনা রূপার তৈরি একটি চমৎকার গলার হার পড়ল।

২৬. 'Brain-box' means :
ক idea খ intelligent person
গ thought ঘ wit

ব্যাখ্যা Brain-box হলো একজন ব্যক্তি যে খুব বুদ্ধিমান। সুতরাং brain-box অর্থ an intelligent person।

২৭. Which one of the following words is in feminine form?
ক nun খ boar
গ drone ঘ emperor

ব্যাখ্যা Option গুলোতে একমাত্র feminine gender হলো nun (সন্ন্যাসিনী) যার masculine gender হলো monk (সন্ন্যাসী)। বাকি তিনটি শব্দ হলো masculine gender এবং তাদের feminine gender হলো boar (শূকর) → sow (শূকরী), drone (পুরুষ মৌমাছি) → bee (স্ত্রী মৌমাছি), emperor (সম্রাট) → empress (সম্রাজ্ঞী)।

উত্তর
১৪ খ
১৫ ঘ
১৬ গ
১৭ ঘ
১৮ গ
১৯ গ
২০ গ
২১ খ
২২ ঘ
২৩ খ
২৪ ঘ
২৫ গ
২৬ খ
২৭ ক

২৮. The plural form 'ox' :
ক oxes খ oxen
গ oxis ঘ bullock
ব্যাখ্যা *Ox (ষাঁড়) শব্দটির শেষে en যোগ করে plural করতে হয়। সুতরাং ox-এর plural form oxen।*

২৯. Which one of the following is a neuter gender?
ক student খ chairman
গ vixen ঘ table
ব্যাখ্যা *যে noun দ্বারা স্ত্রী বা পুরুষ কোনোটিকে না বুঝিয়ে অচেতন পদার্থকে বোঝায় তাকে neuter gender বলে। Option এ একমাত্র table শব্দটি দ্বারা অচেতন পদার্থ নির্দেশ করে। সুতরাং table হলো neuter gender।*

৩০. Which one is not synonym of 'definite'?
ক bound খ certain
গ guaranteed ঘ vague
ব্যাখ্যা *Definite (সুনির্দিষ্ট, নির্দিষ্ট, দ্ব্যর্থহীন)-এর সমার্থক শব্দ হলো bound, certain এবং guaranteed। কিন্তু সমার্থক শব্দ নয় এমন শব্দ vague যার অর্থ অস্পষ্ট; ভাসাভাসা; আবছা।*

৩১. 'We read novels' — passive voice form :
ক Novels is read by us.
খ Novels are read by us.
গ Novels are read by we.
ঘ Novels are being read by us.
ব্যাখ্যা *Present indefinite tense-এর passive voice-এর structure Ob-কে sub + am/is/are + verb-এর p.p+by + sub-কে ob। সুতরাং প্রদত্ত বাক্যটির passive voice : Novels are read by us।*

৩২. Find the pair of words similar to Hospital : Patient.
ক Spouse : Divorce খ Artist : Imitation
গ Counselor : Advice ঘ Restaurant : Customer.
ব্যাখ্যা *Hospital-এ patient (রোগী) দের চিকিৎসা প্রদান করা হয় ঠিক তেমনি restaurant-এ customer (ক্রেতা) দের সেবা প্রদান করা হয়।*

৩৩. The synonym of 'exposed' is :
ক open খ backyard
গ hidden ঘ canvass
ব্যাখ্যা *Exposed শব্দটির অর্থ অনাবৃত; উন্মুক্ত; খোলা, যার সমার্থক শব্দ open (উন্মুক্ত; খোলা)। তাছাড়া backyard অর্থ পিছনের দিকের; পিছনের উঠান সম্বন্ধীয়, hidden অর্থ লুকায়িত আর canvass অর্থ প্রচারণা চালানো।*

৩৪. The antonym of 'pure' is :
ক hard খ rough
গ adultarated ঘ acute
ব্যাখ্যা *Pure (ভেজালহীন; বিশুদ্ধ; খাঁটি)-এর বিপরীত শব্দ adultarated (ভেজাল; দূষিত)। তাছাড়া hard অর্থ কঠিন; শক্ত, rough অর্থ রূঢ়; কঠোর আর acute অর্থ তীক্ষ্ণ; ক্ষিপ্র তীব্র।*

৩৫. Which is correctly spelt?
ক coffi খ coffee
গ coffee ঘ coffe
[Note : *সঠিক বানান হলো 'coffee' যা (খ) ও (গ) উভয় অপশনে দেয়া আছে।*]

৩৬. The act of doing deliberate damage to something is called :
ক sabbath খ sabotage
গ saboteur ঘ subpar
ব্যাখ্যা *কোনো কিছুর (যেমন : যন্ত্রপাতি, মালামাল ইত্যাদি) ইচ্ছাপূর্বক ক্ষতিসাধনকে বলা হয় sabotage (অন্তর্ঘাত; কটাঘাত)।*

৩৭. Many a little pickle makes a—. Fill in the blank space.
ক tickle খ sickle
গ mickle ঘ blackle
ব্যাখ্যা *Many a little pickle makes a mickle একটি প্রবাদবাক্য, যার অর্থ দশের লাঠি একের বোঝা; রাই কুড়িয়ে বেল। সুতরাং প্রদত্ত blank space এ mickle হবে।*

৩৮. 'Pay careful attention to something' is meant by word :
ক look খ see
গ feel ঘ heed
ব্যাখ্যা *'Pay careful attention to something' অর্থ কোনো কিছুর প্রতি সতর্ক দৃষ্টি রাখা বা মনোযোগ দেয়া। অন্যদিকে heed অর্থও মনোযোগ দেয়া, সাবধান হওয়া অর্থাৎ প্রদত্ত expressionটি দ্বারা heed-এর অর্থ প্রকাশ পায়।*

৩৯. 'In black and white' means :
ক verbally খ in writing
গ falsely ঘ in color
ব্যাখ্যা *'In black and white' phraseটির অর্থ লিখিতভাবে যা in writing দ্বারা প্রকাশ পায়।*

৪০. It is time for— his bad habits.
ক changes খ changed
গ changing ঘ change
ব্যাখ্যা *Preposition – for-এর পর verb আসলে verb এর সাথে ing যুক্ত হয়। সুতরাং শূন্যস্থানে changing শব্দটি বসবে আর বাক্যটির বাংলা হবে : তার খারাপ অভ্যাস পরিবর্তনের এখনই সময়।*

৪১. ২০, ২৩, ২৬, ২৯, ... ধারাটির ৩১তম পদ কত?
ক ১০৩ খ ১০৭
গ ১১০ ঘ ১১৩

উত্তর
২৮ খ
২৯ ঘ
৩০ ঘ
৩১ খ
৩২ ঘ
৩৩ ক
৩৪ গ
৩৫ Note
৩৬ খ
৩৭ গ
৩৮ ঘ
৩৯ খ
৪০ গ
৪১ গ

ব্যাখ্যা ২০, ২৩, ২৬, ২৯,

এখানে, প্রথম পদ, $a = ২০$

সাধারণ অন্তর, $d = ২৩ - ২০ = ৩$

$\therefore$ ৩১তম পদ $= a + (n-১)d$

$= ২০ + (৩১ - ১)৩$

$= ১১০$

৪২. ১ হতে ৫০ এর মধ্যে কতটি মৌলিক সংখ্যা রয়েছে?

ক ১৪টি খ ১৫টি

গ ১৬টি ঘ ১৭টি

ব্যাখ্যা *১ থেকে ৫০ এর মধ্যে বিদ্যমান মৌলিক সংখ্যাগুলো হলো : ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭। সুতরাং ১ থেকে ৫০ এর মধ্যে মোট ১৫টি মৌলিক সংখ্যা বিদ্যমান।*

৪৩. কোনো আসল ৩ বছরে মুনাফা-আসলে ৬৬০০ টাকা হয়। মুনাফা আসলের ৩/৮ অংশ হলে, আসলের পরিমাণ কত?

ক ৪৫০০ টাকা খ ৪৮০০ টাকা

গ ৫১০০ টাকা ঘ ৫৪০০ টাকা

ব্যাখ্যা ধরি,

আসল $= ৮$ টাকা

মুনাফা $= \frac{৩}{৮} \times ৮ = ৩$ টাকা

$\therefore$ মুনাফা-আসল $= ৮ + ৩ = ১১$ টাকা

এখন, মুনাফা-আসল ১১ টাকা হলে আসল $= ৮$ টাকা

১ " $= \frac{৮}{১১}$ "

৬৬০০ " $= \frac{৮ \times ৬৬০০}{১১}$ "

$= ৪৮০০$ টাকা।

৪৪. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?

ক ৫/৬ খ ১১/১২

গ ৭৫/১০০ ঘ ৯/১১

ব্যাখ্যা

$\frac{৫}{৬} \nearrow \searrow \frac{১১}{১২}$ এখানে, $৬০ < ৬৬$ $\quad \frac{৫}{৬} < \frac{১১}{১২}$

$\frac{৫}{৬} \nearrow \searrow \frac{৭৫}{১০০}$ এখানে, $৫০০ > ৪৫০ \therefore \frac{৭৫}{১০০} < \frac{৫}{৬}$

$\frac{৭৫}{১০০} \nearrow \searrow \frac{৯}{১১}$ এখানে, $৮২৫ < ৯০০ \therefore \frac{৭৫}{১০০} < \frac{৯}{১১}$

সুতরাং $\frac{৭৫}{১০০}$ ভগ্নাংশটি হচ্ছে ক্ষুদ্রতম।

৪৫. ৮৪ টাকা কত টাকার ৮.৭৫%?

ক ৮৮০ টাকা খ ৯৪০ টাকা

গ ৯৬০ টাকা ঘ ৯৮০ টাকা

ব্যাখ্যা ধরি, x এর ৮.৭৫% $= ৮৪$

$\therefore x \times \frac{৮.৭৫}{১০০} = ৮৪$

$\Rightarrow ৮৭৫x = ৮৪ \times ১০০০০$

$\Rightarrow x = \frac{৮৪ \times ১০০০০}{৮৭৫}$

$\therefore x = ৯৬০$

৪৬. ১.৮ হেক্টর সমান কত একর?

ক ৪.৮ একর খ ৪.৭৫ একর

গ ৪.২ একর ঘ ৪.৫ একর

ব্যাখ্যা আমরা জানি, ১ হেক্টর $= ২.৪৭$ একর

$\therefore ১.৮$ " $= ১.৮ \times ২.৪৭$ একর

$= ৪.৪৫$ একর

৪৭. $a + b = 8$ ও $ab = 15$ হলে $a^2 - b^2$ সমান কত?

ক 16 খ 39

গ 36 ঘ 49

ব্যাখ্যা আমরা জানি, $(a-b)^2 = (a+b)^2 - 4ab$

$= 8^2 - 4 \times 15$

$= 64 - 60$

$= 4$

$\therefore a - b = 2.$

এখন, $a^2 - b^2 = (a+b)(a-b)$

$= 8 \times 2$

$= 16$

৪৮. ৪ : ১৬ এর দ্বিভাজিত অনুপাত কোনটি?

ক ১ : ৪ খ ২ : ৪

গ ৪ : ২ ঘ ৪ : ১

ব্যাখ্যা ৪ : ১৬ এর দ্বিভাজিত অনুপাত $= \sqrt{৪} : \sqrt{১৬}$

$= ২ : ৪$

৪৯. ব্যাসার্ধ ২০% হ্রাস পাওয়াতে ১টি বৃত্তের ক্ষেত্রফল কতটুকু হ্রাস পেল?

ক ৬৪% খ ৪৪%

গ ৩৬% ঘ ২০%

ব্যাখ্যা ক্ষেত্রফল হ্রাস $= \left(-২০ - ২০ + \frac{২০ \times ২০}{১০০}\right)\%$

$= -৩৬$

সুতরাং ক্ষেত্রফল ৩৬% হ্রাস পাবে।

৫০. $x = -3$ হলে $9x^2 + 17x + 25$ এর মান কত?

ক 1 খ 64

গ 19 ঘ −71

[Note : *সঠিক উত্তর 55*]

ব্যাখ্যা $9x^2 + 17x + 25$

$= 9(-3)^2 + 17(-3) + 25$

$= 81 - 51 + 25$

$= 55$

উত্তর

৪২	খ
৪৩	খ
৪৪	গ
৪৫	গ
৪৬	ঘ
৪৭	ক
৪৮	খ
৪৯	গ
৫০	Note

৫১. $\frac{x}{3}-\frac{x}{5}=2$ এর সমাধান নিচের কোনটি?

ক 1 খ 3
গ 12 ঘ 15

ব্যাখ্যা $\frac{x}{3}-\frac{x}{5}=2$

$\Rightarrow \frac{5x-3x}{15}=2$

$\Rightarrow 2x=30$

$\therefore x=15$

৫২. কোন সংখ্যার এক-তৃতীয়াংশ ও এক-চতুর্থাংশের পার্থক্য ২.৫?

ক ৯ খ ১৮
গ ৩০ ঘ ৩৬

ব্যাখ্যা

ধরি, সংখ্যাটি $=x$

প্রশ্নমতে, $\frac{x}{৩}-\frac{x}{৪}=২.৫$

$\Rightarrow \frac{৪x-৩x}{১২}=২.৫$

$\Rightarrow x=২.৫\times ১২$

$\therefore x=৩০$

৫৩. If $2^{4y}=256$, then 3^y equals :

ক 3 খ 8
গ 9 ঘ 10

ব্যাখ্যা

$2^{4y}=256$

$\Rightarrow 2^{4y}=2^8$

$\Rightarrow 4y=8$

$\therefore y=2.$

সুতরাং $3^y=3^2=9$

৫৪. $x^2-\sqrt{5}x+1=0$, find value of $x^2-\frac{1}{x^2}$

ক 1 খ $\sqrt{5}$
গ 3 ঘ $2\sqrt{5}$

ব্যাখ্যা

$x^2-\sqrt{5}x+1=0$

$\Rightarrow x^2+1=\sqrt{5}x$

$\Rightarrow \frac{x^2+1}{x}=\sqrt{5}$

$\therefore x+\frac{1}{x}=\sqrt{5}$

আবার,

$\left(x-\frac{1}{x}\right)^2=\left(x+\frac{1}{x}\right)^2-4.x.\frac{1}{x}$

$=\left(\sqrt{5}\right)^2-4$

$=5-4$

$=1$

$\therefore x-\frac{1}{x}=1$

সুতরাং, $x^2-\frac{1}{x^2}=\left(x+\frac{1}{x}\right)\left(x-\frac{1}{x}\right)$

$=\sqrt{5}\times 1$

$=\sqrt{5}$

৫৫. ২০ জনে যে সময়ে ১টি কাজ করতে পারে, কর্মী সংখ্যা ৬০ শতাংশ কমে যাওয়ায় কাজটি শেষ করতে কতগুণ সময় বেশি লাগবে?

ক ২ গুণ খ ২.৫ গুণ
গ ২.৭৫ গুণ ঘ ৩ গুণ

ব্যাখ্যা *৬০ শতাংশ কর্মী কমে যাওয়ায় অবশিষ্ট কর্মী*

$=\left(২০-২০\times\frac{৬০}{১০০}\right)$ জন

$=৮$ জন

ধরি,

২০ জনে ১ টি কাজ করে $=x$ দিনে

১ ,, $=২০x$,,

$\therefore ৮$,, $=\frac{২০x}{৮}$,,

$=২.৫x$ দিনে

সুতরাং ২.৫ গুণ সময় লাগবে কাজটি শেষ করতে।

৫৬. এ বছর কোন তারিখে World Hand Hygiene Day পালন করা হয়েছে?

ক ৫ মে খ ৬ মে
গ ৭ মে ঘ ৮ মে

ব্যাখ্যা *এ বছর ৫ মে 'World Hand Hygiene Day' পালন করা হয়েছে। এ ছাড়া ৫ মে 'আন্তর্জাতিক ধাত্রী দিবস' ও 'ইউরোপ দিবস' পালন করা হয়। অন্যদিকে, ৮ মে 'বিশ্ব রেডক্রস ও রেডক্রিসেন্ট দিবস' এবং 'বিশ্ব থ্যালাসেমিয়া দিবস' পালন করা হয়।*

৫৭. স্বাধীনতা যুদ্ধে সমগ্র রণাঙ্গনকে কতটি সেক্টরে বিভক্ত করা হয়?

ক ৯টি খ ১০টি
গ ১১টি ঘ ১২টি

ব্যাখ্যা *১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধে পাকিস্তানি বাহিনীকে পরাজিত করার লক্ষ্যে সমগ্র রণাঙ্গনকে ১১টি সেক্টরে ভাগ করা হয়। আবার, যুদ্ধ পরিচালনার সুবিধার্থে সমগ্র দেশকে ১১টি সেক্টরের অধীনে ৬৪টি সাব-সেক্টরে বিভক্ত করা হয়।*

উত্তর

৫১	ঘ
৫২	গ
৫৩	গ
৫৪	খ
৫৫	খ
৫৬	ক
৫৭	গ

৫৮. মানুষের শরীরে কত জোড়া ক্রোমোজোম রয়েছে?
ক ৬ জোড়া খ ২৩ জোড়া
গ ৩৩ জোড়া ঘ ৪৬ জোড়া
ব্যাখ্যা *নিউক্লিয়াসে অবস্থিত সুতার মতো বস্তু, যা জীবের বংশগতিতে অংশগ্রহণ করে, তাকে ক্রোমোজোম বলে। মানুষের শরীরে ২৩ জোড়া ক্রোমোজোম থাকে। যার মধ্যে ২২ জোড়া অটোসোম এবং ১ জোড়া সেক্স ক্রোমোজোম।*

৫৯. বাংলাদেশ জাতীয় সংসদের সদস্য সংখ্যা কত?
ক ৩০০ খ ৩৩০
গ ৩৪৫ ঘ ৩৫০
ব্যাখ্যা *বাংলাদেশ জাতীয় সংসদের মোট সদস্য সংখ্যা ৩৫০। তন্মধ্যে, জনগণের সরাসরি ভোটে নির্বাচিত সদস্য সংখ্যা ৩০০ এবং নারীদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা ৫০।*

৬০. বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার কত?
ক ৩% খ ২.৮%
গ ১.৮% ঘ ১.১%
ব্যাখ্যা *বিশ্ব জনসংখ্যা রিপোর্ট ২০১৮ অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার ১.১% (জনসংখ্যা ১৬ কোটি ৬৪ লাখ)। আর বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৮ অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার ১.৩৭% (জনসংখ্যা ১৬ কোটি ৮ লাখ)।*

৬১. ২০১৮ সালে কততম ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হবে?
ক ২৩তম খ ২৪তম
গ ২৫তম ঘ ২৬তম
[Note : *২০১৮ সালে ২১তম ফুটবল বিশ্বকাপ রাশিয়ায় অনুষ্ঠিত হয়। ২২তম বিশ্বকাপ হবে কাতারে ২০২২ সালে এবং যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোয় যৌথভাবে ২৩তম বিশ্বকাপ অনুষ্ঠিত হবে ২০২৬ সালে।*]

৬২. Ebola কী?
ক ভাইরাস খ ব্যাকটেরিয়া
গ রোগ ঘ ফসলের জাত
ব্যাখ্যা *Ebola একধরনের ভাইরাস যা নামকরণ করা হয় ইবোলা নদীর নামানুসারে। গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রে (১৯৭৬ সালে) এ ভাইরাস প্রথম দেখা যায়। এই Ebola ভাইরাস আবিষ্কার করেন ডা. পিটার কিয়োট (বেলজিয়াম)।*

৬৩. চোখের রেটিনার ইমেজ ব্যবহৃত হয় :
ক রোবেটিক্সে খ বায়োমেট্রিক্সে
গ জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এ ঘ বায়োইনফরমেটিক্সে
ব্যাখ্যা *বায়োমেট্রিক্সে চোখের রেটিনার ইমেজ ব্যবহৃত হয়। এখানে চোখের ইমেজ ডিটেক্ট করে আইডেনটিফাই করা হয়। এটি বর্তমানে বহুল ব্যবহৃত একটি উন্নত প্রযুক্তি।*

৬৪. জনসংখ্যার ভিত্তিতে বাংলাদেশ বিশ্বের কততম বৃহৎ রাষ্ট্র?
ক ৫ম খ ৬ষ্ঠ
গ ৭ম ঘ ৮ম
ব্যাখ্যা *বিশ্ব জনসংখ্যা রিপোর্ট ২০১৮ অনুযায়ী জনসংখ্যার দিক দিয়ে বিশ্বে বাংলাদেশের অবস্থান অষ্টম (শীর্ষে চীন) এবং সার্কভুক্ত দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান তৃতীয়।*

৬৫. সবচেয়ে ঘনবসতিপূর্ণ দেশ?
ক বাংলাদেশ খ মোনাকো
গ সিঙ্গাপুর ঘ ম্যাকাও
ব্যাখ্যা *বর্তমানে বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ বা ঘনত্বের দেশ মোনাকো, দ্বিতীয় সিঙ্গাপুর এবং তৃতীয় ভ্যাটিকান সিটি। এক্ষেত্রে বাংলাদেশের অবস্থান সপ্তম।*

৬৬. DNA ম্যাপিং এর জন্য কোন প্রযুক্তি ব্যবহৃত হয়?
ক বায়োমেট্রিক্স খ বায়োইনফরমেটিক্স
গ রোবোটিক্স ঘ জেনেটিক্স
ব্যাখ্যা *DNA ম্যাপিং এর জন্য বায়োইনফরমেটিক্স প্রযুক্তি ব্যবহৃত হয়। DNA ম্যাপিং এর জন্য সর্বপ্রথম প্রয়োজন যে কোনো জৈবিক নমুনা যা DNA-এর উৎস হিসেবে কাজ করতে পারে। অপরাধ তদন্তে এই ধরনের প্রযুক্তি ব্যাপক হারে ব্যবহৃত হচ্ছে।*

৬৭. বাংলাদেশ আওয়ামী লীগ কোন সনে প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৪৯ খ ১৯৫১
গ ১৯৫৬ ঘ ১৯৫৭
ব্যাখ্যা *১৯৪৯ সালে বাংলাদেশ আওয়ামী লীগ (পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ) প্রতিষ্ঠিত হয়। রোজ গার্ডেনে কর্মী সম্মেলনে এ দল গঠিত হয়। শেখ মুজিবুর রহমান জেলে থাকাকালে মাওলানা আবদুল হামিদ খান ভাসানীকে সভাপতি এবং শামসুল হককে সম্পাদক করে ৪০ সদস্য বিশিষ্ট উক্ত দলের কমিটি (প্রস্তুতি কমিটির পর) গঠন করা হয়।*

৬৮. টেস্ট ক্রিকেটে বাংলাদেশ দলের সর্বশেষ র‍্যাঙ্কিং কত?
ক ৭ম খ ৮ম
গ ৯ম ঘ ১০ম
ব্যাখ্যা *টেস্ট ক্রিকেটে বাংলাদেশ দলের সর্বশেষ র‍্যাঙ্কিং নবম। এক্ষেত্রে শীর্ষ অবস্থানে ভারত, দ্বিতীয় দক্ষিণ আফ্রিকা এবং তৃতীয় ইংল্যান্ড।*

৬৯. এখন হিজরি সনের কততম মাস চলছে?
ক ৬ষ্ঠ মাস খ ৭ম মাস
গ ৮ম মাস ঘ ৯ম মাস
ব্যাখ্যা *পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার সময় অর্থাৎ ২০১৮ সালের মে মাস আরবি ১৪৩৯ হিজরি সনের ৮ম মাস (শাবান) ছিল।*

৭০. বিশ্ব জনসংখ্যা দিবস কোনটি?
ক ১১ এপ্রিল খ ১১ মে
গ ১১ জুন ঘ ১১ জুলাই
ব্যাখ্যা *১১ জুলাই 'বিশ্ব জনসংখ্যা দিবস'। অন্যদিকে ১১ মে 'বিশ্ব অডিট দিবস'।*

উত্তর
৫৮ খ
৫৯ ঘ
৬০ ঘ
৬১ Note
৬২ ক
৬৩ খ
৬৪ ঘ
৬৫ খ
৬৬ খ
৬৭ ক
৬৮ গ
৬৯ গ
৭০ ঘ

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮

পরীক্ষার তারিখ ১২.০৩.২০১৮ সময় : ১ ঘন্টা; পূর্ণমান ১০০; সেট-০১, কোড মুক্তি

[মোট প্রশ্ন ১০০ (একশত)টি। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন; তবে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।]

১. TIN এর পূর্ণরূপ—
ক ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক
খ ট্যাকস্ ইনডেকস নাম্বার
গ ট্যাকস পেয়ার আইডেন্টিফিকেশন নাম্বার
ঘ ট্রান্সফার অব ইনফরমেশন নেটওয়ার্ক
ব্যাখ্যা *TIN-এর পূর্ণরূপ– Taxpayer Identification Number।*

২. ত্রিভুজের বাহুগুলোর অনুপাত $1 : 1 : \sqrt{2}$ হলে ত্রিভুজটি হবে—
ক সমকোণী খ সূক্ষ্মকোণী
গ স্থূলকোণী ঘ বিষমবাহু
ব্যাখ্যা *ত্রিভুজটির বাহুগুলোর অনুপাত $1 : 1 : \sqrt{2}$*
ধরি, লম্ব x
ভূমি x
এবং অতিভুজ $\sqrt{2}\,x$
এখন, (লম্ব)^2 + (ভূমি)^2 = $x^2 + x^2 = 2x^2$
= $(\sqrt{2}\,x)^2$ = (অতিভুজ)^2
∴ ত্রিভুজটি সমকোণী।

৩. বঙ্কিমচন্দ্রের সাহিত্য চর্চা শুরু হয় কোন পত্রিকার মাধ্যমে?
ক বঙ্গদর্শন খ সংবাদ প্রভাকর
গ সবুজপত্র ঘ লাঙল
ব্যাখ্যা *যুগ সন্ধিক্ষণের কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত সম্পাদিত বাংলা সাহিত্যের প্রথম দৈনিক পত্রিকা 'সংবাদ প্রভাকর'। এ পত্রিকার মাধ্যমে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় তার সাহিত্য চর্চা শুরু করেন। অন্যদিকে বঙ্গদর্শন, সবুজপত্র ও লাঙ্গল পত্রিকার সম্পাদক যথাক্রমে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, প্রমথ চৌধুরী ও কাজী নজরুল ইসলাম।*

৪. Which is the past form of the verb 'wring'?
ক wrong খ wrag
গ wrung ঘ wringed.
ব্যাখ্যা *Wring (মোচড়ানো; ঘোরানো; পাকানো) verb টির past form এবং past participle form উভয়ই wrung।*

৫. একটি বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত কোন ধরনের সংখ্যা?
ক মৌলিক খ মূলদ
গ স্বাভাবিক ঘ অমূলদ
ব্যাখ্যা *ধরি, বৃত্তের ব্যাসার্ধ r*
ব্যাস $2r$
এবং " পরিধি $2\pi r$
বৃত্তের পরিধি : বৃত্তের ব্যাস = $2\pi r : 2r$
$= \frac{2\pi r}{2r}$
= π; যা একটি অমূলদ সংখ্যা।

৬. $a + \frac{1}{a} = 2$ হলে $a^2 + a + \frac{1}{a} + \frac{1}{a^2}$ = কত?
ক 4 খ 2 গ 0 ঘ 8
ব্যাখ্যা $a^2 + a + \frac{1}{a} + \frac{1}{a^2} = a + \frac{1}{a} + a^2 + \frac{1}{a^2}$
$= \left(a + \frac{1}{a}\right) + \left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}$
$= 2 + (2)^2 - 2$
$= 2 + 4 - 2$
$= 4$

৭. 'চারপায়' শব্দের অর্থ—
ক টেবিল খ চেয়ার
গ চৌকি ঘ মোড়া
ব্যাখ্যা *'চারপায়' শব্দের অর্থ—চৌকি বা টুল।*

৮. আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'রেইনকোট' গল্পটি কোন প্রেক্ষাপটে রচিত?
ক উনসত্তরের গণঅভ্যুত্থান খ ভাষা আন্দোলন
গ একাত্তরের মুক্তিযুদ্ধ ঘ সিপাহী বিদ্রোহ
ব্যাখ্যা *আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'রেইনকোট' গল্পটি তার সর্বশেষ গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' গ্রন্থের অন্তর্ভুক্ত। মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে গল্পটি রচিত। এ গল্পের কথক নুরুল হুদার জবানিতে গল্পের ঘটনাবলি বিবৃত হয়েছে। তার আরো কয়েকটি গল্পগ্রন্থ : অন্য ঘরে অন্য স্বর, খোয়ারি, দুধেভাতে উৎপাত, দোজখের ওম। তার রচিত দুটি উপন্যাস চিলেকোঠার সেপাই ও খোয়াবনামা।*

৯. To erro is human, to forgive —
ক golden খ divine
গ paradise ঘ worldly
ব্যাখ্যা *To err is human, to forgive divine হলো Alexander Pope-এর একটি উক্তি। সুতরাং শূন্যস্থানে divine শব্দটি বসবে।*

১০. 'Hamlet' is a — by shakespeare.
ক poem খ epic
গ story ঘ drama
ব্যাখ্যা *Hamlet হলো William Shakespeare এর একটি drama (নাটক)। Hamlet ছাড়াও তার কয়েকটি উল্লেখযোগ্য drama-এর নাম হচ্ছে Romeo and Juliet, Othello, King Lear, Macbeth ইত্যাদি।*

১১. জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৬ দফা কোন সালে ও কোথায় ঘোষণা করেন?
ক ১৯৬৬ সালে লাহোরে খ ১৯৬৭ সালে করাচিতে
গ ১৯৬৮ সালে চট্টগ্রামে ঘ ১৯৬৮ সালে ঢাকায়

উত্তর

১	গ
২	ক
৩	খ
৪	গ
৫	ঘ
৬	ক
৭	গ
৮	গ
৯	খ
১০	ঘ
১১	ক

ব্যাখ্যা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৬ সালে ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনের বিষয় নির্বাচনী কমিটিতে ছয় দফা দাবি পেশ করেন। ছয় দফা দাবির প্রথম দাবি ছিল শাসনতান্ত্রিক কাঠামো ও রাষ্ট্রীয় প্রকৃতি (স্বায়ত্তশাসন) এবং শেষ দাবি ছিল আঞ্চলিক সেনাবাহিনী গঠনের ক্ষমতা।

১২. $(a^3 - 21a - 2)$ রাশিটির একটি উৎপাদক নিচের কোনটি?

ক $(a + 5)$ খ $(a + 4)$
গ $(a - 1)$ ঘ $(a + 2)$

[Note : প্রদত্ত রাশিটি $a^3 - 21a - 2$ এর পরিবর্তে $a^3 - 21a + 20$ হলে উত্তর হবে $(a-1)$]

ব্যাখ্যা $a^3 - 21a + 20$
$= a^3 - a^2 + a^2 - a - 20a + 20$
$= a^2(a-1) + a(a-1) - 20(a-1)$
$= (a-1)(a^2 + a - 20)$

১৩. দুইটি ক্রমিক অখণ্ড সংখ্যার বর্গের অন্তর ৪৯ হলে, ছোট সংখ্যাটি হবে—

ক ১৯ খ ২০ গ ২৪ ঘ ২৫

ব্যাখ্যা ছোট সংখ্যাটি $= \frac{৪৯-১}{২} = \frac{৪৮}{২} = ২৪$

১৪. কোন প্রাণীর তিনটি হৃৎপিণ্ড আছে?

ক ক্যাটল ফিস খ অক্টোপাস
গ কচ্ছপ ঘ কুমির

[Note : ক্যাটল ফিস ও অক্টোপাসের উভয়ই তিনটি করে হৃৎপিণ্ড আছে।]

১৫. 'I wondered lonely as a cloud' is an example of —

ক a symbol খ a simile
গ a metaphore ঘ an alliteration

ব্যাখ্যা দুটি অসদৃশ্য বস্তুর মধ্যে like অথবা as ব্যবহার করে তুলনা করাকে simile বলে। সুতরাং প্রদত্ত বাক্যটি simile (উপমার)-এর উদাহরণ।

১৬. I look forward to —

ক hearing from you soon
খ hear for you soon গ see you soon
ঘ have heard from you soon.

ব্যাখ্যা Look forward to + verb + ing বসে। সুতরাং শূন্যস্থানের জন্য যথাযথ বাক্যাংশ হলো hearing from you soon।

১৭. বাংলাদেশের সংবিধান কোন তারিখ থেকে কার্যকর হয়?

ক ১৬ অক্টোবর ১৯৭২ খ ১৬ নভেম্বর ১৯৭২
গ ৪ নভেম্বর ১৯৭২ ঘ ১৬ ডিসেম্বর ১৯৭২

ব্যাখ্যা বাংলাদেশের সংবিধান গৃহীত হয় ১৯৭২ সালের ৪ নভেম্বর। এ সংবিধান কার্যকর হয় ১৬ ডিসেম্বর ১৯৭২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান রচনা কমিটির সদস্য ছিল ৩৪ জন। সংবিধান প্রণয়ন কমিটির প্রধান ছিলেন ড. কামাল হোসেন।

১৮. 'Executive' এর পরিভাষা—

ক ঊর্ধ্বতন কর্মকর্তা খ নির্বাহী
গ মনযোগী ঘ ব্যবস্থাপক

১৯. কত টাকার $\frac{৩}{৫}$ অংশ ৯০ টাকার $\frac{৫}{৬}$ অংশের সমান?

ক ১২৫ টাকা খ ১২০ টাকা
গ ১১৫ টাকা ঘ ১১০ টাকা

ব্যাখ্যা ধরি, নির্ণেয় টাকা $= x$

x এর $\frac{৩}{৫} = ৯০$ এর $\frac{৫}{৬}$

$\Rightarrow \frac{৩x}{৫} = \frac{৯০ \times ৫}{৬}$

$\Rightarrow \frac{৩x}{৫} = ৭৫$

$\Rightarrow x = \frac{৭৫ \times ৫}{৩}$

$x = ১২৫$

২০. এখানো দেখনি তুমি? এখানে 'নি' কী হিসেবে ব্যবহৃত হয়েছে?

ক ক্রিয়া বিশেষণ খ না-বাচক ক্রিয়া বিশেষণ
গ বিশেষণ ঘ সর্বনাম

২১. 'আরেক ফাল্গুন' উপন্যাসের রচয়িতা —

ক জহির রায়হান খ জাহানারা ইমাম
গ মুনীর চৌধুরী ঘ সুফিয়া কামাল

ব্যাখ্যা জহির রায়হান রচিত ভাষা আন্দোলনভিত্তিক প্রথম উপন্যাস আরেক ফাল্গুন। তার রচিত আরো কয়েকটি উপন্যাস হাজার বছর ধরে, বরফ গলা নদী, শেষ বিকেলের মেয়ে, আর কত দিন, তৃষ্ণা।

২২. খনিজ লবণের প্রধান উৎস—

ক মাংস, ডিম খ দুধ, কলা
গ সবুজ শাক সবজি ঘ সবকটি

ব্যাখ্যা খনিজ লবণের প্রধান উৎস সবুজ শাকসবজি। দেহ কোষ ও দেহের তরল অংশের দেহতরলের জন্য খনিজ লবণ অত্যাবশ্যকীয় উপাদান। হাড়, দাঁত, পেশি, এনজাইম ও হরমোন গঠনের জন্য খনিজ লবণ একটি অপরিহার্য উপাদান। প্রাণীরা প্রধানত উদ্ভিজ্জ খাদ্য গ্রহণ করে খনিজ পদার্থ পায়। আমরা শাকসবজি, ফল-মূল, দুধ, ডিম, মাছ এবং পানীয় জলের মাধ্যমে আমাদের খনিজ লবণের চাহিদা পূরণ করি।

২৩. বহুরূপী মৌল কোনটি?

ক পটাশিয়াম খ বেরিয়াম
গ আয়রন ঘ কার্বন

[Note : কার্বন একটি বহুরূপী মৌল। কার্বনের পরমাণুসমূহ বিভিন্নভাবে সজ্জিত হয়ে ভিন্ন ভিন্ন উপায়ে অণু গঠন করে। তাই প্রকৃতিতে বিভিন্নরূপে কার্বন পাওয়া যায়। পদার্থের এই ধর্মকে বলে 'বহুরূপতা' এবং মৌলটিকে বলে 'বহুরূপী'। কার্বনের দুটি রূপভেদ হলো হীরক ও গ্রাফাইট। প্রশ্নে বহুরূপী মেটাল পরিবর্তে বহুরূপী মৌল হলে উত্তর (ঘ) কার্বন হতো।]

উত্তর

১২	Note
১৩	গ
১৪	Note
১৫	খ
১৬	ক
১৭	ঘ
১৮	খ
১৯	ক
২০	ক
২১	ক
২২	গ
২৩	Note

বইঘর.কম

২৪. He lives in the suburb of Dhaka. The underline phrase is —

ক a noun phrase খ an adjective phrase
গ an adverbial phrase ঘ an infinitive phrase

ব্যাখ্যা *যে শব্দগুচ্ছ verb-কে modify করে তাকে adverbial phrase বলে। বাক্যে in the suburb of Dhaka verb live-কে modify করছে। সুতরাং এটা adverbial phrase। How, where, when দ্বারা প্রশ্ন করলে adverbial phrase পাওয়া যায়।*

২৫. She won't dance in the party, —

ক will she? খ will not she?
গ would she? ঘ wouldn't she?

ব্যাখ্যা *Negative বাক্যের tag question affirmative হয়। Tag question-এর structure : auxiliary verb + sub। সুতরাং শূন্যস্থানের জন্য সঠিক tag question will she?*

২৬. What is the antonym of 'Apex'?

ক top খ peak
গ pinnacle ঘ base

ব্যাখ্যা *Apex (চূড়া; শীর্ষবিন্দু)-এর antonym হলো base (যেকোনো বস্তুর নিম্নাংশ; ভিত্তি; পীঠ)। তাছাড়া option-এর বাকি তিনটি শব্দ প্রদত্ত শব্দটির synonym।*

২৭. Choose the correct sentence —

ক Repeat it again খ Repeat it
গ Repeats it again ঘ Repeat it against.

ব্যাখ্যা *সঠিক বাক্য হলো repeat it কেননা repeat অর্থ পুনরায় বলা বা করা সুতরাং এর সাথে again ব্যবহার সঠিক নয়।*

২৮. 'তাম্বুল রাতুল হইল অধর পরশে', পঙ্‌ক্তিটির রচয়িতা—

ক শাহ মুহম্মদ সগীর খ আলাওল
গ কোরেশী মাগন ঠাকুর ঘ মুহম্মদ কবীর

ব্যাখ্যা *মধ্যযুগের কবি আলাওল রচিত বিখ্যাত পঙ্‌ক্তি— 'তাম্বুল রাতুল হইল অধর পরশে।' পঙ্‌ক্তিটি তার 'পদ্মাবতী' কাব্যের পদ্মাবতী-রূপ-বর্ণন খণ্ডের অংশ বিশেষ। তার রচিত কয়েকটি কাব্যগ্রন্থ হপ্তপয়কর, তোহফা, সিকান্দরনামা, সয়ফুলমুলুক-বদিউজ্জামাল, রাগতালনামা।*

২৯. The synonym of the word 'glamorous' is —

ক cheerful খ gallant
গ gluttoning ঘ attractive

ব্যাখ্যা *Glamorous (জাদুময়; মোহিনী; রূপময়) শব্দের synonym হলো attractive যার অর্থ মনোহর, প্রীতিকর, চিত্তহারী। অন্যদিকে cheerful অর্থ প্রফুল্ল, gallant অর্থ সাহসিক; দুঃসাহসিক।*

৩০. We — always be open to new ideas.

ক are খ could
গ should ঘ wouldn't.

ব্যাখ্যা *Should modal auxiliary verb সাধারণ বা ভবিষ্যৎ ঔচিত্য/ কর্তব্য প্রকাশ করতে ব্যবহৃত হয়। প্রদত্ত বাক্যের শূন্যস্থানে should বসিয়ে বাক্যটির বাংলা : নতুন ধারণার ক্ষেত্রে আমাদের সর্বদা অবারিত থাকা উচিত।*

৩১. বঙ্গবন্ধুর লেখা আত্মজীবনীটিতে কত সাল পর্যন্ত ঘটনাবলি স্থান পেয়েছে?

ক ১৯৫৫ খ ১৯৬৬
গ ১৯৫৭ ঘ ১৯৬৯

ব্যাখ্যা *বঙ্গবন্ধুর লেখা প্রথম আত্মজীবনী 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থে ১৯৫৫ সাল পর্যন্ত ঘটনাবলি স্থান পেয়েছে। বঙ্গবন্ধু ১৯৬৬-৬৯ সালে কেন্দ্রীয় কারাগারে রাজবন্দী থাকাকালে এ গ্রন্থটির পাণ্ডুলিপি রচনা করেন।*

৩২. $\log_2\sqrt{6}+\log_2\sqrt{\frac{2}{3}}$ **= কত?**

ক 0 খ –1
গ 1 ঘ 2

ব্যাখ্যা $\log_2\sqrt{6}+\log_2\sqrt{\frac{2}{3}}$

$=\log_2\left(\sqrt{6}\times\sqrt{\frac{2}{3}}\right)$

$=\log_2\left(\sqrt{3\times2}\times\frac{\sqrt{2}}{\sqrt{3}}\right)$

$=\log_2\left(\sqrt{3}\times\sqrt{2}\times\frac{\sqrt{2}}{\sqrt{3}}\right)$

$=\log_2{}^2$

$=1$

৩৩. কোন মুসলিম সেনাপতি সিন্ধু জয় করেন?

ক মুহাম্মদ-বিন-কাশিম
খ মোহাম্মদ ঘোরী
গ জহির উদ্দিন মুহাম্মদ বাবর
ঘ ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বখতিয়ার খিলজী

ব্যাখ্যা *মুহম্মদ বিন কাসিম একজন উমাইয়া সেনাপতি, যিনি ৭১২ সালে সিন্ধু বিজয় করেন। তিনি পরে মুলতানও জয় করেন।*

৩৪. নবান্ন কী?

ক নতুন ধান খ নতুন বৎসর
গ ফসল কাটার উৎসব ঘ ফসল বোনার উৎসব

ব্যাখ্যা *নবান্ন শব্দের অর্থ—নতুন অন্ন বা হেমন্তকালীন ধান কাটার পর নতুন চালের পিঠা, পায়েস প্রভৃতি খাওয়ার উৎসব।*

৩৫. ১৯০ টাকায় একটি দ্রব্য বিক্রয় করাতে ৫% ক্ষতি হলে, দ্রব্যটির ক্রয় মূল্য কত?

ক ১৯৫ টাকা খ ২০০ টাকা
গ ২০৫ টাকা ঘ ২১০ টাকা

ব্যাখ্যা *৫% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ − ৫) টাকা*
= ৯৫ টাকা।
বিক্রয়মূল্য ৯৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

$১৯০ \quad \frac{১০০\times১৯০}{৯৫}$

= ২০০ টাকা

উত্তর

২৪	গ
২৫	ক
২৬	ঘ
২৭	খ
২৮	খ
২৯	ঘ
৩০	গ
৩১	ঘ
৩২	গ
৩৩	ক
৩৪	গ
৩৫	খ

www.boighar.com

৩৬. দ্বিতীয় বিশ্বযুদ্ধ কখন শুরু হয়?
ক ১ সেপ্টেম্বর ১৯৩৯ খ ২ সেপ্টেম্বর ১৯৩৯
গ ৩ সেপ্টেম্বর ১৯৩৯ ঘ ৪ সেপ্টেম্বর ১৯৩৯
ব্যাখ্যা *মূল্য সংযোজন কর থেকে বাংলাদেশ সরকারের সর্বাধিক রাজস্ব আয় হয়। ২০১৮-১৯ অর্থবছরে মূল্য সংযোজন কর থেকে আয় হয় ১,১০,৪৮৩ কোটি টাকা যা ছিল সর্বোচ্চ রাজস্ব আয়ের উৎস।*

73. সাত গম্বুজ মসজিদ কোথায় অবস্থিত?

ⓐ খুলনা ⓑ বাগেরহাট
ⓒ ঢাকা ⓓ রাজশাহী
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা *সাত গম্বুজ মসজিদ ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত মোঘল আমলে নির্মিত একটি স্থাপত্য। ১৬৮০ সালে মোঘল সুবাদার শায়েস্তা খাঁ এর আমলে তার পুত্র উমিদ খাঁ মসজিদটি নির্মাণ করেন। আর ষাট গম্বুজ মসজিদ বাগেরহাট জেলায় অবস্থিত একটি প্রাচীন মসজিদ। ১৫ শতকে হযরত খানজাহান আলী (র) ষাট গম্বুজ মসজিদ নির্মাণ করেন।*

74. বাংলাদেশের উষ্ণতম মাস কোনটি?

ⓐ মে ⓑ এপ্রিল ⓒ জুন ⓓ জুলাই
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা *বাংলাদেশের উষ্ণতম মাস এপ্রিল এবং শীতলতম মাস জানুয়ারি।*

75. পদ্মা নদীর উপনদী কোনটি?

ⓐ আত্রাই ⓑ মহানন্দা
ⓒ গড়াই ⓓ কুমার
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা *পদ্মার প্রধান উপনদী মহানন্দা ও পুনর্ভবা। পদ্মার বিভিন্ন শাখানদীর মধ্যে গড়াই, আড়িয়াল খাঁ, কুমার, মাথাভাঙ্গা, ভৈরব অন্যতম।*

76. কী বোর্ডের Shift, Ctrl, Alt কী-গুলোকে বলা হয় — ।

ⓐ Function Key ⓑ Numeric Key
ⓒ Space Key ⓓ Modifier Key
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা *কী-বোর্ড (Key board) কম্পিউটারের একটি ইনপুট ডিভাইস। বর্তমানে প্রচলিত কী-বোর্ডগুলোর মধ্যে সর্বোচ্চ কী থাকে ১০৫টি। এর মধ্যে Shift, Option, Command. Control, Alt প্রভৃতি কী-গুলোকে Modifier Key বলা হয়*

77. জাতিসংঘের দাপ্তরিক ভাষা নয় কোনটি?

ⓐ স্প্যানিশ ⓑ আরবি ⓒ রুশ ⓓ জার্মান
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা *বিশ্বশান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালের ২৪ অক্টোবর। এ সংস্থাটির অফিসিয়াল ভাষা ৬টি। যথা : ইংরেজি, ফরাসি, চীনা, রুশ, স্প্যানিশ ও আরবি।*

78. কোন বিদেশি মিশনে প্রথম বাংলাদেশের পতাকা উত্তোলিত হয়?

ⓐ লন্ডন ⓑ কলকাতা ⓒ টোকিও ⓓ ওয়াশিংটন
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা *বাংলাদেশের বাইরে বিদেশি মিশনে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করে কলকাতা উপ হাইকমিশন। ১৯৭১ সালের ১৮ এপ্রিল ভারতের কলকাতায় বাংলাদেশ মিশনে সর্বপ্রথম স্বাধীন বাংলাদেশের মানচিত্র খচিত জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সেটি উত্তোলন করেন ভারতের কলকাতায় পাকিস্তান দূতাবাসের তৎকালীন ডেপুটি হাই কমিশনার হিসাবে কর্মরত বীর মুক্তিযোদ্ধা এম হোসেন আলী। তিনি মিশনের ৬৫ জন কর্মকর্তা-কর্মচারীসহ পাকিস্তানের আনুগত্য ত্যাগ করে মুজিবনগর সরকারের প্রতি প্রকাশ্যে আনুগত্য প্রদর্শন করেন। এখান থেকেই শুরু হয় বিপ্লবী সরকারের প্রতি বিদেশি সমর্থন আদায়ের কার্যক্রম।*

79. ডিভিডি কোন ধরনের স্মৃতি?

ⓐ প্রধান স্মৃতি ⓑ সহায়ক স্মৃতি
ⓒ অস্থায়ী স্মৃতি ⓓ স্থায়ী স্মৃতি
ⓔ কোনোটিই নয়

ব্যাখ্যা *কম্পিউটারের স্মৃতিকে প্রধানত দুটিভাগে ভাগ করা হয়। ১. প্রধান স্মৃতি ও ২. সহায়ক স্মৃতি। প্রধান স্মৃতির দুটি RAM ও ROM। সহায়ক স্মৃতির মধ্যে রয়েছে— HDD, Floppy Disk, CD, DVD, Pendrive ইত্যাদি।*

80. সার্কভুক্ত দেশগুলোর মধ্যে সাক্ষরতার হারে শীর্ষ দেশ—

ⓐ শ্রীলংকা ⓑ মালদ্বীপ
ⓒ মালয়েশিয়া ⓓ নেপাল
ⓔ ভুটান

ব্যাখ্যা *সার্কভুক্ত দেশগুলোর মধ্যে সাক্ষরতার হারে শীর্ষ দেশ মালদ্বীপ। মানব উন্নয়ন রিপোর্ট ২০১৮ এর তথ্য অনুসারে, মালদ্বীপের সাক্ষরতা হার ৯৮.৬% যা সার্কভুক্ত দেশগুলোর মধ্যে শীর্ষ।*

উত্তর

71	a
72	d
73	c
74	b
75	b
76	d
77	d
78	b
79	b
80	b

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র স্টাফ নার্স (বাতিলকৃত) ২০১৭

পরীক্ষার তারিখ ০৬.১০.২০১৭; সময় ১ ঘণ্টা; পূর্ণমান ১০০

[মোট প্রশ্ন ১০০ (একশত)টি। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন]

১. ৫ টাকায় ২টি দরে কমলা ক্রয় করে ৩৫ টাকায় কয়টি করে কমলা বিক্রয় করলে শতকরা ৪০ টাকা লাভ হবে?

ⓚ ৮টি ⓛ ১০টি ⓜ ১২টি ⓝ ১৪টি

ব্যাখ্যা *৪০% লাভে বিক্রয়মূল্য (১০০ + ৪০) টাকা বা ১৪০ টাকা*
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১৪০ টাকা

৫ $\frac{১৪০\times৫}{১০০} = ৭$ "

৭ টাকায় বিক্রয় করতে হবে ২টি কমলা

১ $\frac{২}{৭}$ টি

৩৫ $\frac{২\times৩৫}{৭}$ টি "

$= ১০$টি কমলা।

২. $a + a^{-1} = \sqrt{3}$ হলে, $a^2 + a^{-2}$-এর মান—

ⓚ 3 ⓛ 2
ⓜ 1 ⓝ 0

ব্যাখ্যা $a + a^{-1} = \sqrt{3}$

$a + \frac{1}{a} = \sqrt{3}$

এখন,

$a^2 + a^{-2} = a^2 + \frac{1}{a^2}$

$= (a)^2 + \left(\frac{1}{a}\right)^2$

$= \left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}$

$= \left(\sqrt{3}\right)^2 - 2$

$= 3 - 2 = 1$

$a^2 + a^{-2} = 1$

৩. $\log_x\left(\frac{1}{27}\right) = -3$ হলে, x এর মান—

ⓚ -3 ⓛ 3
ⓜ $-\frac{1}{3}$ ⓝ $\frac{1}{3}$

ব্যাখ্যা $\log_x\left(\frac{1}{27}\right) = -3$

$\Rightarrow x^{-3} = \frac{1}{27}$

$\Rightarrow x^{-3} = \frac{1}{3^3}$

$\Rightarrow x^{-3} = 3^{-3}$

$x = 3$ *[যেহেতু Power বা ঘাত সমান]*

৪. $|x-5| \le 4$ হলে, নিচের যে ব্যবধি সত্য তা হলো—

ⓚ $x \in (1, 9)$ ⓛ $x \in [1, 9)$
ⓜ $x \in (1, 9]$ ⓝ $x \in [1, 9]$

ব্যাখ্যা $|x-5| \le 4$

(x–5) অঋণাত্মক হলে

$x - 5 \le 4$

$\Rightarrow x - 5 + 5 \le 4 + 5$

$x \le 9$

আবার, (x – 5) ঋণাত্মক হলে

$-(x-5) \le 4$

$\Rightarrow x - 5 \ge -4$ *[–1 দ্বারা উভয়পক্ষকে গুণ করে]*

$\Rightarrow x - 5 + 5 \ge -4 + 5$

$x \ge 1$

$x \in [1, 9]$

৫. $x\sqrt{0.09} = 3$ হলে, x এর মান—

ⓚ $\frac{3}{10}$ ⓛ $\frac{1}{3}$ ⓜ 10 ⓝ $\frac{10}{3}$

ব্যাখ্যা $x\sqrt{0.09} = 3$

$\Rightarrow x = \frac{3}{\sqrt{0.09}}$

$\Rightarrow x^2 = \frac{3^2}{0.09}$ *[বর্গ করে]*

$\Rightarrow x^2 = \frac{9\times100}{9}$

$\Rightarrow x^2 = 10^2$

$\therefore x = 10$ *[বর্গমূল করে]*

৬. ΔABC এর BC বাহুকে D বিন্দু পর্যন্ত বর্ধিত করা হলো। ∠A = 60°, ∠B = 90° হলে, ∠ACD এর মান—

ⓚ 150° ⓛ 180° ⓜ 140° ⓝ 160°

ব্যাখ্যা



ত্রিভুজের কোনো বাহু বর্ধিত করা হলে উৎপন্ন বহিঃস্থ কোণের মান বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির সমান।

$\therefore \angle ACD = \angle ABC + \angle BAC = 90° + 60° = 150°$

উত্তর

১	খ
২	গ
৩	খ
৪	ঘ
৫	গ
৬	ক

৭. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ 25 মিটার। অপর বাহুদ্বয়ের একটি অপরটির $\frac{3}{4}$ অংশ হলে, অপর বাহুদ্বয়ের দৈর্ঘ্যের অনুপাত—

ⓚ 3 : 4 ⓛ 1 : 2 ⓜ 3 : 5 ⓝ 2 : 1

ব্যাখ্যা ধরি, ভূমির দৈর্ঘ্য $4x$ মিটার

লম্বের $\left(4x \text{ এর } \frac{3}{4}\right) = 3x$ মিটার

এখন, $(\text{লম্ব})^2 + (\text{ভূমি})^2 = (\text{অতিভুজ})^2$

$\Rightarrow (3x)^2 + (4x)^2 = (25)^2$

$\Rightarrow 9x^2 + 16x^2 = 625$

$\Rightarrow 25x^2 = 625$

$\Rightarrow x^2 = 25$

$x = 5$

ভূমির দৈর্ঘ্য (4×5) মিটার $= 20$ মিটার

লম্বের " $(3 \times 5) = 15$

অপর বাহুদ্বয়ের দৈর্ঘ্যের অনুপাত $= 15 : 20 = 3 : 4$

৮. Drone কি?

ⓚ যাত্রীবাহী দ্রুতগামী বিমান ⓛ যাত্রীবিহীন বিমান

ⓜ চালকসহ বিমান ⓝ চালকবিহীন বিমান

ব্যাখ্যা প্রোগ্রাম নিয়ন্ত্রিত চালকবিহীন ছোট আকাশযান বা বিমানকে ড্রোন (Drone) বলে। সাধারণত স্বয়ংক্রিয়ভাবে চললেও Communication Sattelite দ্বারাও ড্রোন নিয়ন্ত্রণ করা হয়। ছোট ছোট ড্রোন সাধারণত রিমোট কন্ট্রোল দ্বারা নিয়ন্ত্রিত।

৯. $০.\dot{২}\dot{৪}$ এর সমান ভগ্নাংশটি

ⓚ $\frac{১}{৩}$ ⓛ $\frac{৮}{৩৩}$ ⓜ $\frac{৭}{২৪}$ ⓝ $\frac{৭}{৭২}$

ব্যাখ্যা $০.\dot{২}\dot{৪} = \frac{২৪-০}{৯৯} = \frac{২৪}{৯৯} = \frac{৮}{৩৩}$

১০. ছয়টি ক্রমিক পূর্ণ সংখ্যার প্রথম তিনটির গড় ৮ হলে, শেষ তিনটির যোগফল—

ⓚ ২৯ ⓛ ৩১ ⓜ ৩৩ ⓝ ৩৫

ব্যাখ্যা ধরি, ক্রমিক পূর্ণ সংখ্যাগুলো :

$x-২, x-১, x, x+১, x+২$ ও $x+৩$

এখন,

$\frac{x-২+x-১+x}{৩} = ৮$

$\Rightarrow ৩x - ৩ = ২৪$

$\Rightarrow ৩x = ২৪ + ৩$

$\Rightarrow x = \frac{২৭}{৩}$

$\therefore x = ৯$

শেষ তিনটির যোগফল $= x+১+x+২+x+৩$

$= ৩x + ৬ = (৩ \times ৯) + ৬$

$= ২৭ + ৬ = ৩৩$

১১. বাংলা সাহিত্যে গদ্যের জনক কে?

ⓚ প্যারীচাঁদ মিত্র ⓛ রাজা রামমোহন

ⓜ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ⓝ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

ব্যাখ্যা বাংলা সাহিত্যে গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০– ১৮৯১)। তিনি ১৮৩৯ সালে সংস্কৃত কলেজ থেকে 'বিদ্যাসাগর' উপাধি লাভ করেন। তিনি বাংলা গদ্যে প্রথম বিরামচিহ্নের ব্যবহার করেন। তার রচিত উল্লেখযোগ্য গ্রন্থ বেতালপঞ্চবিংশতি, শকুন্তলা, সীতার বনবাস, ভ্রান্তিবিলাস, প্রভাবতী সম্ভাষণ, বর্ণপরিচয়।

১২. 'নানা' শব্দের বিপরীত শব্দ কোনটি?

ⓚ তত ⓛ বহু ⓜ দুই ⓝ এক

ব্যাখ্যা নানা – এক। যত – তত।

১৩. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক কোনটি?

ⓚ নবান্ন ⓛ রাজা

ⓜ ইডিপাস ⓝ কৃষ্ণকুমারী

ব্যাখ্যা 'রাজা' বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি নাটক। তার আরো কয়েকটি উল্লেখযোগ্য নাটক ডাকঘর, রক্তকরবী, তাসের দেশ, কালের যাত্রা, বসন্ত, বিসর্জন, মালিনী, নটীর পূজা। অন্যদিকে নবান্ন ও কৃষ্ণকুমারী নাটক রচনা করেন যথাক্রমে বিজন ভট্টাচার্য ও মাইকেল মধুসূদন দত্ত। গ্রিক নাট্যকার সফোক্লিসের ইডিপাস নাটক বাংলায় অনুবাদ করেন সৈয়দ আলী আহসান।

১৪. 'পদ্মাবতী' কাব্যের রচয়িতা আলাওল কোন যুগের কবি?

ⓚ প্রাচীন যুগের ⓛ মধ্য যুগের

ⓜ আধুনিক যুগের ⓝ উত্তর আধুনিক যুগের

ব্যাখ্যা মধ্যযুগের অন্যতম কবি আলাওল। সতেরো শতকের কবি আলাওল ছিলেন আরাকান রাজসভার শ্রেষ্ঠ মুসলিম কবি। তার রচিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ পদ্মাবতী, হপ্ত পয়কর, সিকান্দরনামা, তোহফা। মধ্যযুগের আরো কয়েকজন কবি হলেন– শাহ মুহম্মদ সগীর, দৌলত উজির বাহরাম খান, দৌলত কাজী, কোরেশী মাগন ঠাকুর, সাবিরিদ খান, নওয়াজিস খান।

১৫. কোন শব্দটি ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ?

ⓚ ঘনঘন ⓛ টনটন ⓜ বইটই ⓝ ধনজন

ব্যাখ্যা কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। ধ্বন্যাত্মক দ্বিরুক্তির কয়েকটি উদাহরণ : টনটন, কুহুকুহু, মড়মড়, ঝমঝম, হু হু, ঠা ঠা, কুট কুট, মিন মিন, ঝন ঝন, ভেউ ভেউ, মিউ মিউ।

১৬. 'যখন আমার জনকের নাম শেখ মুজিবুর রহমান' — পঙ্‌ক্তিটি কোন কবির রচনা?

ⓚ দ্বিজেন্দ্রলাল রায় ⓛ অতুল প্রসাদ সেন

ⓜ সৈয়দ শামসুল হক ⓝ নির্মলেন্দু গুণ

১৭. কোন শব্দটি উপসর্গযোগে গঠিত?

ⓚ আগাছা ⓛ আবার ⓜ আরাম ⓝ আনাজ

ব্যাখ্যা বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা বাংলা, তৎসম ও বিদেশি উপসর্গ। বাংলা উপসর্গ ২১টি ও তৎসম বা সংস্কৃত উপসর্গ ২০টি। বাংলা ও তৎসম উভয় উপসর্গে আ, সু, বি, নি– এ চারটি উপসর্গ রয়েছে। আগাছা উপসর্গটি নিকৃষ্ট বা বাজে অর্থে ব্যবহৃত হয়েছে।

উত্তর

৭	ক
৮	ঘ
৯	খ
১০	গ
১১	গ
১২	ঘ
১৩	খ
১৪	খ
১৫	খ
১৬	গ
১৭	ক

১৮. প্রখ্যাত সাহিত্যিক শওকত ওসমানের প্রকৃত নাম কোনটি?
ক আবুল ফজল খ আব্দুল হাই
গ কাজেম আল কোরেশী ঘ শেখ আজিজুর রহমান

ব্যাখ্যা *কথা সাহিত্যিক শওকত ওসমানের প্রকৃত নাম শেখ আজিজুর রহমান। গ্রন্থাকারে প্রকাশিত তার প্রথম গ্রন্থ জননী। তার উল্লেখযোগ্য উপন্যাস : ক্রীতদাসের হাসি, চৌরসন্ধি, জাহান্নাম হইতে বিদায়, দুই সৈনিক, জলাংগী, নেকড়ে অরণ্য। তার উল্লেখযোগ্য গল্পগ্রন্থ : পিঁজরাপোল, প্রস্তর ফলক, জন্ম যদি তব বঙ্গে, ঈশ্বরের প্রতিদ্বন্দ্বী। সংস্কৃতির চড়াই-উৎরাই তার উল্লেখযোগ্য প্রবন্ধ।*

১৯. কাজী নজরুল ইসলাম রচিত 'বিদ্রোহী' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
ক সিন্ধু হিন্দোল খ অগ্নিবীণা
গ ভাঙার গান ঘ বিষের বাঁশি

ব্যাখ্যা *কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ অগ্নিবীণা (১৯২২)। এ কাব্যগ্রন্থের দ্বিতীয় কবিতা 'বিদ্রোহী' ১৯২২ সালে সাপ্তাহিক 'বিজলী' পত্রিকায় প্রকাশিত হয়। অগ্নিবীণা কাব্যের প্রথম কবিতা প্রলয়োল্লাস। এছাড়াও আগমনী, রক্তাম্বরধারিণী মা, কামালপাশা, খেয়াপারের তরণী, মোহররম এ কাব্যের উল্লেখযোগ্য কবিতা। তার উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ : সিন্ধুহিন্দোল, ভাঙার গান, বিষের বাঁশী, সাম্যবাদী,সর্বহারা, প্রলয় শিখা, সঞ্চিতা, ছায়ানট, সন্ধ্যা, চক্রবাক।*

২০. কোনটি মহাকাব্য?
ক মহাশ্মশান খ নীল দর্পণ
গ দুর্গেশ নন্দিনী ঘ সারদামঙ্গল

ব্যাখ্যা *আধুনিক বাংলা সাহিত্যের প্রথম মুসলিম কবি কায়কোবাদ। তার রচিত মহাকাব্য মহাশ্মশান (১৯০৪)। পানিপথের তৃতীয় যুদ্ধ অবলম্বনে তিনি এ মহাকাব্য রচনা করেন। তার রচিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ : অশ্রুমালা, বিরহবিলাপ, শিবমন্দির, অমিয়ধারা, কুসুমকানন। অন্যদিকে নীলদর্পণ (নাটক), দুর্গেশ নন্দিনী (উপন্যাস) ও সারদামঙ্গল (কাব্য) গ্রন্থের রচয়িতা যথাক্রমে দীনবন্ধু মিত্র, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ও বিহারীলাল চক্রবর্তী।*

২১. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?
ক হাঙর নদী গ্রেনেড খ শবনম
গ আরেক ফাল্গুন ঘ চিলেকোঠার সেপাই

ব্যাখ্যা *'হাঙর নদী গ্রেনেড' কথাসাহিত্যিক সেলিনা হোসেন রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। মুক্তিযুদ্ধভিত্তিক উল্লেখযোগ্য আরো কয়েকটি উপন্যাস : রাইফেল রোটি আওরাত, নিষিদ্ধ লোবান, নীল দংশন, জাহান্নাম হইতে বিদায়, আগুনের পরশমণি, উপমহাদেশ, খাঁচায়, যাত্রা, অদ্ভুত আঁধার এক, দুই সৈনিক। অন্যদিকে জহির রায়হান রচিত 'আরেক ফাল্গুন' ভাষা আন্দোলনভিত্তিক প্রথম উপন্যাস। ঊনসত্তরের গণঅভ্যুত্থান নিয়ে রচিত আখতারুজ্জামান ইলিয়াসের উপন্যাস 'চিলেকোঠার সেপাই'। সৈয়দ মুজতবা আলী রচিত উপন্যাস 'শবনম'।*

২২. 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক কে?
ক ঈশ্বর গুপ্ত খ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ প্রমথ চৌধুরী

ব্যাখ্যা *বাংলা গদ্যে চলিতরীতির প্রবর্তক প্রমথ চৌধুরী সবুজপত্র (১৯১৪) পত্রিকার সম্পাদক। বাংলা গদ্যরীতির বিকাশে এ পত্রিকার গুরুত্ব অপরিসীম। অন্যদিকে ঈশ্চরচন্দ্র গুপ্ত ও বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্পাদিত উল্লেখযোগ্য পত্রিকা যথাক্রমে সংবাদ প্রভাকর (১৮৩১) ও বঙ্গদর্শন (১৮৭২)।*

২৩. 'ষ্ণ' যুক্তবর্ণটি গঠিত হয়েছে নিম্নরূপে—
ক ষ্ + ণ খ ষ্ + ঞ
গ য্ + ঞ ঘ ষ্ + জ

ব্যাখ্যা *'ষ্ণ' যুক্তবর্ণের বিশ্লিষ্ট রূপ ষ্ + ণ। কয়েকটি গুরুত্বপূর্ণ সংযুক্ত বর্ণ : ক্ষ = ক + ষ, জ্ঞ = জ্ + ঞ, ঞ্জ = ঞ + জ, ঞ্চ = ঞ + চ, হ্ম = হ + ম, হ্ন = হ্ + ন, হ্ণ = হ্ + ণ।*

২৪. কোনগুলো ওষ্ঠ্যধ্বনি?
ক চ ছ জ ঝ খ প ফ ব ভ
গ ত থ দ ধ ঘ য র ল শ

ব্যাখ্যা *উচ্চারণের স্থান অনুযায়ী ওষ্ঠ্যধ্বনি প ফ ব ভ। অন্যদিকে চ ছ জ ঝ তালব্য ধ্বনি এবং ত থ দ ধ মূর্ধন্য ধ্বনি।*

২৫. কোন বানানটি শুদ্ধ?
ক সহযোগীতা খ প্রতিযোগিতা
গ বৈশিষ্ট্যতা ঘ শ্রদ্ধাঞ্জলী

ব্যাখ্যা *শুদ্ধ বানান প্রতিযোগিতা। অন্যদিকে সহযোগীতা, বৈশিষ্ট্যতা ও শ্রদ্ধাঞ্জলী বানানের শুদ্ধরূপ যথাক্রমে সহযোগিতা, বৈশিষ্ট্য ও শ্রদ্ধাঞ্জলি।*

২৬. সালাম সালাম হাজার সালাম গানটির গায়ক কে?
ক আব্দুল জব্বার খ আবদুল হাদী
গ মাহমুদুননবী ঘ খুরশীদ আলম

ব্যাখ্যা *সালাম সালাম হাজার সালাম– গানটির শিল্পী ও সুরকার হলেন সঙ্গীতশিল্পী আব্দুল জব্বার (১৯৩৮-২০১৭)। জনপ্রিয় এ গানটির গীতিকার ফজলে খোদা। শিল্পী আব্দুল জব্বারের গাওয়া কয়েকটি জনপ্রিয় গান–জয় বাংলা বাংলার জয়, ওরে নীল দরিয়া, তুমি কি দেখেছ কভু, বন্ধু তুমি শত্রু তুমি ও পীচ ঢালা এই পথটারে ভালোবেসেছি।*

২৭. ভারতের বর্তমান রাষ্ট্রপতির নাম কি?
ক নরেন্দ্র মোদি খ এ পি জে আব্দুল কালাম
গ মমতা ব্যানার্জী ঘ রামনাথ কোবিন্দ

ব্যাখ্যা *২৪ জুলাই ২০১৭ ভারতের ত্রয়োদশতম রাষ্ট্রপতি প্রণব মুখার্জির মেয়াদ শেষ হলে, পরদিন অর্থাৎ ২৫ জুলাই ২০১৭ শপথ নিয়ে দায়িত্ব গ্রহণ করেন নির্বাচিত নতুন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। তিনি হলেন ভারতের দশম রাষ্ট্রপতি কে আর নারায়ণের পর ভারতের দ্বিতীয় দলিত রাষ্ট্রপতি। পেশায় আইনজীবী রামনাথ কোবিন্দ উত্তর প্রদেশ থেকে নির্বাচিত ভারতের প্রথম রাষ্ট্রপতি।*

উত্তর

১৮	ঘ
১৯	খ
২০	ক
২১	ক
২২	ঘ
২৩	ক
২৪	খ
২৫	খ
২৬	ক
২৭	ঘ

২৮. রেড ইন্ডিয়ান কাদের বলা হয়?
ক ইন্ডিয়ান আদি অধিবাসীগণ
খ ইন্দোনেশিয়ার আদি অধিবাসীগণ
গ আমেরিকায় আগত ভারতবাসীগণ
ঘ আমেরিকার আদি অধিবাসীগণ
ব্যাখ্যা আমেরিকার আদি অধিবাসীদের নাম রেড ইন্ডিয়ান। ইতালীয় নাবিক ক্রিস্টোফার কলম্বাস ১৪৯২ সালে আমেরিকা আবিষ্কার করেন।

২৯. যুক্তরাষ্ট্রের নারীগণ কোন সালে ভোটাধিকার অর্জন করেন?
ক ১৯০২ খ ১৯২০ গ ১৯৩১ ঘ ১৯৪৭
ব্যাখ্যা ১৯০২ সালে অস্ট্রেলিয়া, ১৯২০ সালে যুক্তরাষ্ট্র, ১৯৩১ সালে শ্রীলঙ্কা ও স্পেন এবং ১৯৪৭ সালে আর্জেন্টিনার নারীগণ ভোটাধিকার অর্জন করেন। উল্লেখ্য ১৮৯৩ সালে বিশ্বে সর্বপ্রথম নিউজিল্যান্ডের নারীরা ভোটাধিকার লাভ করেন।

৩০. রোহিঙ্গা শরণার্থীগণ মিয়ানমারের কোন অঞ্চলের অধিবাসী?
ক কোচিন খ শান
গ নর্থ রাখাইন স্টেট ঘ রেঙ্গুন
ব্যাখ্যা মিয়ানমারের নর্থ রাখাইন স্টেট বা রাখাইন অঞ্চলের অধিবাসী বা একমাত্র ভূমিপুত্র হলো রোহিঙ্গা জাতি। আরাকান-এর প্রাচীন নাম ব্রহ্ম জনপদ, বর্তমানে রাখাইন। 'রাখাইন' শব্দটি এসেছে পালি শব্দ 'রাক্ষাপুরা' থেকে, যার প্রতিশব্দ হলো 'রাক্ষসপুরা' অর্থাৎ রাক্ষসদের আবাসভূমি।

৩১. নিশীথ সূর্যের দেশ কোনটি?
ক সুইডেন খ ফিনল্যান্ড গ ইংল্যান্ড ঘ নরওয়ে
ব্যাখ্যা নরওয়ে সুমেরু অর্থাৎ উত্তর মেরু বা উত্তর গোলার্ধের দেশ হওয়ায় মে থেকে জুলাই মাস পর্যন্ত সূর্যাস্ত না গিয়ে সবসময়ই আকাশ আলোকিত রাখে, অর্থাৎ এসময়ে এখানে সূর্য কখনো সম্পূর্ণ অস্তমিত হয় না। এর ফলে এ সময় রাতে অন্ধকারের পরিবর্তে গোধূলির আলো বজায় থাকে সারারাত। তাই বিশ্বজুড়ে এ দেশের পরিচিতি 'নিশীথ সূর্যের দেশ' হিসেবে।

উত্তর
২৯ খ
৩০ গ
৩১ ঘ
৩২
৩৩
৩৪
৩৫
৩৬
৩৭
৩৮ গ
৩৯ গ
ঘ

৩২. বাংলা আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিলেন?
ক বাংলা খ হিন্দি গ অস্ট্রিক ঘ সংস্কৃত
ব্যাখ্যা অস্ট্রিক প্রাচীন বাংলার একটি নৃ-গোষ্ঠী। প্রাচীন সাহিত্যে এরা নিষাদ নামে পরিচিত। এরা বাংলাদেশের কোল, ভীল, সাঁওতাল, ভূমিজ মুণ্ডা, বাঁশফোঁড়, মালপাহাড়ি প্রভৃতি জনগোষ্ঠীর পূর্বপুরুষ রূপে চিহ্নিত। নৃতত্ত্ববিদগণ মনে করেন যে, বাংলাদেশের আদিম অধিবাসীদের ওপর অস্ট্রিক বা অস্ট্রোলয়েডদের বেশ প্রভাব ছিল। ফলে বাংলা আদি অধিবাসীগণ অস্ট্রিক ভাষাভাষী ছিলেন।

৩৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কবে ও কোথায় ছয় দফা ঘোষণা করেন?
ক ১৩ ফেব্রুয়ারি ১৯৬৬ সালে লাহোরে
খ ২৩ মার্চ ১৯৬৬ সালে লাহোরে
গ ৭ জুন ১৯৬৬ সালে ঢাকার পল্টন ময়দানে
ঘ ১৪ আগস্ট ১৯৬৬ সালে করাচীতে
[Note : বঙ্গবন্ধু ৬ ফেব্রুয়ারি ১৯৬৬ লাহোরে ছয় দফা ঘোষণা করেন।]

৩৪. ভারতে প্রথম প্রতীক মুদ্রা প্রবর্তন করেন কে?
ক ইলতুৎমিশ খ শেরশাহ
গ লর্ড কর্নওয়ালিশ ঘ মুহম্মদ বিন তুঘলক
ব্যাখ্যা মুহম্মদ বিন তুঘলক ভারতে প্রথম প্রতীক মুদ্রা প্রবর্তন করেন। দিল্লির তুঘলক বংশের দ্বিতীয় সুলতান হিসেবে তিনি ১৩২৫ থেকে ১৩৫১ খ্রিস্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন।

৩৫. স্বাধীনতা উত্তর মুক্তিযুদ্ধবিষয়ক প্রথম পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্র কোনটি?
ক জীবন থেকে নেয়া খ লেট দেয়ার বি লাইট
গ ওরা ১১ জন ঘ অরুণোদয়ের অগ্নিসাক্ষী
ব্যাখ্যা ১৯৭১ এ মহান স্বাধীনতা যুদ্ধের পটভূমিতে নির্মিত, 'ওরা ১১ জন' চলচ্চিত্রটি পরিচালনা করেছেন বিখ্যাত পরিচালক চাষী নজরুল ইসলাম। তার এমন আরো কয়েকটি উল্লেখযোগ্য চলচ্চিত্র হলো– সংগ্রাম (১৯৭৪), হাঙ্গর নদী গ্রেনেড (১৯৯৭), মেঘের পরে মেঘ (২০০৪) এবং ধ্রুবতারা (২০০৬)।

৩৬. Mismatched Blood Transfusion-এর তাৎক্ষণিক ব্যবস্থা কি নিতে হবে?
ক Antibiotic ও অক্সিজেন শুরু করা
খ Blood দেয়া বন্ধ করে Steroid দেয়া
গ I/V স্যালাইন ও জ্বরের ওষুধ দেয়া
ঘ I/V Lasix স্যালাইন ও Oxygen দেয়া

৩৭. কোনটি Upper Limb এর বোন নয়?
ক Femur খ Ulna
গ Radius ঘ Humerous

৩৮. DIC অর্থ কি?
ক Drug Information Centre
খ Device Inplementation Centre
গ Disseminated Intravascular Coagulation
ঘ Drug Intervention Committee

৩৯. কোন মশার কামড়ে চিকুনগুনিয়া জ্বর হয়?
ক কিউলেক্স খ এনোফিলিস
গ এডিস ঘ Sand fly
ব্যাখ্যা এডিস এজিপটাই নামক স্ত্রী মশকী চিকুনগুনিয়া জ্বরের জীবাণুর বাহক। তাই জীবাণুবাহিত এডিস মশার কামড়ে চিকুনগুনিয়া জ্বর হয়।

৪০. নিউমোনিয়া রোগে আক্রান্ত হয় মানবদেহের কোন অঙ্গ?
ক কলিজা খ হৃৎপিণ্ড গ ফুসফুস ঘ প্লীহা
ব্যাখ্যা Diplococcus pneumoniae নামক ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট মানবদেহের শ্বাসনালী ও ফুসফুসের যে রোগ হয় তাকে নিউমোনিয়া বলা হয়। ১৮৮১ সালে বিজ্ঞানী লুই পাস্তুর ও ১৮৮৬ সালে ফ্রাঙ্কেল এ জীবাণু আবিষ্কার করেন।

৪১. মানবদেহের স্বাভাবিক তাপমাত্রা কত?
ক ৯৭.২° ফা. খ ৯৪.৮° ফা.
গ ৯৬.৪° ফা. ঘ ৯৮.৪° ফা.

ব্যাখ্যা *মানবদেহের স্বাভাবিক তাপমাত্রা ফারেনহাইট স্কেলে ৯৮.৪° ফারেনহাইট, সেলসিয়াস স্কেলে ৩৬.৮৯° C ও কেলভিন স্কেলে ৩০৯ K। বয়সভেদে এবং অসুস্থ অবস্থায় দেহের তাপমাত্রা এর কম বা বেশি হয়।*

৪২. ডায়াবেটিস (Diabetes) রোগ হয়—

ক ইনসুলিনের অভাবে খ থাইরোক্সিনের অভাবে
গ ইস্ট্রোজেনের অভাবে ঘ গ্রোথ হরমনের অভাবে

ব্যাখ্যা *প্যানক্রিয়াস বা অগ্ন্যাশয়ের আইলেটস অব ল্যাঙ্গারহ্যানস-এর বিটা কোষ থেকে নিঃসৃত ইনসুলিন ও গ্লুকাগন দুটি গুরুত্বপূর্ণ হরমোন। ইনসুলিন শর্করার বিপাকক্রিয়া নিয়ন্ত্রণ করে। এর অভাব হলে রক্তে গ্লুকোজের মাত্রা বেড়ে যায় যা ঘন ঘন প্রস্রাবের দ্বারা নিষ্ক্রান্ত হয়। এ রোগকে ডায়াবেটিস বা বহুমূত্র বা মধুমেহ বলে।*

৪৩. খাবার স্যালাইন বানানোর পর খাওয়ানো যাবে—

ক ৬ ঘণ্টা খ ১২ ঘণ্টা গ ৩ ঘণ্টা ঘ ২ ঘণ্টা

ব্যাখ্যা *খাবার স্যালাইন বানানোর পর তা ১২ ঘণ্টা পর্যন্ত ভালো থাকে। তাই বানানোর ১২ ঘণ্টা সময় পর্যন্ত স্যালাইন খাওয়া যায়।*

৪৪. পানিবাহিত রোগ কোনটি?

ক গলগণ্ড খ হেপাটাইটিস A
গ ম্যালেরিয়া ঘ কালাজ্বর

ব্যাখ্যা *গলগণ্ড আয়োডিনের অভাবজনিত রোগ। হেপাটাইটিস A, B, C, D ও E হলো পানিবাহিত ভাইরাস দ্বারা সৃষ্ট লিভারের প্রদাহ বা সংক্রমণজনিত রোগ, একে জন্ডিসও বলা হয়। ম্যালেরিয়া জ্বর হলো মশাবাহিত ম্যালেরিয়া পরজীবী দ্বারা সৃষ্ট রোগ। কালাজ্বর নিপাহ্ ভাইরাস দ্বারা সৃষ্ট রোগ যার বাহক বাদুর।*

৪৫. হিমোগ্লোবিনের কাজ—

ক নাইট্রোজেন বহন করা খ হাইড্রোজেন বহন করা
গ অক্সিজেন বহন করা ঘ হিলিয়াম বহন করা

ব্যাখ্যা *আয়রণঘটিত হেম ও গ্লোবিন (প্রোটিন) এর সমন্বয়ে গঠিত হিমোগ্লোবিন রক্তে অক্সিজেন ও সামান্য পরিমাণ কার্বন-ডাই-অক্সাইড পরিবহন করে।*

৪৬. এন্টিবায়োটিকের কাজ—

ক জীবাণু ধ্বংস করা খ জীবাণুর বংশ বৃদ্ধি করা
গ ভাইরাস ধ্বংস করা ঘ জীবাণু বহন করা

ব্যাখ্যা *এন্টিবায়োটিক হলো কতগুলো জীবিত বস্তু বা ঐ বস্তু থেকে সংগৃহীত নির্যাস। কোনো ক্ষতিকর জীবাণু যখন জীবিত কোষকে আক্রমণ করে তখন ঐ জীবাণুকে ধ্বংস করার জন্য এন্টিবায়োটিক ব্যবহার করা হয়।*

৪৭. প্রোটিন বেশি থাকে—

ক ছোলার ডালে খ অড়হর ডালে
গ মসুর ডালে ঘ মাষকলাই ডালে

ব্যাখ্যা *প্রতি ১০০ গ্রাম মসুর ডালে প্রোটিনের পরিমাণ সমপরিমাণ ডাল, মাছ বা মাংসের তুলনায় বেশি থাকে। তবে সামগ্রিকভাবে শুঁটকিতে প্রোটিনের পরিমাণ সবচেয়ে বেশি।*

৪৮. মানবদেহে প্রতিদিন পানির প্রয়োজন কত?

ক ৩ লিটার খ ৫ লিটার
গ ১ লিটার ঘ ৬ লিটার

ব্যাখ্যা *মানবদেহে প্রতিদিন প্রায় ২৬০০ মিলি (প্রায় ৩ লিটার) পানির প্রয়োজন। দেহে যাবতীয় জৈব রাসায়নিক ও বিপাকীয় কাজ সম্পন্ন করার জন্য এ পানির প্রয়োজন।*

৪৯. সাধারণত রোগীর Pulse দেখা হয় কোথায়?

ক Ulnar artery খ Radial artery
গ Femoral artery ঘ Brachial artery

ব্যাখ্যা *আমাদের হাতে রেডিয়াল আর্টারির মধ্যদিয়ে ফুসফুসতাড়িত অক্সিজেন সমৃদ্ধ রক্ত বাহিত হয় থ্রি ফিঙ্গার পালপেশন প্রক্রিয়ায় তাই রেডিয়াল আর্টারি থেকে রোগীর পালস্ পরীক্ষা করা হয়।*

৫০. সংক্রামক ব্যাধি কোনটি?

ক ডায়াবেটিস খ উচ্চ রক্তচাপ
গ যক্ষ্মা ঘ হাঁপানী

ব্যাখ্যা *যে ব্যাধি এক দেহ হতে অন্য দেহে ধরা, ছোঁয়া, স্পর্শ বা কোনো মাধ্যমের সাহায্যে (যেমন বায়ু, পানি, মাটি) সংক্রমিত হয় তাকে সংক্রামক ব্যাধি বলে। যক্ষ্মা একটি সংক্রামক ব্যধি। কারণ যক্ষ্মার জীবাণু এক দেহ থেকে অন্য দেহে বায়ু বা মাটি বা আক্রান্ত ব্যক্তির থুথু থেকে সরাসরি অন্যদেহে সংক্রমিত হতে পারে। ডায়াবেটিস, উচ্চরক্তচাপ ও হাপানি রোগ দেহের বিশেষ অঙ্গের অক্ষমতা বা পরিণতি জনিতরোগ যা বংশ পরম্পরায়ও হতে পারে*

৫১. হৃৎপিণ্ডের জন্মগত ত্রুটি কোনটি?

ক Acromegaly খ Hepatitis
গ Ventricular Septal Defect ঘ Appendicitis

ব্যাখ্যা *Ventricular Septal Defect (VSD) হার্টের একটি জন্মগত ত্রুটি মূলত হৃৎপিণ্ডের অভ্যন্তরে নিচের অংশে সৃষ্ট একটি hole (গর্ত) যা বাম পাশ থেকে ডান পাশে রক্ত প্রবাহিত হতে সাহায্য করে এ ত্রুটির উৎস।*

৫২. প্রসব পরবর্তী রক্তক্ষরণের অন্যতম কারণ কি?

ক Ovarian tumour খ Twin pregnancy
গ Retained placenta ঘ Pelvic Inflammation

ব্যাখ্যা *PPH বা প্রসব পরবর্তী রক্তক্ষরণের প্রাইমারি বা মূখ্য কারণ জরায়ুজনিত সমস্যা থেকে রক্তপাত। সেকেন্ডারি কারণ হলো গর্ভফুলের অংশ জরায়ুতে থেকে যাওয়া (Retained Placenta)।*

৫৩. একজন পূর্ণ বয়স্ক মানুষ কতদিন পর পর রক্ত দান করতে পারেন?

ক ১২ মাস খ ৭ মাস
গ ৩ মাস ঘ ৬ মাস

ব্যাখ্যা *একজন পূর্ণবয়স্ক সুস্থ মানুষ প্রতি তিনমাস পরপর রক্ত দিতে পারেন।*

৫৪. জন্ম নিয়ন্ত্রণের অস্থায়ী পদ্ধতি কোনটি?

ক Copper T খ Ligation
গ Vasectomy ঘ Hysterectomy

ব্যাখ্যা *স্থিতিস্থাপক প্লাস্টিক ও তামার তার দিয়ে তৈরি একটি T আকৃতির ডিভাইস (IUD) অস্থায়ী জন্মবিরতীকরণ পদ্ধতিতে ব্যবহৃত হয়। বাকি তিনটি জন্মবিরতিকরণের স্থায়ী পদ্ধতি।*

উত্তর

৪২	ক
৪৩	খ
৪৪	খ
৪৫	গ
৪৬	ক
৪৭	গ
৪৮	ক
৪৯	খ
৫০	গ
৫১	গ
৫২	গ
৫৩	গ
৫৪	ক

৫৫. International Nurse Day কবে?
ⓚ ১২ মে ⓛ ১২ জানুয়ারি
ⓜ ১২ অক্টোবর ⓝ ১২ ডিসেম্বর
ব্যাখ্যা ১২ মে আন্তর্জাতিক সেবিকা দিবস হিসেবে পালন করা হয়।

৫৬. রক্তে বিলিরুবিন বেড়ে গেলে কি হয়?
ⓚ Anemia ⓛ Cyanosis
ⓜ Jaundice ⓝ Clubbing
ব্যাখ্যা রক্তে বিলিরুবিন বেড়ে গেলে জন্ডিসের লক্ষণ প্রকাশ পায়।

৫৭. Ovary শরীরের কোন অংশে অবস্থিত?
ⓚ গলায় ⓛ বুকে ⓜ তলপেটে ⓝ পেটে
ব্যাখ্যা এটি স্ত্রী প্রজননতন্ত্রের গুরুত্বপূর্ণ অংশ। জরায়ুর উভয়পক্ষে শ্রোণী গহ্বরের পার্শ্ব দেয়ালে বাদাম আকৃতির ধূসর বর্ণের দুটি ডিম্বাশয় অবস্থিত। স্ত্রী দেহের তলপেটে (Lower Abdomen) এরা অবস্থিত।

৫৮. Brain Death এ কোনটি থাকবে না?
ⓚ Apnoea ⓛ Constricted pupil
ⓜ Pulse not responsive to atropine
ⓝ Deep coma
ব্যাখ্যা মস্তিষ্কের মৃত্যু অর্থাৎ শারীরিক মৃত্যু নয় এমন ক্ষেত্রে প্রাণীর চোখের পাতা স্থির থাকে, গভীর কোমায় চলে যায় এবং পালস্ রেসপন্স থাকে না। ঘুমের মধ্যে শ্বাস-প্রশ্বাসে ব্যাঘাত ঘটার মতো বিষয় (Apnoea) এ সময় অনুপস্থিত।

৫৯. তীব্র শ্বাসকষ্টের তাৎক্ষণিক চিকিৎসা কি?
ⓚ Supine position ও oxygen
ⓛ Recumbent position
ⓜ Prop up position ও oxygen
ⓝ I. V. Fluid
ব্যাখ্যা তীব্র শ্বাসকষ্টের সময় তাৎক্ষণিকভাবে রোগীকে এমনভাবে শোয়াতে হয় যাতে শ্বাস গ্রহণ বা বর্জনের সময় বাহ্যিক বা অভ্যন্তরীণভাবে কোনো বাধা না থাকে। এ সময় রোগীকে চিৎ করে শুইয়ে দিয়ে অক্সিজেন সরবরাহ করতে হয়। রেসপিরেটরী অর্গানসমূহকে যেকোনো চাপ থেকে মুক্ত করে রোগীকে মাথা সামান্য উঁচুতে রেখে চিৎ করে ভূমির সমান্তরালে শুইয়ে দেয়াই Supine position।

৬০. ABG analysis করার জন্য Blood সংগ্রহ কোথা থেকে করা হয়?
ⓚ Cephalic Vein ⓛ Femoral Vein
ⓜ Artery ⓝ Capillary

৬১. Spinal anaesthesia'র জটিলতা কোনটি?
ⓚ নিম্ন রক্তচাপ ⓛ উচ্চ রক্তচাপ
ⓜ পানি শূন্যতা ⓝ রক্তক্ষরণ
ব্যাখ্যা নিম্নরক্তচাপের রোগীদেরকে Spinal Anesthesia প্রদান করা হলে ঝুঁকি থাকে। এক্ষেত্রে জটিলতা দেখা দিতে পারে।

৬২. সবুজ শাক-সবজিতে কোনটি বেশি থাকে?
ⓚ Vitamin A ⓛ Vitamin C
ⓜ Vitamin B ⓝ Vitamin K
ব্যাখ্যা সবুজ শাক-সবজিতে ভিটামিন-A বেশি থাকে। ভিটামিন-A তেল বা চর্বিতে দ্রবণীয়। তাই সবুজ শাক-সবজি রান্নার সময় বেশি পরিমাণ তেল দিয়ে রান্না করা উচিত।

৬৩. Penicillin কে আবিষ্কার করেন?
ⓚ Robert Brown ⓛ Alexander Fleming
ⓜ Robert Kotch ⓝ Joseph Lister
ব্যাখ্যা আলেকজান্ডার ফ্লেমিং প্রথম এন্টিবায়োটিক পেনিসিলিন আবিষ্কার করেন। এ আবিষ্কারের জন্য তিনি ১৯৪৫ সালে নোবেল পুরস্কার পান।

৬৪. Server Anaphylaxis এর তাৎক্ষণিক চিকিৎসা কি?
ⓚ Atropine ⓛ Adrenaline
ⓜ Digoxin ⓝ Amynophilline
ব্যাখ্যা তীব্র এলার্জিক প্রতিক্রিয়ায় যে সমস্যার সৃষ্টি হয় তাতে অ্যালার্জিক প্রতিক্রিয়া প্রশমনে অ্যাড্রেনালিন প্রয়োগ করা যায়।

৬৫. Normal Saline এ কি আছে?
ⓚ 0.9% Sodium chloride
ⓛ 0.5% Sodium chloride
ⓜ 0.75% Sodium chloride
ⓝ 3% Sodium chloride
ব্যাখ্যা Normal Saline-এ সোডিয়াম ক্লোরাইড থাকে ০.৯%।

৬৬. কত'র নিচে হৃদস্পন্দন হলে Brady Cardia বলে?
ⓚ 60 মিনিট/(৬০) ⓛ 70 minute/(৭০)
ⓜ 80 minute/(৮০) ⓝ 100 minute/(১০০)
ব্যাখ্যা কোনো ব্যক্তির হৃদস্পন্দন প্রতি মিনিটে ৬০-এর নিচে হলে সে অবস্থাকে ব্রায়োকার্ডিয়া বলে। প্রাপ্ত বয়স্ক ব্যক্তির হৃদস্পন্দন প্রতি মিনিটে সাধারণত ৭২ বার হয়ে থাকে।

৬৭. Central Vein Catheter কোন শিরাতে দেওয়া হয় না?
ⓚ Internal jugular Vein ⓛ Subclavian Vein
ⓜ Inferior Vena Cava ⓝ Femoral Vein

৬৮. রক্তে Sodium এর স্বাভাবিক মাত্রা কত?
ⓚ ১১৫-১৩৫ ⓛ ১৩৫-১৪৫
ⓜ ১৫০-১৭০ ⓝ ১৭০-১৯০
ব্যাখ্যা রক্তে সোডিয়াম একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ খনিজ। সুস্থ দেহে এর স্বাভাবিক মাত্রা ১৩৫-১৪৫ mEq/L।

৬৯. নাক দিয়ে রক্তক্ষরণকে কি বলে?
ⓚ Haemoptysis ⓛ Haematuria
ⓜ Epistaxis ⓝ Malaena

৭০. রক্তে গ্লুকোজের মাত্রা 200 mg/dL এর বেশি হয় কোন রোগে?
ⓚ Diabetes ⓛ Asthma
ⓜ Jaundice ⓝ Anaemia
ব্যাখ্যা রক্তে গ্লুকোজের মাত্রা 200 mg/L-এর হলে তা ডায়াবেটিস বা বহুমূত্র বা মধুমেহ রোগের অবস্থিতি প্রকাশ করে। ইনসুলিন নামক হরমোনের অভাবে এটি হয়ে থাকে।

৭১. Dialysis করা প্রয়োজন হয় কোন রোগে?
ⓚ Respiratory failure ⓛ Hepatic failure
ⓜ Cardiac failure ⓝ Renal failure

উত্তর

৫৫	ক
৫৬	গ
৫৭	গ
৫৮	ক
৫৯	ক
৬০	গ
৬১	ক
৬২	ক
৬৩	খ
৬৪	খ
৬৫	ক
৬৬	ক
৬৭	গ
৬৮	খ
৬৯	গ
৭০	ক
৭১	ঘ

ব্যাখ্যা: রেচনতন্ত্রের প্রধান অঙ্গ কিডনি। কিডনি যখন অসুস্থ, অক্ষম বা বিকল হয়ে পড়ে তখন রক্ত থেকে দূষিত পদার্থ (যেমন, ইউরিক এসিড, ইউরিয়া) নিষ্ক্রান্ত করার জন্য ডায়ালাইসিস করতে হয়। এ ক্ষেত্রে একটি বিশেষ যন্ত্রের সাহায্যে রক্ত পরিশোধন সম্পন্ন করা হয়। অর্থাৎ রেনাল ফেইলরির ক্ষেত্রে ডায়ালাইসিস করতে হয়।

৭২. কৃত্রিমভাবে শ্বাস-প্রশ্বাস কখন দেয়া হয়?

ক Respiratory failure খ Liver failure
গ Cardiac arrest ঘ Renal failure

ব্যাখ্যা: কোনো রোগীর রেসপিরেটরি সিস্টেম বা শ্বসনতন্ত্র যখন অচল হয়ে পড়ে অর্থাৎ নিজ থেকে শ্বাস-প্রশ্বাস চালাতে অক্ষম হয় তখন তাকে কৃত্রিমভাবে শ্বাস-প্রশ্বাস দেয়া হয়।

৭৩. Hypoxia কখন হয়?

ক Oxygen কমে গেলে
খ Carbon dioxide বেড়ে গেলে
গ Oxygen বেড়ে গেলে
ঘ Carbon dioxide কমে গেলে

ব্যাখ্যা: দেহে অক্সিজেনের ঘাটতি দেখা গেলে সে অবস্থাকে Hypoxia বলে।

৭৪. কত ওজনের Newborn বাচ্চাকে Low Birth Weight বলে?

ক ৩ কেজির নিচে খ $২\frac{১}{২}$ কেজির নিচে
গ ২ কেজির নিচে ঘ $১\frac{১}{২}$ কেজির নিচে

ব্যাখ্যা: কোনো শিশু যদি ২৫০০ গ্রাম বা ৫ পাউন্ড ৮ আউন্স এর কম ওজন নিয়ে জন্মগ্রহণ করে তাকে Low Birth Weight বলে।

৭৫. কোন টীকাটি ই পি আই প্রোগ্রামে দেয়া হয় না?

ক M M R খ BCG গ DPT ঘ Polio

ব্যাখ্যা: EPI (Expanded Program on Immunization) প্রোগ্রামে যে টীকাগুলো দেয়া তার মধ্যে MMR নেই।

৭৬. কোনটি ভেক্টর বাহিত রোগ নয়?

ক ম্যালেরিয়া খ কালাজ্বর গ ইনফ্লুয়েঞ্জা ঘ ডেঙ্গু জ্বর

ব্যাখ্যা: যেসব কীট-পতঙ্গ বা প্রাণী রোগের জীবাণুর বাহক তাদেরকে vector বলে। ম্যালেরিয়া জ্বরের জীবাণুর বাহক অ্যানোফিলিস মশা, কালা জ্বরের জীবাণুর বাহক বাঁদুর, ডেঙ্গু জ্বরের জীবাণুর বাহক এডিস মশা। ইনফ্লুয়েঞ্জা ভাইরাস সরাসরি বায়ুবাহিত হয়ে রোগীকে আক্রমণ করে। অর্থাৎ ইনফ্লুয়েঞ্জা ভেক্টর বাহিত নয়।

৭৭. হাইপার পাইরেক্সিয়ায় জ্বর কত আসে?

ক ১০৪° F এর বেশি খ ১০৬° F এর বেশি
গ ১০৩° F এর বেশি ঘ ১০০° F এর বেশি

ব্যাখ্যা: শরীরের তাপমাত্রা ১০৬°F-এর বেশি হলে তাকে হাইপার পাইরেক্সিয়া জ্বর বলে। এটি একটি জরুরি অবস্থা যখন তাৎক্ষণিক চিকিৎসা দরকার।

৭৮. কোনটি Water Soluble vitamin?

ক Vitamin C খ Vitamin A
গ Vitamin D ঘ Vitamin K

ব্যাখ্যা: পানিতে দ্রবণীয় ভিটামিন হলো– ভিটামিন সি ও বি কমপ্লেক্স (B_1, B_2, B_5, B_6, B_{12})। এছাড়া ফলিক এসিড, প্যানটোথেনিক এসিড ও বায়োটিন পানিতে দ্রবীভূত হয়।

৭৯. মানুষের দৈনিক খাদ্য তালিকায় সামুদ্রিক মাছের অন্তর্ভুক্তি যে রোগের প্রাদুর্ভাব কমাতে সাহায্য করে—

ক রিকেটস খ অস্টিও মাইলাইটিস
গ হাইপো-থাইরয়ডিজম ঘ আর্থাইটিস

ব্যাখ্যা: সামুদ্রিক মাছ খনিজ আয়োডিনের একটি বড় খাদ্য উৎস। থাইরয়েড গ্ল্যান্ডের কার্যক্রম ঠিক রাখতে আয়োডিনের প্রয়োজন। পরিমিত পরিমাণ আয়োডিন গ্রহণ করলে আয়োডিনের অভাবজনিত হাইপোথাইরয়েডিজম হতে পারে না।

৮০. অতিরিক্ত খাদ্য থেকে লিভারে সঞ্চিত সুগার হলো—

ক গ্লুকোজ খ গ্লাইকোজেন
গ আমিষ ঘ গ্যালাকটোজ

ব্যাখ্যা: অতিরিক্ত খাদ্য লিভারে সঞ্চিত হয়। প্রাণিদেহে লিভারে সঞ্চিত খাদ্যকে গ্লাইকোজেন বলে।

৮১. কোন ডালের সংগে ল্যাথাইরিজমের সম্পর্ক আছে—

ক মসুর খ মুগ গ খেসারী ঘ মাষকলাই

ব্যাখ্যা: একটানা দীর্ঘদিন খেসারি ডাল খেলে ল্যাথাইরিজম নামক পায়ের একটি রোগ হয়।

৮২. মানবদেহে ক্রোমোজোম সাধারণত কয় জোড়া থাকে?

ক ২৩ জোড়া খ ৪৬ জোড়া গ ২১ জোড়া ঘ ৪২ জোড়া

ব্যাখ্যা: মানবদেহে ক্রোমোজোম ২৩ জোড়া বা ৪৬টি। এদের মধ্যে ২২ জোড়া অটোজোম যা সব পুরুষ ও স্ত্রীলোকের মধ্যে একই। বাকি ১ জোড়া হলো সেক্স বা লিঙ্গ নির্ধারক ক্রোমোজোম যা স্ত্রী ও পুরুষ দেহে ভিন্ন ভিন্ন।

৮৩. স্ট্রোক শরীরের কোন অংশের রোগ?

ক মস্তিষ্ক খ যকৃত গ কিডনি ঘ প্লীহা

ব্যাখ্যা: স্ট্রোক হলো মস্তিষ্কের রোগ। কোনো কারণে মস্তিষ্কের রক্তবাহিকা (ধমনী বা শিরা) যদি ক্ষতিগ্রস্ত হয় বা ছিঁড়ে যায় বা প্রবাহের পথে রক্ত জমাট বেধে যায় তবে ঐ অবস্থাকে স্ট্রোক বলে। ম্যাচিভ স্ট্রোকের ক্ষেত্রে রোগী সাথে সাথেই মৃত্যুবরণ করতে পারে।

৮৪. ক্যালসিয়ামের প্রধান উৎস কি?

ক কলা খ আম গ দুধ ঘ মুরগি

ব্যাখ্যা: ক্যালসিয়াম বিভিন্ন রকম খাদ্যে কম বেশি পাওয়া যায়। তবে ক্যালসিয়ামের প্রধান উৎস দুধ।

৮৫. মানুষের শরীরে কত প্রকারের রক্ত কণিকা আছে?

ক তিন খ চার গ দুই ঘ পাঁচ

ব্যাখ্যা: রক্তে লোহিত, শ্বেত ও অনুচক্রিকা এ তিন ধরনের রক্ত কণিকা বিদ্যমান। এদের প্রত্যেকের কাজ সু-নির্দিষ্ট। লোহিত রক্ত কণিকা দেহকোষে অক্সিজেন ও সামান্য পরিমাণ কার্বন-ডাই-অক্সাইড পরিবহন করে। শ্বেত রক্ত কণিকার প্রধান কাজ জীবাণু প্রতিরোধ। অনুচক্রিকা রক্ত তঞ্চনে সাহায্য করে।

৮৬. In the sense of 'lack of rainfall', which of the following words is right.

ক draught খ drought
গ draft ঘ drauft

উত্তর

৭২	ক
৭৩	ক
৭৪	খ
৭৫	ক
৭৬	গ
৭৭	খ
৭৮	ক
৭৯	গ
৮০	খ
৮১	গ
৮২	ক
৮৩	ক
৮৪	গ
৮৫	ক
৮৬	খ

ব্যাখ্যা বৃষ্টিপাতের অভাবে যে প্রতিকূল অবস্থার সৃষ্টি হয় তা হলো drought (খরা)। আর draught অর্থ নকশা; draft অর্থ খসড়া আর drauft বলে কোনো শব্দ dictionary-তে নেই।

৮৭. A doctor who studies and treats diseases of the nerve is—

ⓚ a paediatrician ⓛ an oncologist
ⓜ a nephrologist ⓝ a neurologist

ব্যাখ্যা যে ডাক্তার স্নায়ু রোগ সম্পর্কে গবেষণা করে এবং স্নায়ু রোগের চিকিৎসা করে তাকে neurologist (স্নায়ুবিশারদ) বলে। অন্যদিকে paediatrician অর্থ শিশু চিকিৎসক; oncologist অর্থ ক্যান্সার বিশেষজ্ঞ আর nephrologist অর্থ কিডনী বিশেষজ্ঞ।

৮৮. The word 'beautify' is—

ⓚ a noun ⓛ an adverb
ⓜ a verb ⓝ an adjective

ব্যাখ্যা Beautify (সৌন্দর্যসাধন করা) শব্দটি হলো verb। অপরপক্ষে beautify-এর noun, adverb এবং adjective form যথাক্রমে beauty, beautifully এবং beautiful।

৮৯. Which of the following is a correct sentence?

ⓚ Ten miles are a long distance
ⓛ Ten miles are long distance
ⓜ Ten miles is long distance
ⓝ Ten miles is a long distance

ব্যাখ্যা দূরত্ব, সময় সব সময় singular verb নেয় এবং long distance-এর পূর্বে article 'a' বসবে। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

৯০. One who mends shoes is a—

ⓚ carpenter ⓛ butcher
ⓜ cobbler ⓝ potter

ব্যাখ্যা যে ব্যক্তি জুতা মেরামত করে তাকে cobbler (মুচি) বলে। Option-এর বাকি তিনটি শব্দ carpenter (কাঠের মিস্ত্রী); butcher (কসাই) এবং potter (কুলি)।

৯১. The English translation of 'আমরা না হেসে পারলাম না' is—

ⓚ We did nothing but laugh
ⓛ We laughed and did nothing
ⓜ We could not but laugh
ⓝ We did not laugh but could not do anything

ব্যাখ্যা না করে পারলাম না; না হেসে পারলাম না ইত্যাদির ক্ষেত্রে could not but ব্যবহার হয় এবং এরপর verb-এর present form ব্যবহৃত হয়। সুতরাং সঠিক উত্তর we could not but laugh।

৯২. Find out the correct sentence.

ⓚ More you read more you learn
ⓛ The more you read more you learn
ⓜ More you read, the more you learn
ⓝ The more you read the more you learn

ব্যাখ্যা Double Comparative বাক্যের সঠিক হলো the + comparative + subject + verb, the + comparative + subject + verb আর এদিক দিয়ে একমাত্র সঠিক বাক্য হলো (ঘ)।

৯৩. The book 'A Tale of Two Cities' is written by—

ⓚ Thomas Hardy ⓛ Charles Dickens
ⓜ Jonathan swift ⓝ George Orwell

ব্যাখ্যা 'A Tale of Two Cities' বইটির লেখক Charles Dickens। উপন্যাসটিতে Charles Dickens ইউরোপে অবস্থিত দুটি বিখ্যাত শহর লন্ডন এবং প্যারিসের বর্ণনা তুলে ধরেছেন।

৯৪. Who of the following is known as a dramatist?

ⓚ William Wordsworth ⓛ William Shakespeare
ⓜ John Keats ⓝ P.B. Shelley

ব্যাখ্যা William Shakespeare dramatist হিসেবে পরিচিত। তাকে English drama-এর জনক বলা হয়।

৯৫. To complete the sentence 'A businessman has set— this school', we need—

ⓚ down ⓛ up ⓜ for ⓝ out

ব্যাখ্যা Set up অর্থ স্থাপন করা। শূন্যস্থানে up বসালে বাক্যটির বাংলা হয় একজন ব্যবসায়ী এই স্কুলটি প্রতিষ্ঠা করেছে। তাছাড়া set down অর্থ যানবাহন থেকে নামা; set for বলে কোনো phrasal verb নেই আর set out অর্থ যাত্রা করা।

৯৬. The phrase 'at the out set' means—

ⓚ In the end ⓛ In the middle
ⓜ At the beginning ⓝ Before the end

ব্যাখ্যা At the out set অর্থ প্রারম্ভ অর্থাৎ at the beginning।

৯৭. Which of the following is not a singular number?

ⓚ analysis ⓛ poetry
ⓜ cattle ⓝ alms

ব্যাখ্যা Analysis, poetry, alms শব্দগুলো singular কিন্তু cattle শব্দটি plural যার অর্থ গবাদিপশু।

৯৮. Which of the following is a common gender?

ⓚ prince ⓛ ewe
ⓜ spouse ⓝ mare

ব্যাখ্যা Common gender হলো সেই gender যার দ্বারা স্ত্রী-পুরুষ উভয়কে বোঝায়। Spouse অর্থ স্বামী অথবা স্ত্রী। অপরদিকে prince (রাজকুমার) হলো masculine gender; ewe (ভেড়ি) ও mare (ঘোটকী) উভয়ই হলো feminine gender.

৯৯. The antonym of the word 'smooth' is—

ⓚ hard ⓛ rough
ⓜ sharp ⓝ plain

ব্যাখ্যা Smooth (মসৃণ)-এর বিপরীত শব্দ হলো rough (এবড়ো থেবড়ো; অমসৃণ)। অপরদিকে hard কঠোর; sharp অর্থ ধারালো এবং plain অর্থ সমতল।

১০০. Which of the following has the correct spelling?

ⓚ Crucial ⓛ Crutial
ⓜ Crustial ⓝ Crusial

ব্যাখ্যা Option গুলোর মধ্যে correct spelling যুক্ত word হলো crucial যার অর্থ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

উত্তর

৮৭	ঘ
৮৮	গ
৮৯	ঘ
৯০	গ
৯১	গ
৯২	ঘ
৯৩	খ
৯৪	খ
৯৫	খ
৯৬	গ
৯৭	গ
৯৮	গ
৯৯	খ
১০০	ক

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিসংখ্যান কর্মকর্তা ২০১৭

পরীক্ষার তারিখ : ২৫.০৮.২০১৭; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট নম্বর : ৩; কোড নাম : শাপলা

[মোট প্রশ্ন ১০০ (একশত) টি। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১(এক) নম্বর পাবেন; তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।]

১. সোনায় মরিচা ধরে না কেন?

ক সোনা সক্রিয় ধাতু খ সোনা উজ্জ্বল ধাতু
গ সোনা অনেকটা নিষ্ক্রিয় ধাতু ঘ সোনা মূল্যবান ধাতু

ব্যাখ্যা *লোহা বা লোহা জাতীয় পদার্থকে আর্দ্র বাতাসে উন্মুক্ত স্থানে দীর্ঘদিন রেখে দিলে ঐ পদার্থের ওপরে বাদামি বর্ণের একটি আস্তরণ পড়ে। একে মরিচা ($nH_2O.Fe_2O_3$) বলে। মূলত লোহা বা লোহা জাতীয় পদার্থ বাতাসের জলীয় বাষ্প ও অক্সিজেনের সাথে আর্দ্র ফেরিক অক্সাইড উৎপন্ন করে। সোনা একটি বিশুদ্ধ মৌলিক পদার্থ, যা সাধারণ অবস্থায় কোনো মৌলের সাথে বিক্রিয়া করে না অর্থাৎ সোনায় মরিচা ধরে না।*

২. কোনটি থেকে পাটের সোনালী আঁশ পাওয়া যায়?

ক জাইলেম তন্তু খ ক্লোয়েম তন্তু
গ কোলেন কাইমা ঘ স্কেরেন কাইমা

[Note : পাটের আঁশ এক ধরনের বাস্ট ফাইবার। ফ্লোয়েম, পেরিসাইকল ও কর্টেক্স ফাইবারকে বাস্ট ফাইবার বলে। সঠিক উত্তর ফ্লোয়েম তন্তু, যা অপশনে নেই।]

৩. প্রাণী কোন প্রক্রিয়ায় CO_2 তৈরি করে?

ক শ্বসন খ রেচন গ ব্যাপন ঘ অভিস্রবন

ব্যাখ্যা *যে জৈব রাসায়নিক প্রক্রিয়ায় জীব কোষের জটিল জৈব যৌগসমূহ জারিত হয়ে সরল যৌগে পরিণত হয় এবং স্থিতিশক্তি রূপান্তরিত হয়ে গতিশক্তিতে পরিণত হয় তাই শ্বসন। এ সময় উপজাত হিসেবে কার্বন ডাই-অক্সাইড ও পানি নির্গত হয়।*

৪. ভূমিকম্পের তীব্রতা মাপার যন্ত্রের নাম কি?

ক ভার্নিয়ার স্কেল খ রিকটার স্কেল
গ মিটার স্কেল ঘ ডিজোষ্টার স্কেল

ব্যাখ্যা *রিকটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা পরিমাপ করা হয়। ১ মিলিমিটারের চেয়ে ছোট বস্তুর দৈর্ঘ্য পরিমাপ করার জন্য ভার্নিয়ার স্কেল ব্যবহার করা হয়। কোনো কিছুর দৈর্ঘ্য পরিমাপের জন্য মিটার স্কেল ব্যবহৃত হয়।*

৫. দুধের রঙ সাদা হয় কেন?

ক শর্করার জন্য খ প্রোটিনের জন্য
গ চর্বির জন্য ঘ কোনোটিই নয়

ব্যাখ্যা *দুধের রং সাদা হয় এক ধরনের ক্যাসিনের জন্য। আর ক্যাসিন হলো এক ধরনের প্রোটিন। দুধ সাদা হওয়ার আরোও অবদান রাখে ক্রিম।*

৬. মডেম হচ্ছে—

ক সহায়ক স্মৃতি খ সিপিইউ এর অংশ
গ তথ্য আদান প্রদানের যন্ত্র ঘ উন্নতমানের প্রিন্টার

ব্যাখ্যা *মডেম হচ্ছে এক ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস, যা একই সাথে মডুলেশন ও ডিমডুলেশনের কাজ করে মডুলেশন হলো ডিজিটাল সিগন্যালকে এনালগে পরিণত করা এবং ডিমডুলেশন হলো এনালগ সিগন্যালকে ডিজিটাল সিগন্যালে পরিণত করা।*

৭. কোন সংখ্যার $\frac{১}{২}$ অংশের সাথে ৬ যোগ করলে সংখ্যাটির $\frac{২}{৩}$ অংশ হবে। সংখ্যাটি কত?

ক ৫৩ খ ৩৬
গ ৬৩ ঘ ৩৫

ব্যাখ্যা *ধরি, সংখ্যাটি x*

$$x \text{ এর } \frac{১}{২} + ৬ = x \text{ এর } \frac{২}{৩}$$

$$\Rightarrow \frac{x}{২} + ৬ = \frac{২x}{৩}$$

$$\Rightarrow \frac{২x}{৩} - \frac{x}{২} = ৬$$

$$\Rightarrow \frac{৪x - ৩x}{৬} = ৬$$

$$x = ৩৬$$

৮. সেরিকালচার বলতে কি বুঝায়?

ক পাখি পালন বিদ্যা খ মৌমাছি পালন বিজ্ঞান
গ রেশম চাষ ঘ উদ্যান বিদ্যা

ব্যাখ্যা *সেরিকালচার বলতে রেশম চাষ বিদ্যাকে বুঝায়। বাংলাদেশে রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট অবস্থিত রাজশাহীতে পাখি পালন, মৌমাছি পালন এবং উদ্যান পালন বিদ্যাকে বলে যথাক্রমে এভিকালচার, এপিকালচার এবং হর্টিকালচার।*

৯. ৫% হারে ২০ বছরের সুদ ২৫০ টাকা হলে, আসল—

ক ২৫০ টাকা খ ৩০০ টাকা
গ ৩৫০ টাকা ঘ ৪০০ টাকা

ব্যাখ্যা *ধরি, আসল p টাকা*

সরল মুনাফার ক্ষেত্রে $I = prn$

$$\Rightarrow ২৫০ = p \times ২০ \times \frac{৫}{১০০}$$

$$p = ২৫০$$

১০. জনির আয় ও ব্যায়ের অনুপাত ২০ ঃ ১৫ হলে তার মাসিক সঞ্চয় আয়ের শতকরা কত ভাগ?

ক ২৫% খ ২০%
গ ১৫% ঘ ৩০%

উত্তর

১	গ
২	Note
৩	ক
৪	খ
৫	খ
৬	গ
৭	খ
৮	গ
৯	ক
১০	ক

www.boighar.com

ব্যাখ্যা *ধরি, জনির আয় ২০x টাকা*
" ব্যয় ১৫x টাকা
" সঞ্চয় (২০x − ১৫x) = ৫x
সঞ্চয়, আয়ের $\left(\frac{৫x}{২০x} \times ১০০\right)\% = ২৫\%$

১১. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ ব্যতীত অপর একটি কোণের মান 60° হলে, অপর কোণটি—
ক 30° খ 45°
গ 60° ঘ 50°

ব্যাখ্যা *অপর কোণটি* $= 180° - (90° + 60°)$
$= 180° - 150° = 30°$

১২. বৃত্তস্থ সামান্তরিক একটি—
ক বর্গক্ষেত্র খ ট্রাপিজিয়াম
গ রম্বস ঘ আয়তক্ষেত্র

ব্যাখ্যা



বৃত্তস্থ তথা বৃত্তে অন্তর্লিখিত সামান্তরিক একটি আয়তক্ষেত্র।

১৩. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?
ক 4 খ 9
গ 12 ঘ 27

ব্যাখ্যা *বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল* $(3)^2$ *বা 9 গুণ বৃদ্ধি পাবে।*

১৪. সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামান্তরিকটি হবে—
ক আয়তক্ষেত্র খ বর্গক্ষেত্র
গ রম্বস ঘ ট্রাপিজিয়াম

ব্যাখ্যা *সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে, সামান্তরিক আয়তক্ষেত্র হবে।*

১৫. কোনটিতে নিউট্রন নেই?
ক হাইড্রোজেন খ অক্সিজেন
গ কার্বন ঘ ক্লোরিন

ব্যাখ্যা *হাইড্রোজেনের পারমাণবিক সংখ্যা 1। হাইড্রোজেনের একটি মাত্র ইলেক্ট্রন আছে। এর কেন্দ্রে কোনো নিউট্রন নেই। কার্বনের কেন্দ্রে নিউট্রন সংখ্যা 6, অক্সিজেনের কেন্দ্রে নিউট্রন সংখ্যা 8, এবং ক্লোরিনের কেন্দ্রে নিউট্রন সংখ্যা 18।*

১৬. কোন রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা কম?
ক হলুদ খ সাদা
গ কালো ঘ বেগুনি

ব্যাখ্যা *কালো রঙের বস্তু বা কাপড়ের তাপ শোষণ ক্ষমতা সবচেয়ে বেশি। কালো রঙের কাপড় তাপ বিকিরণ করতে পারে না। সাদা রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা সবচেয়ে কম। কারণ সাদা রঙের বস্তু তার উপর আপতিত প্রায় সমস্ত আলো বা তাপ বিকিরণ করে। ফলে গরমের সময় সাদা কাপড় পরলে আরাম লাগে।*

১৭. ডালে কোন খাদ্য উপাদান বেশি থাকে?
ক শর্করা খ আমিষ
গ তেল ঘ খনিজ লবণ

ব্যাখ্যা *ডালে আমিষের উপাদান বেশি থাকে। গম, আলু, চাল ইত্যাদি থেকে আমরা শর্করা পাই। ঘি, তেল, মাখনে আমরা স্নেহ জাতীয় উপাদান পাই। খনিজ লবণ দেহ গঠন ও দেহের অভ্যন্তরীণ কাজ নিয়ন্ত্রণ করে। হাড়, দাঁত, পেশি, এনজাইম ও হরমোন গঠনের জন্য খনিজ লবণ একটি অপরিহার্য খাদ্য উপাদান।*

১৮. কোনো মূলধন ১০ বছরে দ্বিগুণ হয়। ঐ মূলধন তিনগুণ হবে কত বছরে?
ক ১২ খ ১৫ খ ২০ ঘ ৩০

ব্যাখ্যা *ধরি, মূলধন* $p = x$ *টাকা*
মুনাফা-মূলধন $= 2x$ *টাকা*
মুনাফা $= (2x - x) = x$ *টাকা*
$I = pnr$
$\Rightarrow x = x \times ১০ \times r$
$\therefore r = \frac{১}{১০}$

আবার, মুনাফা-মূলধন 3x টাকা
মুনাফা $(3x - x) = 2x$ *টাকা*
$I_১ = p_১ n_১ r$
$\Rightarrow 2x = x \times n_১ \times \frac{১}{১০}$
$\therefore n_১ = ২০$ *বছর*

১৯. পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ৩৭ বছর। আবার পিতা ও পুত্রের বয়সের গড় ৩৫ বছর। মাতার বয়স কত?
ক ৩৮ বছর খ ৪৮ বছর
গ ৪১ বছর ঘ ৪৫ বছর

ব্যাখ্যা *পিতা, মাতা ও পুত্রের বয়সের সমষ্টি* (3×৩৭) *বছর* $= ১১১$
পিতা ও পুত্রের (2×৩৫) *" * $= ৭০$
মাতার বয়স $= (১১১ - ৭০)$ *বছর* $= ৪১$ *বছর*

২০. $\log_3\left(\frac{1}{9}\right) = ?$
ক 2 খ −2
গ 3 ঘ −3

ব্যাখ্যা $\log_3\left(\frac{1}{9}\right) = \log_3\left(\frac{1}{3^2}\right) = \log_3 3^{-2} = -2 \times \log_3 3$
$= (-2 \times 1) = -2$

২১. 11, 15, 23, 39 ..... ক্রমটির পরবর্তী সংখ্যা কত ?
ক 45 খ 55 গ 71 ঘ 81

ব্যাখ্যা *ধারা : 11 15 23 39 71*
অন্তর : 4 8 16 32
ধারাটির পরবর্তী পদ $= 39 + 32 = 71$

উত্তর

১১	ক
১২	ঘ
১৩	খ
১৪	ক
১৫	ক
১৬	খ
১৭	খ
১৮	গ
১৯	গ
২০	খ
২১	গ

২২. $x - y = 3$ এবং $xy = 10$ হলে, $(x + y)^2$ এর মান—

ক 49 খ –29 গ –1 ঘ 0

ব্যাখ্যা $(x+y)^2 = (x-y)^2 + 4xy = (3)^2 + 4 \times 10 = 9 + 40 = 49$

২৩. $a - \frac{1}{a} = 4$ হলে, $a^3 - \frac{1}{a^3}$ এর মান—

ক 48 খ 76 গ 80 ঘ 96

ব্যাখ্যা $a^3 - \frac{1}{a^3} = \left(a - \frac{1}{a}\right)^3 + 3.a.\frac{1}{a}\left(a - \frac{1}{a}\right)$

$= (4)^3 + 3.4 = 64 + 12 = 76$

২৪. $a + b = 5$ এবং $a - b = 3$ হলে, ab এর মান—

ক 2 খ 3 গ 4 ঘ 5

ব্যাখ্যা $4ab = (a+b)^2 - (a-b)^2 = (5)^2 - (3)^2 = 25 - 9$

$\Rightarrow 4ab = 16$

$ab = 4$

২৫. a এর মান কত হলে, $4x^2 - ax + 9$ একটি পূর্ণবর্গ হবে?

ক 10 খ 12 গ 14 ঘ 16

ব্যাখ্যা $4x^2 - ax + 9 = (2x)^2 - 2.2x.3 + (3)^2 - ax + 12x$

$= (2x-3)^2 - ax + 12x$

$4x^2 - ax + 9$ পূর্ণবর্গ হবে যদি $-ax + 12x = 0$

$\Rightarrow ax = 12x$

$a = 12$

২৬. ১৯৭১ সনের কত তারিখে মুজিবনগরে বাংলাদেশের অস্থায়ী সরকার গঠিত হয়?

ক ৭ মার্চ ১৯৭১ খ ১৬ ডিসেম্বর ১৯৭১
গ ২৬ মার্চ ১৯৭১ ঘ ১০ এপ্রিল ১৯৭১

ব্যাখ্যা *১৯৭০ সালের ৭ ডিসেম্বর অনুষ্ঠিত জাতীয় পরিষদের নির্বাচনে বিজয়ী সদস্যগণ ১০ এপ্রিল ১৯৭১ ভারতের আগরতলায় একত্র হয়ে একটি সরকার গঠন করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্তে উপনীত হন। এ সরকারই স্বাধীন সার্বভৌম 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার' বা স্বাধীন বাংলাদেশের অস্থায়ী সরকার।*

২৭. নিম্নের কোন সংস্থাটি ২১ শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দিয়েছে?

ক UNDP খ UNESCO
গ UNICEF ঘ UNCTAD

ব্যাখ্যা *২১ ফেব্রুয়ারি হলো আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ১৯৫২ সালের এ দিনে রফিক, সালাম, বরকত, জব্বার, শফিউর প্রমুখ বুকের তাজা রক্ত রাজপথে ঢেলে দিয়ে মাতৃভাষা বাংলাকে রাষ্ট্রীয় ভাষার দাবি জানায়। ইতিহাসে এসব শহিদদের অবদানকে স্মরণীয় রাখতে জাতিসংঘের ইউনেস্কো ১৯৯৯ সালের ১৭ নভেম্বরে বাংলাকে আন্তর্জাতিক মাতৃভাষা হিসেবে ঘোষণা করে। যা ২০০০ সাল থেকে বিশ্বব্যাপী ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হয়ে আসছে।*

২৮. বাংলাদেশ ও বার্মার সীমান্তবর্তী নদী কোনটি?

ক কর্ণফুলী খ গোমতী
গ নাফ ঘ মেঘনা

ব্যাখ্যা *বাংলাদেশ ও মিয়ানমারের (পূর্ব নাম বার্মা) সীমান্তবর্তী নদী নাফ (Naf)। কক্সবাজার জেলার সর্ব দক্ষিণ-পূর্ব কোণ দিয়ে প্রবাহিত, প্রলম্বিত খাড়ি সদৃশ নাফ নদী মিয়ানমারের আরাকান আর বাংলাদেশের কক্সবাজার জেলাকে বিভক্ত করেছে।*

২৯. 'মাদিবা' কোন বিশ্বনেতার ডাক নাম?

ক ফিদেল কাস্ট্রো খ মাহাথির মোহাম্মদ
গ ওবামা ঘ নেলসন ম্যান্ডেলা

ব্যাখ্যা *নেলসন ম্যান্ডেলা ছিলেন বিশ্বের সবচেয়ে জনপ্রিয় এবং আকর্ষণীয় রাষ্ট্রনায়কদের একজন, যিনি দক্ষিণ আফ্রিকায় বর্ণবাদের অবসান ঘটিয়ে বহু বর্ণভিত্তিক গণতন্ত্র প্রতিষ্ঠার সংগ্রামে নেতৃত্ব দিয়েছিলেন। বিখ্যাত এ ব্যক্তি বিভিন্ন সময়ে ৬টি ডাকনামে (নেলসন, মাদিবা, রোলিহ্লাহ্লা, টাটা, ডালিভুঙ্গা ও খুলু) পরিচিতি লাভ করলেও, তিনি দেশটিতে সবচেয়ে বেশি পরিচিত 'মাদিবা' নামে।*

৩০. বাংলাদেশের সেন্টমার্টিন দ্বীপ কোন জেলায় অবস্থিত?

ক ভোলা খ নোয়াখালী
গ চট্টগ্রাম ঘ কক্সবাজার

ব্যাখ্যা *কক্সবাজার জেলার সেন্টমার্টিন দ্বীপ বাংলাদেশের সর্ব দক্ষিণ-পূর্বে অবস্থিত। সেন্টমার্টিন দ্বীপের অপর নাম 'নারিকেল জিঞ্জিরা'। এটি বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ।*

৩১. মুক্তিযুদ্ধে অবদান রাখার জন্য সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব কোনটি?

ক বীর উত্তম খ বীর বিক্রম
গ বীরশ্রেষ্ঠ ঘ বীর প্রতীক

ব্যাখ্যা *মুক্তিযোদ্ধাদের সম্মানসূচক সর্বোচ্চ খেতাব হলো বীরশ্রেষ্ঠ। বাংলাদেশের মুক্তিযুদ্ধে অসামান্য অবদান রাখায় ৭ জন ব্যক্তিকে বীরশ্রেষ্ঠ খেতাব দেয়া হয়। দ্বিতীয় সর্বোচ্চ সম্মানসূচক খেতাব বীরউত্তম প্রাপ্ত হলেন ৬৮ জন, তৃতীয় সর্বোচ্চ সম্মানসূচক খেতাব বীরবিক্রম প্রাপ্ত হলেন ১৭৫ জন এবং চতুর্থ সর্বোচ্চ সম্মানসূচক খেতাব বীরপ্রতীক প্রাপ্ত হলেন ৪২৬ জন। এভাবে মোট ৬৭৬ জন মুক্তিযোদ্ধাকে সম্মানসূচক বিভিন্ন খেতাবে ভূষিত করা হয়।*

৩২. বাংলাদেশের জনগণ জাতি হিসেবে কি নামে পরিচিত?

ক বঙ্গবাসী খ বাঙ্গালী
গ বাঙ্গাল ঘ বাংলাদেশী

ব্যাখ্যা *গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬(২) অনুচ্ছেদে বলা হয়েছে "বাংলাদেশের জনগণ জাতি হিসেবে বাঙালি এবং নাগরিকগণ বাংলাদেশী বলে পরিচিত হবেন"।*

৩৩. ইলিশের বাড়ি কোন জেলাকে বলা হয়?

ক ভোলা খ বরিশাল
গ চাঁদপুর ঘ রাজবাড়ী

উত্তর

২২	ক
২৩	খ
২৪	গ
২৫	খ
২৬	ঘ
২৭	খ
২৮	গ
২৯	ঘ
৩০	ঘ
৩১	গ
৩২	খ
৩৩	গ

ব্যাখ্যা: সরকারের জেলা ব্রান্ডিং কার্যক্রমের অংশ হিসেবে ২০১৫ সালে 'চাঁদপুর সিটি অব হিলসা' নামকরণ করে বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ে পাঠানো হয়। শিল্পী হাশেম খান এর লোগো তৈরি করে দেন এবং লোগোর লেখাটি বাংলায় অনুবাদ করে লেখা হয় 'ইলিশের বাড়ি চাঁদপুর'।

৩৪. বাংলাদেশের প্রথম ডিজিটাল শহর কোনটি?

ক) কিশোরগঞ্জ খ) ফরিদপুর
গ) সিলেট ঘ) পাবনা

ব্যাখ্যা: দেশের প্রথম 'ডিজিটাল সিটি' হচ্ছে সিলেট। এ উপলক্ষে 'ডিজিটাল সিলেট সিটি' শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। এ প্রকল্পটি বাস্তবায়িত হলে বিদ্যুৎ, পানি ও গ্যাস বিল, ট্যাক্স পরিশোধ সবই করা যাবে অনলাইনে। এসব ছাড়াও সরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে কখন কোন ডাক্তার বসেন, হাসপাতালে কতটি সিট খালি আছে প্রভৃতি সম্পর্কে ঘরে বসেই জানতে পারবে নগরবাসী।

৩৫. উয়ারি-বটেশ্বর কিসের জন্য প্রসিদ্ধ?

ক) মন্দির খ) ' ন্থান
গ) প্রাচীন বিহার ঘ) ·সজিদ

ব্যাখ্যা: উয়ারি-বটেশ্বর বাংলাদেশের গুরুত্বপূর্ণ প্রত্নস্থান। নরসিংদীর বেলাব উপজেলা থেকে প্রায় তিন কিলোমিটার পশ্চিমে অবস্থিত উয়ারি এবং বটেশ্বর গ্রাম দুটি ছাপাঙ্কিত রোপ্যমুদ্রার প্রাপ্তিস্থান হিসেবে দীর্ঘদিন থেকে পরিচিত। ১৯৩৩ সালের ডিসেম্বরে উয়ারি গ্রামের শ্রমিকরা মাটি খননকালে একটি পাত্রে সঞ্চিত মুদ্রাভাণ্ডার পায়। স্থানীয় স্কুল শিক্ষক মুহম্মদ হানিফ পাঠান সেখান থেকে ২০-৩০ টি (বঙ্গভারতীয় প্রাচীনতম রোপ্যমুদ্রা) সংগ্রহ করে। এ ছিল উয়ারি-বটেশ্বরের প্রত্নতাত্ত্বিক নিদর্শন সংগ্রহের প্রথম চেষ্টা।

৩৬. অপরাজেয় বাংলা ভাস্কর্যটি কোথায় অবস্থিত?

ক) রাজশাহী বিশ্ববিদ্যালয় খ) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
গ) ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ) খুলনা বিশ্ববিদ্যালয়

ব্যাখ্যা: 'অপরাজেয় বাংলা' ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন চত্বরে অবস্থিত। দেশের সর্বস্তরের মানুষের স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণের প্রতীকী প্রকাশ 'অপরাজেয় বাংলা' উদ্বোধন করা হয় ১৬ ডিসেম্বর ১৯৭৯। এর স্থপতি সৈয়দ আব্দুল্লাহ খালেদ।

৩৭. বাংলাদেশের হোয়াইট গোল্ড কি?

ক) ইলিশ খ) রূপচাঁদা
গ) পাবদা ঘ) চিংড়ি

ব্যাখ্যা: বাংলাদেশ চিংড়ি মাছ রপ্তানি করে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করে। এ জন্য বাংলাদেশের চিংড়ি সম্পদকে 'White gold' বলা হয়। অন্যদিকে, ইলিশ বাংলাদেশের দ্বিতীয় GI পণ্য।

৩৮. আল আকসা মসজিদ কোথায় অবস্থিত?

ক) প্যালেস্টাইন খ) জেরুজালেম
গ) গাজা উপত্যকা ঘ) জর্ডান সীমান্ত

ব্যাখ্যা: আল-আকসা (মসজিদুল আকসা বা বাইতুল মুকাদ্দাস) ইসলামের তৃতীয় পবিত্রতম মসজিদ। এটি অবস্থিত জেরুজালেমের (বর্তমানে ইসরাইলের অধীন) পুরনো শহরে। মিরাজের সময় রাসূল (স) এখানে অবতরণ করেন এবং সকল নবীর ইমাম হয়ে নামায আদায় করেন।

৩৯. বিশ্বের বৃহত্তম ফুটবল স্টেডিয়াম কোথায় অবস্থিত?

ক) বেইজিং, চীন খ) মারকানা, ব্রাজিল
গ) ইডেন গার্ডেন, কলকাতা ঘ) আজটেক, মেক্সিকো

[Note : বিশ্বের বৃহত্তম ফুটবল স্টেডিয়াম রংগ্রোডা মে ডে স্টেডিয়াম, পিয়ং ইয়ং, উত্তর কোরিয়া।]

৪০. কোন তারিখে বাংলাদেশের জাতীয় দিবস পালন করা হয়?

ক) ১৬ ডিসেম্বর খ) ২৬ মার্চ
গ) ৭ মার্চ ঘ) ১৭ এপ্রিল

ব্যাখ্যা: ১৯৭১ সালের ২৬ মার্চ প্রথম প্রহরে (রাত ১২.২০ মিনিট) বঙ্গবন্ধু গ্রেফতার হওয়ার পূর্বে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। সেই দিনটিকে স্মরণ করেই ১৯৮০ সালের ৩ অক্টোবর রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সরকার দিনটিকে জাতীয় ও স্বাধীনতা দিবস হিসেবে ঘোষণা করে।

৪১. বাংলাদেশের রণসঙ্গীতের রচয়িতা কে?

ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) কাজী নজরুল ইসলাম
গ) শাহ আব্দুল করিম ঘ) জসীমউদ্‌দীন

ব্যাখ্যা: বাংলাদেশের রণসঙ্গীতের রচয়িতা কাজী নজরুল ইসলাম। এটি ১৯২৮ সালে 'শিখা' পত্রিকার দ্বিতীয় বার্ষিক সংখ্যায় 'নতুনের গান' শিরোনামে প্রকাশিত হয়। পরে এর নাম হয় 'চল্ চল্ চল্'। এটি তার 'সন্ধ্যা' কাব্যের অন্তর্গত।

৪২. রেডক্রসের সদর দপ্তর কোথায় অবস্থিত?

ক) প্যারিস খ) লন্ডন
গ) জেনেভা ঘ) নিউইয়র্ক

ব্যাখ্যা: ২৪ জুন ১৮৫৯ ইতালির 'সলফেরিনো' নামক স্থানে ফ্রান্স ও অস্ট্রিয়ার মধ্যে ভয়াবহ যুদ্ধের প্রেক্ষাপটে প্রতিষ্ঠিত হয় আন্তর্জাতিক রেডক্রস। এর প্রতিষ্ঠা সাল ৯ ফেব্রুয়ারি ১৮৬৩। এই সেবা সংস্থাটির সদর দপ্তর জেনেভায়। এছাড়া ILO, ITU, WMO, WIPO, WHO, WTO, UNHCR, UNCTAD, ITC, UNITAR প্রভৃতি সংস্থার সদর দপ্তরও জেনেভায় অবস্থিত। কমনওয়েলথ, IMO, অক্সফাম ইন্টারন্যাশনাল, অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের সদর দপ্তর যুক্তরাজ্যের লন্ডনে অবস্থিত।

৪৩. জুলিয়াস সীজার কেন বিখ্যাত?

ক) ব্রিটেনের রাজা হিসেবে খ) রোমান সম্রাট হিসেবে
গ) বর্ণবাদ বিরোধী হিসেবে ঘ) আমেরিকার প্রেসিডেন্ট হিসেবে

ব্যাখ্যা: রোমান সম্রাট ও রোমান প্রজাতন্ত্রের একনায়ক হিসেবে খ্যাত জুলিয়াস সীজার খ্রিস্টপূর্ব ১০০ অব্দে রোমের Subura নামক স্থানে জন্মগ্রহণ করেন। এছাড়া তিনি ভিন্ন ধারার ল্যাটিন গদ্য রচনাতেও ছিলেন অগ্রগণ্য। তিনি খ্রিস্টপূর্ব ৪৪ অব্দে মারা যান।

উত্তর

৩৪	গ
৩৫	খ
৩৬	গ
৩৭	ঘ
৩৮	খ
৩৯	Note
৪০	খ
৪১	খ
৪২	গ
৪৩	খ

৪৪. পৃথিবীর সর্বাপেক্ষা বেশী গম উৎপাদনকারী দেশ কোনটি?
ক কানাডা খ যুক্তরাষ্ট্র
গ চীন ঘ যুক্তরাজ্য
ব্যাখ্যা বিশ্বের গম উৎপাদনে শীর্ষ দেশ চীন। এর পরের অবস্থানে রয়েছে যথাক্রমে ভারত, যুক্তরাষ্ট্র, রাশিয়া, কানাডা ও অস্ট্রেলিয়া। অন্যদিকে গম রপ্তানিতে শীর্ষ দেশ যুক্তরাষ্ট্র এবং দ্বিতীয় কানাডা। আর বিশ্বে গম আমদানিতে শীর্ষ দেশ মিসর এবং দ্বিতীয় জাপান।

৪৫. কমনওয়েলথের কোন দেশটি যুক্তরাজ্যের রাজা ও রানিকে তাদের রাষ্ট্রপ্রধান হিসেবে স্বীকার করেন?
ক সাইপ্রাস খ কানাডা
গ অস্ট্রেলিয়া ঘ মরিসাস
ব্যাখ্যা যুক্তরাজ্যের রাষ্ট্রপ্রধান রানি দ্বিতীয় এলিজাবেথ যুক্তরাজ্য ছাড়াও আরো ১৫টি কমনওয়েলথভুক্ত দেশের রাষ্ট্রপ্রধান। দেশগুলো হলো– অ্যান্টিগুয়া অ্যান্ড বারবুডা, অস্ট্রেলিয়া, বাহামা, বার্বাডোস, বেলিজ, কানাডা, গ্রানাডা, জ্যামাইকা, নিউজিল্যান্ড, পাপুয়া নিউগিনি, সেন্ট কিটস অ্যান্ড নেভিস, সেন্ট লুসিয়া, সেন্ট ভিনসেন্ট অ্যান্ড গ্রানাডাইন্স, সলোমন দ্বীপপুঞ্জ এবং ট্যুভালু।

৪৬. কাতারের সাথে কোন দেশ সম্পর্ক ছিন্ন করেছে?
ক লিবিয়া খ জর্ডান
গ ইরান ঘ বাহরাইন
ব্যাখ্যা কোনো ধরনের পূর্বঘোষণা ছাড়াই আকস্মিকভাবে ৫ জুন ২০১৭ বাহরাইন প্রথম কাতারের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে। পরবর্তীতে একই ধরনের ঘোষণা দেয় সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, মিসর, ইয়েমেন, লিবিয়া এবং দক্ষিণ এশিয়ার দেশ মালদ্বীপ।

৪৭. মুজিবনগর কোন জেলায় অবস্থিত?
ক যশোহর খ চুয়াডাঙ্গা
গ মেহেরপুর ঘ দিনাজপুর
ব্যাখ্যা ১৯৭১ সালের ১০ এপ্রিল (বৃহত্তর কুষ্টিয়া) বর্তমান মেহেরপুর জেলার মুজিবনগরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সরকার গঠন করা হয়। ১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগর) আমবাগানে এ সরকারের আনুষ্ঠানিক শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়।

৪৮. বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত শিলাইদহ কোন জেলায়?
ক রাজশাহী খ কুষ্টিয়া
গ ঢাকা ঘ কুমিল্লা
ব্যাখ্যা বর্তমান কুষ্টিয়া জেলার কুমারখালি উপজেলাধীন পদ্মার দক্ষিণ তীরে পাবনা শহরের বিপরীতে শিলাইদহ কুঠিবাড়ির অবস্থান। শিলাইদহ পূর্বে খোরশেদপুর নামে পরিচিত ছিল। গড়াই এবং পদ্মা নদীর মিলিত প্রবাহের ফলে সৃষ্ট গভীর একটি 'দহ' (ঘূর্ণিস্রোত) থেকে গ্রামটি শেলী-দহ নামে পরিচিতি লাভ করেছিল। কালক্রমে তা শিলাইদহ-এ পরিণত হয়।

৪৯. SAARC এর বর্তমান সদস্য দেশ কয়টি?
ক ৭টি খ ৯টি
গ ৮টি ঘ ৬টি
ব্যাখ্যা SAARC-ভুক্ত দেশ ৮টি। দেশগুলো হলো— বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, ভুটান, মালদ্বীপ, নেপাল ও আফগানিস্তান।

৫০. শ্যামদেশ কোন দেশের পুরাতন নাম?
ক মিশর খ ইরান
গ ইরাক ঘ থাইল্যান্ড
ব্যাখ্যা থাইল্যান্ডের পূর্বনাম শ্যামদেশ (Sayam)। রাজা প্রথম রমা ১৭৮২ সালে 'শ্যামদেশ' নামকরণ করেন। তবে ১৯৩৯ সালে দেশটির নাম পরিবর্তন করে থাইল্যান্ড রাখা হয়। অন্যদিকে ইরানের পুরাতন নাম পারস্য এবং ইরাকের পুরাতন নাম মেসোপটেমিয়া।

৫১. বাংলা ভাষার সার্থক মহাকাব্য কোনটি?
ক মেঘনাদবধ খ বৃত্রসংহার
গ কুরুক্ষেত্র ঘ মহাশ্মশান
ব্যাখ্যা মাইকেল মধুসূদন দত্ত মেঘনাদবধ কাব্য (১৮৬১)-এর মাধ্যমে বাংলা সাহিত্যের ইতিহাসে মহাকাব্যের ধারার সূত্রপাত করেন। এটি বাংলা সাহিত্যের প্রথম ও শ্রেষ্ঠ মহাকাব্য।

৫২. 'লুঙ্গি' কোন ভাষা থেকে আগত শব্দ?
ক বর্মী খ মালয়
গ চীনা ঘ তুর্কি
ব্যাখ্যা লুঙ্গি বর্মি শব্দ। এছাড়া কয়েকটি বর্মি শব্দ হলো— কিয়াং, ফুঙ্গি, লামা ইত্যাদি।

৫৩. 'নজর লাগা' বাগধারার অর্থ কি?
ক পছন্দ হওয়া খ অশুভ দৃষ্টিতে পড়া
গ মনে ধরা ঘ সুদৃষ্টিতে আসা
ব্যাখ্যা 'নজরে লাগা' বাগধারাটির অর্থ—অশুভ দৃষ্টিতে পড়া। 'নজরে পড়া' বাগধারাটির অর্থ—দৃষ্টি আকর্ষণ হওয়া। 'নজর দেয়া' বাগধারাটির অর্থ— কুদৃষ্টি।

৫৪. 'রূপসী বাংলা' কাব্যের কবির নাম—
ক বুদ্ধদেব বসু খ সুধীন্দ্রনাথ দত্ত
গ অমিয় চক্রবর্তী ঘ জীবনানন্দ দাশ
ব্যাখ্যা বাংলা সাহিত্যের রূপসী বাংলার কবি জীবনানন্দ দাশের অন্যতম কাব্যগ্রন্থ 'রূপসী বাংলা'। এ কাব্যগ্রন্থটি ১৯৫৭ সালে প্রকাশিত হয়। জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থ 'ঝরাপালক' (১৯২৮)।

৫৫. উৎপত্তি অনুসারে 'ঢেঁকি' শব্দটি কোন ধরনের শব্দ?
ক তদ্ভব শব্দ খ তৎসম শব্দ
গ অর্ধ-তৎসম শব্দ ঘ দেশি শব্দ
ব্যাখ্যা বাংলাদেশের আদিম অধিবাসীদের ব্যবহৃত কিছু শব্দ এখনও বাংলা ভাষায় ব্যবহৃত হয়। এসব শব্দকে দেশি শব্দ বলে। যেমন—কুলা, গঞ্জ, চোঙ্গা, টোপর, ডাব, ডাগর, ঢেঁকি ইত্যাদি।

উত্তর
৪৪ গ
৪৫ খ,গ
৪৬ ক, ঘ
৪৭ গ
৪৮ খ
৪৯ গ
৫০ ঘ
৫১ ক
৫২ ক
৫৩ খ
৫৪ ঘ
৫৫ ঘ

৫৬. 'হরতাল' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ক পর্তুগিজ খ তুর্কি
গ গুজরাটি ঘ ওলন্দাজ
ব্যাখ্যা 'হরতাল' গুজরাটি শব্দ। এছাড়া কয়েকটি গুজরাটি শব্দ খদ্দর, জয়ন্তি ইত্যাদি।

৫৭. 'মৃত্যুক্ষুধা' উপন্যাসটির লেখক কে?
ক কাজী নজরুল ইসলাম খ আবু ইসহাক
গ সৈয়দ ওয়ালীউল্লাহ ঘ জহির রায়হান
ব্যাখ্যা 'মৃত্যুক্ষুধা' উপন্যাসটি ১৯৩০ সালে প্রকাশিত হয়। ত্রিশাল গ্রামের সাধারণ মানুষের জীবন এবং অসহযোগ আন্দোলনের পটভূমিতে এটি রচিত। এ উপন্যাসের প্রধান চরিত্র রুবি, আনসার, মোয়াজ্জেম প্রমুখ।

৫৮. 'রাজবন্দীর জবানবন্দী' লিখেছেন—
ক জীবনানন্দ দাশ খ সুকান্ত ভট্টাচার্য
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ কাজী নজরুল ইসলাম
ব্যাখ্যা রাজবন্দীর জবানবন্দী (১৯২৩) একটি প্রবন্ধগ্রন্থ। নজরুলের ৫টি প্রবন্ধগ্রন্থ রয়েছে। যথা—যুগবাণী, রুদ্রমঙ্গল, রাজবন্দীর জবানবন্দী, দুর্দিনের যাত্রা, ধূমকেতু।

৫৯. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' কাব্য নাট্যটির লেখক কে?
ক আল মাহমুদ খ শামসুর রাহমান
গ সানাউল হক ঘ সৈয়দ শামসুল হক
ব্যাখ্যা সৈয়দ শামসুল হকের (১৯৩৫-২০১৬) উল্লেখযোগ্য কাব্যনাট্য হলো—পায়ের আওয়াজ পাওয়া যায়, গণনায়ক, নূরলদীনের সারা জীবন, এখানে এখন, ঈর্ষা।

৬০. যা কাঁচা তাই পাকা = কাঁচাপাকা- কোন সমাস?
ক দ্বন্দ্ব সমাস খ কর্মধারয় সমাস
গ দ্বিগু সমাস ঘ বহুব্রীহি সমাস
ব্যাখ্যা বিশেষণ ও বিশেষ্য পদ মিলে যে সমাস হয় এবং বিশেষ্যের বা পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে কর্মধারয় সমাস বলে। যেমন—নীল যে পদ্ম = নীলপদ্ম, যা কাঁচা তাই পাকা অথবা খানিক কাঁচা খানিক পাকা = কাঁচাপাকা, জন যে এক = জনৈক ইত্যাদি।

৬১. বাংলা গদ্য সাহিত্য বিকাশে কোন প্রতিষ্ঠানটির বিশেষ অবদান রয়েছে?
ক মুহসীন কলেজ খ ফোর্ট উইলিয়াম কলেজ
গ শ্রীরামপুর মিশন ঘ সংস্কৃত কলেজ
ব্যাখ্যা ১৮০০ খ্রি. ৪ মে ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়। ১৮০১ খ্রি. এ কলেজে বাংলা বিভাগ খোলা হয়। ব্রিটিশ অফিসারদের বাংলা শিক্ষা দেয়ার উদ্দেশ্যে এ কলেজে বাংলা বিভাগ চালু করা হয়। বাংলা বিভাগের প্রথম অধ্যক্ষ ছিলেন উইলিয়াম কেরি।

৬২. 'অক্কা পাওয়া' বাগধারার অর্থ হচ্ছে—
ক মারা যাওয়া খ কঠিন পরীক্ষা
গ অপদার্থ ঘ দুর্লভ
ব্যাখ্যা অক্কা পাওয়া, ভবলীলা সাঙ্গ হওয়া বাগধারার অর্থ মারা যাওয়া। অগ্নি পরীক্ষা বাগধারার অর্থ কঠিন পরীক্ষা। কচু বনের কালাচাঁদ, ঘটিরাম, নালায়েক বাগধারার অর্থ অপদার্থ।

৬৩. 'অনুরাগ' শব্দটির বিপরীতার্থক শব্দ হচ্ছে—
ক অনুগ্রহ খ অনুরক্ত
গ অন্তর ঘ বিরাগ
ব্যাখ্যা অনুগ্রহ শব্দের বিপরীতার্থক শব্দ—নিগ্রহ। অনুরক্ত শব্দের বিপরীত শব্দ—বিরক্ত। অন্তর শব্দের বিপরীত অর্থ—বাহির।

৬৪. 'আগুন' শব্দটির সমার্থক বা প্রতিশব্দ হচ্ছে—
ক আলোক খ কিরণ
গ জ্যোতি ঘ অনল
ব্যাখ্যা 'আগুন' শব্দের সমার্থক শব্দ হলো—অগ্নি, বহ্নি, অনল, পাবক, হুতাশন, দহন, সর্বভূক, সর্বশুচি, বৈশ্বানর।

৬৫. 'গৃহী' শব্দটির বিপরীত শব্দ কোনটি?
ক প্রবাসী খ পরবাসী
গ সন্ন্যাসী ঘ গৃহহীন
ব্যাখ্যা প্রবাসী শব্দের বিপরীত শব্দ—স্বদেশী। উল্লেখ্য, প্রবাসী শব্দের বিকৃত রূপ পরবাসী। গৃহহীন শব্দের বিপরীত শব্দ—গৃহান্তরিন।

৬৬. বাংলা ভাষার প্রথম ঔপন্যাসিক কে?
ক প্যারীচাঁদ মিত্র
খ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ প্রভাত কুমার মুখোপাধ্যায়
ঘ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ব্যাখ্যা প্যারীচাঁদ মিত্র (১৮১৪-১৮৮৩) বাংলা সাহিত্যের প্রথম ঔপন্যাসিক। তার রচিত প্রথম উপন্যাস 'আলালের ঘরের দুলাল'। টেকচাঁদ ঠাকুর ছদ্মনামে এ উপন্যাসটি ১৯৫৪ সালে মাসিক পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়ে ১৯৫৮ সালে গ্রন্থাকারে প্রকাশ পায়।

৬৭. 'আবদুল্লাহ' উপন্যাসটির লেখক কে?
ক গোলাম মোস্তফা খ শওকত ওসমান
গ কাজী ইমদাদুল হক ঘ মীর মশাররফ হোসেন
ব্যাখ্যা কাজী ইমদাদুল হক (১৮৮২-১৯২৬) সাহিত্যিক ও শিক্ষাবিদ। মুসলিম সমাজের প্রতিচ্ছবি হিসেবে 'আবদুল্লাহ' উপন্যাসটি (১৯৩৩) ব্যাপক জনপ্রিয়তা লাভ করে। উপন্যাসের ত্রিশটি পরিচ্ছেদ তার নিজের রচনা। বাকি এগারোটি পরিচ্ছেদ তার মৃত্যুর পর শিক্ষাবিদ আনোয়ারুল কাদির কর্তৃক তার খসড়া অনুসরণ করে রচিত।

৬৮. 'লালসালু' উপন্যাসটির লেখক কে?
ক শহীদুল্লাহ কায়সার খ আকবর হোসেন
গ জহির রায়হান ঘ সৈয়দ ওয়ালীউল্লাহ
ব্যাখ্যা কথাসাহিত্যিক সৈয়দ ওয়ালীউল্লাহ তিনটি উপন্যাস রচনা করেন। যথা—লালসালু (১৯৪৮), চাঁদের অমাবস্যা (১৯৬৪), কাঁদো নদী কাঁদো (১৯৬৮)। 'লালসালু' উপন্যাসটি তার শ্রেষ্ঠ রচনা। উপন্যাসটি ফরাসি ও ইংরেজি ভাষায় অনূদিত হয়।

উত্তর
৫৬ গ
৫৭ ক
৫৮ ঘ
৫৯ ঘ
৬০ খ
৬১ খ
৬২ ক
৬৩ ঘ
৬৪ ঘ
৬৫ গ
৬৬ ক
৬৭ গ
৬৮ ঘ

৬৯. 'শেষের কবিতা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ধরনের সাহিত্যকর্ম?
ক উপন্যাস খ নাটক গ ছোটগল্প ঘ কবিতা
ব্যাখ্যা 'শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যধর্মী উপন্যাস। তার রচিত উল্লেখযোগ্য উপন্যাস হলো চোখের বালি, গোরা, চতুরঙ্গ, চার অধ্যায় প্রভৃতি।

৭০. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের লেখক—
ক আবুল মনসুর আহমেদ খ তাজউদ্দীন আহমদ
গ এ. কে. খোন্দকার
ঘ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ব্যাখ্যা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক রচিত গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী'। গ্রন্থটি ২০১২ সালে প্রকাশিত হয়। বঙ্গবন্ধু ১৯৬৬–১৯৬৯ সালে রাজবন্দি থাকা অবস্থায় এটি লেখা শুরু করেন, যাতে ১৯৫৫ সাল পর্যন্ত ঘটনাবলি স্থান পেয়েছে।

৭১. ভাষা আন্দোলনের পটভূমিকায় রচিত মুনীর চৌধুরীর নাটক কোনটি?
ক চিঠি খ দণ্ডকারণ্য
গ রক্তাক্ত প্রান্তর ঘ কবর
ব্যাখ্যা 'কবর' নাটকের রচয়িতা নাট্যকার মুনীর চৌধুরী। ১৯৫২ সালের ভাষা আন্দোলনকে ভিত্তি করে ১৯৫৩ সালে জেলে বসে নাটকটি রচনা করেন।

৭২. কোন বানানটি শুদ্ধ?
ক অতিথী খ অতীথী
গ অথিতি ঘ অতিথি

৭৩. বাংলা সাহিত্যের আদি নিদর্শন কি?
ক চর্যাপদ খ শ্রীকৃষ্ণ কীর্তন
গ শূন্য পুরাণ ঘ নিরঞ্জনের রুষ্মা
ব্যাখ্যা বাংলা সাহিত্যের আদি নিদর্শন বা গ্রন্থ হলো 'চর্যাপদ'। ড. হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজদরবার থেকে 'চর্যাপদ' আবিষ্কার করেন। ১৯১৬ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

৭৪. 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসটির রচয়িতা কে?
ক তারাশংকর বন্দোপাধ্যায় খ হুমায়ূন আহমেদ
গ সুনীল গঙ্গোপাধ্যায় ঘ অদ্বৈতমল্ল বর্মন
ব্যাখ্যা ঔপন্যাসিক অদ্বৈত মল্লবর্মণের একমাত্র উপন্যাস হলো ৪ খণ্ডে বিভক্ত 'তিতাস একটি নদীর নাম' (১৯৫৬) উপন্যাসটি প্রথম মাসিক মোহাম্মদী পত্রিকায় ১৩৫২ বঙ্গাব্দে প্রকাশিত হয়। ১৯৭৩ সালে উপন্যাসটির চলচ্চিত্রায়ন করেন ঋত্বিক ঘটক।

৭৫. কবি জসীমউদ্‌দীনের ভ্রমণ কাহিনীমূলক গ্রন্থ কোনটি?
ক ইস্তাম্বুল যাত্রীর পত্র খ চলে মুসাফির
গ বিলেতে সাতশ দিন ঘ আমার তুরস্ক
ব্যাখ্যা পল্লিকবি জসীমউদ্‌দীনের (১৯০৩-১৯৭৬) শ্রেষ্ঠ রচনা 'নকশী কাঁথার মাঠ' (১৯২৯)। তার রচিত উল্লেখযোগ্য ভ্রমণকাহিনি– চলে মুসাফির (১৯৫২), হলদে পরীর দেশ (১৯৬৭), যে দেশে মানুষ বড় (১৯৬৮) ইত্যাদি।

৭৬. When water —, it turns into ice.
ক will freeze খ freezes
গ would freeze ঘ frozen
ব্যাখ্যা Scientific fact conditional এর ক্ষেত্রে When clauseটি present indefinite tense হলে result clause টিও present indefinite tense হয়। সুতরাং শর্ত অনুযায়ী সঠিক উত্তর (খ)।

৭৭. Choose the correct sentence :
ক One thirds of the students are absent
খ One third of the students are absent
গ One thirds of the student are absent
ঘ One third of the student is absent
ব্যাখ্যা One third of + countable noun থাকলে verbটি plural হবে। One thirds of এবং one third of-এর পর countable noun-এর singular form এবং এর পর singular verb ব্যবহার করা ভুল। সুতরাং সঠিক উত্তর (খ)।

৭৮. Animals that can live on land and water are
ক insectivorous খ dinosaurs
গ amphibians ঘ reptiles
ব্যাখ্যা যে প্রাণীরা জলে এবং স্থলে বাস করতে পারে তাদেরকে Amphibian (উভচর প্রাণী) বলে।

৭৯. Our students spend a lot of money — gifts.
ক on খ by গ in ঘ at
ব্যাখ্যা Spend sth on sth অর্থ কোনো কিছু ক্রয় করতে টাকা খরচ করা। আমাদের ছাত্রছাত্রীরা উপহার (On gifts) ক্রয় করতে অনেক টাকা খরচ করে।

৮০. "Castles in the air" means —
ক Romantic scenery খ Visionary project
গ Fanciful schemes ঘ Idealistic thinking
ব্যাখ্যা Castles in the air—দিবাস্বপ্ন অর্থাৎ fanciful schemes.

৮১. Which is the plural form of mouse?
ক mouses খ mice
গ mouse ঘ mices
ব্যাখ্যা Mouse (ইঁদুর) এর plural form হলো mice।

৮২. What is Dhaka famous — ?
ক of খ by
গ for ঘ at
ব্যাখ্যা What is Dhaka famous for? ঢাকা কী কারণে বিখ্যাত?

৮৩. I wish I — a philosopher.
ক am খ was
গ were ঘ shall be
ব্যাখ্যা I wish এরপর Sub + verb-এর past form হয় এবং Be verb থাকলে যেকোনো subject এর ক্ষেত্রে were হয়।

৮৪. The load is light enough —
ক to carry খ to measure
গ to handle ঘ to feel
ব্যাখ্যা বোঝাটি বহন করার জন্য (to carry) যথেষ্ট হাল্কা।

উত্তর

৬৯	ক
৭০	ঘ
৭১	ঘ
৭২	ঘ
৭৩	ক
৭৪	ঘ
৭৫	খ
৭৬	খ
৭৭	খ
৭৮	গ
৭৯	ক
৮০	গ
৮১	খ
৮২	গ
৮৩	গ
৮৪	ক

৮৫. The sentence, 'what a delicious meal!' is a/an —
ⓚ Interrogative sentence ⓚ Optative sentence
ⓖ Imperative sentence ⓖ Exclamatory sentence
ব্যাখ্যা *কী সুস্বাদু খাবার! (What a delicious meal!) বাক্যটি দ্বারা বিস্ময় ভাব প্রকাশ করে। যে বাক্য বিস্ময় ভাব প্রকাশ করে তা exclamatory sentence।*

৮৬. 'Adversity' is —
ⓚ a pronoun ⓚ a verb
ⓖ a noun ⓖ an adjective
ব্যাখ্যা *Adversity (দুর্ভাগ্য বা নিদারুণ দুর্দশা) শব্দটি noun। এর adjective form হলো adverse (প্রতিকূল)।*

৮৭. Use the correct phrase/word : A stich in time saves—
ⓚ ten ⓚ five ⓖ seven ⓖ nine
ব্যাখ্যা *A stitch in time saves nine— একটি ইংরেজি প্রবাদ, যার অর্থ- সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়।*

৮৮. One swallow does not make a —
ⓚ quarrel ⓚ summer ⓖ autumn ⓖ treaty
ব্যাখ্যা *One swallow does not make a summer— একটি ইংরেজি প্রবাদ বাক্য, যার বাংলা অর্থ- এক মাঘে শীত যায় না।*

৮৯. You'll remember to call me —
ⓚ will you? ⓚ would you?
ⓖ won't you? ⓖ wouldn't you?
ব্যাখ্যা *Affirmative statement এর ক্ষেত্রে tag question-টি negative এবং subject এর পূর্বে verb এর auxiliary form বা modal auxiliary হয়। তাই সঠিক উত্তর (গ) won't you?*

৯০. Which one is correct?
ⓚ I am sure for success ⓚ I am sure about success
ⓖ I am sure of success ⓖ I am sure to success
ব্যাখ্যা *Sure of sth— কোনো কিছু সম্পর্কে নিশ্চিত। আমি সাফল্য সম্পর্কে নিশ্চিত।*

৯১. Choose the most likely antonym of the following word : Ambiguous
ⓚ obscure ⓚ opaque
ⓖ equivocal ⓖ definite
ব্যাখ্যা *Ambiguous অর্থ অনিশ্চিত, obscure—অস্পষ্ট, opaque—অস্বচ্ছ, equivocal—সন্দেহজনক, definite—নিশ্চিত। সুতরাং ambiguous এর antonym হলো definite।*

৯২. After he (finish) secondary school, he started to study graphic design.
ⓚ had finished ⓚ finished
ⓖ would finish ⓖ would have finished
ব্যাখ্যা *After যুক্ত clause টি Past perfect tense হয় যদি পরের clause টি past indefinite tense এ থাকে। অতএব সঠিক উত্তর (ক) Had finished।*

৯৩. The verb of "strength" is :
ⓚ strengthen ⓚ strong
ⓖ stronger ⓖ strengthening
ব্যাখ্যা *Strength (শক্তি) এর verb form হলো strengthen (শক্তিশালী করা)।*

৯৪. Rarely — seen from water.
ⓚ spotted frogs ⓚ spotted frogs have
ⓖ have spotted frogs ⓖ are spotted frogs
ব্যাখ্যা *Rarely (negative adverb) বাক্যের শুরুতে থাকলে সে ক্ষেত্রে auxiliary verb সর্বদা subject এর পূর্বে বসে। পানির উপর থেকে ডোরাকাটা ব্যাঙগুলো দেখা যায় না বললেই চলে। প্রশ্নোক্ত বাক্যে দেখার কাজটি মানুষ বা অন্য কোনো প্রাণী করে। তাই বাক্যটি passive এ হবে। অপশন (গ) তে have subject এর পূর্বে থাকলেও বাক্যটি passive নয়। সুতরাং সঠিক উত্তর (ঘ) are spotted frogs।*

৯৫. Fill up the gap with an appropriate phrase/ word : Don't speak ill — others.
ⓚ to ⓚ for ⓖ of ⓖ with
ব্যাখ্যা *Speak ill of sb অর্থ কারো সম্পর্কে নিন্দা করা।*

৯৬. The negative form of "Man is mortal" is —
ⓚ Man is not mortal ⓚ Man is immortal
ⓖ Man is not immortal ⓖ Man is never mortal
ব্যাখ্যা *Affirmative বাক্যকে negative করতে affirmative শব্দটির negative form (immortal) এবং উক্ত negative শব্দের পূর্বে not বসে। গঠন অনুযায়ী (গ) অপশনের বাক্যটি সঠিক।*

৯৭. Fill up the gap with the suitable word/ phrase : Man is the— of his own fate.
ⓚ Projector ⓚ innovator
ⓖ pioneer ⓖ architect
ব্যাখ্যা *Man is the architect of his own fate। এটি একটি ইংরেজি প্রবাদ যার অর্থ হলো মানুষ নিজেই তার ভাগ্যের নির্মাতা।*

৯৮. Which one is correct?
ⓚ He is waiting for three hours
ⓚ He was waiting for three hours
ⓖ He will be waiting for three hours
ⓖ He has been waiting for three hours
ব্যাখ্যা *For three hours (তিন ঘণ্টা ধরে) দ্বারা period of time বুঝায়। Period of time যুক্ত বাক্য present perfect continuous tense হয়। অতএব (ঘ) অপশনের বাক্যটি সঠিক।*

৯৯. Which sentence is correct?
ⓚ The girl burst out of tears
ⓚ The girl burst into tears
ⓖ The girl burst out with tears
ⓖ The girl burst out through tears
ব্যাখ্যা *Burst into tears—কান্নায় ভেঙে পড়া। The girl burst into tears অর্থ- মেয়েটি কান্নায় ভেঙে পড়ল।*

১০০. He advised us — we could encourage the children.
ⓚ so that ⓚ so ⓖ that ⓖ as
ব্যাখ্যা *So that এরপর sub + could + verb$_1$ (পূর্ববর্তী clause এর tense অনুযায়ী can বা could) হয়।*

উত্তর

৮৫	ঘ
৮৬	গ
৮৭	ঘ
৮৮	খ
৮৯	গ
৯০	গ
৯১	ঘ
৯২	ক
৯৩	ক
৯৪	ঘ
৯৫	গ
৯৬	গ
৯৭	ঘ
৯৮	ঘ
৯৯	খ
১০০	ক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার ২০১৭

পরীক্ষার তারিখ : ২৮.০৭.২০১৭; সময় : ৪০ মিনিট; পূর্ণমান : ১০০ (৫০ × ২)

১. 'এ দিন আজি কোন ঘরে গো খুলে দিল দ্বার?
আজি প্রাতে সূর্য ওঠা সফল হলো কার?' – পঙ্‌ক্তিটি কার?
ⓐ কাজী নজরুল ইসলাম ⓑ জীবনানন্দ দাশ
ⓒ অতুল প্রসাদ ⓓ রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা *এটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতালি' কাব্যগ্রন্থের 'সুপ্রভাত' কবিতার বিখ্যাত পঙ্‌ক্তি। তার আরো কয়েকটি বিখ্যাত পঙ্‌ক্তি– 'মানুষের প্রতি বিশ্বাস হানারো পাপ', 'গ্রহণ করেছ যত ঋণী তত করেছ আমায়', 'আনন্দলোকে মঙ্গলালোকে বিরাজ সত্য সুন্দর।'*

২. "যবে উৎপীড়িতের ক্রন্দন রোল আকাশে বাতাসে ধ্বনিবে না, অত্যাচারীর খড়্গ কৃপাণ ভীম রণে-ভূমে রণিবে না।" –এ দুটি লাইন কাজী নজরুল ইসলামের কোন কবিতার?
ⓐ আজ সৃষ্টি সুখের উল্লাসে ⓑ পূজারিণী
ⓒ বিদ্রোহী ⓓ পথহারা

ব্যাখ্যা *কাজী নজরুল ইসলাম রচিত 'অগ্নিবীণা' (১৯২২) কাব্যের দ্বিতীয় কবিতা 'বিদ্রোহী'। এ কবিতা রচনার মাধ্যমে তিনি বাংলা সাহিত্যের বিদ্রোহী কবি হিসেবে স্বীকৃতি লাভ করেন। এ কাব্যের প্রথম কবিতা 'প্রলয়োল্লাস'।*

৩. বাংলা ভাষাকে রাষ্ট্রভাষার মর্যাদা দেয়ার দাবিতে প্রথম ধর্মঘট কখন হয়?
ⓐ ৭ মার্চ ১৯৫৭ ⓑ ১১ মার্চ ১৯৪৭
ⓒ ১১ মার্চ ১৯৪৮ ⓓ ১৭ মার্চ ১৯৪৯

ব্যাখ্যা *ভাষা আন্দোলনের ইতিহাসে ১৯৪৮ সালের ১১ মার্চ একটি স্মরণীয় দিন। গণপরিষদের ভাষা-তালিকা থেকে বাংলাকে বাদ দেয়া ছাড়াও পাকিস্তানের মুদ্রা ও ডাকটিকিটে বাংলা ব্যবহার না করা এবং নৌবাহিনীতে নিয়োগের পরীক্ষা থেকে বাংলাকে বাদ দিয়ে উর্দুকে রাখার প্রতিবাদে ঐদিন ঢাকা শহরে প্রথম ধর্মঘট পালিত হয়।*

৪. 'লাহোর প্রস্তাব' কোন সালে গৃহীত হয়?
ⓐ ১৯৩৭ ⓑ ১৯৪০
ⓒ ১৯৪১ ⓓ ১৯৪২

ব্যাখ্যা *১৯৪০ সালের ২৩ মার্চ অবিভক্ত পাঞ্জাবের রাজধানী লাহোরে মুসলিম লীগের অধিবেশন বসে। এ অধিবেশনে অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী শেরে বাংলা এ কে ফজলুল হক লাহোর প্রস্তাব উত্থাপন করেন। এ প্রস্তাবে ভারতবর্ষের উত্তর-পশ্চিম ও পূর্বাঞ্চলের সংখ্যাগরিষ্ঠ মুসলমান এলাকাগুলোতে 'একাধিক স্বাধীন রাষ্ট্র' গঠনের কথা বলা হয়।*

২. 'কারাগারের রোচনামচা' গ্রন্থটির লেখক কে?
ⓐ শেরে বাংলা এ কে ফজলুল হক
ⓑ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ⓒ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ⓓ আবুল মনসুর আহমদ

ব্যাখ্যা *১৭ মার্চ ২০১৭ বাংলা একাডেমি থেকে প্রকাশিত 'কারাগারের রোজনামচা' গ্রন্থটি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রচিত দ্বিতীয় আত্মজীবনীমূলক গ্রন্থ।*

৬. 'সঞ্চয়িতা' কাব্যগ্রন্থটির লেখক কে?
ⓐ কাজী নজরুল ইসলাম
ⓑ জীবনানন্দ দাশ
ⓒ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓓ রজনীকান্ত সেন

ব্যাখ্যা *কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের অন্যতম শ্রেষ্ঠ কাব্য সংকলন হলো 'সঞ্চয়িতা'। ১৯৩১ সালে এটি প্রকাশিত হয়।*

৭. পৃথিবীর বৃহত্তম বৃষ্টিপ্রধান বনাঞ্চল কোনটি?
ⓐ সুন্দরবন ⓑ আমাজান
ⓒ কঙ্গো ⓓ সুভানা

৮. 'কায়রো' কোন নদীর তীরে অবস্থিত?
ⓐ টাইগ্রিস ⓑ সিন্ধু
ⓒ নীল ⓓ ইউফ্রেটিস

৯. IMF-এর সদর দপ্তর কোথায়?
ⓐ লন্ডন ⓑ জেনেভা
ⓒ নিউইয়র্ক ⓓ ওয়াশিংটন ডিসি

ব্যাখ্যা *১৯৪৪ সালে যুক্তরাষ্ট্রের ব্রেটন উডসে প্রতিষ্ঠিত হয়ে ১ মার্চ ১৯৪৭ কার্যক্রম শুরু করা আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা IMF-এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে অবস্থিত। সংস্থাটি স্বল্প আয়ের দেশে সুবিধাজনক ঋণ সহায়তা দিয়ে থাকে।*

১০. অলিম্পিক ২০২০ এর স্বাগতিক দেশ কোনটি?
ⓐ ব্রাজিল ⓑ চীন
ⓒ জাপান ⓓ অস্ট্রেলিয়া

ব্যাখ্যা *আগামী ২০২০ সালের অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে জাপানের রাজধানী টোকিও-তে। আর গত ২০১৬ এর অলিম্পিক গেমস অনুষ্ঠিত হয়েছিল ব্রাজিলের রিও ডি জেনেরিওতে।*

১১. বারডেম হাসপাতালের প্রতিষ্ঠাতা কে?
ⓐ ডা. এম আর খান
ⓑ ডা. মোহাম্মদ ইব্রাহিম
ⓒ ডা. নূরুল ইসলাম
ⓓ ডা. গোলাম রসুল

ব্যাখ্যা *Bangladesh Institute of Research and Rehabilitation in Diabetes, Endocrine and Metabolic Disorders বা BIRDEM ১৯৮০ সালে ঢাকার শাহবাগে প্রতিষ্ঠা করেন জাতীয় অধ্যাপক ড. মোহাম্মদ ইব্রাহিম।*

উত্তর

১	d
২	c
৩	c
৪	b
৫	b
৬	c
৭	b
৮	c
৯	d
১০	c
১১	b

১২. জাতীয় স্মৃতিসৌধের স্থপতি কে?
ⓐ লুই আই কান ⓑ নিতুন কুণ্ডু
ⓒ মাযহারুল ইসলাম ⓓ সৈয়দ মাইনুল হোসেন
ব্যাখ্যা ১৬ ডিসেম্বর ১৯৭২ জাতির জনক বঙ্গবন্ধু কর্তৃক ভিত্তিপ্রস্তর স্থাপনকৃত ঢাকার সাভারের নবীনগরে নির্মিত জাতীয় স্মৃতিসৌধের স্থপতি সৈয়দ মাইনুল হোসেন।

১৩. 'চিম্বুক' পাহাড় কোথায় অবস্থিত?
ⓐ রাঙ্গামাটি ⓑ বান্দরবান
ⓒ খাগড়াছড়ি ⓓ সিলেট
ব্যাখ্যা বাংলাদেশের কালা পাহাড়/পাহাড়ের রানি/বাংলার দার্জিলিং নামে খ্যাত ২৫০০ ফুট উচ্চতা বিশিষ্ট চিম্বুক পাহাড় বান্দরবান জেলায় অবস্থিত।

১৪. বাংলাদেশ ও মায়ানমার কোন নদী দ্বারা বিভক্ত?
ⓐ নাফ ⓑ কর্ণফুলী
ⓒ পদ্মা ⓓ হালদা
ব্যাখ্যা নাফ নদী আরাকান পাহাড়ে উৎপত্তি লাভ করে দক্ষিণ দিকে প্রবাহিত হয়ে বাংলাদেশ ও মিয়ানমারের মাঝ বরাবর দুই দেশকে বিভক্ত করে বঙ্গোপসাগরে পতিত হয়েছে। ৬৪ কিমি দীর্ঘ এ নদীর ৫৬ কিমি-ই বাংলাদেশ ও মিয়ানমারের সীমান্ত বরাবর অতিক্রম করেছে।

১৫. পদ্মা নদী কোন জেলার মধ্য দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে?
ⓐ খুলনা ⓑ রাজশাহী
ⓒ কুষ্টিয়া ⓓ দিনাজপুর
ব্যাখ্যা গঙ্গা নদী হিমালয়ের গঙ্গোত্রী নামক হিমবাহ থেকে উৎপন্ন হয়ে ভারতের উত্তর প্রদেশ, বিহার ও পশ্চিমবঙ্গ হয়ে রাজশাহী জেলার মধ্য দিয়ে বাংলাদেশে প্রবেশ করে পদ্মা নাম ধারণ করে দক্ষিণ-পূর্ব দিকে প্রবাহিত হয়ে গোয়ালন্দে যমুনার সাথে মিলিত হয়ে আরো দক্ষিণ পূর্ব দিকে প্রবাহিত হয়ে চাঁদপুরে মেঘনার সাথে মিলিত হয়ে মেঘনা নাম নিয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

১৬. 'কনফুসিয়াস' ছিলেন–
ⓐ চীনের দার্শনিক ⓑ জাপানের কবি
ⓒ ফরাসি বৈজ্ঞানিক ⓓ ভারতের সমাজতাত্ত্বিক
ব্যাখ্যা 'তুমি যা পছন্দ করো না, অন্যকে তা করতে দিও না' এ মর্মবাণীর প্রবক্তা কনফুসিয়াস (৫৫১-৪৭৯ খ্রিস্ট পূর্বাব্দ) ছিলেন চীনের দার্শনিক ও কনফুসীয় ধর্মের প্রবক্তা।

১৭. ২০১৯ সালে বিশ্বকাপ ক্রিকেট কোথায় অনুষ্ঠিত হবে?
ⓐ অস্ট্রেলিয়া ⓑ ইংল্যান্ড
ⓒ ফ্রান্স ⓓ ভারত
ব্যাখ্যা ৩০ মে-১৫ জুলাই ২০১৯ বিশ্বকাপ ক্রিকেটের ১২তম আসর অনুষ্ঠিত হবে ইংল্যান্ড ও ওয়েলসে। আর ২০১৫ সালের ১১তম আসর অনুষ্ঠিত হয় অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে।

১৮. সিলিকন ভ্যালি কোথায় অবস্থিত?
ⓐ মার্কিন যুক্তরাষ্ট্র ⓑ যুক্তরাজ্য
ⓒ কানাডা ⓓ জার্মানি
ব্যাখ্যা সিলিকন ভ্যালি মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে অবস্থিত।

১৯. 'গাছের প্রাণ আছে'–কে প্রমাণ করেন?
ⓐ আইনস্টাইন ⓑ জগদীশচন্দ্র বসু
ⓒ নিউটন ⓓ ডারউইন
ব্যাখ্যা বাঙালি বিজ্ঞানী স্যার জগদীশচন্দ্র বসু প্রথম প্রমাণ করেন যে, 'গাছের প্রাণ আছে'।

২০. নিচের কে চিত্রশিল্পী?
ⓐ আল মাহমুদ ⓑ এফ আর খান
ⓒ আবু ইসহাক ⓓ এস এম সুলতান
ব্যাখ্যা শেখ মোহাম্মদ সুলতান বা এস এম সুলতান (১৯২৩-১৯৯৪) ছিলেন একজন চিত্রশিল্পী। তার বিখ্যাত দুটি চিত্রকর্ম হলো চরদখল ও হত্যাযজ্ঞ। শিশুদের জন্য তিনি 'শিশুস্বর্গ' ও 'চারুপীঠ' প্রতিষ্ঠা করেন। এছাড়া তিনি নন্দন কানন নামে একটি প্রাইমারি ও একটি হাইস্কুল এবং আর্ট স্কুল প্রতিষ্ঠা করেন।

২১. নিচের কোনটি স্ক্যানডিনেভীয় দেশ নয়?
ⓐ সুইডেন ⓑ হল্যান্ড
ⓒ নরওয়ে ⓓ ডেনমার্ক
ব্যাখ্যা হল্যান্ড বা নেদারল্যান্ডস স্ক্যানডিনেভীয় দেশ নয়। স্ক্যাডিনেভিয়ান দেশগুলো হলো ফিনল্যান্ড, নরওয়ে, সুইডেন, ডেনমার্ক ও আইসল্যান্ড।

২২. "Democracy is a Government of the People, by the People and for the People? –উক্তিটি কার?
ⓐ আব্রাহাম লিংকন ⓑ উইনস্টন চার্চিল
ⓒ জন এফ কেনেডি ⓓ প্লেটো
ব্যাখ্যা ১৮৬৩ সালে যুক্তরাষ্ট্রের ক্রীতদাস প্রথা বিলোপকারী দেশটির ১৬তম প্রেসিডেন্ট আব্রাহাম লিঙ্কনের একটি বিখ্যাত উক্তি হলো "Democracy is a government of the people, by the people and for the people"

২৩. বাংলাদেশকে চীন কোন সালে স্বীকৃতি দেয়?
ⓐ ১৯৭২ ⓑ ১৯৭৪
ⓒ ১৯৭৫ ⓓ ১৯৭৬
ব্যাখ্যা বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় শত্রুদেশ পাকিস্তানের পক্ষাবলম্বনকারী চীন বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে ৩১ আগস্ট ১৯৭৫।

২৪. অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী কে?
ⓐ খাজা নাজিমুদ্দিন
ⓑ এ কে ফজলুল হক
ⓒ আবু হোসেন সরকার
ⓓ হোসেন শহীদ সোহরাওয়ার্দী

উত্তর

১২	d
১৩	b
১৪	a
১৫	b
১৬	a
১৭	b
১৮	a
১৯	b
২০	d
২১	b
২২	a
২৩	c
২৪	d

ব্যাখ্যা: ব্রিটিশ শাসনামলে অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী (২৪ এপ্রিল ১৯৪৭-১৪ আগস্ট ১৯৪৭)। আর অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন শেরে বাংলা এ কে ফজলুল হক (১৯৩৭)।

২৫. বাংলাদেশ প্রথম কোন আন্তর্জাতিক সংস্থার সদস্য পদ লাভ করে?
ⓐ ওআইসি ⓑ এফএও
ⓒ কমনওয়েলথ ⓓ ন্যাম

ব্যাখ্যা: স্বাধীন হওয়ার পর বাংলাদেশ প্রথম ১৮ এপ্রিল ১৯৭২ আন্তর্জাতিক সংস্থা কমনওয়েলথের সদস্যপদ লাভ করে। এছাড়া অন্য অপশনগুলোর মধ্যে ৫ সেপ্টেম্বর ১৯৭৩ NAM, ১২ নভেম্বর ১৯৭৩ FAO এবং ফেব্রুয়ারি ১৯৭৪ OIC-এর সদস্যপদ লাভ করে।

২৬. কোন তারিখে বাংলাদেশ জাতিসংঘের সদস্য পদ লাভ করে?
ⓐ ১৬ ডিসেম্বর ১৯৭৫ ⓑ ১৭ সেপ্টেম্বর ১৯৭৪
ⓒ ১৪ নভেম্বর ১৯৭৩ ⓓ ৩১ ডিসেম্বর ১৯৭২

ব্যাখ্যা: জাতিসংঘের ২৯তম সাধারণ অধিবেশন ১৭ সেপ্টেম্বর ১৯৭৪-এ বাংলাদেশ ১৩৬তম দেশ হিসেবে সংস্থাটির সদস্যপদ লাভ করে। ঐ একই দিনে গ্রানাডা ও গিনি বিসাউ যথাক্রমে ১৩৭ ও ১৩৮তম দেশ হিসেবে সদস্য পদ লাভ করে।

২৭. ফকির আন্দোলনের নেতা কে ছিলেন?
ⓐ হাজী শরীয়ত উল্লাহ ⓑ মোহসীন উদ্দীন দুখু মিয়া
ⓒ মজনু শাহ ⓓ মাওলানা ভাসানী

ব্যাখ্যা: ১৭৫৭ থেকে ১৮০০ পর্যন্ত বাংলার বিভিন্ন স্থানে ফকিররা ব্রিটিশদের বিরুদ্ধে যে আন্দোলন করে তার নেতৃত্বে ছিলেন ফকির মজনু শাহ।

২৮. 'Stop Genocide' প্রামাণ্য চলচ্চিত্রের পরিচালক কে?
ⓐ আলমগীর কবির ⓑ জহির রায়হান
ⓒ সত্যজিৎ রায় ⓓ তারেক মাসুদ

ব্যাখ্যা: ১৯৭১ সালের পাকিস্তানি হানাদার বাহিনীর নির্মম হত্যাযজ্ঞের কাহিনি সংবলিত ১৯৭১ সালের জুনে মুক্তিপ্রাপ্ত ২০ মিনিট দৈর্ঘ্যের প্রামাণ্য চলচ্চিত্র 'Stop Genocide'-এর পরিচালক জহির রায়হান।

২৯. 'পূর্ব-পশ্চিম' উপন্যাসটি কে লিখেছেন?
ⓐ নজরুল ইসলাম ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓒ হুমায়ূন আহমেদ ⓓ সুনীল গঙ্গোপাধ্যায়

ব্যাখ্যা: 'পূর্ব-পশ্চিম' উপন্যাসটি কলকাতা থেকে 'দেশ' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়। উপন্যাসটিতে দেশভাগ, উদ্বাস্তুদের জীবন, নতুন প্রজন্মের চিন্তাধারা, পশ্চিমবঙ্গের নকশাল আন্দোলন এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধের পটভূমি স্থান পেয়েছে।

৩০. বেলজিয়াম-এর রাজধানীর নাম–
ⓐ বিসায়ু ⓑ ব্রাসিলিয়া
ⓒ ব্রাসেলস ⓓ বুদাপেস্ট

ব্যাখ্যা: পশ্চিম ইউরোপের দেশ বেলজিয়ামের রাজধানী ব্রাসেলস। আর বিসাউ, ব্রাসিলিয়া ও বুদাপেস্ট যথাক্রমে গিনি বিসাউ, ব্রাজিল ও হাঙ্গেরির রাজধানী।

৩১. দোহা কোন দেশের রাজধানী?
ⓐ তানজানিয়া ⓑ সিরিয়া
ⓒ কাতার ⓓ তাজাকিস্তান

ব্যাখ্যা: পারস্য উপসাগরের উপদ্বীপ দেশ কাতারের রাজধানী দোহা। আর তানজানিয়া, সিরিয়ার ও তাজিকিস্তানের রাজধানী যথাক্রমে দারুস সালাম, দামেস্ক ও দুশানবে।

৩২. বাংলাদেশের প্রথম সংসদ নির্বাচন কোন সালে অনুষ্ঠিত হয়?
ⓐ ১৯৭২ ⓑ ১৯৭৩
ⓒ ১৯৭৭ ⓓ ১৯৭৯

ব্যাখ্যা: বাংলাদেশ স্বাধীন হওয়ার পর প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় ৭ মার্চ ১৯৭৩। ১৯৭৯-তে অনুষ্ঠিত হয় দ্বিতীয় নির্বাচন। আর সর্বশেষ বা ১০ম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় ৫ জানুয়ারি ২০১৪।

৩৩. বাংলাদেশের প্রথম স্বীকৃতিদানকারী দেশ–
ⓐ ভারত ⓑ ইরাক
ⓒ সোভিয়েত ইউনিয়ন ⓓ ভুটান

ব্যাখ্যা: বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে ভুটান ও ভারত ৬ ডিসেম্বর ১৯৭১ একই দিনে স্বীকৃতি দিলেও ভুটান ভারতের কয়েক ঘণ্টা আগে স্বীকৃতি দিয়েছিল।

৩৪. বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত কোন সালে প্রবর্তিত হয়?
ⓐ ১৯৩৫ ⓑ ১৮৯৩
ⓒ ১৭৯৩ ⓓ ১৭৩৫

ব্যাখ্যা: ১৭৯৩ সালে গভর্নর জেনারেল লর্ড কর্নওয়ালিস বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন। এ ব্যবস্থার মাধ্যমে জমির মালিক হন জমিদারগণ।

৩৫. 'The Cruel Birth of Bangladesh' গ্রন্থের লেখক কে?
ⓐ এস এ করিম ⓑ এন্থনি মার্সকারেনহাস
ⓒ আর্চার কে ব্লাড ⓓ এডওয়ার্ড কেনেডি

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধের সময় পূর্ব পাকিস্তানে নিযুক্ত আমেরিকান কনসাল জেনারেল আর্চার কে ব্লাড ১৯৭০-১৯৭১ সময়ের পূর্ব পাকিস্তানের রাজনীতি ও সরকার ব্যবস্থা নিয়ে লেখেন 'The Cruel Birth of Bangladesh—Memoirs of an American Diplomat'। গ্রন্থটি ২০০২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেস থেকে প্রকাশিত হয়।

৩৬. প্রথম বাংলাদেশ সরকার কখন প্রতিষ্ঠিত হয়?
ⓐ ১৭ এপ্রিল ১৯৭১ ⓑ ৭ মার্চ ১৯৭১
ⓒ ১০ এপ্রিল ১৯৭১ ⓓ ২৫ মার্চ ১৯৭১

ব্যাখ্যা: ১৯৭১ সালের ১০ এপ্রিল বাংলাদেশের প্রথম সরকার বা অস্থায়ী সরকার গঠিত হয়। আর এ সরকারের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীরা শপথ গ্রহণ করেন ১৭ এপ্রিল ১৯৭১। ৭ মার্চ ১৯৭১ বঙ্গবন্ধু ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে ঐতিহাসিক ভাষণ প্রদান করেন। আর ২৫ মার্চ ১৯৭১ অপারেশন সার্চ লাইটের মাধ্যমে পাকবাহিনী বাঙালি নিধন শুরু করে।

উত্তর

২৫	c
২৬	b
২৭	c
২৮	b
২৯	d
৩০	c
৩১	c
৩২	b
৩৩	d
৩৪	c
৩৫	c
৩৬	c

৩৭. Man is born free and everywhere is in chains—
ⓐ এরিস্টটল ⓑ প্লেটো
ⓒ মেকিয়াভেলী ⓓ রুশো
ব্যাখ্যা *সামাজিক চুক্তি মতবাদের প্রবক্তা জ্যা জ্যাক রুশো একজন ফ্রেন্স ভাষী সুইস দার্শনিক। তিনি তার 'The Social Contract' বইয়ে লিখেছেন 'Man is born free, and everywhere he is in chains"*

৩৮. আগরতলা মামলা কোন সালে হয়?
ⓐ ১৯৬৯ ⓑ ১৯৬৮
ⓒ ১৯৬৬ ⓓ ১৯৭০
ব্যাখ্যা *বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামি করে জানুয়ারি ১৯৬৮ আগারতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়। আর এ মামলা প্রত্যাহার করা হয় ২২ ফেব্রুয়ারি ১৯৬৯-এ। বঙ্গবন্ধুসহ এ মামলার আসামি ছিলেন ৩৫ জন।*

৩৯. We shall fight on the beaches— উক্তিটি কার?
ⓐ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ⓑ আব্রাহাম লিঙ্কন
ⓒ উইনস্টন চার্চিল
ⓓ মাও সেতুং
ব্যাখ্যা *দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল তাদের পার্লামেন্টের নিম্নকক্ষে ৪ জুন ১৯৪০ যে বক্তব্য দিয়েছিলেন তার সাধারণ শিরোনাম হলো 'We shall fight on the beaches'।*

৪০. এ পি জে আবুল কালাম কোন সালে ভারতের রাষ্ট্রপতি নির্বাচিত হন?
ⓐ ১৯৯৯ ⓑ ২০০০
ⓒ ২০০১ ⓓ ২০০২
ব্যাখ্যা *'উইংস অব ফায়ার'-এর লেখক, ভারতের পরমাণু বোমার জনক এ পি জে আব্দুল কালাম ২০০২-২০০৭ পর্যন্ত দেশটির ১১তম রাষ্ট্রপতি ছিলেন। দেশটির বর্তমান বা ১৪তম রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ।*

৪১. কোনটি জাতিসংঘের অঙ্গ সংগঠন নয়?
ⓐ CARE ⓑ UNDP
ⓒ ILO ⓓ WFP
ব্যাখ্যা *Co-operation for Assistance and Relief Everywhere বা CARE যুক্তরাষ্ট্রভিত্তিক বিশ্বের বৃহত্তম মানবকল্যাণধর্মী সংস্থা। ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত সংস্থাটির সদর দপ্তর যুক্তরাষ্ট্রের জর্জিয়া অঙ্গরাজ্যের আটলান্টায়।*

৪২. Macbeth (ম্যাকবেথ) একটি–
ⓐ নাটক ⓑ উপন্যাস
ⓒ প্রবন্ধ ⓓ কবিতা
ব্যাখ্যা *'Macbeth' প্রখ্যাত ব্রিটিশ নাট্যকার উইলিয়াম শেক্সপিয়রের একটি বিখ্যাত ট্রাজেডি নাটক।*

৪৩. Orientalism শব্দটির অর্থ কি?
ⓐ প্রাচীন ⓑ প্রাচ্যবাদ ⓒ পুঁজিবাদ ⓓ সাম্যবাদ
ব্যাখ্যা *Orientalism শব্দটির অর্থ প্রাচ্যবাদ। মধ্যপ্রাচ্য, দক্ষিণ এশিয়া ও পূর্ব এশিয়ার সংস্কৃতি বোঝাতে পশ্চিমারা শব্দটি ব্যবহার করে থাকে।*

৪৪. উয়ারী-বটেশ্বর কি কারণে আলোচিত?
ⓐ বাণিজ্য কেন্দ্র ⓑ নতুন খনিজ সম্পদ প্রাপ্তি
ⓒ প্রত্নতাত্ত্বিক খনন ⓓ সাহিত্য চর্চা কেন্দ্র
ব্যাখ্যা *উয়ারী-বটেশ্বর ২০০০ সালে প্রত্নতাত্ত্বিক খননের মাধ্যমে আড়াই হাজার বছরের প্রাচীন দুর্গ আবিষ্কারের কারণে আলোচনায় এসেছে। এ স্থানটি নরসিংদীর বেলাব উপজেলায় অবস্থিত।*

৪৫. জাতিসংঘের বর্তমান মহাসচিবের নাম কি?
ⓐ বান কি মুন ⓑ অ্যান্টনিও গুতেরেস
ⓒ পিটার থমসন ⓓ ব্রাউন
ব্যাখ্যা *জাতিসংঘের ৯ম বা বর্তমান মহাসচিব হলেন পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী অ্যান্টনিও গুতেরেস। তিনি ১ জানুয়ারি ২০১৭ থেকে কর্মরত।*

৪৬. রেডক্রস-এর প্রতিষ্ঠাতা কে?
ⓐ ফ্রেডরিক প্যাসে ⓑ ফ্রেডরিখ এঙ্গেলস
ⓒ হেনরি ডুনান্ট ⓓ লর্ড ব্যাডেন পাওয়েল
ব্যাখ্যা *৯ ফেব্রুয়ারি ১৮৬৩ প্রতিষ্ঠিত রেডক্রসের প্রতিষ্ঠাতা হলেন সুইজারল্যান্ডের নাগরিক হেনরি ডুনান্ট।*

৪৭. SDGs কোন সময় থেকে শুরু?
ⓐ জানুয়ারি ২০১৫ ⓑ জানুয়ারি ২০১৬
ⓒ ফেব্রুয়ারি ২০১৭ ⓓ মার্চ ২০১৭
ব্যাখ্যা *জাতিসংঘ কর্তৃক ঘোষিত Sustainable Development Goals বা SDGs-এর কার্যক্রম শুরু ০১ জানুয়ারি ২০১৬ থেকে। আর এটি চলবে ৩১ ডিসেম্বর ২০৩০ পর্যন্ত।*

৪৮. পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি কোন সালে স্বাক্ষরিত হয়?
ⓐ ১৯৯৬ ⓑ ১৯৯৭ ⓒ ১৯৯৮ ⓓ ১৯৯৯
ব্যাখ্যা *২ ডিসেম্বর ১৯৯৭-এ বাংলাদেশ সরকার ও পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি স্বাক্ষরিত হয়।*

৪৯. The Wealth of Nations গ্রন্থটির রচয়িতা কে?
ⓐ অ্যাডাম স্মিথ ⓑ কার্ল মার্কস
ⓒ জ্যাঁ জ্যাক রুশো ⓓ থমাস হবস
ব্যাখ্যা *অর্থনীতির জনক অ্যাডাম স্মিথ 'The Wealth of Nations' গ্রন্থটির রচয়িতা।*

৫০. এ পর্যন্ত বাংলাদেশ সংবিধান কতবার সংশোধিত হয়?
ⓐ ১০ ⓑ ১৪ ⓒ ১৫ ⓓ ১৬
[Note : *৪ নভেম্বর ১৯৭২-এ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান গৃহীত হওয়ার পর সর্বশেষ ৮ জুলাই ২০১৮ সংবিধানের ১৭তম সংশোধনী পাস হয়।*]

উত্তর

৩৭	d
৩৮	b
৩৯	c
৪০	d
৪১	a
৪২	a
৪৩	b
৪৪	c
৪৫	b
৪৬	c
৪৭	b
৪৮	b
৪৯	a
৫০	Note

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৭

পরীক্ষার তারিখ ২১.০৭.২০১৭; সময় ৫০ মিনিট· পূর্ণমান ৮০

১. 'সমাচার দর্পণ' পত্রিকার সম্পাদক ছিলেন—
ক জন ক্লার্ক মার্শম্যান
খ জর্জ আব্রাহাম গ্রিয়ার্সন
গ উইলিয়াম কেরি
ঘ ডেভিড হেয়ার

ব্যাখ্যা ১৮১৮ সালের ২৩ মে প্রকাশিত সাপ্তাহিক 'সমাচার দর্পণ' পত্রিকার সম্পাদক জন ক্লার্ক মার্শম্যান। তিনি উপমহাদেশের বাংলা ভাষায় প্রকাশিত প্রথম সংবাদপত্র মাসিক 'দিগ্‌দর্শন' পত্রিকারও সম্পাদক ছিলেন। উইলিয়াম কেরি ১৮০০ খ্রিস্টাব্দের ১০ জানুয়ারি শ্রীরামপুর মিশন প্রতিষ্ঠা করেন। ১৮০১ সালে তিনি ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগের অধ্যাপক নিযুক্ত হন।

২. বিভা : কিরণ :: সুবলিত : ?
ক সুবিদিত খ সুগঠিত
গ সুবিনীত ঘ বিধিত

ব্যাখ্যা বিভা শব্দটির সমার্থক বা প্রতিশব্দ কিরণ, প্রভা, কর, রশ্মি, দীপ্তি, অংশু, ময়ূখ। আর সুবলিত শব্দের সমার্থক শব্দ সুগঠিত, শক্তিমান, বলশালী। সুবিদিত অর্থ সুবিজ্ঞাত, উত্তমরূপে জ্ঞাত। সুবিনীত শব্দের অর্থ বিনীত, বিনম্র ও সংযত।

৩. নিচের কোন শব্দটি প্রত্যয়যোগে গঠিত হয়নি?
ক সভাসদ খ শুভেচ্ছা
গ ফলবান ঘ তন্বী

ব্যাখ্যা 'শুভেচ্ছা' শব্দটি সন্ধিসাধিত শব্দ। 'অ'-কার কিংবা 'আ'-কারের পর 'ই'-কার কিংবা 'ঈ'-কার থাকলে উভয়ে মিলে এ-কার হয়; যেমন : অ + ই = এ; শুভ + ইচ্ছা = শুভেচ্ছা। তন্বী (তনু + ঈ) প্রত্যয় ও সন্ধি—উভয় সাধিত শব্দ। এছাড়া সভাসদ (সভা + সদ) ও ফলবান (ফল + বান) প্রত্যয়যোগে গঠিত শব্দ। সে অনুযায়ী সঠিক উত্তর (খ)।

৪. 'এ যে আমাদের চেনা লোক' —বাক্যে 'চেনা' কোন পদ?
ক বিশেষ্য খ অব্যয়
গ ক্রিয়া ঘ বিশেষণ

ব্যাখ্যা যে পদ দ্বারা বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে তাকে বিশেষণ পদ বলে। এ বাক্যে 'চেনা' শব্দটি দ্বারা লোকটির পরিচিতি বা অবস্থা প্রকাশ করছে, তাই এটি বিশেষণ পদ।

'গোরক্ষ বিজয়' কাব্য কোন ধর্মমতের কাহিনী অবলম্বনে লেখা?
ক শৈবধর্ম খ বৌদ্ধ সহজযান
গ নাথধর্ম ঘ কোনোটি নয়

ব্যাখ্যা বাংলা সাহিত্যের মধ্যযুগে নাথধর্মের কাহিনি অবলম্বনে রচিত শেখ ফয়জুল্লার একটি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ 'গোরক্ষ বিজয়'। এ কাব্যের কাহিনিতে নাথবিশ্বাস-জাত যোগের মহিমা এবং নারী-ব্যভিচারপ্রধান সমাজচিত্র রূপায়িত হয়েছে। শেখ ফয়জুল্লার আরো কয়েকটি গ্রন্থ গাজীবিজয়, সত্যপীর, রাগনামা, জয়নালের চৌতিশা। উল্লেখ্য, বৌদ্ধধর্মের সঙ্গে শৈবধর্ম মিশে নাথধর্মের উৎপত্তি হয়েছে বলে মনে করা হয়।

৬. 'জজ সাহেব' কোন সমাসের উদাহরণ?
ক দ্বিগু খ কর্মধারয়
গ দ্বন্দ্ব ঘ বহুব্রীহি

ব্যাখ্যা যিনি জজ তিনিই সাহেব = জজ সাহেব। এটি কর্মধারয় সমাস। যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্য ভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে।

৭. 'জল' শব্দের সমার্থক নয় কোনটি?
ক সলিল খ উদক
গ নীর ঘ জলধি

ব্যাখ্যা 'জল' শব্দের সমার্থক শব্দ সলিল, উদক, নীর, বারি, পয়ঃ, অম্বু, অপ, অম্ভ, তোয়, অর্ণ। সমুদ্রের প্রতিশব্দ জলধি, বারিধি, অর্ণব, পারাপার, রত্নাকর, জলনিধি, নীলাম্বু, অম্বুধি, সরোধি, পাথার, উদধি ও বারীন্দ্র।

৮. প্রাণদ : জল : : মহীজ : ?
ক সম্বর খ গ্রহ
গ নিঃসর্গ ঘ অশ্ব

ব্যাখ্যা 'মহীজ' শব্দের অর্থ আসামি। এর ইংরেজি প্রতিশব্দ Mars। আবার Mars-এর বাংলা অর্থ মঙ্গলগ্রহ, যা গ্রহের একটি রূপ। সুতরাং মহীজের সমার্থক গ্রহ। অন্যদিকে নিঃসর্গ বা পৃথিবীর সমার্থক শব্দ মহী, মহীজ নয়।

৯. 'ঢাকের কাঠি' বাগধারার অর্থ কী?
ক কপট ব্যক্তি খ ঘনিষ্ঠ সম্পর্ক
গ হতভাগ্য ঘ মোসাহেব

ব্যাখ্যা 'ঢাকের কাঠি' বাগধারার অর্থ মোসাহেব, তোষামুদে। 'দহরম-মহরম' বাগধারার অর্থ ঘনিষ্ঠ সম্পর্ক। 'ইঁদুর কপালে'/'আট কপালে' বাগধারার অর্থ হতভাগ্য।

১০. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক নিশিথিনী খ নিশীথীনি
গ নিশিথীনি ঘ নিশীথিনী

১১. 'জনৈক' শব্দটির সন্ধি বিচ্ছেদ—
ক জন + ইক খ জন + এক
গ জনৈ + এক ঘ জন + ঈক

উত্তর

১	ক
২	খ
৩	খ
৪	ঘ
৫	গ
৬	খ
৭	ঘ
৮	খ
৯	ঘ
১০	ঘ
১১	খ

ব্যাখ্যা স্বরসন্ধির নিয়মানুসারে অ-কার কিংবা আ-কারের পর এ-কার থাকলে উভয়ে মিলে ঐ-কার হয়; ঐ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। অর্থাৎ: অ + এ = ঐ (জন + এক = জনৈক)।

১২. 'পাখি সব করে রব, রাতি পোহাইল' পঙ্‌ক্তির রচয়িতা—

ক রামনারায়ণ তর্করত্ন
খ বিহারীলাল চক্রবর্তী
গ কৃষ্ণচন্দ্র মজুমদার
ঘ মদনমোহন তর্কালংকার

ব্যাখ্যা পঙ্‌ক্তিটির রচয়িতা মদনমোহন তর্কালঙ্কার (১৮১৭–১৮৫৮) 'শিশুশিক্ষা' (১ম ও ২য় ভাগ-১৮৪৯ এবং ৩য় ভাগ-১৮৫০) নামক শিশুতোষ গ্রন্থ রচনা করে বিশেষ খ্যাতি অর্জন করেন। 'পাখি সব করে রব, রাতি পোহাইল' পঙ্‌ক্তিটি এ গ্রন্থের প্রথমভাগের একটি সুপরিচিত ও জনপ্রিয় শিশুতোষ কবিতা। কবির অন্যান্য কাব্যগ্রন্থ হচ্ছে–'রসতরঙ্গিনী' ও 'বাসবদত্তা'। কবি প্রতিভার জন্য সংস্কৃত কলেজের অধ্যাপকগণ কর্তৃক 'কাব্যরত্নাকর' ও 'তর্কালঙ্কার' উপাধি পান।

১৩. 'এ মাটি সোনার বাড়া'— এ উদ্ধৃতিতে 'সোনা' কোন অর্থে ব্যবহার করা হয়েছে?

ক বিশেষণের অতিশায়ন
খ রূপবাচক বিশেষণ
গ উপাদানবাচক বিশেষণ
ঘ বিধেয় বিশেষণ

ব্যাখ্যা বিশেষণ পদ যখন দুই বা ততোধিক বিশেষ্য পদের মধ্যে গুণ, অবস্থা, পরিমাণ প্রভৃতি বিষয়ে তুলনায় একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝিয়ে থাকে, তাকে বিশেষণের অতিশায়ন বলে। এ ধরনের বিশেষণ প্রকাশে কখনো কখনো ষষ্ঠী বিভক্তিযুক্ত শব্দে ষষ্ঠী বিভক্তিই চেয়ে, থেকে প্রভৃতি শব্দের পরিবর্তে ব্যবহৃত হয়। যেমন– এ মাটি সোনার বাড়া।

১৪. 'লাঠালাঠি'— এটি কোন সমাস?

ক প্রাদি সমাস
খ ব্যতিহার বহুব্রীহি সমাস
গ তৎপুরুষ সমাস
ঘ কর্মধারয় সমাস

ব্যাখ্যা ব্যতিহার বহুব্রীহি সমাস হলো যে সমাসে একই রূপ দুটি বিশেষ্যপদ এক সাথে বসে পরস্পর একই জাতীয় কাজ করে যেমন— কানে কানে যে কথা = কানাকানি। তৎপুরুষ সমাস হলো যে সমাসে পূর্বপদের বিভক্তি লোপ পায় এবং পরপদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়। যেমন— ঢেঁকিতে ছাঁটা = ঢেঁকিছাঁটা। এখানে লাঠালাঠি = লাঠিতে লাঠিতে যে যুদ্ধ, অর্থাৎ এটি ব্যতিহার বহুব্রীহি সমাস।

১৫. 'নষ্ট হওয়ার স্বভাব যার' এক কথায় হবে—

ক নিদাঘ
খ নশ্বর
গ নষ্টমান
ঘ বিনশ্বর

১৬. The new offer of job was alluring. Here 'alluring' means—

ক unexpected
খ tempting
গ disappointing
ঘ ordinary

ব্যাখ্যা Alluring—লোভনীয়। Option-গুলোর মধ্যে unexpected— অপ্রত্যাশিত, tempting— প্রলুব্ধকর/লোভনীয়, disappointing— হতাশাজনক, ordinary— সাধারণ। বাক্য অনুযায়ী নতুন চাকরির offer-টি লোভনীয় ছিল।

১৭. 'David Copperfield' is a/an— novel.

ক Victorian
খ Elizabethan
গ Romantic
ঘ Modern

ব্যাখ্যা Charles Dickens (১৮১২-১৮৭০)-এর বিখ্যাত কিছু উপন্যাসের মধ্যে David Copperfield, A Tale of Two Cities, Great Expectations, The Pickwick Papers ইত্যাদি উল্লেখযোগ্য। তিনি Victorian (১৮৩২-১৯০১) যুগের একজন বিখ্যাত Novelist ছিলেন।

১৮. He insisted— there. (Fill in the gap)

ক on my going
খ is to go
গ over going
ঘ to go

ব্যাখ্যা Insist on sth/sb doing sth–হচ্ছে একটি appropriate use যা কোনো কিছুর উপর বা কারও কোনো কিছু করার উপর জোর প্রদান করার ক্ষেত্রে ব্যবহৃত হয়।

১৯. What would be the best antonym of 'hibernate'.

ক dormancy
খ liveliness
গ sluggishness
ঘ democracy

ব্যাখ্যা Hibernate অর্থ—নিষ্ক্রিয় অবস্থায় থাকা বা অলসভাবে সময় কাটানো। Option গুলোর মধ্যে dormancy অর্থ—সুপ্তাবস্থা, স্থগিত অবস্থা; liveliness—কর্মতৎপরতা, সক্রিয়তা; sluggishness—অলসতা, জড়তা এবং democracy অর্থ—গণতন্ত্র। সুতরাং hibernate এর antonym হচ্ছে liveliness।

২০. Women are too often— by family commitments.

ক confused
খ controlled
গ contaminated
ঘ constrained

ব্যাখ্যা Confused অর্থ— বিভ্রান্ত; contaminated—কলুষিত; controlled—নিয়ন্ত্রিত এবং constrained অর্থ বাধ্য, শৃঙ্খলাবদ্ধ, আটক ইত্যাদি। প্রশ্নোক্ত বাক্যটির অর্থ হয়–নারীরা প্রায়ই পারিবারিক প্রতিশ্রুতিতে (শৃঙ্খলাবদ্ধ)। সুতরাং appropriate word হবে constrained।

২১. The idiom 'put up with' means—

ক stay together
খ tolerate
গ keep trust
ঘ protect

ব্যাখ্যা 'Put up with' phraseটি দ্বারা সহ্য করা বোঝায়।

উত্তর

১২	ঘ
১৩	ক
১৪	খ
১৫	খ
১৬	খ
১৭	ক
১৮	ক
১৯	খ
২০	ঘ
২১	খ

২২. N.B. Stands for—
ক Note before খ No bar
গ No bearing ঘ Nota bene
ব্যাখ্যা N.B. হলো একটি Abbreviation বা সংক্ষিপ্ত রূপ। এর পূর্ণরূপ হলো Nota Bene (দ্রষ্টব্য)। লেখনীতে কোনো কিছু গুরুত্বপূর্ণ হিসেবে তুলে ধরার ক্ষেত্রে N. B. ব্যবহার করা হয়।

২৩. Cricket enjoys a huge— in Bangladesh.
ক follow on খ fall out
গ follow ঘ following
ব্যাখ্যা follow on — অনুগামী হওয়া; Fall out— ঝগড়া করা; follow—অনুসরণ করা এবং following অর্থ— সমর্থক, ভক্ত। অর্থগত দিক থেকে (ঘ) following সঠিক। বাক্যটির অর্থ হয়— 'বাংলাদেশে প্রচুর ক্রিকেট ভক্ত/প্রেমী আছে'।

২৪. Heart : human
ক Kitchen : house
খ Hand : child
গ Wall : brick
ঘ Engine : car
ব্যাখ্যা Human (মানুষ)-কে সচল রাখে heart (হৃৎপিণ্ড) এবং Car (গাড়ি)-কে সচল রাখে engine (ইঞ্জিন)।

২৫. Which is the noun of the word 'beautiful'
ক Beauty খ Beautify
গ Beautious ঘ Beautifully
ব্যাখ্যা Beautiful-এর noun form হলো beauty। অপরদিকে beautiful-এর verb এবং adverb form হলো যথাক্রমে beautiful এবং beautifully।

২৬. The Arabian Nights— still a great favourite.
ক has খ are
গ is ঘ were
ব্যাখ্যা The Arabian Nights একটি আরব্য উপন্যাসের নাম। তাই এর পর singular verb বসবে।

২৭. Climate is a— of the environment.
ক state খ situation
গ rank ঘ size
ব্যাখ্যা Climate অর্থ জলবায়ু, যা একটি নির্দিষ্ট এলাকার কয়েক বছরের আবহাওয়ার গড় অবস্থাকে নির্দেশ করে। State– মানে অবস্থা। Situation – অবস্থা। তবে এটি গ্রাম, শহরের অবস্থান বুঝাতে ব্যবহৃত হয়। Rank – সারি বা ক্রম। Size – আকার।

২৮. First languages means the— language.
ক important খ main
গ natural ঘ official
ব্যাখ্যা First Language বলতে মানব শিশু জন্মের পর যে ভাষা তার পরিবেশ ও পারিপার্শ্বিকতা থেকে শিখে তা-ই বোঝায়।

২৯. She has— her hair a beautiful shade of brown.
ক colored খ given
গ dried ঘ dyed
ব্যাখ্যা Colored – রঙিন। Given – দেয়া। Dried – শুকনো। Dyed – চুলে রঙ করা।

৩০. ১৭ সে.মি., ১৫ সে.মি., ৮ সে.মি. বাহু বিশিষ্ট ত্রিভুজটি হবে—
ক সমবাহু খ সমদ্বিবাহু
গ সমকোণী ঘ স্থূলকোণী
ব্যাখ্যা $(১৫)^২ + (৮)^২ = ২২৫ + ৬৪ = ২৮৯$
$(১৫)^২ + (৮)^২ = (১৭)^২$
অর্থাৎ, ত্রিভুজটি সমকোণী।

৩১. $(x/3) + \{4/(x+1) = 2$ হলে, x এর মান কত—
ক 1 খ 2
গ 3 ঘ 4
[Note : $x = 2$ এবং 3 উভয়ের জন্যই সমীকরণটি সিদ্ধ]
ব্যাখ্যা $\frac{x}{3} + \frac{4}{x+1} = 2$
$\Rightarrow \frac{x^2 + x + 12}{3(x+1)} = 2$
$\Rightarrow x^2 + x + 12 = 6x + 6$
$\Rightarrow x^2 + x + 12 - 6x - 6 = 0$
$\Rightarrow x^2 - 5x + 6 = 0$
$\Rightarrow x^2 - 5x + 6 = 0$
$\Rightarrow x^2 - 3x - 2x + 6 = 0$
$\Rightarrow x(x-3) - 2(x-3) = 0$
$\Rightarrow (x-3)(x-2) = 0$
$\therefore x = 2, 3$

৩২. দুটি সংখ্যার গুণফল ৩৩৮০ এবং গ সা. গু ১৩। সংখ্যা দুটির ল. সা. গু কত?
ক ২৬০ খ ৭৮০
গ ১৩০ ঘ ৪৯০
ব্যাখ্যা সংখ্যা দু'টির ল.সা.গু. $= \frac{৩৩৮০}{১৩} = ২৬০$

৩৩. ০, ১, ২, এবং ৩ দ্বারা গঠিত চার অঙ্কের বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগ ফল—
ক ৩১৪৭ খ ২২৮৭
গ ২৯৮৭ ঘ ২১৮৭
ব্যাখ্যা ০, ১, ২ এবং ৩ দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা ৩২১০
০, ১, ২ এবং ৩ ,, ,, ক্ষুদ্রতম ,, ১০২৩
[(–) করে] ২১৮৭

৩৪. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি পেলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?
ক ৩ গুণ খ ৯ গুণ
গ ১২ গুণ ঘ ১৬ গুণ
ব্যাখ্যা ধরি, বৃত্তের ব্যাস d

উত্তর
২২ ঘ
২৩ ঘ
২৪ ঘ
২৫ ক
২৬ গ
২৭ ক
২৮ গ
২৯ ঘ
৩০ গ
৩১ Note
৩২ ক
৩৩ ঘ
৩৪ খ

বৃত্তের ক্ষেত্রফল $= \frac{\pi d^2}{৮}$

বৃদ্ধির পর বৃত্তের ব্যাস $= ৩d$

" ক্ষেত্রফল $= \frac{\pi(৩d)^2}{৮} = \frac{৯\pi d^2}{৮}$

ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $\frac{\frac{৯\pi d^2}{৮}}{\frac{\pi d^2}{৮}}$ বা ৯ গুণ।

৩৫. ১, ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ... ধারার ১০তম পদ কত?

ক ৩৪ খ ৫৫
গ ৪৮ ঘ ৬৪

ব্যাখ্যা ১ + ১ = ২
১ + ২ = ৩
২ + ৩ = ৫
৩ + ৫ = ৮
৫ + ৮ = ১৩
৮ + ১৩ = ২১
১৩ + ২১ = ৩৪
দশম পদ ২১ + ৩৪ = ৫৫

৩৬. কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ২ যোগ করলে যোগফল ১২, ১৮ এবং ২৪ দ্বারা বিভাজ্য হবে?

ক ৮৯ খ ৭০
গ ১৭০ ঘ ১৪২

ব্যাখ্যা ১২, ১৮ ও ২৪ এর ল. সা. গু. $= ২ \times ২ \times ৩ \times ৩ \times ২ = ৭২$
$\therefore$ নির্ণেয় লঘিষ্ঠ সংখ্যা $= ৭২ - ২ = ৭০$

৩৭. $১^২ + ২^২ + ৩^২ + \ldots\ldots\ldots + ৫০^২ =$ কত?

ক ৩৫৭২৫ খ ৪২৯২৫
গ ৪৫৫০০ ঘ ৪৭২২৫

ব্যাখ্যা $\frac{n(n+১)(২n+১)}{৬}$
$= \frac{৫০ \times ৫১ \times ১০১}{৬}$
$= ৪২৯২৫$

৩৮. $3x - 7y + 10 = 0$ এবং $y - 2x - 3 = 0$-এর সমাধান

ক $x = 1, y = -1$ খ $x = 1, y = 1$
গ $x = -1, y = -1$ ঘ $x = -1, y = 1$

ব্যাখ্যা $3x - 7y + 10 = 0$ ..... (1)
$y - 2x - 3 = 0$
$\Rightarrow y = 2x + 3$ ..... (2)
(1)নং হতে, $3x - 7(2x + 3) + 10 = 0$
$\Rightarrow 3x - 14x - 21 + 10 = 0$
$\Rightarrow -11x = 11 \quad \therefore x = -1$
(2)নং হতে, $y = 2(-1) + 3 = 1$
$\therefore x = -1, \quad y = 1$

৩৯. যদি $a + b = 2$, $ab = 1$ হয় তবে a এবং b এর মান যথাক্রমে—

ক 0, 2 খ 1, 1
গ $-1, 3$ ঘ $-3, -4$

ব্যাখ্যা দেয়া আছে,
$a + b = 2$ ..... (1)
এবং $ab = 1$ ..... (2)
আমরা জানি,
$(a-b)^2 = (a+b)^2 - 4ab$
$\Rightarrow (a-b)^2 = 2^2 - 4.1$
$\Rightarrow (a-b)^2 = 4 - 4$
$\therefore a - b = 0$ ..... (3)
(1) + (3) হতে পাই,
$2a = 2$
$\Rightarrow a = 1$
(1) – (3) হতে পাই,
$2b = 2$
$\Rightarrow b = 1$
$\therefore a = 1$ এবং $b = 1$.

৪০. If two typist can type two pages in two minutes, how many typists will it take to type 18 pages in six minutes.

ক 3 খ 6
গ 9 ঘ 18

ব্যাখ্যা 2 pages can be typed in 2 minutes by 2 typists

1	1	$\frac{2 \times 2}{2}$
18	6	$\frac{2 \times 2 \times 18}{2 \times 6}$

$= 6$ typists

৪১. 'কালাপানি' কোন দুই রাষ্ট্রের মধ্যে অমীমাংসিত ভূখণ্ড?

ক ভারত ও নেপাল
খ পাকিস্তান ও চীন
গ ভুটান ও ভারত
ঘ বাংলাদেশ ও ভারত

ব্যাখ্যা 'কালাপানি' অমীমাংসিত ভূখণ্ডটি ভারত ও নেপালের মধ্যে অবস্থিত। এ ভূখণ্ডটি নেপালের মহাকালি এবং ভারতের উত্তরাখণ্ড সীমানায় অবস্থিত। ১৯৬২ সালের ভারত-চীন যুদ্ধের পর থেকে এটা ভারতের ইন্দো-তিব্বতি সীমান্ত নিরাপত্তা বাহিনী নিয়ন্ত্রণ করে আসছে।

৪২. বাংলাদেশের নিম্নলিখিত জেলাসমূহের মধ্যে কোন জেলায় নিচু ভূমির (low land) পরিমাণ সবচেয়ে বেশি?

ক হবিগঞ্জ খ গোপালগঞ্জ
গ কিশোরগঞ্জ ঘ মুন্সীগঞ্জ

উত্তর

৩৫	খ
৩৬	খ
৩৭	খ
৩৮	ঘ
৩৯	খ
৪০	খ
৪১	ক
৪২	গ

ব্যাখ্যা *মৌসুমী বায়ু প্রবাহের সময় সাধারণত নিম্নভূমি ১৮০ সেমি-২৭৫ সেমি পর্যন্ত প্লাবিত হয়। নিম্নভূমি বলতে হাওর ও বাঁওড় অঞ্চলকে বোঝানো হয়। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডের তথ্যমতে, কিশোরগঞ্জে হাওরের সংখ্যা ১২২টি। যার আয়তন ১,৮২,১০৩ হেক্টর। হবিগঞ্জে হাওরের সংখ্যা ৩০টি, যার আয়তন ৩৯,১৩২ হেক্টর।*

৪৩. কোনটি জারক পদার্থ নয়?

ক হাইড্রোজেন খ অক্সিজেন
গ ক্লোরিন ঘ ব্রোমিন

ব্যাখ্যা *জারক পদার্থগুলো ইলেকট্রন গ্রহণ করে অন্যকে জারিত করে ও নিজে বিজারিত হয়। অক্সিজেন, ক্লোরিন ও ব্রোমিন প্রত্যেকেই ইলেকট্রন গ্রহণ করে, তাই এরা জারক পদার্থ। অন্যদিকে হাইড্রোজেন ইলেকট্রন ত্যাগ করে তাই এটা জারক নয়, বিজারক।*

৪৪. চা পাতায় কোন ভিটামিন থাকে?

ক ভিটামিন 'ই' খ ভিটামিন 'কে'
গ ভিটামিন বি কমপ্লেক্স ঘ ভিটামিন 'এ'

ব্যাখ্যা *শাকসবজি, তৈলবীজ এবং হাঙ্গর মাছের যকৃতের তেলে ভিটামিন-ই পাওয়া যায়। সবুজ শাকসবজি, দুগ্ধজাত দ্রব্য ভিটামিন 'কে'-এর প্রধান উৎস। চা পাতা, বৃষ্টির পানিতে ভিটামিন-বি কমপ্লেক্স পাওয়া যায়। মাছের তেল, দুধ, মলা মাছ, মাছের মাথা এবং গাজরে সর্বাধিক ভিটামিন-এ রয়েছে।*

৪৫. ভারতের কতটি 'ছিটমহল' বাংলাদেশের ভৌগোলিক সীমায় অন্তর্ভুক্ত হয়েছে?

ক ১৬২টি খ ১১১টি
গ ৫১টি ঘ ১০১টি

ব্যাখ্যা *১৯৪৭ সালে ব্রিটিশ ভারতের বিভক্তির পর স্বাধীন ভারত ও পাকিস্তানের মধ্যে পরবর্তীতে ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হলে বাংলাদেশ ও ভারতের অধিকারভুক্ত কিছু ভূখণ্ড উভয় দেশের মধ্যে থেকে যায়। এ ধরনের ভূখণ্ডই ছিটমহল। ২০১৫ সালে উভয় দেশের মধ্যে এ ছিটমহল বিনিময় হয়। এ বিনিময়ের মাধ্যমে বাংলাদেশের ভূখণ্ডে ভারতের ১১১টি আর ভারতের ভূখণ্ডে বাংলাদেশের ৫১টি ছিটমহল অন্তর্ভুক্ত হয়।*

৪৬. সুয়েজ খাল কোন বৎসর চালু হয়?

ক ১৯০৩ খ ১৮৬৯
গ ১৮৮৯ ঘ ১৮৫৪

ব্যাখ্যা *ভূমধ্যসাগর ও লোহিত সাগরের মধ্যে সংযোগ স্থাপনকারী সুয়েজ খাল খনন শুরু হয় ২৪ এপ্রিল ১৮৫৯। এটি প্রথম নৌ চলাচলের জন্য খুলে দেওয়া হয় ১৮৬৯ সালের ১৭ নভেম্বর। মিশর এ খালটি জাতীয়করণ করে ২৬ জুলাই ১৯৫৬।*

৪৭. সুন্দরবনের বাঘ গণনায় ব্যবহৃত হয়?

ক পাগ-মার্ক খ ফুটমার্ক
গ GIS ঘ কোয়ার্ডবেট

ব্যাখ্যা *সুন্দরবনে কয়েকটি পদ্ধতিতে এ পর্যন্ত বাঘ গণনা করা হয়েছে। তবে সর্বশেষ পদ্ধতিটি ছিল ক্যামেরা ট্র্যাকিং পদ্ধতি। ২৬ জুলাই ২০১৫ প্রকাশিত বাঘ গণনার ঐ জরিপের ফলাফলে বলা হয় সুন্দরবনের বাংলাদেশ অংশে ১০৬টি বাঘ রয়েছে। এর পূর্বে ২০০৪-০৫ সালে পাগ-মার্ক বা পায়ের ছাপ পদ্ধতিতে সুন্দরবনের বাঘ জরিপে বলা হয় সুন্দরবনের বাংলাদেশ অংশে ৪৩০টি বাঘ আছে।*

৪৮. মস্তিষ্ক কোন তন্ত্রের অঙ্গ?

ক স্নায়ুতন্ত্রের খ রেচন তন্ত্রের
গ পরিপাক তন্ত্রের ঘ শ্বাস তন্ত্রের

ব্যাখ্যা *মস্তিষ্ক হলো স্নায়ুতন্ত্রের অঙ্গ। স্নায়ুতন্ত্রের একক হলো নিউরন। অন্যদিকে রেচনতন্ত্রের সাহায্যে রেচন কাজ সম্পন্ন হয়। পরিপাকতন্ত্রের সাহায্যে পরিপাক ক্রিয়া সম্পন্ন হয় এবং শ্বাসতন্ত্রের সাহায্যে শ্বাস-প্রশ্বাসের কাজ সম্পন্ন হয়।*

৪৯. কোন জ্বালানি পোড়ালে সালফার ডাই অক্সাইড বাতাসে আসে?

ক ডিজেল খ পেট্রোল
গ অকটেন ঘ সিএনজি

ব্যাখ্যা *ডিজেল বা গ্যাস অয়েলের কার্বন শিকলের দৈর্ঘ্য C_{13} থেকে C_{18} পর্যন্ত। ডিজেলকে পোড়ালে সালফার ডাই-অক্সাইড তৈরি হয়। অন্যদিকে পেট্রোল, অকটেন ও সিএনজিকে জ্বালানি রূপে পোড়ালে কার্বন ডাই-অক্সাইড গ্যাস তৈরি হয়। এদের কার্বন শিকলের দৈর্ঘ্য হলো, পেট্রোল = C_5 থেকে C_{12}, অকটেন = C_8 এবং সিএনজি (Compressed Natural Gases) = C_1, যা ডিজেলের তুলনায় ছোট শিকল।*

৫০. আয়নায় প্রতিফলিত হলে নিচের কোন শব্দটির কোনো পরিবর্তন হবে না?

ক OPT খ NOON
গ SOS ঘ OTTO

৫১. কীসের স্রোতে নদীখাত গভীর হয়?

ক সমুদ্রস্রোত খ নদী স্রোত
গ বানের স্রোত ঘ জোয়ার-ভাটার স্রোত

ব্যাখ্যা *নদীখাত হলো প্রবাহিত পানির শক্তির ফলে গঠিত একটি সরু বা চওড়া, গভীর বা অগভীর প্রাকৃতিক সুষম ঢালু যার মধ্য দিয়ে ধীর বা প্রবলবেগে পানি প্রবাহিত হয়। জোয়ার-ভাটার ফলে সৃষ্ট স্রোতের সাহায্যে এই নদীখাত গভীর হয়।*

৫২. গভীর সমুদ্রবন্দর নির্মাণের জন্য প্রস্তাবিত সোনাদিয়া দ্বীপের আয়তন কত?

ক ৯১ বর্গ কিলোমিটার খ ৯ বর্গ কিলোমিটার
গ ৭ বর্গ কিলোমিটার ঘ ৮ বর্গ কিলোমিটার

উত্তর

৪৩	ক
৪৪	গ
৪৫	খ
৪৬	খ
৪৭	ক
৪৮	ক
৪৯	ক
৫০	ঘ
৫১	ঘ
৫২	খ

ব্যাখ্যা *গভীর সমুদ্রবন্দর নির্মাণের জন্য প্রস্তাবিত সোনাদিয়া দ্বীপটির আয়তন ৯ বর্গকিলোমিটার। কক্সবাজারের মহেশখালী উপজেলার সন্নিকটে অবস্থিত মনোরম প্রাকৃতিক সৌন্দর্যমণ্ডিত সোনাদিয়া দ্বীপটি অতিথি পাখির জন্যও পরিচিত। সোনাদিয়া দ্বীপকে দিয়া বা প্যারা দ্বীপ নামেও ডাকা হয়।*

৫৩. 'অলিভ টারটল' বাংলাদেশের কোন দ্বীপে পাওয়া যায়?

ক সেন্টমার্টিন খ রাঙাবালি
গ চর আলেকজান্ডার ঘ ছেড়াদ্বীপ

ব্যাখ্যা *'অলিভ টারটল' হলো জলপাই রঙের কচ্ছপ। সেন্ট মার্টিন ছাড়াও কক্সবাজারের বদর মোকাম, শাহপরীর দ্বীপ, বাহারছড়া, মনখালী, হিমছড়ি, প্যাচারদিয়া ও সোনাদিয়া দ্বীপের সৈকতেও অলিভ টারটল পাওয়া যায়।*

৫৪. মহাজাগতিক রশ্মির আবিষ্কারক—

ক হেস খ আইনস্টাইন
গ টলেমি ঘ হাবল

ব্যাখ্যা *বিজ্ঞানী হেস্ মহাজাগতিক রশ্মি আবিষ্কারের জন্য ১৯৩৬ সালে নোবেল পুরস্কার পান। মহাশূন্য থেকে আগত রশ্মি বা কণাকে কসমিক রে বা মহাজাগতিক রশ্মি বলে।*

৫৫. 'সোনালিকা' ও 'আকবর' বাংলাদেশের কৃষি ক্ষেত্রে কিসের নাম?

ক উন্নত ও কৃষি যন্ত্রপাতির নাম
খ উন্নত জাতের ধানের নাম
গ দুটি কৃষি বিষয়ক বেসরকারি সংস্থার নাম
ঘ উন্নত জাতের গমের নাম

ব্যাখ্যা *বাংলাদেশের কৃষি ক্ষেত্রে 'সোনালিকা' ও 'আকবর' দুটি উন্নতজাতের গমের নাম। এরূপ আরো কতিপয় উন্নত জাতের গমের মধ্যে অগ্রণী, আনন্দ, কাঞ্চন, দোয়েল, বরকত, বলাকা, জোপাটিকা, ইনিয়া-৬৬ প্রভৃতি প্রধান।*

৫৬. অপটিক্যাল ফাইবারে আলোর কোন ঘটনাটি ঘটে?

ক প্রতিসরণ খ বিচ্ছুরণ
গ অপবর্তন ঘ অভ্যন্তরীণ প্রতিফলন

ব্যাখ্যা *অপটিক্যাল ফাইবার হচ্ছে খুব সরু ও নমনীয় কাচ তন্তু। যখন আলোক রশ্মি কাচ তন্তুর এক প্রান্ত দিয়ে প্রবেশ করে, তখন তন্তুর দেয়ালে বারবার এর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ঘটে যতক্ষণ পর্যন্ত না অপর প্রান্ত দিয়ে আলোক রশ্মি নির্গত হয়। আলো বহনের কাজে এটি ব্যবহৃত হয়।*

৫৭. সুনামির (Tsunami) কারণ হলো—

ক আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত খ ঘূর্ণিঝড়
গ চন্দ্র ও সূর্যের আকর্ষণ ঘ সমুদ্র তলদেশের ভূমিকম্প

ব্যাখ্যা *সমুদ্রের তলদেশে প্রবল ভূমিকম্প সংঘটিত হলে সমুদ্রপৃষ্ঠে প্রচণ্ড ও ধ্বংসাত্মক বিশাল ঢেউয়ের সৃষ্টি হয়। এরূপ বিশাল সামুদ্রিক ঢেউগুলোকে সুনামি বলা হয়।*

৫৮. কোনো শব্দ শোনার পরে কত সেকেন্ড পর্যন্ত এর রেশ আমাদের মস্তিষ্কে থাকে?

ক ১ সেকেন্ড খ ০.১ সেকেন্ড
গ ০.০১ সেকেন্ড ঘ ০.০০১ সেকেন্ড

ব্যাখ্যা *কোনো শব্দ শোনার পর প্রায় ০.১ সেকেন্ড পর্যন্ত এর রেশ আমাদের মস্তিষ্কে থাকে। এই সময়কে শব্দানুভূতির স্থায়িত্বকাল বলে। কোনো শব্দ শোনার পর যদি ০.১ সেকেন্ডের মধ্যে আরেকটি শব্দ আমাদের কানে এসে পৌঁছায় তবে আমাদের মস্তিষ্ক দুটি শব্দ আলাদাভাবে শনাক্ত করতে বা বুঝতে পারে না।*

৫৯. ছায়াপথ তার নিজ অক্ষকে কেন্দ্র করে ঘুরে আসতে যে সময় লাগে তাকে কী বলে?

ক সৌর বছর খ কসমিক ইয়ার
গ আলোক বর্ষ ঘ পালসার

ব্যাখ্যা *পৃথিবী ও অন্যান্য গ্রহগুলো যেমন প্রতিনিয়ত সূর্যকে কেন্দ্র করে ঘুরছে, তেমনি সূর্যও তার গ্রহগুলোসমেত তার নিজ গ্যালাক্সির চারপাশে ঘুরছে। ছায়াপথের তার নিজ অক্ষকে কেন্দ্র করে একবার ঘুরে আসতে যে সময় লাগে, তাকে 'কসমিক ইয়ার' বা 'কসমিক বর্ষ' বলে। একইভাবে সূর্যের চারদিকে একবার ঘুরে আসতে পৃথিবীর যে সময় লাগে, তাকে 'সোলার ইয়ার' (Solar year) বা 'সৌর বছর' বলে।*

৬০. মানুষের গায়ের রং কোন উপাদানের উপর নির্ভর করে?

ক মেলানিন খ থায়ামিন
গ ক্যারোটিন ঘ হিমোগ্লোবিন

ব্যাখ্যা *মানুষের গায়ের রঙ নির্ভর করে চামড়ায় মেলানিনের উপস্থিতির উপর। চামড়ার মেলানোসাইট নামক একপ্রকার কোষ মেলানিন তৈরি করে। চামড়ায় মেলানিনের পরিমাণ বেশি থাকলে গায়ের রঙ কালো হয় আর মেলানিন কম থাকলে গায়ের রঙ ফর্সা হয়।*

৬১. সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয় কবে?

ক ৩১ জানুয়ারি ১৯৫২ খ ২ ফেব্রুয়ারি ১৯৫২
গ ১৮ ফেব্রুয়ারি ১৯৫২ ঘ ২০ জানুয়ারি ১৯৫২

[Note : *রাষ্ট্রভাষা বাংলার দাবিতে 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয় ১৯৫২ সালের ৩০ জানুয়ারি। আর এ কমিটির আহ্বায়ক ছিলেন কাজী গোলাম মাহবুব।]*

৬২. যেসব অণুজীব রোগ সৃষ্টি করে তাদের বলা হয়—

ক প্যাথজেনিক খ ইনফেকশন
গ টক্সিন ঘ জীবাণু

ব্যাখ্যা *চিকিৎসাশাস্ত্রে paediatric শিশুদের ওষুধ ও রোগ নিয়ে আলোচনা করে।*

৫১. নিচের কোন ভগ্নাংশটি সবচেয়ে বড়?
ⓚ $\frac{২}{৩}$ ⓛ $\frac{৩}{৫}$ ⓜ $\frac{৮}{১১}$ ⓝ $\frac{১৭}{২৭}$
ব্যাখ্যা $\frac{২}{৩} = ০.৬৭$ $\frac{৩}{৫} = ০.৬০$
$\frac{৮}{১১} = ০.৭৩$ *(বৃহত্তম)* $\frac{১৭}{২৭} = ০.৬৩$
বৃহত্তম ভগ্নাংশটি হবে $\frac{৮}{১১}$

৫২. কোনো কর্মকর্তা মাসিক ৩০,০০০ টাকা বেতনে ২০১২ সালের ৭ ফেব্রুয়ারি কাজে যোগ দিলেন। তিনি ঐ মাসে কত বেতন পাবেন?
ⓚ ২৩০০০ টাকা ⓛ ২৪০০০.২০ টাকা
ⓜ ২৩৭৯৩.১০ টাকা ⓝ ২৪৯১২ টাকা
ব্যাখ্যা *২০১২ সাল অধিবর্ষ, তাই ফেব্রুয়ারি মাস ২৯ দিনে।*
∴ প্রতিদিনের বেতন $= \frac{৩০,০০০}{২৯} = ১০৩৪.৪৮$ *টাকা*
∴ তিনি ঐ মাসে বেতন পাবেন (২৯−৬) × ১০৩৪.৪৮ টাকা
$= ২৩৭৯৩.০৪ \approx ২৩৭৯৩.১০$,,

৫৩. ২০০ এর $\frac{১}{২}$% এর সাথে ১০০ যোগ করলে সংখ্যাটি কত হবে?
ⓚ ১০১ ⓛ ১৫০ ⓜ ২০০ ⓝ ২০১
ব্যাখ্যা
$২০০ \text{ এর } \frac{১}{২}\% + ১০০ = ২০০ \text{ এর } \frac{১}{২} \times \frac{১}{১০০} + ১০০$
$= ১ + ১০০ = ১০১$

৫৪. $\left(\frac{৬৪}{৩৪৩}\right)^{-\frac{৩}{২}}$ **এর সরল মান কত?**
ⓚ $\frac{৪}{৭}$ ⓛ $\frac{৭}{৪}$ ⓜ $\frac{১৬}{৪৯}$ ⓝ $\frac{১৬}{৭}$
[**Note :** *ঘাত* $-\frac{৩}{২}$ *এর পরিবর্তে* $\frac{২}{৩}$ *হলে উত্তর হবে* $\frac{১৬}{৪৯}$
$\left(\frac{৬৪}{৩৪৩}\right)^{\frac{২}{৩}} = \left(\frac{৪^৩}{৭^৩}\right)^{\frac{২}{৩}} = \left(\frac{৪}{৭}\right)^{৩\times\frac{২}{৩}} = \left(\frac{৪}{৭}\right)^{২} = \frac{১৬}{৪৯}$ ।

উত্তর
৩৯ খ
৪০ খ
৪১ ক
৪২ গ
৪৩ ক
৪৪ খ
৪৫ ঘ
৪৬ ক
৪৭ খ
৪৮ ক
৪৯ Note
৫০ খ
৫১ গ
৫২ গ
৫৩ ক
৫৪ Note

৫৫. একটি বর্গাকার বাগানের ক্ষেত্রফল ১ হেক্টর হলে বাগানটির পরিসীমা কত?

ক ৫০০ মিটার খ ৪০০ মিটার
গ ৩০০ মিটার ঘ ২০০ মিটার

ব্যাখ্যা *ধরি, বাগানের দৈর্ঘ্য x মিটার*

ক্ষেত্রফল $x^২$ বর্গমিটার

$\therefore x^2 = ১০০০০$ [$\because$ ১ হেক্টর = ১০০০০ বর্গমিটার]

$\Rightarrow x = \sqrt{১০০০০}$

$\therefore x = ১০০$

বাগানের পরিসীমা $8x$ মিটার = ৪০০ মিটার

৫৬. $\frac{21\times 21\text{এর }21}{21+21\times 21}$ এর সরল মান হবে—

ক 441 খ 1 গ 0 ঘ 21

ব্যাখ্যা $\frac{21\times 21\text{এর }21}{21+21\times 21} = \frac{21\times 441}{1\times 21} = 441$

৫৭. $\sqrt{2}$ এবং $\sqrt{3}$ এর মধ্যবর্তী একটি মূলদ সংখ্যা হবে–

ক $\frac{\sqrt{2}+\sqrt{3}}{2}$ খ $\frac{\sqrt{2}.\sqrt{3}}{2}$ গ 1.8 ঘ 1.5

ব্যাখ্যা *দুটি অমূলদ সংখ্যার ($\sqrt{2}$ ও $\sqrt{3}$)-এর যোগফল ও গুণফলকে 2 দ্বারা ভাগ করা হলে দুটি অমূলদ সংখ্যা পাওয়া যাবে। এখানে, 1.8 ও 1.5 দুটি মূলদ সংখ্যা। কিন্তু*

$\sqrt{2}$ বা $1.414 < 1.5 < \sqrt{3}$ বা 1.732

$\therefore$ *মূলদ সংখ্যাটি 1.5*

৫৮. $x^3 - px + 10 = 0$ এর একটি সমাধান 2 হলে p এর মান কত?

ক −2 খ −9 গ 9 ঘ 10

ব্যাখ্যা $(2)^3 - P.2 + 10 = 0$ *[$x = 2$ বসিয়ে]*

$\Rightarrow 8 - 2P = -10$

$\Rightarrow -2P = -10 - 8$

$\Rightarrow P = \frac{-18}{-2}$

$\therefore P = 9$

৫৯. $a + c > b$ হলে নিচের কোনটি সত্য?

ক $a > b - c$ খ $a < b - c$
গ $a > b + c$ ঘ $a < b + c$

ব্যাখ্যা $a + c > b$

$\Rightarrow a + c - c > b - c$

$\therefore a > b - c$

৬০. $f(x) = x^2 + \frac{1}{x} + 1$ এর অনুরূপ কোনটি?

ক $f(1) = 1$ খ $f(0) = 1$
গ $f(-1) = 3$ ঘ $f(1) = 3$

ব্যাখ্যা $f(x) = x^2 + \frac{1}{x} + 1$

$\therefore f(1) = 1^2 + \frac{1}{1} + 1 = 3$

$\therefore f(0) = 0^2 + \frac{1}{0} + 1 = 1 + \frac{1}{0}$

$\therefore f(0) = 1$ *গ্রহণযোগ্য নয়* [*কারণ* $\frac{1}{0}$ *অসংজ্ঞায়িত*]

$f(-1) = (-1)^2 + \frac{1}{-1} + 1 = 1 - 1 + 1 = 1$

$\therefore$ *নির্ণেয় অনুরূপ* $f(1) = 3$

৬১. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দেড়গুণ। এর ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার হলে, তার পরিসীমা কত?

ক ৩০ মিটার খ ৬০ মিটার
গ ৪০ মিটার ঘ ৫০ মিটার

ব্যাখ্যা *ধরি, আয়তাকার ঘরের প্রস্থ = x মিটার*

দৈর্ঘ্য $= \left(x \times ১\frac{১}{২}\right)$ *মিটার*

$= \frac{৩x}{২}$

$\therefore x \times \frac{৩x}{২} = ২১৬$

$\Rightarrow x^২ = ২১৬ \times \frac{২}{৩}$

$\Rightarrow x = \sqrt{১৪৪}$

$\therefore x = ১২$

$\therefore$ *দৈর্ঘ্য* $= \frac{৩ \times ১২}{২} = ১৮$ *মিটার*

পরিসীমা $= ২(১২ + ১৮) = ৬০$*মিটার*

৬২. $a + b = 9$ m এবং $ab = 18$ m^2 হলে $a - b$ এর মান কত?

ক 3m খ −3m গ ±3m ঘ 6m

ব্যাখ্যা $(a-b) = \pm\sqrt{(a+b)^2 - 4ab}$

$= \pm\sqrt{(9m)^2 - 4\times 18m^2}$

$= \pm\sqrt{81m^2 - 72m^2} = \pm\sqrt{9m^2}$

$\therefore a - b = \pm 3m$

৬৩. ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য মিটারে দেওয়া হলো। কোন ক্ষেত্রে ত্রিভুজ অঙ্কন সম্ভব নয়?

ক ৬, ৭ ও ১১ খ ৩, ৮ ও ৮
গ ১৪, ১২ ও ২৮ ঘ ২০, ৮ ও ১৩

ব্যাখ্যা *ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি অবশ্যই তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হবে।*

৬ + ৭ = ১৩ > ১১ ত্রিভুজ অঙ্কন সম্ভব।

৩ + ৮ = ১১ > ৮ ,, ,, ,,

১৪ + ১২ = ২৬ < ২৮ ত্রিভুজ অঙ্কন সম্ভব নয়।

১৩ + ৮ = ২১ > ২০ ত্রিভুজ অঙ্কন সম্ভব।

$\therefore$ *১৪, ১২ ও ২৮ বাহুগুলো দিয়ে ত্রিভুজ অঙ্কন সম্ভব নয়।*

৬৪. শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে ৭২০ টাকার ২ বছর ৪ মাসের সুদ কত হবে?

ক ৮৩ টাকা খ ৮৪ টাকা
গ ৮২ টাকা ঘ ৯০ টাকা

উত্তর

৫৫	খ
৫৬	ক
৫৭	ঘ
৫৮	গ
৫৯	ক
৬০	ঘ
৬১	খ
৬২	গ
৬৩	গ
৬৪	খ

ব্যাখ্যা সুদ $I = pnr$ | $p = ৭২০$

$= ৭২০ \times \frac{৭}{৩} \times \frac{১}{২০}$ | $n = \left(২ + \frac{৪}{১২}\right)$ বছর

$= ৮৪$ | $= \frac{৭}{৩}$ বছর

$r = \frac{৫}{১০০} = \frac{১}{২০}$

৬৫. টাকায় ৩টি করে আম ক্রয় করে, টাকায় ২টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক ৫০% খ ৩৩% গ ৩০% ঘ ৩১%

ব্যাখ্যা ক্রয় ও বিক্রয়ের সংখ্যা ক্রমিক এবং ক্রয়ের সংখ্যা > বিক্রয়ের সংখ্যা হলে লাভের হার $= \frac{১০০}{\text{বিক্রয় সংখ্যা}}\%$

$= \frac{১০০}{২}\% = ৫০\%$

৬৬. ΔABC এর E ও F যথাক্রমে AB ও AC এর মধ্যবিন্দু হলে EF = কত?

ক $\frac{1}{2}(AB + AC)$ খ $\frac{1}{2}AB$

গ $\frac{1}{2}AC$ ঘ $\frac{1}{2}BC$

ব্যাখ্যা



কোনো ত্রিভুজের দুটি বাহুর মধ্যবিন্দুদ্বয়ের সংযোগ রেখা তৃতীয় বাহুর সমান্তরাল এবং দৈর্ঘ্যে তৃতীয় বাহুর অর্ধেক।

$\therefore EF = \frac{1}{2}BC$

৬৭. $a + \frac{1}{a} = \sqrt{3}$ হলে $a^3 + \frac{1}{a^3}$ = কত?

ক 27 খ 9 গ 0 ঘ 3

ব্যাখ্যা $a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3.a.\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= \left(\sqrt{3}\right)^3 - 3\left(\sqrt{3}\right)$

$= 3\sqrt{3} - 3\sqrt{3} = 0$

৬৮. $\log a + \log a^2 + \log a^3 + ...$ ধারাটির প্রথম 7টি পদের সমষ্টি কত?

ক 28 log a খ 56 log a গ 7 log a ঘ 8 log a

ব্যাখ্যা $\log a + \log a^2 + \log a^3 + ... + \log a^7$

$= 1.\log a + 2.\log a + 3.\log a + ... + 7\log a$

$= \log(1 + 2 + 3 + ... + 7)$

$= \log a\left(\frac{(7+1)7}{2}\right)$

$= \log a.28 = 28 \log a$

৬৯. কোনো একটি ত্রিভুজের দুটি বাহু যথাক্রমে ৪ সে.মি. ও ৫ সেমি। তৃতীয় বাহুটির দৈর্ঘ্য কত সে.মি. হলে ত্রিভুজটি একটি সমকোণী ত্রিভুজ হবে?

ক ৩ সেমি খ ৪ সেমি গ ২ সেমি ঘ ৫ সেমি

ব্যাখ্যা তৃতীয় বাহুটির দৈর্ঘ্য হবে $= \sqrt{৫^২ - ৪^২}$ সে.মি.

$= \sqrt{২৫ - ১৬}$

$= \sqrt{৯}$ সেমি $= ৩$ সেমি

৭০. দেহের প্রতিরক্ষণ ও আত্মরক্ষায় সাহায্য করে–

ক রক্তরস খ শ্বেতকণিকা

গ অণুচক্রিকা ঘ লোহিত কণিকা

ব্যাখ্যা দেহের প্রতিরক্ষণ ও আত্মরক্ষায় সাহায্য করে শ্বেতকণিকা। হিমোগ্লোবিনবিহীন এই শ্বেত রক্তকণিকাকে ইংরেজিতে White Blood Cell বা WBC বলে। এরা দেহের আকার পরিবর্তনের মাধ্যমে ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় জীবাণু ধ্বংস করে। অন্যদিকে অণুচক্রিকা রক্ত জমাট বাঁধতে সাহায্য করে এবং লোহিত রক্তকণিকা অক্সিজেন সমৃদ্ধ রক্ত পরিবহন করে।

৭১. স্কার্ভি রোগের প্রতিষেধক কোন ভিটামিন?

ক ভিটামিন–E খ ভিটামিন–K

গ ভিটামিন–B ঘ ভিটামিন–C

ব্যাখ্যা স্কার্ভি রোগের প্রতিষেধক হলো ভিটামিন–C। অর্থাৎ ভিটামিন–C এর অভাবে স্কার্ভি রোগ হয়। ভিটামিন C এর রাসায়নিক নাম হলো অ্যাসকরবিক এসিড। টাটকা টক জাতীয় ফল ও তরিতরকারী, গরুর দুধ ইত্যাদিতে প্রচুর পরিমাণে ভিটামিন–C বিদ্যমান থাকে।

৭২. নিচের কোনটি চৌম্বক পদার্থ?

ক পারদ খ বিসমাথ গ কোবাল্ট ঘ অ্যান্টিমনি

ব্যাখ্যা যেসব পদার্থকে চুম্বক আকর্ষণ করে সেসব পদার্থকে চৌম্বক পদার্থ বলে। উপর্যুক্ত পদার্থগুলোর মধ্যে শুধু কোবাল্টকেই চুম্বক আকর্ষণ করে। পারদ, বিসমাথ, অ্যান্টিমনিকে চুম্বক আকর্ষণ করে না।

৭৩. প্রথম প্রজন্মের প্রথম কম্পিউটার কোনটি?

ক UNIVAC-1 খ IBM-705

গ IBM-650 ঘ IBM-702

ব্যাখ্যা প্রথম প্রজন্মের প্রথম কম্পিউটার হলো UNIVAC–1 প্রথম প্রজন্মের কম্পিউটার (১৯৫১-১৯৫৯)-এর বৈশিষ্ট্যগুলো হলো ভ্যাকুয়াম টিউববিশিষ্ট ইলেক্ট্রনিক বর্তনীর বহুল ব্যবহার, ইনপুট বা আউটপুট ব্যবস্থার জন্য পাঞ্চকার্ডের ব্যবহার, বিশাল আকৃতির ও সহজে বহন অযোগ্য ইত্যাদি।

৭৪. ইন্টারপ্রেটার হলো—

ক রেকর্ডিং যন্ত্র খ বাদক যন্ত্র

গ অনুবাদক যন্ত্র ঘ অনুবাদক প্রোগ্রাম

ব্যাখ্যা ইন্টারপ্রেটার মূলত একটি অনুবাদক প্রোগ্রাম। এর কাজ হলো হাই লেভেল ভাষায় লিখিত সোর্স প্রোগ্রামকে মেশিন ভাষায় অনুবাদ করা। এটা অনুবাদের কাজ করে এক লাইন, এক লাইন করে। ডিবাগিং ও টেস্টিং এর ক্ষেত্রে দ্রুত কাজ করে।

উত্তর

৬৫	ক
৬৬	ঘ
৬৭	গ
৬৮	ক
৬৯	ক
৭০	খ
৭১	ঘ
৭২	গ
৭৩	ক
৭৪	ঘ

৭৫. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান নিচের কোনটি?
ক N_2 গ্যাস খ H_2 গ্যাস গ CH_4 গ্যাস ঘ CH_3 গ্যাস
ব্যাখ্যা *প্রাকৃতিক গ্যাসের উপাদানগুলোর মধ্যে মিথেন (CH_4) ৮০-৯০%, ইথেন ১৩%, প্রোপেন ৩%। এছাড়া বিউটেন, ইথিলিন ও নাইট্রোজেন কিছু পরিমাণে থাকে। এ উপাদানগুলোর মধ্যে প্রধান হলো মিথেন (CH_4)।*

৭৬. উত্তরা গণভবন কোথায় অবস্থিত?
ক রাজশাহী খ নাটোর গ দিনাজপুর ঘ কুষ্টিয়া
ব্যাখ্যা *উত্তরা গণভবন নাটোর জেলায় অবস্থিত। এটি নাটোরের মূল শহর থেকে প্রায় দুই কিমি উত্তরে নাটোর-বগুড়া মহাসড়কের পাশে দিঘাপাতিয়ায় নির্মাণ করা হয়েছে। রাজা দয়ারাম এ গণভবনটি নির্মাণ করেন। বর্তমানে এটি বাংলাদেশ সরকারের উত্তরাঞ্চলীয় সচিবালয়ের বাসভবন।*

৭৭. লালন ফকিরের জন্মস্থান কোথায়?
ক কুষ্টিয়া খ ঝিনাইদহ গ মেহেরপুর ঘ নদীয়া
ব্যাখ্যা *লালন ফকির ১৭৭২ সালে (১১৭৯ বঙ্গাব্দের ১ কার্তিক) ঝিনাইদহ জেলার হরিশপুর গ্রামে (মতান্তরে ভাঁড়রা গ্রাম, কুমারখালী, কুষ্টিয়া) জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন বাউল সাধনার প্রধান গুরু, বাউল গানের শ্রেষ্ঠ রচয়িতা ও গায়ক। বহুমুখী প্রতিভার অধিকারী এই বাঙালি লালন সাঁই, লালন শাহ ও মহাত্মা লালন নামেও পরিচিত। তার গানের মাধ্যমেই উনিশ শতকে বাউল গান বেশ জনপ্রিয়তা অর্জন করলে, তাকে বাউল সম্রাট হিসেবে আখ্যায়িত করা হয়।*

৭৮. সাতছড়ি জাতীয় উদ্যান কোথায় অবস্থিত?
ক সুনামগঞ্জ খ হবিগঞ্জ গ কক্সবাজার ঘ চট্টগ্রাম
ব্যাখ্যা *সাতছড়ি জাতীয় উদ্যান হবিগঞ্জের চুনারুঘাট উপজেলার রঘুনন্দন পাহাড়ে অবস্থিত। বাংলাদেশের এই প্রাকৃতিক উদ্যানটি ১৯৭৪ খ্রিস্টাব্দের বন্যপ্রাণী সংরক্ষণ/সংশোধন আইনের বলে ২৪৩ হেক্টর এলাকা নিয়ে ১৫ অক্টোবর ২০০৫ সালে প্রতিষ্ঠা করা হয়। লক্ষণীয়, এ উদ্যানে সাতটি পাহাড়ি ছড়া আছে, যা থেকে এর নামকরণ হয় সাতছড়ি।*

৭৯. 'বাংলাদেশ ও বঙ্গবন্ধু' গ্রন্থটির লেখক কে?
ক মোনায়েম সরকার খ এম. আর আখতার মুকুল
গ শওকত ওসমান ঘ উপরের কেউ নন
ব্যাখ্যা *'বাংলাদেশ ও বঙ্গবন্ধু' গ্রন্থটির লেখক মোনায়েম সরকার। এছাড়াও তার রচিত ও সম্পাদিত গ্রন্থগুলোর মধ্যে কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ হলো—বাঙালি জাতীয়তাবাদ ও গণতন্ত্র বিকাশে ঐক্য অপরিহার্য (১৯৯১), ভাষা আন্দোলন ও বঙ্গবন্ধু (১৯৯৪), মৃত্যুঞ্জয়ী মুজিব (১৯৯৫), সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি (২০১০), বাঙালি ঐতিহ্য ও ভবিষ্যৎ (২০১০), বঙ্গবন্ধু রাজনীতি ও শেখ হাসিনা (২০১১) ইত্যাদি।*

৮০. পাটের জিন বিন্যাস কে আবিষ্কার করেন?
ক ড. হুমায়ুন আহমেদ খ ড. রবার্ট গোল্ডস্মিথ
গ ড. মুহাম্মদ জাফর ইকবাল ঘ ড. মাকসুদুল আলম
ব্যাখ্যা *ড. মাকসুদুল আলম পাটের জিন বিন্যাস আবিষ্কার করেন। ২০১৩ সালে দেশি পাটের জীবন রহস্য উন্মোচনে নেতৃত্ব দেন এ বিজ্ঞানী।*

৮১. বাংলাদেশের প্রথম EPZ কোথায় গড়ে উঠেছে?
ক নারায়ণগঞ্জ খ খুলনা গ চট্টগ্রাম ঘ সাভার
ব্যাখ্যা *'চট্টগ্রাম ইপিজেড' দেশের প্রথম EPZ। চট্টগ্রাম জেলার দক্ষিণে হালিশহরে অবস্থিত এ ইপিজেডটি ১৯৮৩ সালে কার্যক্রম শুরু করে।*

৮২. 'সুলতানার স্বপ্ন' কার রচনা?
ক জসীমউদ্‌দীন খ কাজী নজরুল ইসলাম
গ বেগম সুফিয়া কামাল ঘ বেগম রোকেয়া
ব্যাখ্যা *'সুলতানার স্বপ্ন' বিশিষ্ট বাঙালি সাহিত্যিক ও সমাজ সংস্কারক বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনের রচিত একটি গ্রন্থ। তিনি এটি ইংরেজিতে 'Sultana's Dream' শিরোনামে লিখেছিলেন। পরবর্তীতে এটি বাংলায় অনূদিত হয়।*

৮৩. বাংলাদেশে প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র কোথায় স্থাপিত হচ্ছে?
ক পাবনা খ বগুড়া গ কুষ্টিয়া ঘ রাজশাহী
ব্যাখ্যা *রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প স্থাপিত হচ্ছে পাবনা জেলার ঈশ্বরদীতে। এটি দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র। ২,৪০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন প্রস্তাবিত এ বিদ্যুৎ কেন্দ্রটি ২০২৩ সালে বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম শুরু করবে।*

৮৪. বাংলাদেশে কোথায় প্রথম তেলক্ষেত্র আবিষ্কৃত হয়?
ক কৈলাসটিলা খ ফেঞ্চুগঞ্জ গ হরিপুর ঘ বাখরাবাদ
ব্যাখ্যা *১৯৮৬ সালে বাংলাদেশে সর্বপ্রথম সিলেটের হরিপুরে তেলক্ষেত্র আবিষ্কৃত হয়। ১৯৮৭ সালে এ তেলক্ষেত্রটি থেকে তেল উৎপাদন শুরু করার মধ্য দিয়ে তেলযুগে পদার্পণ করে বাংলাদেশ। এটি সিলেট শহর থেকে প্রায় ২০ কিমি উত্তর-পূর্বে সিলেট-জয়ন্তিয়া সড়কের পাশ ঘেঁষে অবস্থিত।*

৮৫. বাংলাদেশ ও বার্মার সীমান্ত নদী কোনটি?
ক সাঙ্গু খ মাতামুহুরী গ নাফ ঘ কর্ণফুলী
ব্যাখ্যা *বাংলাদেশ ও মিয়ানমারের সীমান্তবর্তী নদী নাফ। এটি কক্সবাজার জেলার সর্ব দক্ষিণ-পূর্ব কোণ দিয়ে প্রবাহিত ও মিয়ানমারের আরাকান থেকে কক্সবাজার জেলাকে বিভক্তকারী নদী।*

৮৬. সিকিমের পর্বত থেকে বাংলাদেশের কোন নদীর উৎপত্তি হয়েছে?
ক মনু খ ব্রহ্মপুত্র গ করতোয়া ঘ সুরমা
ব্যাখ্যা *সিকিমের পর্বত (হিমালয় পর্বতমালা) থেকে বাংলাদেশের করতোয়া নদীর উৎপত্তি হয়েছে, যা বিভিন্ন উপনদীর জলধারা বক্ষে ধারণ করে পশ্চিমবঙ্গের দার্জিলিং ও জলপাইগুড়ির মধ্য দিয়ে বাংলাদেশে প্রবেশ করে মহাস্থানগড়ের পূর্বদিক দিয়ে প্রবাহিত হয়েছে।*

৮৭. ম্যানগ্রোভ কি?
ক কেওড়া বন খ উপকূলীয় বন
গ শালবন ঘ চিরহরিৎ বন
ব্যাখ্যা *ম্যানগ্রোভ বলতে উপকূলীয় বন বা জোয়ারভাটায় প্লাবিত বিস্তীর্ণ জলাভূমিকে বোঝায়। এটি একটি আন্তপ্লাবিত জলাভূমি, যা বিভিন্ন স্তরের পারস্পরিক নির্ভরশীল উপাদানসমূহ যেমন– পানি প্রবাহ, পলি, পুষ্টি উপাদান, জৈব পদার্থ এবং জীবজন্তুর সমন্বয়ে গঠিত। উল্লেখ্য, বাংলাদেশে অবস্থিত সুন্দরবন পৃথিবীর একক বৃহত্তম ম্যানগ্রোভ বন হিসেবে পরিচিত।*

উত্তর

৭৫	গ
৭৬	খ
৭৭	খ
৭৮	খ
৭৯	ক
৮০	ঘ
৮১	গ
৮২	ঘ
৮৩	ক
৮৪	গ
৮৫	গ
৮৬	গ
৮৭	খ

৮৮. বরেন্দ্র জাদুঘর কোন জেলায়?
ক নওগাঁ খ রাজশাহী গ নাটোর ঘ জয়পুরহাট
ব্যাখ্যা *'বরেন্দ্র জাদুঘর' বা বরেন্দ্র গবেষণা জাদুঘর' (প্রতিষ্ঠা এপ্রিল ১৯১০) রাজশাহী জেলায় অবস্থিত। এটি দেশের প্রথম জাদুঘর। প্রত্ন সংগ্রহে সমৃদ্ধ এ জাদুঘরটি রাজশাহী বিশ্ববিদ্যালয় পরিচালনা করে।*

৮৯. স্বর্ণ উৎপাদনে বিশ্বে শীর্ষস্থানীয় দেশ কোনটি?
ক চীন খ শ্রীলংকা
গ ব্রাজিল ঘ দক্ষিণ আফ্রিকা
ব্যাখ্যা *বর্তমানে স্বর্ণ উৎপাদনে বিশ্বের শীর্ষদেশ চীন (৪৫০ মেট্রিক টন) এবং দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে রয়েছে যথাক্রমে অস্ট্রেলিয়া (২৭০ মেট্রিক টন) ও রাশিয়া (২৪৫ মেট্রিক টন)। অন্যদিকে, স্বর্ণ উৎপাদনের দিক দিয়ে দক্ষিণ আফ্রিকার অবস্থান সপ্তম (১৪০ মেট্রিকটন) ও ব্রাজিলের অবস্থান দ্বাদশ (৮০ মেট্রিক টন) [সূত্র : www.usagold.com]।*

৯০. ২০১৯ সালে বিশ্বকাপ ক্রিকেট কোথায় অনুষ্ঠিত হবে?
ক ভারত খ ইংল্যান্ড গ শ্রীলংকা ঘ অস্ট্রেলিয়া
ব্যাখ্যা *২০১৯ সালের ৩০ মে-১৫ জুলাই দ্বাদশ বিশ্বকাপ ক্রিকেট ইংল্যান্ড এবং ওয়েলসে অনুষ্ঠিত হবে। এ বিশ্বকাপে অংশগ্রহণকারী দেশের সংখ্যা ১০টি।*

৯১. হরপ্পা ও মহেঞ্জোদারোতে প্রাপ্ত সভ্যতা ইতিহাসে কোন সভ্যতা হিসাবে পরিচিত?
ক ক্যালডীয় সভ্যতা খ অ্যাসিরীয় সভ্যতা
গ সিন্ধু সভ্যতা ঘ ইনকা সভ্যতা
ব্যাখ্যা *হরপ্পা ও মহেঞ্জোদারোতে প্রাপ্ত সভ্যতা ইতিহাসে 'সিন্ধু সভ্যতা' হিসেবে পরিচিত। এ সভ্যতার নিদর্শন পাওয়া যায় পাকিস্তানের পাঞ্জাব, সিন্ধু প্রদেশ এবং ভারতের পাঞ্জাব, রাজস্থান, গুজরাটের বিভিন্ন অংশ জুড়ে (খ্রিস্টপূর্ব ৩৫০০ অব্দ থেকে খ্রিস্টপূর্ব ১৫০০ অব্দ পর্যন্ত)। উল্লেখ্য, সিন্ধুনদের অববাহিকায় গড়ে উঠেছিল বলে এ সভ্যতার নাম দেয়া হয় 'সিন্ধু সভ্যতা'।*

৯২. কনফুসিয়াস কে?
ক দার্শনিক খ চিকিৎসক গ রাষ্ট্রনায়ক ঘ বৈজ্ঞানিক
ব্যাখ্যা *কনফুসিয়াস ছিলেন চীনা দার্শনিক (জন্ম, খ্রিস্টপূর্ব ৫৫১ অব্দে এবং মৃত্যু, খ্রিস্টপূর্ব ৪৭৯ অব্দে)। তিনি মূলত নীতিবাদী দার্শনিক ছিলেন। তার দর্শন ও রচনাবলি পূর্ব এশিয়ার জীবনদর্শনে বিভিন্ন সময়ে, বিভিন্ন ক্ষেত্রে গভীর প্রভাব বিস্তার করেছে।*

৯৩. তাহরির স্কোয়ার কোথায় অবস্থিত?
ক মিশর খ তিউনিসিয়া গ সিরিয়া ঘ তুরস্ক
ব্যাখ্যা *'তাহরির স্কোয়ার' মিশরের রাজধানী কায়রোর ডাউন-টাউনে অবস্থিত একটি মিলনকেন্দ্র ও চত্বর। এটি 'শহীদ চত্বর' নামেও পরিচিত।*

৯৪. শেখ সাদী কোন ভাষার কবি ছিলেন?
ক ফারসি খ আরবি গ ফরাসি ঘ তুর্কি
ব্যাখ্যা *শেখ সাদী ফারসি ভাষার কবি ছিলেন। তিনি সাদি শিরাজি নামেও পরিচিত। মধ্যযুগের গুরুত্বপূর্ণ এ কবি ফারসিভাষী দেশের বাইরেও সমাদৃত। তার লেখার মান এবং সামাজিক ও নৈতিক চিন্তার গভীরতার জন্য তার এই কদর। উল্লেখ্য, তিনি ধ্রুপদি সাহিত্য ক্ষেত্রের জন্য বিখ্যাত।*

৯৫. পৃথিবীর সবচেয়ে বেশি সংখ্যক লোক কোন ভাষায় কথা বলে?
ক ইংরেজি খ স্প্যানিশ গ ম্যান্ডারিন ঘ আরবি
ব্যাখ্যা *পৃথিবীর সবচেয়ে বেশি সংখ্যক লোক চৈনিক বা ম্যান্ডারিন (১,২৮৪ মিলিয়ন) ভাষায় কথা বলে। অন্যদিকে বিশ্বের ভাষা ব্যবহারকারী জনসংখ্যার দিক দিয়ে দ্বিতীয় অবস্থানে আছে স্প্যানিশ (৪৩৭ মিলিয়ন) এবং তৃতীয় অবস্থানে আছে ইংরেজি (৩৭২ মিলিয়ন) [সূত্র : ইথনোলগ, ২০তম সংস্করণ ২০১৭]।*

৯৬. টমাস আলভা এডিসন আবিষ্কার করেন–
ক বৈদ্যুতিক বাতি খ ফনোগ্রাফ
গ সিনেমা প্রজেক্টর ঘ উপরের সবকটি
ব্যাখ্যা *টমাস আলভা এডিসনের (যুক্তরাষ্ট্র) কয়েকটি গুরুত্বপূর্ণ আবিষ্কার হলো— বৈদ্যুতিক বাতি, ফনোগ্রাফ, এবং সিনেমা প্রজেক্টর।*

৯৭. ফরাসি বিপ্লব সংঘটিত হয়—
ক ১৭৮৯ খ ১৭৯১ গ ১৭৯৫ ঘ ১৮০০
ব্যাখ্যা *১৭৮৯ সালে ফরাসি বিপ্লব সংঘটিত হয়। এটি ছিল ফরাসি, ইউরোপ এবং পশ্চিমা সভ্যতার ইতিহাসে সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনা। এ বিপ্লবের সময় ফ্রান্সে নিরঙ্কুশ রাজতন্ত্র বিলুপ্ত হয়ে প্রজাতান্ত্রিক আদর্শের অগ্রযাত্রা শুরু হয় এবং একই সাথে দেশের রোমান ক্যাথলিক চার্চ সকল গোঁড়ামি ত্যাগ করে নিজেকে পুনর্গঠন করতে বাধ্য হয়।*

৯৮. হাজার হ্রদের দেশ কোনটি?
ক নরওয়ে খ ফিনল্যান্ড
গ ইন্দোনেশিয়া ঘ জাপান
ব্যাখ্যা *ফিনল্যান্ডকে হাজার হ্রদের দেশ বলা হয়। কয়েক হাজার বছর আগেও এটি বরফে ঢাকা ছিল। বরফের চাপে এখানকার ভূমি স্থানে স্থানে দেবে গিয়ে হাজার হাজার হ্রদের সৃষ্টি করেছে। উল্লেখ্য, ফিনল্যান্ডে ঘন সবুজ অরণ্য থাকায় বনভূমি এর সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদ এবং এগুলোকে প্রায় ফিল্যান্ডের 'সবুজ সোনা' নামে ডাকা হয়।*

৯৯. আফ্রিকাকে স্পেন থেকে আলাদা করেছে–
ক মালাক্কা প্রণালি খ ফ্লোরিডা প্রণালি
গ জিব্রাল্টার প্রণালি ঘ লোহিত সাগর
ব্যাখ্যা *আফ্রিকাকে স্পেন থেকে আলাদা করেছে জিব্রাল্টার প্রণালি আর, এই প্রণালি পৃথক করেছে মরক্কো ও স্পেনকে। অন্যদিকে, মালাক্কা প্রণালি সুমাত্রা ও মালয়েশিয়াকে পৃথক করেছে এবং ফ্লোরিডা প্রণালি ফ্লোরিডা ও কিউবাকে পৃথক করেছে।*

১০০. গ্রিনিচ মানমন্দির কোন দেশে অবস্থিত?
ক জাপান খ জার্মানি গ যুক্তরাজ্য ঘ রাশিয়া
ব্যাখ্যা *গ্রিনিচ মানমন্দির অবস্থিত যুক্তরাজ্যে। ১৬৭৫ সালে রাজা দ্বিতীয় চার্লস লন্ডনের গ্রিনউইচে একটি মানমন্দির নির্মাণের নির্দেশ দেন এর নকশা তৈরি করেন স্যার ক্রিস্টোফার রেন। পূর্বে গ্রিনিচের সময়কে বিশ্বের মান সময় ধরা হতো। কারণ গ্রিনিচের মানমন্দির সৌর সময় অনুযায়ী ০° দ্রাঘিমায় অবস্থিত। বর্তমানে সমন্বিত আন্তর্জাতিক সময় বা ইউটিসিকে আন্তর্জাতিক মান সময় ধরা হয়, যদিও জিএমটির সঙ্গে ইউটিসির খুব একটা পার্থক্য নেই।*

উত্তর

৮৮	খ
৮৯	ক
৯০	খ
৯১	গ
৯২	ক
৯৩	ক
৯৪	ক
৯৫	গ
৯৬	ঘ
৯৭	ক
৯৮	খ
৯৯	গ
১০০	গ

ডাক অধিদপ্তরের উপজেলা পোস্টমাস্টার ২০১৬

পরীক্ষার তারিখ : ২৯.০৭.২০১৬; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ৭০; সেট : ৩

১. ব্লুটুথ (Bluetooth) কার নামানুসারে নামকরণ করা হয়?
ক ডেনমার্কের রাজা খ জাপানের সম্রাট
গ ব্রিটেনের রানী ঘ সুইজারল্যান্ডের রাজকুমার

ব্যাখ্যা ডেনমার্কের রাজা হ্যারল্ড ব্লু-টুথের নাম অনুসারে ব্লুটুথের নামকরণ করা হয়।

২. বিভিন্ন কম্পিউটারের মধ্যে সংযোগের জন্য যে জ্যামিতিক সন্নিবেশ করা হয় তাকে বলে—
ক মরফোলজি খ টেকনোলজি
গ নিউরোলজি ঘ টপোলজি

ব্যাখ্যা কম্পিউটার নেটওয়ার্ক (বিভিন্ন কম্পিউটারের মধ্যে সংযোগ) প্রতিষ্ঠার জন্যে যে সকল জ্যামিতিক সজ্জা বা সন্নিবেশ ব্যবহার করা হয় তাদের 'টপোলজি' বলে। বিভিন্ন ধরনের টপোলজির মধ্যে রয়েছে বাস টপোলজি, রিং টপোলজি, ট্রি টপোলজি ইত্যাদি।

৩. নেটওয়ার্ক কার্ডের ইউনিক ক্রমিক নম্বরকে কী বলে?
ক আইপি অ্যাড্রেস খ ম্যাক অ্যাড্রেস
গ ইউআরএল ঘ নেটওয়ার্ড ড্রাইভার

ব্যাখ্যা নেটওয়ার্ক ইন্টারফেস কার্ডে ৪৮ বিটের একটি ইউনিক (অদ্বিতীয়) কোড বা ক্রমিক নম্বর থাকে। একে ম্যাক আড্রেস বলে। এটি কার্ডের রমে সংরক্ষিত থাকে। এ নম্বরের কারণে একটি কার্ডের সাথে অন্য কোনো কার্ডের মিল থাকে না।

৪. কম্পিউটারে GUI শব্দটির পূর্ণরূপ কী?
ক Graphical User Instrument
খ Graphical Unified Interface
গ Graphical User Interface
ঘ Graphical Unified Instrument

ব্যাখ্যা কম্পিউটার ব্যবহারকারীর সুবিধার্থে বিভিন্ন প্রোগ্রামে কমান্ড করার জন্য লিখন পদ্ধতির পরিবর্তে চিত্রভিত্তিক কিছু আইকন ব্যবহারের সুবিধা দেয়া থাকে। অর্থাৎ আইকন দেখেই যেন ব্যবহারকারী তার চাহিদা মতো আইকনে ক্লিক করে কমান্ড করতে পারে। এ পদ্ধতিকেই বলা হয় Graphical User Interface।

কত গিগাবাইটে এক পেটাবাইট?
ক ১০০০০০০ খ ১০২৪
গ ১০০০ ঘ ১০০০০

ব্যাখ্যা কম্পিউটার হার্ডডিস্কের ইউনিট ভ্যালুকে সাধারণত GB (গিগাবাইট) এককে পরিমাপ করা হয়।
1 GB = 1024 MB অথবা 1000 MB [মেট্রিক পদ্ধতিতে]
1 TB = 1024 GB অথবা 1000 GB [মেট্রিক পদ্ধতিতে]
1 PB = 1024 TB অথবা 1000 TB [মেট্রিক পদ্ধতিতে]
বা, 1 PB = 1024 × 1024 GB অথবা 1000000 GB [মেট্রিক পদ্ধতিতে]

৬. মেমরি ও ALU-এর মধ্যে সংযোগ স্থাপন করে—
ক কিবোর্ড খ র‍্যাম
গ কন্ট্রোল ইউনিট ঘ মাউস

ব্যাখ্যা মেমরি অর্থাৎ সিপিইউ'-এর রেজিস্টার ও গাণিতিক যুক্তি অংশের (ALU) মধ্যে ডেটার আদান-প্রদান তদারকি করে এবং ALU-কে নির্দেশনা প্রদান করে কন্ট্রোল ইউনিট।

৭. OMR-এর পূর্ণাঙ্গরূপ কোনটি?
ক Optical Message Reader
খ Optical Mark Render
গ Optical Mark Reader
ঘ Optical Mark Render

ব্যাখ্যা OMR-এর পূর্ণরূপ Optical Mark Reader। এটি এমন একটি ইনপুট যন্ত্র যা পেন্সিল বা কালির দাগ (Mark) বুঝতে পারে।

৮. নিচের কোনটি অপারেটিং সিস্টেম নয়?
ক লিনাক্স খ মজিলা
গ উবুন্টু ঘ উইন্ডোজ

ব্যাখ্যা লিনাক্স ও উবুন্টু মুক্ত সোর্স Operating System সফটওয়্যার। উইন্ডোজ মাইক্রোসফট প্রবর্তিত এবং সর্বাধিক ব্যবহৃত Operating System. 'মজিলা' কোনো (Operating System) সফটওয়্যার নয়। 'মজিলা ফাউন্ডেশন' প্রবর্তিত বহুল ব্যবহৃত ইন্টারনেট/ওয়েব ব্রাউজার যার পূর্ণ নাম 'মজিলা ফায়ার ফক্স'।

৯. নিচের কোনটি ইনপুট এবং আউটপুট উভয় ডিভাইস হিসেবে ব্যবহৃত হয়?
ক মাউস খ প্লটার
গ মডেম ঘ কিবোর্ড

ব্যাখ্যা কিবোর্ড ও মাউস কম্পিউটারের অত্যাবশ্যকীয় ইনপুট ডিভাইস। প্লটার হলো প্রিন্টারের মতোই আউটপুট ডিভাইস। মডেম (MODEM) একটি ইনপুট-আউটপুট ডিভাইস। MODULATOR ও DEMODULATOR থেকে 'MODEM' শব্দটি গৃহীত হয়েছে। MODEM-এর মতো ডিজিটাল ক্যামেরা ও টাচস্ক্রিন মনিটরও ইনপুট আউটপুট ডিভাইস।

১০. কম্পিউটারের যে ডিস্কে সিস্টেম সফটওয়্যার থাকে তাকে বলে—
ক স্টার্ট আপ ডিস্ক
খ কম্প্যাক্ট ডিস্ক
গ হাইডেনসিটি ডিস্ক
ঘ ম্যাগনেটিক ডিস্ক

উত্তর

১	ক
২	ঘ
৩	খ
৪	গ
৫	ক
৬	গ
৭	গ
৮	খ
৯	গ
১০	ক

ব্যাখ্যা *কম্পিউটারে যে ডিস্কে সিস্টেম সফটওয়্যার থাকে সেটি startup disk। এটি কম্পিউটার ড্রাইভ-এর পার্টিশন হিসেবে ব্যবহৃত হয়। কম্পিউটার অপারেটিং সিস্টেমের সকল তথ্য এই স্টার্টআপ ডিস্কেই থাকে। Compact Disk বা CD হলো গোলাকার, পাতলা এবং ফ্ল্যাট এক প্রকার ডিস্ক যাতে ডিজিটাল তথ্য, অডিও, ভিডিও ইত্যাদি তথ্য সংরক্ষণ করা হয়।*

১১. RAM কোথায় লাগানো থাকে?

ক) এক্সপানশন বোর্ডে খ) এক্সটার্নাল ড্রাইভে
গ) মাদার বোর্ডে ঘ) সবগুলো

ব্যাখ্যা *RAM বা Random Access Memory মাদার বোর্ডের মেমোরি স্লটে লাগানো থাকে।*

১২. Office 2007-এর MS-Word ডকুমেন্টের ফাইল এক্সটেনশন কোনটি?

ক) .pdf খ) .doc
গ) docx ঘ) .txt

ব্যাখ্যা *Office– 2007-এ MS Word-এর ডকুমেন্টের ফাইল extension .docx। এর পূর্বে Office XP ও Office-2003-এর ডকুমেন্টের ফাইল এক্সটেনশন ছিল .doc।*

১৩. বাইনারি পদ্ধতিতে তথ্য প্রকাশের মৌলিক একক কোনটি?

ক) মেগাবাইট খ) বাইট
গ) কিলোবাইট ঘ) বিট

ব্যাখ্যা *বাইনারি পদ্ধতিতে তথ্য প্রকাশের মৌলিক একক হলো বিট। ৮টি বিটে (bit) এক বাইট (byte) হয়। একটি datam (তথ্য) তৈরিতে কমপক্ষে এই ৮ বিট প্রয়োজন।*

১৪. নিচের কোন প্রটোকল ব্যবহার করে ইমেইল ক্লায়েন্টরা কারো কম্পিউটারে ই-মেইল ডাউনলোড করে?

ক) TCP খ) FTP
গ) POP ঘ) SMTP

ব্যাখ্যা *e-mail server থেকে কোনো e-mail download করার ক্ষেত্রে POP (Post Office Protocol 3) Protocol ব্যবহৃত হয়। SMTP-প্রোটোকল ব্যবহার করে কোনো email receiver এর mail address-এ send করা হয়। IMAP প্রোটোকল ব্যবহার করে mail box- এ শুধু প্রবেশ (Access) করা যায়।*

১৫. কোন দেশ ইউরোপীয় ইউনিয়ন (EU) থেকে বের হওয়ার সিদ্ধান্ত নিয়েছে?

ক) জার্মানি খ) ব্রিটেন
গ) ফ্রান্স ঘ) স্পেন

ব্যাখ্যা *২০১৬ সালের ২৩ জুন অনুষ্ঠিত এক ঐতিহাসিক গণভোটের মধ্য দিয়ে EU'র সাথে বন্ধন ছেঁড়ার রায় প্রদান করে যুক্তরাজ্যের জনগণ। এতে ২৮ জাতির রাজনৈতিক ও অর্থনৈতিক জোট ইউরোপীয় ইউনিয়নের (EU) সাথে চার দশকের সম্পর্ক ছিন্ন হয় যুক্তরাজ্যের। লক্ষণীয়, EU গঠনের পর যুক্তরাজ্যই EU'র প্রথম দেশ, যারা এ জোট ছেড়ে বেরিয়ে যায়।*

১৬. বাংলাদেশে ডাক জাদুঘরটি অবস্থিত–

ক) ঢাকায় খ) চট্টগ্রামে
গ) খুলনায় ঘ) রাজশাহীতে

ব্যাখ্যা *বাংলাদেশের ডাক জাদুঘরটি ঢাকায় অবস্থিত। ১৯৬৬ সালের ৯ সেপ্টেম্বর দেশের প্রথম পোস্টাল মিউজিয়াম হিসেবে ঢাকার জিপিওতে চালু হয় এবং পরে তা ১৯৮০ সালের ৩০ জানুয়ারি পূর্ণাঙ্গ পোস্টাল মিউজিয়াম হিসেবে আত্মপ্রকাশ করে। অন্যদিকে, দেশের চারটি জিপিওর মধ্যে অবশিষ্ট তিনটি চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীতে অবস্থিত। তাছাড়া দেশের একমাত্র 'পোস্টাল একাডেমি'টি রাজশাহীতে অবস্থিত।*

১৭. কোন সংস্থা সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্যের অংশ হিসেবে ঘোষণা দিয়েছে?

ক) ইউনিসেফ খ) ইউএনডিপি
গ) বিশ্বব্যাংক ঘ) ইউনেস্কো

ব্যাখ্যা *১৯৯৭ সালের ৬ ডিসেম্বর জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক বিষয়ক সংস্থা 'ইউনেস্কো' সুন্দরবনকে ৭৯৮তম বিশ্ব ঐতিহ্যের অংশ হিসেবে ঘোষণা করেন। এছাড়া ইউনেস্কো ঘোষিত দেশের তিনটি বিশ্ব ঐতিহ্যের মধ্যে বাকি দুটি হলো–পাহাড়পুর বৌদ্ধবিহার (নওগাঁ) এবং ষাটগম্বুজ মসজিদ (বাগেরহাট)।*

১৮. নিচের কোন দেশের কোনো লিখিত সংবিধান নেই?

ক) ব্রিটেন খ) নিউজিল্যান্ড
গ) স্পেন ঘ) সবগুলোই

ব্যাখ্যা *গ্রেট ব্রিটেন বা যুক্তরাজ্যের কোনো লিখিত সংবিধান নেই। এ দেশে অধিকাংশ আইন প্রথার উপর ভিত্তি করে গড়ে উঠেছে। দেশটিকে আধুনিক গণতন্ত্রের সূতিকাগার বলা হয়। অন্যদিকে, নিউজিল্যান্ড ও স্পেনে লিখিত সংবিধান রয়েছে। লক্ষণীয় প্রদত্ত তিনটি রাষ্ট্রেই সাংবিধানিক রাজতন্ত্র বিদ্যমান।*

১৯. OIC এর প্রথম মহাসচিবের নাম কি?

ক) টেংকু আব্দুল কাদের
খ) টেংকু আবদুল রহমান
গ) টেংকু আব্দুর রহিম
ঘ) মাহাথির মোহাম্মদ

ব্যাখ্যা *টেংকু আবদুল রহমান হলেন ওআইসির প্রথম মহাসচিব (ডিসেম্বর ১৯৭০-৩১ ডিসেম্বর ১৯৭৩)। তিনি মালয়েশিয়ার প্রথম রাজা ও প্রথম প্রধানমন্ত্রী ছিলেন। আর ওআইসির বর্তমান অর্থাৎ একাদশ মহাসচিব সৌদি আরবের সাবেক সমাজকল্যাণ মন্ত্রী ড. ইউসুফ বিন আহমেদ আল-ওথাইমিন (১৭ নভেম্বর ২০১৬–বর্তমান)। অন্যদিকে ড. মাহাথির মোহাম্মদ আধুনিক মালয়েশিয়ার স্থপতি।*

২০. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?

ক) ১৩৬ খ) ১৩৭
গ) ১৩৮ ঘ) ১৩৯

উত্তর

১১	গ
১২	গ
১৩	ঘ
১৪	গ
১৫	খ
১৬	ক
১৭	ঘ
১৮	ক
১৯	খ
২০	ক

ব্যাখ্যা ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্যপদ লাভ করে (২৯তম সাধারণ অধিবেশনে)। অন্যদিকে, বাংলাদেশের সাথে জাতিসংঘে আরো দুটি দেশ সদস্য পদ লাভ করে, এতে গ্রানাডা ও গিনি বিসাউ ছিলো যথাক্রমে ১৩৭তম ও ১৩৮তম সদস্য।

২১. মহাত্মা গান্ধীর রাজনৈতিক নেতৃত্বের উত্থান ঘটে কোন দেশে?

ক ভারত খ দঃ আফ্রিকা
গ ইংল্যান্ড ঘ নেপাল

ব্যাখ্যা ভারতের জনক ও অহিংস আন্দোলনের প্রবক্তা মহাত্মা গান্ধীর রাজনৈতিক নেতৃত্বের উত্থান ঘটে দক্ষিণ আফ্রিকায়। তার আসল নাম মোহনদাস করমচাঁদ গান্ধী। রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক 'মহাত্মা' উপাধি দেওয়ার পর সে মহাত্মা গান্ধী নামে অধিক পরিচিত হয়ে ওঠে। উল্লেখ্য, তিনি 'দি ক্রনিকেল' নামে দক্ষিণ আফ্রিকার পত্রিকাটি সম্পাদনা করতেন এবং সেই সাথে ঐখানে থাকাকালীন 'ইন্ডিয়ান অপিনিয়ন' নামে পত্রিকাটিরও সম্পাদক ছিলেন।

২২. ক্রিকেট খেলার জন্ম হয় কোন দেশে?

ক ইংল্যান্ড খ অস্ট্রেলিয়া
গ নিউজিল্যান্ড ঘ ভারত

ব্যাখ্যা ইংল্যান্ডে ক্রিকেট খেলার জন্ম হয় ত্রয়োদশ শতাব্দীতে। এছাড়াও ইংল্যান্ডে জন্ম বা উৎপত্তি হওয়া আরো কিছু খেলা হলো– টেনিস, বেসবল, টেবিল টেনিস বা পিংপং এবং ওয়াটার পোলো। অন্যদিকে, ভারতে উৎপত্তি হওয়া খেলাগুলো হলো– কারাতে, দাবা এবং কাবাডি বা হা-ডু-ডু।

২৩. কোপা আমেরিকা ২০১৬ টুর্নামেন্টে চ্যাম্পিয়ন কোন দল?

ক আমেরিকা খ আর্জেন্টিনা
গ চিলি ঘ ব্রাজিল

ব্যাখ্যা কোপা আমেরিকার শতবর্ষ পূর্তি উপলক্ষে যুক্তরাষ্ট্র ৪৫তম কোপা আমেরিকা কাপ ২০১৬ এর বিশেষ আয়োজন করে। এতে, চিলি চ্যাম্পিয়ন এবং আর্জেন্টিনা রানার্স আপ হয়। উল্লেখ্য, ২০১৯ সালে ৪৬তম কোপা আমেরিকা কাপটি অনুষ্ঠিত হবে ব্রাজিলে। ইতঃপূর্বে দেশটি ৪ বার এই কাপের আয়োজনে দায়িত্ব পালন করে (১৯১৯, ১৯২২, ১৯৪৯ ও ১৯৮৯ সাল)।

২৪. কোনটি সবচেয়ে প্রাচীন সভ্যতা?

ক মিশরীয় খ গ্রিক
গ চৈনিক ঘ পারস্য

ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে মিশরীয় সভ্যতা হচ্ছে সবচেয়ে প্রাচীন সভ্যতা। খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দে, বিশেষ করে নবোপলীয় যুগে এ সভ্যতা বা মিশরীয় ইতিহাসের সূচনা হয়। যা ২৫০০ বছরের বেশি সময়কাল ধরে স্থায়ী ছিলো। বস্তুত, মেসোপটেমীয় সভ্যতা হলো পৃথিবীর সবচেয়ে প্রাচীন সভ্যতা।

২৫. সার্কের প্রথম মহাসচিব কে ছিলেন?

ক আবুল আহসান খ মনমোহন সিং
গ শওকত আজিজ ঘ চেনকিয়ার দোর্জি

ব্যাখ্যা বাংলাদেশের আবুল আহসান ছিলেন সার্কের প্রথম মহাসচিব (১৬ জানুয়ারি ১৯৮৭– অক্টোবর ১৯৮৯)। অন্যদিকে, চেনকিয়ার দোর্জি সার্কের অষ্টম মহাসচিব এবং মনমোহন সিং ভারতের সাবেক প্রধানমন্ত্রী ছিলেন। উল্লেখ্য, সার্কের বর্তমান ১৩তম মহাসচিব হলেন পাকিস্তানের আমজাদ হোসেন বি সিয়াল (১ মার্চ ২০১৭– বর্তমান)।

২৬. গবেষণায় একুশে পদক ২০১৬ কে পেয়েছেন?

ক ডা. সাঈদ হায়দার খ ড. জামিলুর রেজা চৌধুরী
গ তোয়াব খান ঘ ডা. এ বি এম আবদুল্লাহ

ব্যাখ্যা সম্প্রতি 'গবেষণায়' একুশে পদক ২০১৬ দুইজনকে প্রদান করা হয়। এদের মধ্যে একজন অধ্যাপক ডা. এ বি এম আবদুল্লাহ এবং অন্যজন মংছেন চীং মংছিন্। এতে, উক্ত প্রত্যেকটি পদকের সম্মাননা হিসেবে আঠারো ক্যারেট মানের পঁয়ত্রিশ গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক, পদকের একটি রেপ্লিকা, দুই লক্ষ টাকা ও একটি সম্মাননাপত্র রয়েছে। ২০১৮ সালে 'গবেষণায়' একুশে পদক পান ভাষাসৈনিক প্রফেসর জুলেখা হক (মরণোত্তর)।

২৭. বৈদেশিক মুদ্রার রিজার্ভের ভিত্তিতে বাংলাদেশের অবস্থান কত?

ক ২৮ খ ৪৮
গ ৬৮ ঘ ৮৮

ব্যাখ্যা বৈদেশিক মুদ্রার রিজার্ভের ভিত্তিতে বর্তমানে বাংলাদেশের অবস্থান ৪৮তম। যার পরিমাণ ৩২,৯৫১ মিলিয়ন মার্কিন ডলার (IMF Report–2016)। লক্ষণীয় বাংলাদেশ ব্যাংক স্বর্ণ ছাড়াও বিভিন্ন বৈদেশিক মুদ্রায় রিজার্ভ সংরক্ষণ করে। যেমন– মার্কিন ডলার, অস্ট্রেলিয়ান ডলার, সিঙ্গাপুর ডলার, ইউরো ও পাউন্ড স্টার্লিং। এদের মধ্যে সবচেয়ে বেশি রাখা হয় মার্কিন ডলারে। তাছাড়া বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ হিসাব করা হয় মার্কিন ডলারের ভিত্তিতে।

২৮. উত্তরা গণভবন অবস্থিত কোন জেলায়?

ক ঠাকুরগাঁয়ে খ সৈয়দপুরে
গ রাজশাহীতে ঘ নাটোরে

ব্যাখ্যা রাজশাহীর নাটোর জেলায় উত্তরা গণভবন অবস্থিত, যা বর্তমানে বাংলাদেশ সরকারের উত্তরাঞ্চলীয় সদর দপ্তর হিসেবে বিখ্যাত। উল্লেখ্য, ঐতিহাসিক এ ভবনটি সাবেক দিঘাপাতিয়ার রাজপ্রাসাদ ছিল। এছাড়া চলনবিল, দেশের সর্ববৃহৎ চিনিকল নর্থ বেঙ্গল সুগার মিল, উষ্ণতম স্থান লালপুর সহ গুরুত্বপূর্ণ ও দর্শনীয় স্থানগুলো এ জেলায় বিদ্যমান।

২৯. জাহিদ ১০% কমিশনে একটি বই ক্রয় করে দোকানীকে ১৮০ টাকা দিল। বইটির প্রকৃত মূল্য কত টাকা?

ক ১০০ খ ৫০
গ ১৫০ ঘ ২০০

উত্তর	
২১	খ
২২	ক
২৩	গ
২৪	ক
২৫	ক
২৬	ঘ
২৭	খ
২৮	ঘ
২৯	ঘ

ব্যাখ্যা ১০% কমিশনে বইটির,
বর্তমান মূল্য ৯০ টাকা হলে প্রকৃত মূল্য ১০০ টাকা
" ১৮০ " $\frac{১৮০ \times ১০০}{৯০}$ "
= ২০০ টাকা।

৩০. একটি চালের গুদামে ৪০০ কেজি চাল মজুদ আছে। মালিক ২০ টাকা কেজি দরে ৮০% চাল বিক্রয় করেন। তার মোট বিক্রয়মূল্য কত টাকা?
ক ৫৪০০ খ ৬৪০০
গ ৩০০০ ঘ ৩৩০০

ব্যাখ্যা ৪০০ কেজি এর ৮০% = $\left(৪০০ \times \frac{৮০}{১০০}\right)$ কেজি
= ৩২০ কেজি
১ কেজির বিক্রয়মূল্য ২০ টাকা
৩২০ " (৩২০ × ২০) = ৬৪০০ টাকা

৩১. ২/৫, ৩/৫, ৬/১৫ এর গ.সা.গু. কোনটি?
ক ৬/৫ খ ৭/৫
গ ৮/৫ ঘ ৯/৫

ব্যাখ্যা ভগ্নাংশের গ.সা.গু. = $\frac{\text{লবগুলোর গ.সা.গু}}{\text{হরগুলোর ল.সা.গু}}$
এখানে, লব ২, ৩ ও ৬ এর গ.সা.গু. = ১
হর ৫, ৫ ও ১৫ এর ল.সা.গু. = ১৫
নির্ণেয় গ.সা.গু. = $\frac{১}{১৫}$

Note: সঠিক উত্তর $\frac{১}{১৫}$ ।

৩২. দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ৩৭। সংখ্যা দুটি কি কি?
ক ১২,১৩ খ ১৫,১৬
গ ১৮,১৯ ঘ ২০,২১

ব্যাখ্যা দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর সংখ্যা দুটির যোগফলের সমান।
এখানে ১৮ + ১৯ = ৩৭
সংখ্যা দুটি ১৮ ও ১৯।

৩৩. পরপর তিনটি সংখ্যার গুণফল ১২০ হলে তাদের যোগফল কত হবে?
ক ৯ খ ১২
গ ১৪ ঘ ১৫

ব্যাখ্যা ধরি, সংখ্যা তিনটি $x-১, x$ ও $x+১$
$(x-১)\,x\,(x+১) = ১২০$
$\Rightarrow x(x^২-১) = ১২০$
$\Rightarrow x^৩ - x = ১২০$
x এর মান ৫ হলে $x^৩ - x = ৫^৩ - ৫ = ১২৫ - ৫ = ১২০$
সংখ্যা তিনটি (৫ − ১) বা ৪, ৫ এবং (৫ + ১) বা ৬
সংখ্যা তিনটি যোগফল = ৪ + ৫ + ৬
= ১৫

৩৪. একটি রম্বস ক্ষেত্রে কর্ণ যথাক্রমে ৫ সে.মি. ও ৪.৫ সে.মি.। এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?
ক ২.২৫ খ ২২.৫০ গ ১২.৫০ ঘ ১১.২৫

ব্যাখ্যা রম্বসের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × কর্ণদ্বয়ের গুণফল
$= \frac{১}{২} \times ৫ \times ৪.৫$
$= ১১.২৫$

৩৫. টাকায় ৩টি করে লেবু কিনে টাকায় ২টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
ক ৪০% খ ৫০% গ ৬০% ঘ ৭০%

ব্যাখ্যা লাভ = $\frac{১০০}{\text{টাকায় বিক্রয় সংখ্যা}}$ %
$= \frac{১০০}{২}$%
$= ৫০$%

৩৬. সার্বিক সেট UU = {1, 2, 3, 4, 5}, A = {1, 2, 4}, B = {1, 3, 5} হলে A′ ∪ B′ কত হবে?
ক {1, 2, 3} খ {2, 3, 4}
গ {3, 4, 5} ঘ {2, 3, 4, 5}

ব্যাখ্যা $A' = U - A$
$= \{1, 2, 3, 4, 5\} - \{1, 2, 4\}$
$= \{3, 5\}$
$B' = U - B$
$= \{1, 2, 3, 4, 5\} - \{1, 3, 5\}$
$= \{2, 4\}$
$\therefore A' \cup B' = \{3, 5\} \cup \{2, 4\} = \{2, 3, 4, 5\}$

৩৭. চতুর্ভুজের চার কোণের অনুপাত ১ : ২ : ২ : ৩ হলে বৃহত্তম কোণের পরিমাণ কত ডিগ্রি হবে?
ক ১০০ খ ১১৫ গ ১৩৫ ঘ ২২৫

ব্যাখ্যা বৃহত্তম কোণের পরিমাণ = $৩৬০^\circ \times \frac{৩}{(১+২+২+৩)}$
$= ৩৬০^\circ \times \frac{৩}{৮}$
$= ১৩৫^\circ$

৩৮. ১০ সে. মি. ব্যাসার্ধের বৃত্তের কেন্দ্র থেকে ৬ সে.মি. দূরত্বে অবস্থিত জ্যা-এর দৈর্ঘ্য কত সে.মি.?
ক ১২ খ ১৪ গ ১৬ ঘ ১৮

ব্যাখ্যা


ΔOAD হতে, $AD = \sqrt{OA^২ - OD^২}$
$= \sqrt{১০^২ - ৬^২}$

উত্তর
৩০ খ
৩১ Note
৩২ গ
৩৩ ঘ
৩৪ ঘ
৩৫ খ
৩৬ ঘ
৩৭ গ
৩৮ গ

$\therefore AD = ৮$

জ্যা $AB = ২ \times AD$

$= ২ \times ৮$

$= ১৬$

৩৯. $\left(\sqrt{3}.\sqrt{5}\right)^4$ -এর মান কত?

ক 30 খ 60

গ 225 ঘ 15

ব্যাখ্যা $\left(\sqrt{3}.\sqrt{5}\right)^4 = \left(\sqrt{3}\right)^4.\left(\sqrt{5}\right)^4$

$= \left\{\left(\sqrt{3}\right)^2\right\}^2.\left\{\left(\sqrt{5}\right)^2\right\}^2$

$= (3)^2.(5)^2$

$= 9 \times 25$

$= 225$

৪০. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ১০০ ও ১৮৪ কে ভাগ করলে প্রত্যেকবার ভাগশেষ ৪ থাকবে?

ক ১৪ খ ১০

গ ১২ ঘ ১৬

ব্যাখ্যা বৃহত্তম সংখ্যাটি হবে $(১০০ - ৪)$ বা ৯৬ ও $(১৮৪ - ৪)$ বা ১৮০ এর গ.সা.গু.।

৯৬) ১৮০ (১
৯৬
৮৪) ৯৬ (১
৮৪
১২) ৮৪ (৭
৮৪
০

নির্ণেয় বৃহত্তম সংখ্যা ১২।

৪১. দুটি সংখ্যার গুণফল ৫৪। সংখ্যা দুটির গ.সা.গু. ৩। সংখ্যা দুটির ল.সা.গু. কত হবে?

ক ১২ খ ১৬

গ ১৮ ঘ ২৪

ব্যাখ্যা সংখ্যা দুটির ল.সা.গু. $= \frac{\text{সংখ্যা দুটির গুণফল}}{\text{সংখ্যা দুটির গ.সা.গু.}}$

$= \frac{৫৪}{৩}$

$= ১৮$

৪২. একটি পানি ভর্তি বালতির ওজন ১৬.৫ কেজি। বালতির ১/৪ অংশ পানি ভর্তি থাকলে তার ওজন ৫.২৫ কেজি হয়। খালি বালতির ওজন কত কেজি?

ক ২.৫ খ ১.৫

গ ৩.৫ ঘ ১.২৫

ব্যাখ্যা ধরি, খালি বালতির ওজন x কেজি

বালতির পানির ওজন $(১৬.৫ - x)$ "

বালতির $\frac{১}{৪}$ অংশের শুধু পানির ওজন $(৫.২৫ - x)$ কেজি

১ বা (সম্পূর্ণ) " " $(৫.২৫ - x) \times ৪$ "

$= (২১ - ৪x)$ "

শর্তমতে, $১৬.৫ - x = ২১ - ৪x$

$\Rightarrow ৪x - x = ২১ - ১৬.৫$

$\Rightarrow ৩x = ৪.৫$

$\Rightarrow x = \frac{৪.৫}{৩}$

$\therefore x = ১.৫$

খালি বালতির ওজন ১.৫ কেজি

৪৩. 'Blue blood' means ———.

ক fresh blood খ aristocratic birth

গ scoundrel ঘ none

ব্যাখ্যা Blue blood একটি idiom যার অর্থ আভিজাত্য। অপশনগুলোর মধ্যে fresh blood—অনভিজ্ঞ, Aristocratic birth— আভিজাত্য উচ্চ বংশে জন্ম, Scoundrel-শয়তান/লম্পট। সুতরাং সঠিক উত্তর খ।

৪৪. Correct the sentence–"The father could not help but cry at his condition".

ক cry on খ cry for

গ crying ঘ no correction

ব্যাখ্যা Can't/couldn't help-এর পরের verb এর সাথে 'ing' যুক্ত হয়। সুতরাং সঠিক উত্তর গ।

৪৫. What is the synonym of 'competent'?

ক discrete খ capable

গ prudent ঘ cautious

ব্যাখ্যা Competent শব্দটির অর্থ-দক্ষ/উপযুক্ত। অপশনগুলোর মধ্যে, discrete— বিযুক্ত, capable—সমর্থ, prudent— বিজ্ঞ, cautious—সতর্ক। সুতরাং competent ও capable শব্দদ্বয় অর্থের দিক থেকে কাছাকাছি। সঠিক উত্তর খ।

৪৬. Antonym of 'enormous'.

ক tiny খ soft

গ weak ঘ fragile

ব্যাখ্যা Enormous অর্থ-সংখ্যা বা আকারে বৃহৎ। অপশনগুলোর মধ্যে tiny—ছোট, soft— কোমল, weak— দুর্বল, fragile—ভঙ্গুর। সুতরাং enormous ও tiny শব্দদ্বয় antonymous বা বিপরীতার্থক। সঠিক উত্তর ক।

৪৭. Change the voice, 'Please keep quiet.'

ক You are told for keep quiet.

খ You are requested to keep quiet.

গ You are requested for keep quiet.

ঘ You are told to keep quiet.

উত্তর

৩৯	গ
৪০	গ
৪১	গ
৪২	খ
৪৩	খ
৪৪	গ
৪৫	খ
৪৬	ক
৪৭	খ

ব্যাখ্যা Imperative sentence এর Active voice-এ please অথবা kindly এর পরিবর্তে you are requested to ব্যবহৃত হয় এবং এর পরে principal verb থেকে বাকি অংশ অপরবর্তিত থাকে।

৪৮. Change the narration : He remarked, "two and two makes four".

ক He remarked that two and two would make four.
খ He remarked that two and two made four.
গ He remarked that two and two makes four.
ঘ He adviced that two and two makes four.

ব্যাখ্যা Direct speech এ যদি universal truth বা চিরন্তন সত্য জাতীয় কোনো উদ্ধৃতি থাকে তবে তা indirect speech এ অপরিবর্তিত থাকে। প্রদত্ত বাক্যটি কোনো advice বা উপদেশ নয়। এটি একটি Remark উদ্ধৃতি। সুতরাং সঠিক উত্তর গ।

৪৯. Find the idioms and phrases of "tall talk".

ক secrets খ to frown
গ to bribe ঘ in dumps

ব্যাখ্যা 'tall talk' একটি phrase যার অর্থ তিরস্কার করা। অপশনগুলোর মধ্যে; secrets-গোপনীয়, to frown-বকাঝকা করা, to bribe-ঘুষ দেয়া, in dumps-বিষণ্ন। সুতরাং সঠিক উত্তর খ।

৫০. I had a talk with him. Here "talk" is a ———.

ক verb খ noun
গ pronoun ঘ adverb

ব্যাখ্যা সাধারণত কোনো verb-এর আগে article বা modifier বসিয়ে সেটাকে Noun করা যায়। তাছাড়া এই বাক্যে talk object হিসেবে ব্যবহৃত হয়েছে। সুতরাং শব্দটি এখানে noun। সঠিক উত্তর খ।

৫১. Which of the following words is not plural?

ক feet খ lice
গ news ঘ men

ব্যাখ্যা প্রদত্ত শব্দগুলোর মধ্যে foot (পায়ের পাতা) এর plural-feet, louse (উকুন) এর plural-lice, man এর plural-men. News শব্দটি singular হিসেবে ব্যবহৃত হয়। সঠিক উত্তর গ।

৫২. Of the two boys, Latif is —— intelligent.

ক most খ more
গ as ঘ far

ব্যাখ্যা দুজনের মধ্যে একটি গুণের তুলনা বুঝাতে more ব্যবহৃত হয়। সঠিক উত্তর খ।

৫৩. Find the correct spelling—

ক secretarial খ sacretarial
গ secretareal ঘ secretariel

ব্যাখ্যা সঠিক বানান secretarial. সঠিক উত্তর ক।

৫৪. My birthday is —— February.

ক in খ on গ at ঘ by

ব্যাখ্যা সাধারণত year এর আগে-in, month এর আগে in এবং day এর আগে at বসে। সঠিক উত্তর ক।

৫৫. Look at those black clouds. It —— rain.

ক will খ is going to
গ would ঘ needs

ব্যাখ্যা বাক্যের sequence অনুযায়ী, বৃষ্টি হতে যাচ্ছে এরূপ বোঝাচ্ছে। সুতরাং সঠিক উত্তর খ।

৫৬. I asked him ——.

ক What is his name খ What was his name
গ What his name is ঘ What his name was

ব্যাখ্যা বাক্যটি indirect speech এ আছে। Direct speech এ I said to him, "What is your name"? ছিল। Indirect এর নিয়মানুসারে সঠিক উত্তর ঘ।

৫৭. 'মেঘনাদবধ' কাব্যে কোনটির প্রবল প্রকাশ ঘটেছে?

ক জাতিসত্তা খ দেশপ্রেম
গ স্বজনপ্রীতি ঘ আত্মপ্রীতি

ব্যাখ্যা বাংলা সাহিত্যের প্রথম মহাকাব্য 'মেঘনাদবধ' কাব্য। ১৮৬১ সালে মাইকেল মধুসূদন দত্ত এটি রচনা করেন। কবি সংস্কৃত মহাকাব্য 'রামায়ণ' এর অংশবিশেষের কাহিনি অবলম্বনে ৯টি সর্গে এটি অমিত্রাক্ষর ছন্দে রচনা করেন। এ কাব্যে 'দেশপ্রেম'-এর প্রবল প্রকাশ ঘটেছে।

৫৮. 'কি করিতে হইবে বুঝিতে না পারা'– এক কথায় হবে–

ক অবুঝ খ অমনোনিবেশ
গ কিংকর্তব্যঅনূঢ় ঘ কিংকর্তব্যবিমূঢ়

ব্যাখ্যা একাধিক পদ বা উপবাক্যের অর্থ একটি বিশেষ শব্দে প্রকাশের জন্য এককথায় প্রকাশ খুব জরুরি। 'কি করিতে হইবে বুঝিতে না পারা'– এককথায় প্রকাশ হবে 'কিংকর্তব্যবিমূঢ়'। প্রবোধ মানে না এমন বা বোঝানো যায় না এমন– এর এক কথায় প্রকাশ হবে অবুঝ।

৫৯. নিচের কোন বাক্যটি সঠিক?

ক আমার কথাই প্রমাণ হলো খ আমার কথাই প্রমান হলো
গ আমার কথাই প্রমাণীত হলো ঘ আমার কথাই প্রমাণিত হলো

ব্যাখ্যা ভাষা শুদ্ধভাবে প্রকাশ করার জন্য বাক্যে বাক্যজনিত ত্রুটিমুক্ত রাখা জরুরি। বাচ্যগত শুদ্ধ বাক্য হলো– 'আমার কথাই প্রমাণিত হলো'।

৬০. 'রক্তাক্ত প্রান্তর' এর পটভূমি ছিল–

ক মহান মুক্তিযুদ্ধ খ ভাষা আন্দোলন
গ পানি পথের ৩য় যুদ্ধ ঘ পলাশীর যুদ্ধ

ব্যাখ্যা মুনীর চৌধুরীর প্রথম পূর্ণাঙ্গ মৌলিক নাটক হলো 'রক্তাক্ত প্রান্তর' (১৯৬২)। এটি ঐতিহাসিক নাটক নয়,– ইতিহাস আশ্রিত নাটক। পানিপথের তৃতীয় যুদ্ধের (১৭৬১) পটভূমিতে নাটকটি রচিত। অবশ্য কায়কোবাদের 'মহাশ্মশান' (১৯০৫) মহাকাব্য থেকে লেখক কাহিনি গ্রহণ করেছেন।

উত্তর

৪৮	গ
৪৯	খ
৫০	খ
৫১	গ
৫২	খ
৫৩	ক
৫৪	ক
৫৫	খ
৫৬	ঘ
৫৭	খ
৫৮	ঘ
৫৯	ঘ
৬০	গ

৬১. অভিধানে কোন শব্দটি আগে আসবে?
ক চাঁপা খ চানা
গ চালা ঘ চাঁটি

ব্যাখ্যা *অভিধানে বর্ণগুলো বর্ণমালার ক্রমানুসারে অবস্থিত। সেই অনুযায়ী 'চাঁটি' শব্দটি অভিধানে আগে বসবে। এরপর চাঁপা, চানা, চালা অবস্থিত।*

৬২. রবীন্দ্রনাথ ঠাকুর কোন গ্রন্থের জন্য নোবেল পুরস্কার লাভ করেন?
ক সোনার তরী খ গীতাঞ্জলি
গ চিত্রা ঘ ক্ষণিকা

ব্যাখ্যা *রবীন্দ্রনাথ ঠাকুর 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের জন্য ১৯১৩ সালে নোবেল পুরস্কার লাভ করেন। এই কাব্যগ্রন্থে ১৫৭টি গীতিকবিতা সংকলিত হয়েছে। এটি 'Song Offereings' নামে প্রকাশ করা হয় ১৯১২ সালে।*

৬৩. অমর কথাশিল্পী নামে পরিচিত—
ক কাজী নজরুল ইসলাম খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ কাজী মোতাহার হোসেন ঘ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

ব্যাখ্যা *অমর কথাশিল্পী নামে পরিচিত শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। তিনি অপরাজেয় কথাসাহিত্যিক হিসেবেও পরিচিত। তৎকালীন সমাজ, সমাজের নারী-পুরুষের সম্পর্ক, নারীর অবস্থান, শিশুর সম্পর্ক, রাজনীতি, ভারত স্বাধীনতা, পল্লিজীবন ইত্যাদি জীবনের সম্পর্ক ও টানাপোড়েন- তার কথাসাহিত্যে সহজ-সরল দরদি ভাষায় উপস্থাপিত হয়েছে বলে শরৎচন্দ্রের গল্প, উপন্যাস সবার কাছে প্রিয়। বর্তমানেও তার কথাসাহিত্য সমান জনপ্রিয়। কাজী নজরুল ইসলাম 'বিদ্রোহী' কবি নামে পরিচিত। রবীন্দ্রনাথ ঠাকুর- কবিগুরু ও বিশ্বকবি নামে পরিচিত।*

৬৪. 'মৃন্ময়' এর সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক মৃন + ময় খ মৃং + ময়
গ মৃৎ + ময় ঘ মৃঃ + ময়

ব্যাখ্যা *মৃন্ময়-এর সন্ধিবিচ্ছেদ- মৃৎ + ময়।*
ত, দ ও ক এরপর ন/ম থাকলে ত ও দ স্থানে নয় হয়। এরূপ- তন্ময় (তদ্ + ময়)।

৬৫. 'মরি মরি! কি সুন্দর প্রভাতের রূপ'- এই বাক্যে মরি মরি—
ক বিশেষণের-বিশেষণ খ পদাশ্রিত নির্দেশক
গ সমুচ্চয়ী অব্যয় ঘ অণন্বয়ী অব্যয়

ব্যাখ্যা *মরি মরি- অণন্বয়ী অব্যয়। যেসব অব্যয় বাক্যের অন্যসব পদের সঙ্গে সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয় তাদের অণন্বয়ী অব্যয় বলে। এরা বাক্যের প্রথম শব্দ বা খণ্ড বাক্য হিসেবে বসে। যেমন- হ্যাঁ, বেশ, উহ্, ছি ছি, কী আপদ, ওগো, পাছে ইত্যাদি।*

৬৬. খেয়া পার করে যে, তাকে বলা হয়—
ক মাঝি খ ঘাটাল
গ পাটনী ঘ কর্ণধার

ব্যাখ্যা *খেয়া পার করে যে তাকে পাটনী অর্থাৎ খেয়াঘাটের মাঝি বলা হয়। মাঝি অর্থ- নৌকা চালক। কর্ণধার অর্থ- নৌকার প্রধান কাণ্ডারি। ঘাটাল অর্থ- বন্ধুর, অসমতল।*

৬৭. বাংলা বানান রীতি অনুযায়ী কোন দুটি বানান শুদ্ধ?
ক হাতি/হাতী খ নারি/নারী
গ জাতি/জাতী ঘ দাদি/দাদী

ব্যাখ্যা *বাংলা বানান রীতি অনুযায়ী 'নারি/নারী'- দুটি বানানই শুদ্ধ। প্রায়-সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ অনুসারে নারি অর্থ- না পারি (কাব্যে)। নারী অর্থ- স্ত্রীলোক, মানবী।*

৬৮. বাংলা সাহিত্য ধারার প্রতিষ্ঠাতা পুরুষ হলেন—
ক কাজী নজরুল ইসলাম খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ প্যারীচাঁদ মিত্র ঘ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

ব্যাখ্যা *বাংলা সাহিত্য ধারার প্রতিষ্ঠাতা পুরুষ হলেন- প্যারীচাঁদ মিত্র। তিনি বাংলা সাহিত্যে 'আলালের ঘরের দুলাল (১৮৫৭)' নামে প্রথম উপন্যাস রচনা করেন। তিনি এ উপন্যাসে প্রথম চলিত ভাষা প্রয়োগ করেন। কাজী নজরুল ইসলাম প্রথম রণসংগীত এবং বিদ্রোহী কবিতা রচনা করেন। রবীন্দ্রনাথ ঠাকুর স্বার্থক ছোটগল্পের প্রবর্তক হিসেবে খ্যাত। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় প্রথম স্বার্থক উপন্যাসের প্রবর্তক হিসেবে খ্যাত।*

৬৯. হেমিংওয়ের 'দি ওল্ডম্যান এন্ড দি সি'- গ্রন্থের বঙ্গানুবাদ করেছেন—
ক ফজলে লোহানী খ ফতেহ লোহানী
গ কামাল লোহানী ঘ জামাল লোহানী

ব্যাখ্যা *হেমিংওয়ের 'দি ওল্ডম্যান এন্ড দি সি'- গ্রন্থের অনুবাদক হলেন- ফতেহ লোহানী। সিরাজগঞ্জে জন্ম নেয়া এই অনুবাদকের পুরো নাম আবু নজীর মোহাম্মদ ফতেহ আলী খান (১১ মার্চ ১৯২০-১২ এপ্রিল ১৯৭৫)। ফজলে লোহানী ছিলেন একজন প্রখ্যাত সাংবাদিক এবং টেলিভিশন ব্যক্তিত্ব। কামাল লোহানীও একজন সাংবাদিক। দৈনিক আজাদ, দৈনিক পূর্বদেশ, দৈনিক বার্তাসহ বিভিন্ন পত্রিকায় তিনি কর্মরত ছিলেন।*

৭০. নজরুলের প্রথম প্রকাশিত কবিতার নাম কী?
ক বিদ্রোহী খ মুক্তি
গ রণসঙ্গীত ঘ লিচুচোর

ব্যাখ্যা *নজরুলের প্রথম প্রকাশিত কবিতার নাম 'মুক্তি'। এটি ১৯১৯ সালে বঙ্গীয় মুসলিম সাহিত্য পত্রিকায় প্রকাশিত হয়। কবি কাজী নজরুল ইসলামের বিখ্যাত কবিতা 'বিদ্রোহী'। এটি ১৯২১ সালে রচিত ও প্রকাশিত। কবিতাটি 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থে স্থান পায়। কাব্যগ্রন্থটি ১৯২২ সালে প্রকাশিত হয়। কবিতাটি প্রকাশের পর থেকে বহু সমালোচনা হয়। এ কবিতার গুণেই আজ তিনি বিদ্রোহী কবি নামে পরিচিত। বাংলা সাহিত্যে তিনি প্রথম রণসঙ্গীত রচনা করেন। 'লিচুচোর' কবি রচিত হাস্যরসপ্রধান শিশুতোষ কবিতা।*

উত্তর

৬১	ঘ
৬২	খ
৬৩	ঘ
৬৪	গ
৬৫	ঘ
৬৬	গ
৬৭	খ
৬৮	গ
৬৯	খ
৭০	খ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৬

পরীক্ষার তারিখ : ২৭.০৬.২০১৬; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; কোড নাম : সমীকরণ; সেট : ৪

[মোট প্রশ্ন ১০০ (একশত)টি। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন; তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।]

১. 'Heard melodies are sweet but those unheard are sweeter' is taken from—

ⓚ Robert Frost ⓛ William Wordsworth
ⓜ John Keats ⓝ PB Shelley

ব্যাখ্যা *Quotation-টি হবে 'Heard melodies are sweet but those unheard sweeter'। এটি ইংরেজ কবি John Keats-এর বিখ্যাত কবিতা 'Ode on a Grecian Urn'-এর অন্তর্ভুক্ত।*

২. The passive form of the sentence. 'We made her recite a poem'—

ⓚ a poem was made recite by her
ⓜ she was made to recite a poem
ⓜ she was made recited a poem
ⓝ a poem was made to be recited

ব্যাখ্যা *'We made her recite a poem' বাক্যের passive forms হচ্ছে 'She was made to recite a poem'। Make, help, see ইত্যাদি verb-সমূহের ক্ষেত্রে Active Voice-এ এদের পরে infinitive 'to' বসে না। কিন্তু passive forms-এ রূপান্তর করতে গেলে বাক্যের পরের verbটির পূর্বে 'to' infinitive বসাতে হয়। এছাড়া এখানে দুটি object আছে। এর মাঝে ব্যক্তিবাচক 'her' Object-টি subject হিসেবে কাজ করে এবং বস্তুবাচক 'a poem' objectটি অবশিষ্ট রয়ে যায় যাকে retained object বলে।*

৩. Which one is incorrect?

ⓚ It is quarter to eleven
ⓛ It is a quarter to eleven
ⓜ It is a quarter of eleven
ⓝ It is a quarter past eleven

ব্যাখ্যা *এখানে It is quarter to eleven-এ Quarter-এর আগে article 'a' বসাতে হবে।*

৪. The man along with his neighbours— working for the welfare of the people.

ⓚ have ⓛ is
ⓜ were ⓝ are

ব্যাখ্যা *বাক্যে along with, as well as প্রভৃতি phrase থাকলে verbটি subject অনুযায়ী হবে। তাই উপরিউক্ত প্রশ্নে subject 'the man' হওয়ায় verb singular (খ) হয়েছে।*

৫. The antonym of the word 'theoretical' is—

ⓚ experimental ⓛ bookish
ⓜ logical ⓝ impractical

ব্যাখ্যা *Theoretical শব্দের অর্থ 'তত্ত্বগত'। প্রদত্ত চারটি অপশন-এর মধ্যে (ক) Experimental অর্থ 'পরীক্ষামূলক' (খ) bookish অর্থ 'বইপোকা' (গ) Logical অর্থ যৌক্তিক (ঘ) impractical অর্থ 'অব্যবহারিক। সুতরাং (ক) experimental' শব্দটিই 'theoretical' শব্দের antonym।*

৬. Which of the following phrases means 'to tolerate'?

ⓚ put up with ⓛ put off
ⓜ put out ⓝ put down

ব্যাখ্যা *Put up with এর অর্থ হলো 'to tolerate' বা সহ্য করা। অন্যগুলোর মধ্যে put off— খুলে ফেলা, put out— নিভিয়ে ফেলা এবং put down—মাটিতে নামানো।*

৭. —, he would have succeeded.

ⓚ If he were sincere ⓛ If he had study
ⓜ If he studied regularly ⓝ Had he studied regularly

ব্যাখ্যা *প্রশ্নের উত্তর হবে (ঘ) Had he studied regularly. এটি 3rd conditional-এর উদাহরণ। যেখানে প্রথম অংশে if এর পরিবর্তে had বসানো হয়েছে এবং এটাকে perfect conditional করা হয়েছে। তাই এর পরের clause-এ would have succeeded হয়েছে।*

৮. What is the suitable word for 'A hater of mankind'?

ⓚ Foe ⓛ Hatred
ⓜ Condemner ⓝ Misanthrope

ব্যাখ্যা *Misanthrope অর্থ— মনুষ্যবিদ্বেষী। Foe অর্থ— শত্রু, Hatred— ঘৃণা, Condemner— নিন্দুক*

৯. Times have changed and so —.

ⓚ I have ⓛ have I
ⓜ am I ⓝ I am

ব্যাখ্যা *Inversion of verb-এর নিয়মানুযায়ী দ্বিতীয় বাক্যে parrallelism হিসেবে so-এর পর have I বসবে।*

১০. Everybody like as flower, — ?

ⓚ does he ⓛ doesn't he
ⓜ can he ⓝ don't they

ব্যাখ্যা *Tag question এর নিয়ম অনুযায়ী বাক্যটি Affirmative থাকলে tag question এ তা negative হয় এবং subject Everybody, Everyone ইত্যাদি থাকলে they বসে। তাই এখানে উত্তর হবে (ঘ)।*

উত্তর

১	গ
২	খ
৩	খ
৪	খ
৫	ক
৬	ক
৭	ঘ
৮	ঘ
৯	খ
১০	ঘ

১১. It — a hot day, we remained in the tent.
ক be খ being
গ was ঘ having
ব্যাখ্যা *এটি একটি simple sentence এর উদাহরণ। Complex বা Compound sentence কে simple করার সময় am, is, are, was, were এর পরিবর্তে being বসে। Having যদি subordinate close এ বসে তবে principal clause past perfect form এ হয়। তাই এখানে (ক), (গ) এবং (ঘ) উত্তর হবে না। উত্তর হবে (খ) Being.*

১২. Opening the file, the detective took out a newspaper cutting. He 'opening' is a/an.
ক Gerund খ Noun
গ Present participle ঘ Adjective
ব্যাখ্যা *কোনো verb এর সাথে 'ing' যুক্ত হয়ে যদি তা একাধারে verb ও adjective এর কাজ করে তাহলে তাকে Present Participle বলে। এখানে Opening শব্দটি the file noun-কে modify অর্থাৎ এর বিশেষত্ব প্রকাশ করেছে। তাই Opening শব্দটির Present participle। অন্যদিকে verb + ing যদি noun এর কাজ করে। তবে সেটা Gerund হয় যা কি না বাক্যে Subject অথবা Object এর কাজ করে।*

১৩. — surprised me.
ক What you said খ If you say so
গ Because of saying so ঘ What did you say
ব্যাখ্যা *এটি একটি Affirmative sentence এর উদাহরণ এবং সঠিক উত্তর (ক)।*

১৪. The sinner will suffer —.
ক in the long run খ on the long run
গ after the long run ঘ before the long run
